# ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী

## ২০০০-২০০১



অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী

# ২০০০-২০০১

অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শাহ্ এ এম এস কিবরিয়া**
অর্থমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# মুখবন্ধ

প্রতিযোগিতামূলক পরিমন্ডলে এবং ক্রমবিশ্বায়নের যুগে দেশের সার্বিক উন্নয়নে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ভূমিকা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। আমানতকারী ও ঋণ গ্রহীতাগণের মধ্যস্থতাকারী হিসেবে আর্থিক সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণে সুষ্ঠ ব্যাংকিং এর বিকাশ অতীব গুরুত্বপূর্ণ। তাই একটি দক্ষ ও গতিশীল ব্যাংকিং কাঠামো গড়ে তোলা এবং আন্তর্জাতিক বাজারে টিকে থাকার জন্য বর্তমান সরকার ব্যাংকিং খাতে বিভিন্ন সংস্কারমুখী কার্যক্রম গ্রহণ করেছে।

সরকারের অব্যাহত প্রচেষ্টা ও কেন্দ্রীয় ব্যাংকের নিবিড় তত্ত্বাবধানের ফলশ্রুতিতে এবং খেলাপী ঋণ আদায়ে আইনগত কাঠামো জোরদারকরণের ফলে দেশে ঋণ-শৃংখলা পরিস্থিতির যথেষ্ট উন্নতি পরিলক্ষিত হচ্ছে এবং এর প্রেক্ষিতে শ্রেণী বিন্যাসিত ঋণের হার ক্রমশঃ হ্রাস পাচ্ছে। ব্যাংক ব্যবস্থায় শ্রেণী বিন্যাসিত ঋণের হার ডিসেম্বর ১৯৯৯ সালে ছিল মোট ঋণ স্থিতির শতকরা ৪১ ভাগ যা ক্রমান্বয়ে হ্রাস পেয়ে ডিসেম্বর, ২০০০ এ দাড়িয়েছে শতকরা ৩৪.৯ ভাগ। রাষ্ট্রায়ত্ত ব্যাংকসমূহে এ হার উল্লেখিত সময়ে শতকরা ৪৬ ভাগ থেকে হ্রাস পেয়ে শতকরা ৩৮ ভাগে দাঁড়ায়। সাম্প্রতিককালে গৃহীত সরকারের সহায়ক ও কার্যকর নীতি গ্রহণ, বাংলাদেশ ব্যাংকের শক্তিশালী তদারকি এবং ব্যাংক ব্যবস্থায় জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি পাওয়ায় ব্যাংক ব্যবস্থায় অদক্ষতা ও দুর্নীতি হ্রাস পাচ্ছে। ফলে, ২০০০ সালে ব্যাংকগুলো অধিক মুনাফা অর্জনে সক্ষম হয়। বিশেষ করে রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকসমূহ ২০০০ সালে প্রায় ২৮৪ কোটি টাকা কর ও প্রভিশন পূর্বক মুনাফা অর্জন করে যা সার্বিক ব্যাংক ব্যবস্থায় একটি উল্লেখযোগ্য ইতিবাচক দিক বলে মনে করা যায়। তাছাড়া, সম্প্রতি দু'টি ব্যাংক "প্রবলেম ব্যাংক" এর আওতা থেকে বেরিয়ে আসতে সক্ষম হয়েছে এবং আরও কয়েকটি ব্যাংক এর আওতা থেকে বেরিয়ে আসতে সক্ষম হবে বলে আশা করা যায়।

ব্যাংকিং খাতের সুদহার যুক্তিসংগত পর্যায়ে নিয়ে আসার লক্ষ্যে সরকার অব্যাহত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ইতোমধ্যে ব্যাংক রেট ৮ শতাংশ থেকে হ্রাস করে ৭ শতাংশে নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকে রক্ষিতব্য ব্যাংকগুলোর নগদ অর্থ জমার হার ৫ শতাংশ থেকে হ্রাস করে ৪ শতাংশে নির্ধারণ করা হয়েছে। বর্তমানে দেশে নিম্ন হারের মুদ্রাস্ফীতি থাকায় এবং শ্রেণী বিন্যাসিত ঋণের হার হ্রাস পাওয়ায় ব্যাংকিং খাতে সুদের হার কিছুটা কমানোর অবকাশ রয়েছে। আশা করা যায় যে, ভবিষ্যতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের সুদহার যুক্তিসংগত পর্যায়ে নির্ধারণ করে শিল্প ও ব্যবসা বাণিজ্যে অধিকতর ঋণ প্রবাহের মাধ্যমে অর্থনীতিকে আরও বেগবান ও গতিশীল করতে সক্ষম হবে।

ব্যাংকিং খাতের পাশাপাশি ২৩টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান দেশের শিল্প, বাণিজ্য ও গৃহায়ণ ইত্যাদি খাতে অর্থায়ন করে আসছে। এ সকল প্রতিষ্ঠানের আর্থিক বুনিয়াদ সুসংহত ও বলিষ্ঠ করার লক্ষ্যে ডিসেম্বর ২০০০ থেকে তফসিলী ব্যাংকগুলোর ন্যায় আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত ঋণ ও লীজের শ্রেণীকরণ ও প্রভিশনিং চালু করা হয়েছে। আশা করা যায় আগামীতে এ সব প্রতিষ্ঠানের প্রতিযোগিতামূলক ক্ষমতা বৃদ্ধি পাবে।

আধুনিক ব্যাংকিং ব্যবস্থায় উন্নত মানব সম্পদের গুরুত্ব অপরিসীম। মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে ইতোমধ্যে কেন্দ্রীয় ব্যাংকসহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে বিভিন্ন পদক্ষেপ নেয়া হচ্ছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী কম্পিউটারায়নের মাধ্যমে গ্রাহকদের আরও উন্নত ও যুগোপযোগী সেবা প্রদানের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সর্বোপরি আর্থিক খাতে প্রতিযোগিতা ও দক্ষতা বৃদ্ধি, ঋণ-শৃংখলা জোরদারকরণ এবং ব্যাংকসমূহের আর্থিক ভিত্তি সুদৃঢ় করার জন্য সরকার দৃঢ় প্রতিজ্ঞ। আশা করি সকলের সম্মিলিত প্রয়াস ও সহযোগিতায় অচিরেই একটি বলিষ্ঠ, সুসংহত ও প্রতিযোগিতামূলক ব্যাংকিং ব্যবস্থা গড়ে তোলা সহজতর হবে।

এ প্রতিবেদনটির পরিকল্পনা ও উপস্থাপনার বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংকিং অনুবিভাগ এবং বাংলাদেশ ব্যাংকের গভর্নর, ডেপুটি গভর্নরগণ এবং গবেষণা বিভাগের কর্মকর্তাগণ যথেষ্ট পরিশ্রম করেছেন। আমি তাঁদের সকলকে আমার আন্ত রিক ধন্যবাদ জানাই।

(শাহ এ.এম.এস. কিবরিয়া)
অর্থমন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সূচীপত্র


| ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলীর সংক্ষিপ্ত পর্যালোচনা | পৃষ্ঠা |
|---|---|
| ❑ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী | i |
| **কেন্দ্রীয় ব্যাংক :** | |
| ❑ বাংলাদেশ ব্যাংক | ১ |
| **রাষ্ট্রায়ত্ত ব্যাংক :** | |
| ❑ সোনালী ব্যাংক | ১৭ |
| ❑ জনতা ব্যাংক | ২৪ |
| ❑ অগ্রণী ব্যাংক | ২৯ |
| ❑ রূপালী ব্যাংক লিমিটেড | ৩৭ |
| ❑ ব্যাংক অব স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স বাংলাদেশ লিমিটেড | ৪১ |
| **স্থানীয় বেসরকারী ব্যাংক :** | |
| ❑ পূবালী ব্যাংক লিমিটেড | ৪৫ |
| ❑ উত্তরা ব্যাংক লিমিটেড | ৪৯ |
| ❑ ন্যাশনাল ব্যাংক লিমিটেড | ৫৪ |
| ❑ দি সিটি ব্যাংক লিমিটেড | ৫৮ |
| ❑ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড | ৬২ |
| ❑ আরব বাংলাদেশ ব্যাংক লিমিটেড | ৬৬ |
| ❑ ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড | ৭০ |
| ❑ ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড | ৭৩ |
| ❑ আল বারাকা ব্যাংক বাংলাদেশ লিমিটেড | ৭৭ |
| ❑ ইস্টার্ণ ব্যাংক লিমিটেড | ৮১ |
| ❑ ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড | ৮৫ |
| ❑ প্রাইম ব্যাংক লিমিটেড | ৮৯ |
| ❑ সাউথ ইস্ট ব্যাংক লিমিটেড | ৯৪ |
| ❑ ঢাকা ব্যাংক লিমিটেড | ৯৮ |
| ❑ আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড | ১০২ |
| ❑ সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড | ১০৫ |
| ❑ ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড | ১০৯ |
| ❑ মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড | ১১৩ |
| ❑ স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড | ১১৬ |
| ❑ ওয়ান ব্যাংক লিমিটেড | ১১৯ |
| ❑ এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড | ১২২ |
| ❑ বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড | ১২৫ |
| ❑ মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড | ১২৯ |
| ❑ ফার্স্ট সিকিউরিটি ব্যাংক লিমিটেড | ১৩৩ |
| ❑ দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড | ১৩৬ |
| ❑ ব্যাংক এশিয়া লিমিটেড | ১৩৯ |
| ❑ দি ট্রাস্ট ব্যাংক লিমিটেড | ১৪২ |
| **বিদেশী বেসরকারী ব্যাংক** | |
| ❑ আমেরিকান এক্সপ্রেস ব্যাংক লিমিটেড | ১৪৫ |
| ❑ স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | ১৪৯ |
| ❑ স্ট্যান্ডার্ড চার্টার্ড গ্রীন্ডলেজ ব্যাংক লিমিটেড | ১৫২ |
| ❑ হাবিব ব্যাংক লিমিটেড | ১৫৬ |
| ❑ স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | ১৫৯ |

পৃষ্ঠা


- ক্রেডিট এগ্রিকোল ইন্দোসুয়েজ (দি ব্যাংক) ১৬২
- ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান ১৬৫
- মুসলিম কমার্শিয়াল ব্যাংক লিমিটেড ১৬৮
- সিটি ব্যাংক এনএ ১৭১
- হানভিট ব্যাংক ১৭৪
- দি হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড ১৭৭
- শামিল ব্যাংক অব বাহরাইন ইসি (ইসলামিক ব্যাংকার্স) ১৮০


## বিশেষায়িত ব্যাংক


- বাংলাদেশ কৃষি ব্যাংক ১৮৩
- রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ১৮৮
- বাংলাদেশ শিল্প ব্যাংক ১৯২
- বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা ১৯৬


## আর্থিক প্রতিষ্ঠান


- আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক ২০০
- বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড ২০৪
- গ্রামীণ ব্যাংক ২০৬
- কর্মসংস্থান ব্যাংক ২০৯
- ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ ১১৩
- বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন ২২১
- সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড ২২৪
- ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট লীজিং কোম্পানী অব বাংলাদেশ ২২৮
- জি এস পি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড ২৩২
- বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইনান্স কোম্পানী লিমিটেড ২৩৫
- ভানিক বাংলাদেশ লিমিটেড ২৩৯
- দি ইউ এ ই-বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড ২৪২
- ফিনিক্স লীজিং কোম্পানী লিমিটেড ২৪৫
- বে লীজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ২৪৮
- প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ২৫১
- ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড ২৫৪
- ইন্টারন্যাশনাল লীজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড ২৫৭
- বাহরাইন-বাংলাদেশ ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড ২৬১
- ইন্ডাস্ট্রিয়াল প্রমোশন এন্ড ডেভেলপমেন্ট কোম্পানী অব বাংলাদেশ ২৬৩
- উত্তরা ফিন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড ২৬৬
- ইউনাইটেড লীজিং কোম্পানী লিমিটেড ২৬৯
- ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড ২৭৩
- পিপলস লীজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড ২৭৬
- ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড ২৭৮
- ন্যাশনাল হাউজিং ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ২৮০
- মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড ২৮২
- ফার্স্ট লীজ ইন্টারন্যাশনাল লিমিটেড ২৮৫
- বাংলাদেশ ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড ২৮৯
- ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ২৯২
- চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ ২৯৬

# ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলীর সংক্ষিপ্ত পর্যালোচনা

সুস্থ, দক্ষ ও সুশৃংখল আর্থিক খাত দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য একান্তভাবে অপরিহার্য। বিশ্বব্যাপী বিশেষ করে এশিয়ার বিভিন্ন দেশের আর্থিক সংকটের প্রেক্ষাপটে বাংলাদেশের আর্থিক খাতের সংস্কার আরো ত্বরান্বিত করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। এ বিবেচনায় সরকার দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সুষ্ঠ বিকাশের লক্ষ্যে নানাবিধ সহায়ক ব্যবস্থা ও সংস্কারমূলক পদক্ষেপ গ্রহণ অব্যাহত রেখেছে। দেশের অর্থনীতির বহুমুখী চাহিদা মেটানোর লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকান্ডের পরিধির বিস্তার ও সেবার গুণগত মানের ক্রমাগত উন্নতি ঘটছে।

২। মার্চ, ২০০১ পর্যন্ত বাংলাদেশে তফসিলী ব্যাংকের সংখ্যা ছিল ৪৯টি। এর মধ্যে রাষ্ট্রায়ত্ত খাতে ৫টি বাণিজ্যিক ব্যাংক, ২৭টি স্থানীয় বেসরকারী বাণিজ্যিক ব্যাংক, ১৩টি বিদেশী বাণিজ্যিক ব্যাংক ও রাষ্ট্রায়ত্ত খাতে ৪টি বিশেষায়িত ব্যাংক অন্তর্ভুক্ত রয়েছে। ২৭টি স্থানীয় বেসরকারী বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৪টি ইসলামী ব্যাংক রয়েছে এবং একটি বেসরকারী ব্যাংক প্রচলিত ব্যাংকিং ব্যবস্থার পাশাপাশি ইসলামী ব্যাংকিং চালু রেখেছে। এছাড়া বিদেশী ব্যাংক গুলোর মধ্যেও একটি ইসলামী ব্যাংক অন্তর্ভুক্ত রয়েছে। বাংলাদেশে কার্যরত তফসিলী ব্যাংকসমূহের বর্তমান (জানুয়ারী, ২০০১ পর্যন্ত) শাখা সংখ্যা ৬,১২৪টি, যার মধ্যে শহরাঞ্চলের রয়েছে ২,৪৬৩টি (৪০.২২%) এবং অবশিষ্ট ৩,৬৬১টি (৫৯.৭৮%) মফস্বলে অবস্থিত। মোট শাখার মধ্যে রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের শাখা ৩,৬০৮টি, বেসরকারী ব্যাংকের শাখা ১,২৬৮টি, বিদেশী ব্যাংকের শাখা ৩৪টি এবং বিশেষায়িত ব্যাংকের শাখা ১,২১৪টি। উল্লেখিত তফসিলী ব্যাংক ছাড়াও দেশে ১টি সমবায় ব্যাংক, ১টি আনসার-ভিডিপি ব্যাংক, ১টি কর্মসংস্থান ব্যাংক ও ১টি গ্রামীণ ব্যাংক রয়েছে। ২০০০-২০০১ অর্থ বছরে (এপ্রিল, ২০০১ পর্যন্ত সময়ে) আরও ২টি বেসরকারী ব্যাংককে ব্যাংক ব্যবসার লাইসেন্স প্রদান করা হয়েছে। আশা করা যায়, নতুন নতুন ব্যাংক প্রতিষ্ঠার ফলে ব্যাংকিং খাতে প্রতিযোগিতা বাড়বে এবং এর ফলে ব্যাংকিং খাতের সেবাও উন্নততর হবে।

৩। ব্যাংকিং খাতের পাশাপাশি বেশ কিছু নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান দেশের শিল্প, বাণিজ্য, গৃহায়ন ইত্যাদি খাতে অর্থায়নে নিয়োজিত রয়েছে। ২০০০-২০০১ অর্থ বছরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ২৩টি নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান করা হয়েছে এবং সবগুলো প্রতিষ্ঠান ইতোমধ্যে কার্যক্রম শুরু করেছে। এর মধ্যে ১০টি সম্পূর্ণ দেশীয় মালিকানাধীন, ১টি সরকারী মালিকানাধীন এবং ১২টি স্থানীয় ও বিদেশী যৌথ উদ্যোগে (১টি বাংলাদেশ সরকার ও বিদেশী সংস্থা, ২টি বাংলাদেশ সরকার ও বিদেশী সরকার এবং ৯টি ব্যক্তি পর্যায়ের দেশী ও বিদেশী উদ্যোগে) প্রতিষ্ঠিত। লাইসেন্স প্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠানগুলোর পরিশোধিত মূলধন ও রিজার্ভের পরিমাণ ৬,৪৩২ মিলিয়ন টাকা। ২০০০ সালের ডিসেম্বর পর্যন্ত উল্লেখিত আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন খাতে অর্থায়নের পরিমাণ দাঁড়িয়েছে ১৬,৮৪১ মিলিয়ন টাকা যা পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় শতকরা ৬৩.৫৮ ভাগ বেশী। ঋণ পরিস্থিতির পর্যালোচনা ও আদায় জোরদার করণের জন্য ডিসেম্বর, ২০০০ থেকে তফসিলী ব্যাংকগুলোর মত আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত ঋণ ও লীজের শ্রেণীকরণ ও প্রভিশনিং এর নিয়ম চালু করা হয়েছে। এপ্রিল, ২০০১ পর্যন্ত সময়ে সম্পূর্ণ দেশীয় মালিকানাধীন আরও দুটি প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান করা হয়েছে। এরা শীঘ্রই তাদের কার্যক্রম শুরু করবে।

৪। বিবেচনাধীন ২০০০-২০০১ অর্থ বছরের প্রথম আট মাসে (ফেব্রুয়ারী, ২০০১ পর্যন্ত) ব্যাংকসমূহের মোট আমানত ৫৯,১১০ মিলিয়ন টাকা বা শতকরা ৮.৪১ ভাগ বৃদ্ধি পেয়ে ৭,৬১,৮৯৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের একই সময়ে মোট আমানত বৃদ্ধি পেয়েছিল ৫৫,৭৩৩ মিলিয়ন টাকা বা শতকরা ৯.৪১ ভাগ। একই সময়ে তাদের মোট ঋণের স্থিতি ৪৯,১৬৭ মিলিয়ন টাকা বা শতকরা ৯.০০ ভাগ বৃদ্ধি পেয়ে ৫,৯৫,৬২৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের একই সময়ে ঋণ বৃদ্ধি পেয়েছিল ২৩,৩৩৩ মিলিয়ন টাকা বা শতকরা ৪.৭১ ভাগ। এ সময়ে বাংলাদেশ ব্যাংক থেকে ব্যাংক সমূহের কর্জের পরিমাণ ১,৭৭৩ মিলিয়ন টাকা বৃদ্ধি পায় যা পূর্ববর্তী বছরে ৫,১৭১ মিলিয়ন টাকা হ্রাস পেয়েছিল। একই সময়ে বাংলাদেশ ব্যাংকে ব্যাংক সমূহের নগদ জমা ৫,৬২৫ মিলিয়ন টাকা হ্রাস পায় যা পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে ১৩,৫৫৯ মিলিয়ন টাকা হ্রাস পেয়েছিল। আলোচ্য সময়ে ব্যাংকসমূহের তারল্য পরিস্থিতিও বেশ সন্তোষজনক ছিল।

৫। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন তথা দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে দেশে কৃষি ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। ২০০০-২০০১ অর্থ বছরের জন্য সরকার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে ৩২,৬৫৯ মিলিয়ন টাকার ঋণ বিতরণ কর্মসূচী গ্রহণ করেছে। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল ৩৩,৩১০ মিলিয়ন টাকা। আলোচ্য বছরের জানুয়ারী, ২০০১ পর্যন্ত (সাত মাসে) মোট ১৫,৩৭১ মিলিয়ন টাকা কৃষি ঋণ বিতরণ এবং ১৫,৭৬০ মিলিয়ন টাকা আদায় করা হয়েছে যার পরিমাণ পূর্ববর্তী বছরের একই সময়ে ছিল যথাক্রমে ১২,৮৯৮ মিলিয়ন টাকা এবং ১৪,৯৬১ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় এ বছর ঋণ বিতরণ ও আদায় যথাক্রমে শতকরা ১৯.১৮ ভাগ ও ৫.৩৪ ভাগ বৃদ্ধি পেয়েছে।

৬। দেশের অর্থনৈতিক বুনিয়াদকে শক্তিশালীকরণের লক্ষ্যে শিল্পোন্নয়ন অত্যন্ত জরুরী। এক্ষেত্রে দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। শিল্প খাতে পুনর্বাসন কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে ১৯৯৯-২০০০ অর্থবছরে ব্যাংকসমূহকে অনুসরণের জন্য সময় সময় যে সমস্ত নির্দেশাবলী প্রদান করা হয় আলোচ্য সময়েও এমন নির্দেশনা প্রদান অব্যাহত রয়েছে। এছাড়াও আলোচ্য অর্থ বছরে শিল্পখাতের সম্প্রসারণ ও উন্নয়নের লক্ষ্যে বেশ কয়েকটি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো বিভিন্ন শিল্পে চলতি মূলধন সরবরাহের প্রচলিত ঋণ নিয়মাচার ( Credit Norms ) সমন্বিতকরণ এবং ইইসি নিষেধাজ্ঞা এবং মহাপ্লাবন ইত্যাদি আওতা বহির্ভূত কারণে ক্ষতিগ্রস্থ হিমায়িত খাদ্য প্রক্রিয়াকারী রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহের ১৯৯৭ এবং ১৯৯৮ সালের সুদের ৮০% মওকুফকরণ। ২০০০-২০০১ অর্থ বছরের প্রথম ছয় মাসে শিল্প ঋণ বিতরণের পরিমাণ পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ের তুলনায় ২২,০৯৬ মিলিয়ন টাকা (৩৭.৭৩%) বৃদ্ধি পেয়ে ৮০,৬৫৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

৭। দেশের শিল্প খাতে কাঙ্খিত প্রবৃদ্ধি অর্জন তথা দেশের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে ১৫টি শিল্প খাতকে অগ্রাধিকার প্রাপ্ত শিল্প খাত হিসেবে চিহ্নিত করেছে। এর মধ্যে দেশের সম্ভাবনাময় দুটো শিল্প খাত যথা-কৃষি নির্ভর শিল্প এবং কম্পিউটার সফটওয়্যার ও তথ্য প্রযুক্তি শিল্প খাতে উদ্যোক্তাদেরকে বিনিয়োগে উৎসাহিত ও আকর্ষিত করার লক্ষ্যে বিশেষ হ্রাসকৃত সুদের হারে অর্থাৎ শতকরা মাত্র ১০ ভাগ হার সুদে ঋণ প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়েছে। বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা নিয়মিত ও যথাসময়ে ঋণ পরিশোধকারীকে বিভিন্ন হারে রিবেট প্রদানের মাধ্যমে ঋণ পরিশোধে উৎসাহ প্রদান করে আসছে। নিয়মিতভাবে যথাসময়ে কিস্তি পরিশোধ করলে প্রদেয় কিস্তির উপর ক্ষেত্র বিশেষে ১৫%, ১২.৫০%, ১০% ও ৫% হারে রিবেট সুবিধা প্রদান করা হয়েথাকে। চলতি অর্থ বছরের (২০০০-২০০১) ডিসেম্বর পর্যন্ত সময়ে সংস্থা কর্তৃক অর্থায়িত ৯টি প্রকল্পকে ৩৪.৭৪ লক্ষ টাকা রিবেট সুবিধা প্রদান করা হয়েছে।

৮। গ্রামীণ ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, আনসার ও ভি ডি পি উন্নয়ন ব্যাংক এবং এনজিওসমূহ পল্লী অঞ্চলে দারিদ্র বিমোচনের লক্ষ্যে বিভিন্ন আয় উৎসারী ও কর্মসংস্থানমূলক কর্মকান্ড অব্যাহত রেখেছে। এ সকল সংস্থা ক্ষুদ্র ঋণ ( Microcredit ) বিতরণ ও আদায়ের ক্ষেত্রকে আরো প্রসারিত করছে। ২০০০-২০০১ অর্থ বছরের প্রথম নয় মাসে (মার্চ, ২০০১ পর্যন্ত) গ্রামীণ ব্যাংক ৪,৬১১ মিলিয়ন টাকা বিতরণ করে। বেশ কিছু ব্যাংকও প্রচলিত ব্যাংকিং কার্যক্রমের পাশাপাশি নিজেদের তত্ত্বাবধানে অথবা নির্বাচিত এনজিওদের সহায়তায় এসব কার্যক্রম পরিচালনা করছে। রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকসমূহ কর্তৃক আলোচ্য বছরের প্রথম নয় মাসে (মার্চ, ২০০১ পর্যন্ত) দারিদ্র বিমোচন কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণের স্থিতি দাঁড়ায় মোট ৪,০৩৩ মিলিয়ন টাকা। এসব কর্মসূচী মূলতঃ গ্রামীণ অর্থনৈতিক কর্মকান্ড সংশ্লিষ্ট বিধায় তা কর্মসংস্থান বৃদ্ধির সহায়ক এবং গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে সচেতনতা সৃষ্টির ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালণ করছে।

৯। কেন্দ্রীয় ব্যাংকের তদারকি ও পরিদর্শন ব্যবস্থা জোরদার ও আধুনিকীকরণে প্রবর্তিত CAMEL RATING পদ্ধতির মাধ্যমে সমস্যা সংকুল ব্যাংকগুলোকে আগাম সতর্ককরণ ব্যবস্থা আলোচ্য বছরেও অব্যাহত থাকে। তাছাড়াও বাংলাদেশ ব্যাংকে গঠিত "প্রবলেম ব্যাংক মনিটরিং বিভাগ" সমস্যায় পতিত ব্যাংকের কার্যক্রমকে সতর্ক পর্যবেক্ষনে রাখে এবং সে অনুসারে পদক্ষেপ নেয়। 'বৃহদাংক ঋণ সমীক্ষা কোষ' বাণিজ্যিক ব্যাংকগুলোকে বৃহদাংকের ঋণ প্রদানে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনে পরামর্শ দেয়। 'ঋণ তথ্য ব্যুরো ( CIB )' ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের প্রয়োজন অনুসারে ঋণ খেলাপী / খেলাপী ঋণ সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাদি সরবরাহ করে। ব্যাংক তদারকি জোরদারকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকে গঠিত উচ্চ ক্ষমতা সম্পন্ন 'ব্যাংক সুপারভিশন কমিটি' এর কাজ আলোচ্য বছরেও অব্যাহত থাকে। বাংলাদেশ ব্যাংকের কাঠামোগত পুনর্বিন্যাস, প্রশাসনিক সংস্কার এবং তদারকী ও পর্যবেক্ষণ ক্ষমতা আরও জোরদার করার জন্য বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় 'Central Bank Technical Assistance Project' নামে একটি প্রকল্প প্রণয়নের প্রক্রিয়া আলোচ্য বছরেও অব্যাহত থাকে।

১০। আর্থিক খাত সংস্কারের ধারা অব্যাহত রাখার জন্য বিশ্ব ব্যাংকের সহায়তায় সমাপ্ত 'Commercial Banking Restructuring Project' এর সুপারিশ অনুযায়ী কিছু পদক্ষেপ ইতোমধ্যেই গ্রহণ করা হয়েছে এবং কিছু প্রস্তাব সরকারের বিবেচনাধীন রয়েছে। এ কার্যক্রমগুলোর সুফল ইতোমধ্যেই সুস্পষ্ট হয়েছে। ব্যাংকিং খাতে অধিকতর স্বচ্ছতা আনয়ণ এবং মূলধন ভিত্তি সুদৃঢ় করণের লক্ষ্যে ঋণের শ্রেণী বিন্যাস এবং শ্রেণী বিন্যাস ঋণের বিপরীতে সঞ্চিতি সংরক্ষণের বিধি বিধান আন্তর্জাতিক মানে উন্নীত করা হয়েছে। অনাদায়ী ব্যাংক ঋণ আদায় ত্বরান্বিত করার জন্য অর্থঋণ আদালত ও দেউলিয়া আদালত বাণিজ্যিক ব্যাংকগুলোর খেলাপী ঋণ সংক্রান্ত মামলার বিচার করছে। সর্বোপরি কেন্দ্রীয় ব্যাংকের নিবিড় তত্ত্বাবধানের ফলে খেলাপী ঋণের মাত্রা ক্রমাগত হ্রাস পাচ্ছে। ডিসেম্বর, ২০০০ শেষে দেশের ৪৯টি তফসিলী ব্যাংকের মোট বকেয়া ঋণের মধ্যে খেলাপী ঋণের পরিমাণ দাঁড়ায় ২,২৮,৫১০ মিলিয়ন টাকা (৩৪.৯%) যা পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ের তুলনায় শতকরা ৬.১৯ ভাগ কম। তবে এ হিসাব হতে যে সব খেলাপী ঋণের জন্য সঞ্চিতির ব্যবস্থা করা হয়েছে তা বাদ দেয়া হয়নি। যদি নীট ভিত্তিতে হিসাব করা হয় এবং সরকার কর্তৃক পরিশোধযোগ্য দায়-দেনা বাদ দেয়া হয় তবে মোট খেলাপী ঋণের পরিমাণ উল্লেখযোগ্যভাবে কমে যাবে। অর্থনীতিকে অধিকতর গতিশীল করার লক্ষ্যে ঋণ, আগাম ও আমানত ব্যবস্থাপনাকে বাজার ভিত্তিক করার জন্য সুদের হার নির্ধারণে ব্যাংকগুলোকে যে স্বাধীনতা দেয়া হয়েছিল তা বর্তমান সময়েও বজায় রয়েছে। বর্তমানে কৃষি এবং ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে আগামের উপর সুদের পরিসীমা ও ভর্তুকী নেই। তবে অগ্রাধিকার প্রাপ্ত খাত হিসেবে শুধুমাত্র রপ্তানি খাতে প্রদত্ত ঋণের সুদের হারের পরিসীমা ৮%-১০% এ অপরিবর্তিত রয়েছে। আমানতকারীদের স্বার্থরক্ষার ব্যবস্থা সুসংহত করার জন্য আমানত বীমা আইন প্রবর্তণ করা হয়েছে।

১১। দেশী বিদেশী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত বাংলাদেশের আর্থিক খাত এখন অনেকটা দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়েছে। ব্যাংকসমূহ অর্থ ব্যবস্থাপনার ক্ষেত্রে যথেষ্ট উন্নতি লাভ করেছে। আন্তঃ ব্যাংক মুদ্রা বাজারের ব্যাপক কর্মকান্ডে এর প্রতিফলন দেখা যায়। এ অবস্থা কেন্দ্রীয় ব্যাংকের উপর ব্যাংকসমূহের নির্ভরশীলতা হ্রাসে উল্লেখযোগ্যভাবে সহায়ক হয়েছে। এছাড়া আন্তর্জাতিক অভিজ্ঞতাসমৃদ্ধ ব্যাংকসমূহের অনুকরণে দেশীয় ব্যাংকসমূহ তাদের সেবার মান ও অর্থ ব্যবস্থাপনা উন্নয়নের জন্য নতুন নতুন পদ্ধতি যথা অন-লাইন ব্যাংকিং, ATM, Money Gram, Credit Card ইত্যাদি চালু করছে যা সার্বিকভাবে দেশের ব্যাংকিং ব্যবসায়ের উন্নয়নে সহায়ক হিসেবে কাজ করছে। আধুনিক প্রযুক্তি যথা ইন্টারনেট, সুইফট ইত্যাদির মাধ্যমে বাংলাদেশের আর্থিক খাত বিশ্ব অর্থ বাজারের সাথে সম্পৃক্ত হয়েছে।

১২। ঝুঁকিপূর্ণ কিন্তু সম্ভাবনাময় শিল্প যেমন সফটওয়্যার শিল্প এবং খাদ্য প্রক্রিয়াকরণ ও কৃষিভিত্তিক শিল্পের বিকাশের লক্ষ্যে উদ্যোক্তাদেরকে বিনিয়োগে উৎসাহিত করার জন্য ২০০০-২০০১ সালের সরকারী বাজেট প্রক্রিয়ার মাধ্যমে একশত কোটি টাকা বরাদ্দ করা হয়। বরাদ্দকৃত অর্থে বাংলাদেশ ব্যাংকের সার্বিক তত্ত্বাবধানে 'Equity and Enterpreneurship Fund (EEF)' বা স˜লধন ও উদ্যোক্তা তহবিল গঠন করা হয়। এ তহবিলের যথাযথ ব্যবহার শিল্প ও রপ্তানী খাতে সুফল বয়ে আনবে বলে আশা করা যায়।

১৩। দেশের স্টক এক্সচেঞ্জসমূহের কার্যক্রমে ২০০০-২০০১ অর্থ বছরে গতিশীলতার প্রবণতা পরিলক্ষিত হয়। শেয়ার বাজার উন্নয়নে বিভিন্ন ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ হলো- বাণিজ্যিক ব্যাংকসমূহকে "মার্চেন্ট ব্যাংকিং উইং" চালু করার বিষয়টি নীতিগত অনুমোদন, উত্তম কোম্পানীর শেয়ারসমূহের লেনদেন বৃদ্ধির লক্ষ্যে "বাজার সৃষ্টির ব্যবস্থা" ( Market Making System ) প্রবর্তনের উদ্যোগ গ্রহণ, শতকরা ২৫ ভাগ বা এর অধিক লভ্যাংশ ঘোষণাকারী তালিকাভুক্ত কোম্পানীকে শতকরা ১০ ভাগ কর-রেয়াত প্রদান এবং বোনাস শেয়ারের উপর আরোপিত কর প্রত্যাহার। এ সমস্ত পদক্ষেপসমূহের কারণে শেয়ার বাজারে দীর্ঘ মন্দার অবসান হবে বলে আশা করা যায়।

১৪। একটি বলিষ্ঠ, সুসংহত ও আধুনিক ব্যাংকিং ব্যবস্থা প্রতিষ্ঠিত করার লক্ষ্যে সরকার অংগীকারাবদ্ধ। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকান্ডে গতি সঞ্চার করার লক্ষ্যে সরকারী প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ ক্ষেত্রে দেশের সর্বস্তরের জনগণ, বিশেষ করে ঋণ গ্রহীতাদের সহযোগিতা একান্তভাবে আবশ্যক। আশা করা যায়, বিদ্যমান সমস্যাসমূহ অতিক্রম করে সকলের সম্মিলিত সহযোগিতা ও প্রচেষ্টায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ জাতীয় অর্থনীতিতে অধিকতর কার্যকরী ভূমিকা রাখতে সক্ষম হবে।

( ডঃ আকবর আলি খান )
সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

# কেন্দ্রীয় ব্যাংক

## বাংলাদেশ ব্যাংক

দেশের কেন্দ্রীয় ব্যাংক হিসেবে বাংলাদেশ ব্যাংক আর্থ ব্যবস্থাপনা এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সার্বিক তদারকির দায়িত্বে নিয়োজিত। নোট ইস্যুকরণ, বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ এবং সরকারের যাবতীয় লেনদেন ছাড়াও বাংলাদেশ ব্যাংক সরকারের ঘনিষ্ঠ সহযোগিতায় দেশের মুদ্রানীতি প্রণয়ন ও তা বাস্তবায়নের দায়িত্ব পালন করে থাকে। মুদ্রানীতির মূল উদ্দেশ্য যথাঃ (১) অর্থনৈতিক উন্নয়ন, (২) টাকার অভ্যন্তরীণ ও বৈদেশিক মূল্যমান স্থিতিশীলকরণ, (৩) দ্রব্যমূল্য যুক্তিযুক্ত পর্যায়ে স্থিতিশীল রাখা এবং (৪) দীর্ঘ মেয়াদে দেশের উৎপাদন ক্ষমতা ও কর্মসংস্থান বৃদ্ধি অর্জনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে। দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন সাধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ছাড়াও বাংলাদেশ ব্যাংক মুদ্রা বাজারের উন্নয়ন ও স্থিতিশীলতা সাধনের জন্য সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করে থাকে। গভর্নরসহ ৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পর্ষদ বাংলাদেশ ব্যাংকের কর্মকাণ্ড পরিচালনা করে থাকে। প্রধান কার্যালয় ছাড়াও বাংলাদেশ ব্যাংকের ঢাকায় দু'টি এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বগুড়া,

*বাংলাদেশ ব্যাংক ভবন*

সিলেট, রংপুর ও বরিশালে একটি করে শাখা রয়েছে। বাংলাদেশ ব্যাংকের ১৯৯৯-২০০০ সালের স্থিতিপত্র সংযোজনী-১-এ দেখানো হলো।

## অর্থ সরবরাহ

সংকীর্ণ অর্থ সরবরাহ (ন্যারো মানি এম-১) ২০০০-২০০১ অর্থ বছরের প্রথম আট মাসে (জুলাই, ২০০০ - ফেব্রুয়ারী, ২০০১ পর্যন্ত) ১৭৫৪৫ মিলিয়ন টাকা (৮.৮২%) বৃদ্ধি পেয়ে ২০০১ সালের ফেব্রুয়ারী শেষে ২১৬৩৫৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের একই সময়কালে বৃদ্ধি পেয়েছিল ১৩৬৮৯ মিলিয়ন টাকা (৭.৯৪%)। আলোচ্য অর্থ বছরের এ সময়কালে ব্যাপক অর্থ সরবরাহ (ব্রড মানি এম-২) ৭১৬৬০ মিলিয়ন টাকা (৯.৫৯%) বৃদ্ধি পেয়ে ৮১৯২৮৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়, পূর্ববর্তী বছরের অনুরূপ সময়কালে যা বৃদ্ধি পেয়েছিল ৬৪৯৮২ মিলিয়ন টাকা (১০.৩১%)। একই সময়ে রিজার্ভ মুদ্রা ৯৫৪০ মিলিয়ন টাকা (৫.৫৯%) বৃদ্ধি পেয়ে ১৮০১৮৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের অনুরূপ সময়কালে বৃদ্ধি পেয়েছিল ৫৪১০ মিলিয়ন টাকা (৩.৬৭%)। আলোচ্য অর্থ বছরে অর্থের গুণক (Money Multiplier) জুন, ২০০০ শেষের ৪.৩৮ হতে বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারী, ২০০১ শেষে ৪.৫৫-এ দাঁড়ায়। মুদ্রা/আমানত অনুপাত জুন, ২০০০ শেষের ০.১৫৮ হতে কিঞ্চিত বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারী, ২০০১ শেষে ০.১৬৭-এ দাঁড়ায় এবং রিজার্ভ/আমানত অনুপাত ০.১০৭ হতে হ্রাস পেয়ে ০.০৯০-এ দাঁড়ায়।

আলোচ্য অর্থ বছরের প্রথম আট মাসে ব্যাপক অর্থ সরবরাহের উপাদানসমূহের মধ্যে ব্যাংক বহির্ভূত মুদ্রা ১৫২৯৫ মিলিয়ন টাকা (১৫.০৩%) বৃদ্ধি পেয়ে ১১৭০৫৫ মিলিয়ন টাকায়, মেয়াদী আমানত ৫৪১১৬ মিলিয়ন টাকা (৯.৮৬%) বৃদ্ধি পেয়ে ৬০২৯২৭ মিলিয়ন টাকায় এবং তলবী আমানত ২২৫০ মিলিয়ন টাকা (২.৩২%) বৃদ্ধি পেয়ে ৯৯৩০৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থ বছরের একই সময়কালে ব্যাংক বহির্ভূত

সারণী-১

### অর্থ সরবরাহ

*(মিলিয়ন টাকায়)*

| বছর/মাস | ব্যাংক বহির্ভূত মুদ্রা | তলবী আমানত | সংকীর্ণ অর্থ সরবরাহ | পরিবর্তন | মেয়াদী আমানত | ব্যাপক অর্থ সরবরাহ | পরিবর্তন |
|---|---|---|---|---|---|---|---|
| ১৯৯৯ | | | | | | | |
| মার্চ | ৯০৪৩৭ | ৭৬৪৯৫ | ১৬৬৯৩২ | +২৯৬১ | ৪৩২৮১৫ | ৫৯৯৭৪৭ | +২১৯১ |
| জুন | ৮৬৮৬৬ | ৮৫৬২৮ | ১৭২৪৯৪ | +৫৫৬২ | ৪৫৭৭৭৩ | ৬৩০২৬৭ | +৩০৫২০ |
| সেপ্টেম্বর | ৯০০১৫ | ৮০০৩৩ | ১৭০০৪৮ | -২৪৪৬ | ৪৭৬৪৯১ | ৬৪৬৫৩৯ | +১৬২৭২ |
| ডিসেম্বর | ৯৩৮১৯ | ৯১০৫৫ | ১৮৪৮৭৪ | +১৪৮৭৭ | ৫০৪৯৬৭ | ৬৮৯৮৪১ | +৪৩৩০৩ |
| ২০০০ | | | | | | | |
| মার্চ | ১০৮৯৬১ | ৮৯৩৭৪ | ১৯৮৩৩৫ | +১৩৪৬১ | ৫১৬৪৪১ | ৭১৪৭৭৬ | +২৪৯৩৫ |
| জুন | ১০১৭৬০ | ৯৭০৫৩ | ১৯৮৮১৩ | +৪৭৮ | ৫৪৮৮১১ | ৭৪৭৬২৪ | +৩২৮৪৮ |
| সেপ্টেম্বর | ১০৫৯০২ | ৯৩৭৮৯ | ১৯৯৬৯১ | +৮৭৮ | ৫৭৫২৯৪ | ৭৭৪৯৮৫ | +২৭৩৬১ |
| ডিসেম্বর | ১১৬৮৭৭ | ১০২০৭৩ | ২১৮৯৫০ | +১৯২৫৯ | ৬০৩৮৮৪ | ৮২২৮৩৪ | +৪৭৮৪৯ |
| ২০০১ | | | | | | | |
| ফেব্রুয়ারী | ১১৭০৫৫ | ৯৯৩০৩ | ২১৬৩৫৮ | -২৫৯২ | ৬০২৯২৭ | ৮১৯২৮৫ | -৩৫৪৯ |

*নোট : তলবী ও মেয়াদী আমানতে ব্যাংকসমূহে গচ্ছিত সরকারী আমানত এবং আন্তঃব্যাংক লেনদেন অন্তর্ভুক্ত নয়। তলবী আমানতে বাংলাদেশ ব্যাংকে গচ্ছিত অ-তফসিলী ব্যাংকসমূহের আমানত অন্তর্ভুক্ত।*

*উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।*

মুদ্রা ১১৯১০ মিলিয়ন টাকা (১৩.৭১%), মেয়াদী আমানত ৫১২৯৩ মিলিয়ন টাকা (১১.২০%) এবং তলবী আমানত ১৭৭৯ মিলিয়ন টাকা (২.০৮%) বৃদ্ধি পেয়েছিল। ২০০১ সালের ফেব্রুয়ারী মাস শেষে ব্যাপক অর্থ সরবরাহের মধ্যে ব্যাংক বহির্ভূত মুদ্রার পরিমাণ শতকরা ১৪ ভাগ, তলবী আমানতের পরিমাণ শতকরা ১২ ভাগ এবং মেয়াদী আমানতের পরিমাণ শতকরা ৭৪ ভাগ-এ দাঁড়ায়, যা ২০০০ সালের ফেব্রুয়ারী শেষে ছিল যথাক্রমে শতকরা ১৪ ভাগ, শতকরা ১৩ ভাগ এবং শতকরা ৭৩ ভাগ। ১ নম্বর এবং ২ নম্বর সারণিতে অর্থ সরবরাহ সংক্রান্ত পরিসংখ্যান দেখানো হলো।

## অর্থ সরবরাহ পরিবর্তনের কারণসূচক উপাদানসমূহ

আলোচ্য অর্থ বছরের প্রথম আট মাসে সংকীর্ণ অর্থ সরবরাহ বৃদ্ধির কারণসমূহ বিশ্লেষণ করলে দেখা যায় যে, সরকারী খাতে (রাষ্ট্রায়ত্ত খাতসহ) ও বেসরকারী খাতে যথাক্রমে ২১৩৬২ মিলিয়ন টাকা ও ৪৫৭৭৩ মিলিয়ন টাকা ঋণ বৃদ্ধি, বৈদেশিক খাতে (নীট) ১৭৬৯ মিলিয়ন টাকা উদ্বৃত্ত এবং অন্যান্য পরিসম্পদ ২৭৫৭ মিলিয়ন টাকা বৃদ্ধি অর্থ সরবরাহ বৃদ্ধিতে সম্প্রসারণমূলক প্রভাব রাখে। তবে মেয়াদী আমানত ৫৪১১৬ মিলিয়ন টাকা বৃদ্ধি উক্ত সম্প্রসারণমূলক প্রভাব অনেকাংশে রোধ করে। ২০০০-২০০১ অর্থ বছরের ফেব্রুয়ারী পর্যন্ত সংকীর্ণ অর্থ সরবরাহ পরিবর্তনের কারণসমূহের বিশ্লেষণ সারণি-৩ এ দেখানো হলো।

## ব্যাংক আমানত

ব্যাংকসমূহের মোট আমানতের পরিমাণ (আন্তঃব্যাংক বাদে) ২০০০-২০০১ অর্থ বছরের প্রথম আট মাসে ৫৯১১০ মিলিয়ন টাকা (৮.৪১%) বৃদ্ধি পেয়ে ২০০১ সালের ফেব্রুয়ারী মাস শেষে ৭৬১৮৯৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ে মোট ব্যাংক আমানতের পরিমাণ ৫৫৭৩৩ মিলিয়ন টাকা (৯.৪১%) বৃদ্ধি পেয়েছিল। আলোচ্য

সারণি-২

### ব্যাপক অর্থ সরবরাহ (এম-২) ও এর বিভিন্ন অংশের শতকরা হার

*(মিলিয়ন টাকায়)*

| বছর/মাস | ব্যাপক অর্থ সরবরাহ (এম-২) | অর্থ সরবরাহে (এম-২) ব্যাংক বহির্ভূত মুদ্রার শতকরা হার | অর্থ সরবরাহে (এম-২) তলবী আমানতের শতকরা হার | অর্থ সরবরাহে (এম-২) মেয়াদী আমানতের শতকরা হার |
|---|---|---|---|---|
| ১৯৯৯ | | | | |
| মার্চ | ৫৯৯৭৪৭ | ১৫.০৮ | ১২.৭৫ | ৭২.১৭ |
| জুন | ৬৩০২৬৭ | ১৩.৭৮ | ১৩.৫৯ | ৭২.৬৩ |
| সেপ্টেম্বর | ৬৪৬৫৩৯ | ১৩.৯২ | ১২.৩৮ | ৭৩.৭০ |
| ডিসেম্বর | ৬৮৯৮৪১ | ১৩.৬০ | ১৩.২০ | ৭৩.২০ |
| ২০০০ | | | | |
| মার্চ | ৭১৪৭৭৬ | ১৫.২৪ | ১২.৫০ | ৭২.২৫ |
| জুন | ৭৪৭৬২৪ | ১৩.৬১ | ১২.৯৮ | ৭৩.৪১ |
| সেপ্টেম্বর | ৭৭৪৯৮৫ | ১৩.৬৭ | ১২.১০ | ৭৪.২৩ |
| ডিসেম্বর | ৮২২৮৩৪ | ১৪.২০ | ১২.৪১ | ৭৩.৩৯ |
| ২০০১ | | | | |
| ফেব্রুয়ারী | ৮১৯২৮৫ | ১৪.২৯ | ১২.১২ | ৭৩.৫৯ |

*উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।*

সারণি-৩

**অর্থ সরবরাহ পরিবর্তনের কারণসূচক উপাদানসমূহ**

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | জুলাই, ২০০০ হতে ফেব্রুয়ারী, ২০০১ | জুলাই, ১৯৯৯ হতে ফেব্রুয়ারী, ২০০০ |
|---|---|---|
| ব্যাংক বহির্ভূত মুদ্রা | +১৫২৯৫ | +১১৯১০ |
| তলবী আমানত | +২২৫০ | +১৭৭৯ |
| মোট অর্থ সরবরাহের পরিবর্তন | +১৭৫৪৫ | +১৩৬৮৯ |
| কারণসূচক উপাদানসমূহঃ<br>সম্প্রসারণ (+) সংকোচন (-) | | |
| ১। সরকারী খাত (রাষ্ট্রায়ত্ত খাতসহ) | +২১৩৬২ | +৩৩৯৯৯ |
| ক) সরকারী খাত (নীট) | +১৮৭৮৯ | +৩৩৩৬৩ |
| খ) রাষ্ট্রায়ত্ত খাত | +২৫৭৩ | +৬৩৬ |
| ২। বেসরকারী খাত | +৪৫৭৭৩ | +২২২৪৩ |
| ৩। মেয়াদী আমানত (বৃদ্ধি-) | -৫৪১১৬ | -৫১২৯৩ |
| ৪। বৈদেশিক খাত (নীট) | +১৭৬৯ | +১২৮৫১ |
| ৫। অন্যান্য পরিসম্পদ (নীট) | +২৭৫৭ | -৪১১১ |
| মোট | +১৭৫৪৫ | +১৩৬৮৯ |

সময়কালে মোট ব্যাংক আমানতের মধ্যে মেয়াদী আমানত ৫৪১১৬ মিলিয়ন টাকা (৯.৮৬%), সরকারী আমানত ২৯২০ মিলিয়ন টাকা (৫.২০%) এবং তলবী আমানত ২২৫০ মিলিয়ন টাকা (২.৩২%) বৃদ্ধি পায়। পূর্ববর্তী বছরের একই সময়ে মেয়াদী আমানত ৫১২৯৩ মিলিয়ন টাকা (১১.২০%), সরকারী আমানত ১৩৬২ মিলিয়ন টাকা (২.৭৮%) এবং তলবী আমানত ১৭৭৯ মিলিয়ন টাকা (২.০৮%) বৃদ্ধি পেয়েছিল। সারণি-৪-এ ব্যাংক আমানতের পরিমাণ দেয়া হয়েছে।

## ব্যাংক ঋণ

তফসিলী ব্যাংকসমূহ কর্তৃক ২০০০-২০০১ অর্থ বছরের প্রথম আট মাসে প্রদত্ত ঋণের স্থিতির পরিমাণ (আন্তঃব্যাংক বাদে) ৪৯১৬৭ মিলিয়ন টাকা (৯.০০%) বৃদ্ধি পেয়ে ২০০১ সালের ফেব্রুয়ারী শেষে ৫৯৫৬২৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের অনুরূপ সময়কালে ব্যাংক ঋণের পরিমাণ ২৩৩৩৩ মিলিয়ন টাকা (৪.৭১%) বৃদ্ধি পেয়ে ৫১৮৫৬১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছিল। আলোচ্য সময়ে (ফেব্রুয়ারী, ২০০১ পর্যন্ত) মোট ব্যাংক ঋণের মধ্যে বেসরকারী খাতে ৪৫৬৬৯ মিলিয়ন টাকা (৯.১৪%) বৃদ্ধি পেয়ে ৫৪৫২১৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পক্ষান্তরে, সরকারী খাতে (রাষ্ট্রায়ত্ত খাতসহ) ৩৪৯৮ মিলিয়ন টাকা (৭.৪৬%) বৃদ্ধি পেয়ে ৫০৪১৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের একই সময়ে বেসরকারী খাতে ঋণ বৃদ্ধি পায় ২৪৪২২ মিলিয়ন টাকা (৫.৪৫%) এবং সরকারী খাতে ব্যাংক ঋণ হ্রাস পায় ১০৮৯ মিলিয়ন টাকা (২.৩২%)। সারণি-৫-এ খাতওয়ারী ব্যাংক ঋণের পরিমাণ ও ঋণ প্রবাহের চিত্র দেখানো হয়েছে।

## শহর ও পল্লী এলাকায় আমানত ও আগামের অংশ

পল্লী ও শহর এলাকার মধ্যে আমানত সংগ্রহ ও আগাম প্রবাহের ক্ষেত্রে সামান্য পরিবর্তন দেখা যায়। ১৯৯৯ সালের

জুন শেষে মোট আমানতে পল্লী আমানতের অংশ ছিল শতকরা ২২.৭৮ ভাগ যা বিভিন্ন সময়ে উঠানামা করে ২০০০ সালের জুন শেষে শতকরা ২২.৬ ভাগে দাঁড়িয়েছে। পক্ষান্তরে, উক্ত সময়কালে মোট আগামে পল্লীর অংশ শতকরা ১৭.৩ ভাগ হতে বিভিন্ন সময়ে উঠানামার মাধ্যমে শতকরা ১৬.৯ ভাগে এসে দাঁড়িয়েছে। এ সময়ে আমানত সংগ্রহ বেড়েছে এবং আগামের প্রবাহ কমেছে।

পল্লী ও শহর এলাকার আমানত ও আগামের বছর ভিত্তিক গতিধারা সারণি-৬-এ দেয়া হলো।

## নগদ রিজার্ভ সংরক্ষণ আবশ্যকতা

১লা অক্টোবর ১৯৯৯ তারিখ থেকে তফসিলী ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে নগদ তহবিল সংরক্ষণের হার (CRR) তাদের মোট দায় (তলবী ও মেয়াদী আমানত) এর শতকরা ৫ ভাগ হতে হ্রাস করে শতকরা ৪ ভাগে নির্ধারিত হয়েছিল যা আলোচ্য সময়েও বলবৎ রয়েছে।

## তরল সম্পদ সংরক্ষণ আবশ্যকতা

ইসলামী শরিয়ত ভিত্তিক এবং বিশেষায়িত ব্যাংকগুলো ব্যতীত ব্যাংকিং কোম্পানিসমূহ কর্তৃক সংরক্ষণীয় তরল সম্পদ-এর হার তাদের মোট দায় (তলবী ও মেয়াদী আমানত) এর ২০

সারণি-৪

### ব্যাংক আমানত

*(মিলিয়ন টাকায়)*

| মাস/বছর | মোট আমানত | মোট আমানতের পরিবর্তন | মোট আমানতের উপর তলবী* আমানতের শতকরা হার | মোট আমানতের উপর মেয়াদী* আমানতের শতকরা হার | মোট আমানতের উপর সরকারী আমানতের শতকরা হার |
|---|---|---|---|---|---|
| ১৯৯৯ | | | | | |
| মার্চ | ৫৫৪৮৪৬ | +১২০৬৭ | ১৩.৭৯ | ৭৮.০১ | ৮.২০ |
| জুন | ৫৯২৩৪০ | +৩৭৪৯৪ | ১৪.৪৬ | ৭৭.২৮ | ৮.২৬ |
| সেপ্টেম্বর | ৬০৫৬৬৩ | +১৩৩২৩ | ১৩.২১ | ৭৮.৬৭ | ৮.১১ |
| ডিসেম্বর | ৬৪৮৯৫৭ | +৪৩২৯৪ | ১৪.০৩ | ৭৭.৮১ | ৮.১৫ |
| ২০০০ | | | | | |
| মার্চ | ৬৫৭৭৪৭ | +৮৭৯০ | ১৩.৫৯ | ৭৮.৫২ | ৭.৯০ |
| জুন | ৭০২৭৮৭ | +৪৫০৪০ | ১৩.৮১ | ৭৮.০৯ | ৭.৯৯ |
| সেপ্টেম্বর | ৭২৫৯০৯ | +২৩১২২ | ১২.৯২ | ৭৯.২৫ | ৭.৭২ |
| ডিসেম্বর | ৭৬৬৩৭৪ | +৪০৪৬৫ | ১৩.৩২ | ৭৮.৮০ | ৭.৮০ |
| ২০০১ | | | | | |
| ফেব্রুয়ারী | ৭৬১৮৯৭ | -৪৪৭৭ | ১৩.০৩ | ৭৯.১৩ | ৭.৭৫ |

** তলবী ও মেয়াদী আমানতে সরকারী আমানত অন্তর্ভুক্ত নয়।*

*নোট : মোট আমানতে আন্তঃব্যাংক আমানত অন্তর্ভুক্ত নয়।*

*উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।*

সারণি-৫

## ব্যাংক ঋণ*

*(মিলিয়ন টাকায়)*

| মাস/বছর | সরকারী খাতে ব্যাংক ঋণ | বেসরকারী খাতে ব্যাংক ঋণ | মোট ব্যাংক ঋণ | মোট ব্যাংক ঋণের পরিবর্তন |
|---|---|---|---|---|
| ১৯৯৯ | | | | |
| মার্চ | ৪৬২৬৪ | ৪৩১২৬৮ | ৪৭৭৫৩২ | +৫৮১৫ |
| জুন | ৪৬৯০১ | ৪৪৮৩২৭ | ৪৯৫২২৮ | +১৭৬৯৬ |
| সেপ্টেম্বর | ৪৭৪৯০ | ৪৪৬৪১৩ | ৪৯৩৯০৩ | -১৩২৫ |
| ডিসেম্বর | ৪৩৮৯২ | ৪৭০৬৯০ | ৫১৪৫৮২ | +২০৬৭৯ |
| ২০০০ | | | | |
| মার্চ | ৪৬৯৬২ | ৪৭৬৮৫৫ | ৫২৩৮১৭ | +৯২৩৫ |
| জুন | ৪৬৯১৬ | ৪৯৯৫৪৫ | ৫৪৬৪৬১ | +২২৬৪৪ |
| সেপ্টেম্বর | ৪৮৩০৪ | ৫০৮৮০৫ | ৫৫৭১০৯ | +১০৬৪৮ |
| ডিসেম্বর | ৫১৩৩৯ | ৫৩৬৫৯৮ | ৫৮৭৯৩৭ | +৩০৯২৮ |
| ২০০১ | | | | |
| ফেব্রুয়ারী | ৫০৪১৪ | ৫৪৫২১৪ | ৫৯৫৬২৮ | +৭৬৯১ |

*বৈদেশিক বিল এবং আন্তঃ ব্যাংক লেনদেন বাদে। উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।*

সারণি-৬

## শহর ও পল্লী এলাকায় আগাম ও আমানত

*(শতকরা হার)*

| বছর | আগাম | | আমানত | |
|---|---|---|---|---|
| (জুন শেষের অবস্থা) | পল্লী | শহর | পল্লী | শহর |
| ১৯৯১ | ২১.৯১ | ৭৮.০৯ | ২১.৪৫ | ৭৮.৫৫ |
| ১৯৯২ | ১৯.৯৫ | ৮০.০৫ | ২১.৫২ | ৭৮.৪৮ |
| ১৯৯৩ | ১৯.০৩ | ৮০.৯৭ | ২১.৭৬ | ৭৮.২৪ |
| ১৯৯৪ | ১৯.৮৬ | ৮০.১৪ | ২২.১১ | ৭৭.৮৯ |
| ১৯৯৫ | ১৯.৭১ | ৮০.২৯ | ২১.৯৭ | ৭৮.০৩ |
| ১৯৯৬ | ১৯.৭০ | ৮০.৩০ | ২২.৭০ | ৭৭.৩০ |
| ১৯৯৭ | ১৮.৬৪ | ৮১.৩৬ | ২২.৬৮ | ৭৭.৩২ |
| ১৯৯৮ | ১৬.৯৩ | ৮৩.০৭ | ২২.৮৮ | ৭৭.১২ |
| ১৯৯৯ | ১৭.৩২ | ৮২.৬৮ | ২২.৭৮ | ৭৭.২২ |
| ২০০০ | ১৬.৮৭ | ৮৩.১৩ | ২২.৬২ | ৭৭.৩৮ |

শতাংশে অপরিবর্তিত রয়েছে। ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, আল বারাকা ব্যাংক বাংলাদেশ লিঃ, আল আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ এবং সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিঃ কর্তৃক আইনানুগ তরল সম্পদ সংরক্ষণের হার তাদের মোট দায়ের ১০ শতাংশে অপরিবর্তিত রয়েছে। অপরদিকে, বিশেষায়িত ব্যাংকগুলোকে তরল সম্পদ সংরক্ষণের দায় হতে প্রদত্ত অব্যাহতি আলোচ্য সময়েও বলবৎ রয়েছে।

## ব্যাংকিং, মুদ্রা ও ঋণ নীতির ক্ষেত্রে গৃহীত পদক্ষেপসমূহ

দেশের অর্থনৈতিক কর্মকান্ডে কাঙ্ক্ষিত গতি সঞ্চারের লক্ষ্যে ১৯৯৯/২০০০ অর্থ বছরে ব্যাংকিং, মুদ্রা ও ঋণ নীতির ক্ষেত্রে গৃহীত পদক্ষেপসমূহ ২০০০/২০০১ অর্থ বছরেও অব্যাহত থাকে। এছাড়াও, আলোচ্য বছরে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গৃহীত হয়েছে।

১) ব্যাংকের বেশির ভাগ ঋণ কোন ব্যক্তি বা গোষ্ঠীর নিকট কেন্দ্রীভূত হওয়ার সম্ভাবনা/প্রবণতা রোধ, ব্যাংকের ঝুঁকি হ্রাস, আমানতকারীদের স্বার্থ সংরক্ষণ এবং নতুন প্রকৃত শিল্পোদ্যোক্তাদের ঋণ সুবিধা প্রদানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে বৃহদাংক ঋণ প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত হারে সিলিং নির্ধারণ করা হয়েছে ঃ

| ব্যাংকের মোট শ্রেণীকৃত ঋণের হার | মোট ঋণ ও অগ্রিমের সাথে বৃহদাংক ঋণের সর্বোচ্চ হার |
|---|---|
| ৫% পর্যন্ত | ৮০% |
| ৬%-১০% পর্যন্ত | ৬০% |
| ১০%-১৫% পর্যন্ত | ৪০% |
| ১৬%-২০% পর্যন্ত | ৩০% |
| ২০%-এর উর্ধ্বে | ২০% |

২) বিয়ারার সার্টিফিকেট অব ডিপোজিট নামের সঞ্চয় প্রকল্পটির সর্বশেষ পরিস্থিতি পর্যালোচনাপূর্বক প্রকল্পটি আর দীর্ঘায়িত না করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং ১লা জানুয়ারী, ২০০১ থেকে নতুন সার্টিফিকেট ইস্যু বন্ধ রাখার জন্য সংশ্লিষ্ট সকল ব্যাংককে নির্দেশ দেয়া হয়েছে।

৩) আলোচ্য অর্থ বছরে এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, ব্যাংকসমূহ একক বা যৌথ উভয় প্রকার হিসাব খোলার সময় বাধ্যতামূলকভাবে নমিনী (Nominee) নিয়োগের ব্যবস্থা গ্রহণ করবে এবং বিদ্যমান হিসাবসমূহেও পর্যায়ক্রমে নমিনী নিয়োগের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

## আর্থিক খাত সংস্কার

দেশের অর্থনৈতিক উন্নয়ন কর্মকান্ডে ব্যাংকিং তথা আর্থিক খাতের ভূমিকা যথাযথ করার লক্ষ্যে ১৯৯১ সালের শুরুতে যে আর্থিক খাত সংস্কার কর্মসূচী গ্রহণ করা হয়, ১৯৯৬ সালের ডিসেম্বরে তার মেয়াদ শেষ হয়ে যায়। এ সংস্কার কর্মসূচীর দ্বিতীয় পর্যায়ে ১লা মে ১৯৯৭ থেকে বাণিজ্যিক ব্যাংকিং পুনর্গঠন প্রকল্প (Commercial Banking Restructuring Project) বাস্তবায়নের কাজ শুরু হয় এবং ৩১ শে ডিসেম্বর, ১৯৯৯-এ তা শেষ হয়।

সংস্কার কার্যক্রমের ধারাবাহিকতায় বাংলাদেশ ব্যাংকের তদারকী ক্ষমতা অধিকতর সুদৃঢ়ীকরণের লক্ষ্যে বিশ্ব ব্যাংকের সহায়তায় "কেন্দ্রীয় ব্যাংক কারিগরি সহায়তা প্রকল্প" (Central Bank Technical Assistance Project) নামে একটি প্রকল্প অবলম্বনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন রয়েছে।

যে উদ্দেশ্য সামনে রেখে "কেন্দ্রীয় ব্যাংক কারিগরি সহায়তা প্রকল্প" প্রস্তাবিত হয়েছে সেগুলো হলোঃ

১। বাংলাদেশ ব্যাংকের কাঠামোগত পুনর্গঠন,
২। মানব সম্পদ উন্নয়ন,
৩। আর্থিক খাতের সুবিবেচিত পরিচালনামূলক প্রবিধান প্রণয়ন (Prudential Regulations) এবং তদারকী জোরদারকরণ,
৪। বাংলাদেশ ব্যাংকের প্রবলেম ব্যাংক বিভাগ শক্তিশালীকরণ,
৫। বাংলাদেশ ব্যাংকের কম্পিউটারায়ন,
৬। হিসাব ও নিরীক্ষা পদ্ধতি উন্নতকরণ এবং
৭। বৈদেশিক ঋণ ব্যবস্থাপনা উন্নতকরণ।

## কৃষি খাত

কৃষি খাতের অব্যাহত প্রবৃদ্ধির লক্ষ্যে অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রাথমিকভাবে ২০০০/২০০১ অর্থ বছরে ৩২১৬৯ মিলিয়ন টাকা কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে আকস্মিক বন্যাজনিত কারণে উপদ্রুত এলাকাসমূহে পুনর্বাসনের জন্য লক্ষ্যমাত্রা ৪৯০ মিলিয়ন টাকা বৃদ্ধি করা হয়, ফলে মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৩২৬৫৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এছাড়াও, উপদ্রুত এলাকাসমূহে ঋণ কার্যক্রম কঠোরভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়। ২০০০/২০০১ অর্থ বছরের জানুয়ারী, ২০০১ পর্যন্ত সময়ে ১৫৩৭১ মিলিয়ন টাকার কৃষি ঋণ বিতরণ করা হয়, যার পরিমাণ পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে ছিল ১২৮৯৮ মিলিয়ন টাকা।

কৃষি ঋণের যথাযথ ও সময়োপযোগী বিতরণ, আদায় পরিস্থিতির উন্নয়ন এবং সার্বিকভাবে ঋণ পরিস্থিতি তদারকির জন্য পূর্ববর্তী বছরগুলোতে গৃহীত ও অনুসৃত নির্দেশক নীতিমালা আলোচ্য বছরেও অব্যাহত থাকে। এছাড়াও, আলোচ্য বছরে ব্যাংকসমূহকে অনুসরণের জন্য নিম্নলিখিত নির্দেশাবলী বাস্তবায়ন করা হয়।

(ক) বন্যা উপদ্রুত এলাকাসমূহে অর্থ বছরের শুরুতে ধার্যকৃত কৃষি ঋণের পরিমাণ লক্ষ্যমাত্রার দ্বিগুণ করা হয়েছে।

(খ) বন্যা উপদ্রুত এলাকায় কৃষি পুনর্বাসনে ঋণ বিতরণ কার্যক্রম প্রতিনিয়ত নিবিড়ভাবে তদারকীর প্রয়োজনে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশক্রমে বন্যায় ক্ষতিগ্রস্ত প্রত্যেক থানায় একটি "কৃষি ঋণ বিতরণ অভিযোগ ও তদারকী সেল" গঠন করা হয়েছে। উক্ত সেল ঋণ বিতরণ তদারকী ছাড়াও বিতরণ সংক্রান্ত প্রাপ্ত অভিযোগ তদন্ত করে দ্রুত জেলা প্রশাসককে অবহিত করে। জেলা প্রশাসকগণ এ বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংকের স্থানীয় উর্ধ্বতন কর্তৃপক্ষসহ ব্যবস্থাপনা পরিচালককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করে।

(গ স্ব-স্ব ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ঋণ বিতরণ ও বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে মনিটরিং করছে।

(ঘ) বন্যার পানি কমে যাবার সংগে সংগে ক্ষতিগ্রস্ত এলাকার কৃষকদেরকে অত্যন্ত স্বল্প সময়ের মধ্যে এবং স্বচ্ছতার সাথে কৃষি ঋণ বিতরণের ব্যবস্থা করা হয়েছে। এক্ষেত্রে জেলা প্রশাসকের কার্যালয় হতে ক্ষতিগ্রস্থ এলাকার তালিকা সংগ্রহ করা হয়েছে।

(ঙ) হালের বলদ ও কৃষি যন্ত্রপাতি সংগ্রহের জন্য নিয়ম অনুযায়ী ঋণ বিতরণ করা হয়েছে।

(চ) বন্যাজনিত কারণে যে সকল কৃষক ক্ষতিগ্রস্থ হয়েছে তাদের ঋণ ১ (এক) বছরের জন্য পুনঃতফসীল করে নতুন ঋণ প্রদান করা হয়। ঋণ মঞ্জুরের পূর্বে সংশ্লিষ্ট ফসল উৎপাদনের সম্ভাবনা শাখা ব্যবস্থাপক কর্তৃক যাচাই-এর ব্যবস্থা করা হয়েছে।

(ছ) ঋণ প্রদানের ক্ষেত্রে ক্ষুদ্র, প্রান্তিক ও বর্গাচাষীদের অগ্রাধিকার দেয়া হয়েছে। এ বিষয়ে ইতোপূর্বে জারীকৃত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসরণীয়।

(জ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশ মোতাবেক এলাকার বাস্তব প্রয়োজনের নিরীখে বর্তমান মৌসুমের জন্য ঋণ বিতরণ সময়সীমা শিথিল করা হয়েছে।

(ঝ) এছাড়া, বন্যা উপদ্রুত এলাকায় উপজেলাওয়ারী বাস্তবায়িত ঋণ কার্যক্রম এবং পূর্বের ও বর্তমান লক্ষ্যমাত্রা সম্পর্কিত প্রতিবেদন অতি জরুরী ভিত্তিতে প্রতি সপ্তাহে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগে প্রেরণের পরামর্শ দেয়া হয়েছে।

## শিল্প খাত

শিল্প খাতে পুনর্বাসন কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে ১৯৯৯/২০০০ অর্থ বছরে ব্যাংকসমূহকে অনুসরণের জন্য নিম্নবর্ণিত যেসব নির্দেশাবলী প্রদান করা হয় তা ২০০০/২০০১ অর্থ বছরেও অব্যাহত রয়েছেঃ

ক) চিহ্নিত রুগ্ন শিল্প/নিবন্ধনকৃত রুগ্ন শিল্পসমূহের মধ্যে প্রকৃত রুগ্ন ও অপেক্ষাকৃত ক্ষুদ্র উদ্যোক্তাদের বিশেষ সহায়তা প্রদানের লক্ষ্যে অনধিক ৫ মিলিয়ন টাকা প্রকল্প ঋণ গ্রহণকারী

ক্ষুদ্র রুগ্ন শিল্পসমূহের ঋণের সুদ মওকুফের আবেদন বিবেচনাপূর্বক যথাযথ সুপারিশ প্রদানের লক্ষ্যে ১৯৯৮/৯৯ অর্থ বছরে সুদ মওকুফ সংক্রান্ত যে কমিটি গঠন করা হয়েছিল তা ৩১শে ডিসেম্বর, ২০০০ তারিখে তার দায়িত্ব সমাপ্ত করায় উক্ত কমিটি বিলুপ্ত হয়েছে। উক্ত কমিটির সুপারিশসমূহ ব্যাংকসমূহের পরিচালনা পর্ষদের অনুমোদনের পর মওকুফকৃত অর্থের শতকরা ৫০ ভাগ পর্যন্ত সরকার সংশ্লিষ্ট ব্যাংককে বন্ডের মাধ্যমে প্রদান করবে। সুদ মওকুফের সিদ্ধান্ত কার্যকর হওয়ার সাথে সাথে সরকার মওকুফকৃত সুদের ২৫ শতাংশ ক্ষতিপূরণ হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে প্রদান করবে এবং সংশ্লিষ্ট রুগ্ন শিল্প কর্তৃক ঋণ পরিশোধিত হওয়ার পর অবশিষ্ট ২৫ শতাংশ প্রদান করবে।

খ) রুগ্ন হিসেবে চিহ্নিত শিল্পসমূহের মধ্যে যেসব প্রকল্পের মূল ঋণ ৫ মিলিয়ন টাকার অধিক, সেসব প্রকল্পের জন্য ১০ মিলিয়ন টাকার অধিক সাধারণ সুদ মওকুফের ক্ষেত্রে ব্যাংকসমূহকে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন নেয়া প্রয়োজন হবে।

এ ছাড়াও আলোচ্য বছরে শিল্প খাতের সম্প্রসারণ ও উন্নয়নের লক্ষ্যে ব্যাংকসমূহকে অনুসরণের জন্য নিম্নবর্ণিত নির্দেশাবলী প্রদান করা হয়।

১) বর্তমান বাস্তব অবস্থার প্রেক্ষিতে বিভিন্ন শিল্পে চলতি মূলধন ঋণ সরবরাহের ক্ষেত্রে প্রচলিত ঋণ নিয়মাচার (Credit Norms) নমনীয় করা হয়। বর্তমান নিয়মাচার অনুযায়ী সর্বোচ্চ ঋণ সীমা হিসেব করার ক্ষেত্রে প্রকল্পের Capacity Utilization সংক্রান্ত বিষয়ে ব্যাংকের প্রকৌশলীর প্রতিবেদন এবং ব্যাংকার-গ্রাহক সম্পর্ক বিবেচনা করা হবে। তবে, চলতি মূলধন নির্ণয়ের জন্য কোন ক্ষেত্রে ৯০%-এর উর্ধ্বে গ্রহণযোগ্য হবে না। ৭৫% এর উর্ধ্বে Capacity Utilization দেখিয়ে চলতি মূলধন ঋণ মঞ্জুর করতে হলে ব্যবস্থাপনা পরিচালক/ মঞ্জুরীদানকারী কর্তৃপক্ষকে এত অধিক Utilization-এর বিষয়ে সম্পূর্ণ সন্তুষ্ট হতে হবে। ঋণ নিয়মাচার প্রণয়ন করা হয়নি এমন খাতসমূহের জন্য Capacity Utilization-এর ভিত্তিতে চলতি মূলধন ঋণ প্রদান করা যাবে। তবে নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রথম বছরে ৫০%-এর অধিক Capacity ধরা যাবে না। Capacity Utilization এর হিসেব রাখার জন্য প্রতি মাসের গড় Utilization সংশ্লিষ্ট ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। ঋণ বৃদ্ধি/নবায়ন বিবেচনার সময় ১২ মাসের গড় Capacity Utilization কে Ceiling হিসাবে ধরা যুক্তিযুক্ত হবে। এই নিয়মাচার ১০টি প্রধান শিল্প খাত ব্যতীত ব্যাংক ঋণ আওতাভুক্ত অন্যান্য শিল্প খাতের (৪৭টি) ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

২) যে সকল হিমায়িত খাদ্য রপ্তানিকারক প্রতিষ্ঠান ইইসি'র নিষেধাজ্ঞা এবং মহাপ্লাবন ইত্যাদি আওতা বহির্ভূত কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের ১৯৯৭ এবং ১৯৯৮ সালের ঋণের সুদের ৮০% মওকুফ করার জন্য পরামর্শ দেয়া হয়েছে। মওকুফকৃত সুদের মধ্যে ব্যাংকসমূহ নিজস্ব হিসাব হতে ৪০% বহন করবে। অবশিষ্ট ৪০% সুদ মওকুফের অর্থ পুনঃভরণের নিমিত্তে সরাসরি অর্থ মন্ত্রণালয়ের কাছে দাবী পেশ করবে। ২০% সুদ উদ্যোক্তা নিজেই বহন করবে।

৩) ব্যবসা/বাণিজ্য ও শিল্প প্রতিষ্ঠান সুষ্ঠভাবে পরিচালনার স্বার্থে কোন চলমান ঋণ গ্রহণযোগ্য কারণে 'নিম্নমান' হিসেবে শ্রেণীকৃত হলে পর্যাপ্ত জামানত দ্বারা আবৃত থাকা সাপেক্ষে ঋণ হিসাবটি পুরোপুরি সমন্বয়ের পরিবর্তে নগদ জমার মাধ্যমে ঋণ স্থিতি ঋণ সীমার নীচে আনয়নপূর্বক নবায়ন করা যাবে। তবে ঋণটি 'সন্দেহজনক' বা 'মন্দ' হিসেবে শ্রেণী বিন্যাসিত হলে প্রচলিত নিয়মই প্রযোজ্য হবে।

৪) ঈদ-উল-আযহা মৌসুমে চামড়া ক্রয়ের উদ্দেশ্যে ব্যাংকসমূহ চামড়া শিল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহকে ঋণ হিসাব নিয়মিত থাকার প্রেক্ষিতে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে যথাসময়ে ঋণ সুবিধা প্রদান বিবেচনা করবে।

## বৈদেশিক মুদ্রা মজুদের পরিমাণ

বাংলাদেশ ব্যাংকের নিকট বিনিময়যোগ্য বৈদেশিক মুদ্রা মজুদের পরিমাণ জুন, ২০০০ শেষের ৮১৪৬৬ মিলিয়ন টাকা (১৬০২ মিলিয়ন মার্কিন ডলার) হতে ২২৭৭ মিলিয়ন টাকা (৪৭ মিলিয়ন মার্কিন ডলার হ্রাস) বৃদ্ধি পেয়ে মার্চ, ২০০১ শেষে ৮৩৭৪৩ মিলিয়ন টাকায় (১৫৫৫ মিলিয়ন ডলার) দাঁড়ায়। পূর্ববর্তী বছরের একই সময় শেষে এর পরিমাণ ৭৮৯৩ মিলিয়ন টাকা (৮১ মিলিয়ন মার্কিন ডলার) বৃদ্ধি পেয়ে ৮১৫৪৩ মিলিয়ন টাকায় (১৬০৪ মিলিয়ন ডলার) দাঁড়িয়েছিল।

বৈদেশিক মুদ্রা মজুদের মাস ভিত্তিক পরিসংখ্যান সারণি-৭ এ দেয়া হয়েছে।

## বৈদেশিক মুদ্রা বিনিময় নীতি

বিনিময় হার

আন্তর্জাতিক বাজারে দেশীয় রপ্তানিযোগ্য পণ্যের প্রতিযোগিতা বজায় রাখার লক্ষ্যে ১৯৯৯-২০০০ অর্থ বছরে ডলারের বিপরীতে বাংলাদেশী টাকার দুইবার অবমূল্যায়ন করা হয়। ফলে জুন, ২০০০ শেষে টাকা-ডলার বিনিময় হার দাঁড়ায় ১ ডলার=৫১.০০ টাকা (মধ্যমান)। ২০০০/২০০১ অর্থ বছরের মার্চ, ২০০১ পর্যন্ত সময়ে ডলারের বিপরীতে টাকার একবার অবমূল্যায়ন করা হয়। এ প্রক্রিয়ায় সর্বশেষ ১৩ই আগস্ট, ২০০০ তারিখে টাকা-ডলার বিনিময় হার পুনঃনির্ধারণ করে ১ ডলার=৫৪.০০ টাকা (মধ্যমান) নির্ধারণ করা হয়। ফলে আলোচ্য অর্থ বছরের জুলাই-মার্চ সময়ে মার্কিন ডলারের বিপরীতে টাকার মানে শতকরা ৫.৫৬ ভাগ অবমূল্যায়ন ঘটে। এছাড়া, ৪ঠা ডিসেম্বর, ২০০০ তারিখ হতে বাংলাদেশ ব্যাংক নির্ধারিত হারে অনুমোদিত ডিলার ব্যাংকের সাথে মার্কিন ডলার কেনা-বেচার প্রচলিত রীতি পরিবর্তন করে প্রত্যেক

সারণি-৭

### বৈদেশিক মুদ্রার মজুদ

| মাস শেষে | রেট (মার্কিন ডলার/বাংলাদেশ টাকা) | মিলিয়ন মার্কিন ডলারে | মিলিয়ন টাকায় |
|---|---|---|---|
| ১৯৯৯ | | | |
| মার্চ | ৪৮.৫০ | ১৫৫৫.৩২ | ৭৫১৯৯.৬০ |
| জুন | ৪৮.৫০ | ১৫২৩.২৬ | ৭৩৬৪৯.৭০ |
| সেপ্টেম্বর | ৪৯.৫০ | ১৬৫৩.০২ | ৮১৫৭৬.৬০ |
| ডিসেম্বর | ৫১.০০ | ১৬৪৫.০২ | ৮৩৬৪৯.৫০ |
| ২০০০ | | | |
| মার্চ | ৫১.০০ | ১৬০৩.৬১ | ৮১৫৪৩.৪০ |
| জুন | ৫১.০০ | ১৬০২.০৮ | ৮১৪৬৫.৬০ |
| সেপ্টেম্বর | ৫৪.০০ | ১৩৮৪.২৭ | ৭৪৫৪৩.১০ |
| ডিসেম্বর | ৫৪.০০ | ১৫১৫.৬৭ | ৮১৬১৮.৮০ |
| ২০০১ | | | |
| মার্চ | ৫৪.০০ | ১৫৫৫.১১ | ৮৩৭৪২.৯০ |

লেনদেনের জন্য পৃথক একটি ব্যান্ডে (টাকা ৫৩.৮৫ থেকে টাকা ৫৪.১৫) কেনা-বেচার রীতি গ্রহণ করে।

## বৈদেশিক মুদ্রা বিধি-ব্যবস্থাদিতে সাধিত পরিবর্তনসমূহ

জুলাই, ২০০০ হতে বৈদেশিক মুদ্রা ব্যবস্থাদিতে সাধিত পরিবর্তনসমূহ হলোঃ

১) ৩রা ডিসেম্বর, ২০০০ তারিখে অনুমোদিত ডিলারগণকে এনএফসিডি মেয়াদী জমাগুলোর স্থিতি বিদেশে করেসপন্ডেন্ট ব্যাংকের সাথে বিনিয়োগ ছাড়াও বাংলাদেশ ব্যাংকের সাথে অনুমোদিত ডিলারের পরিচালিত সুদবাহী বৈদেশিক মুদ্রা ক্লিয়ারিং একাউন্টে গচ্ছিত রাখার প্রাধিকার ঘোষিত হয়; বৈদেশিক মুদ্রায় স্থানীয় বিনিয়োগের জন্য উক্ত মোট স্থিতির অনধিক ৫০% নিম্নরূপে ব্যবহার করার প্রাধিকার ঘোষিত হয়েছেঃ-

(ক) রপ্তানিমুখী শিল্পের উপকরণাদি আমদানীর জন্য তাৎক্ষণিকভাবে পরিশোধ্য (সাইট) ভিত্তিক ব্যাক-টু-ব্যাক আমদানী ঋণ পত্রের মূল্য সংশ্লিষ্ট রপ্তানির মূল্য প্রত্যাবাসনের পূর্বেই পরিশোধের জন্য স্বীয় রপ্তানীকারক মক্কেলকে ঋণদান;

(খ) রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় সম্পূর্ণ বা আংশিক বিদেশী মালিকানাধীন (টাইপ এ ও বি) প্রতিষ্ঠানগুলোর দ্বারা অত্র এলাকার বাইরে বাংলাদেশে কার্যরত অনুমোদিত ডিলার ব্যাংকের এ্যাকসেপট্যান্স সম্বলিত বৈদেশিক মুদ্রা ইউজ্যান্স বিলের ডিসকাউন্টিং;

২) স্বীয় উৎপাদনের জন্য উপকরণাদির (ব্যাক-টু-ব্যাক ব্যবস্থা বহির্ভূত) আমদানীর বিল প্রতিষ্ঠানের প্রত্যক্ষ প্রচ্ছন্ন রপ্তানির বিপরীতে বৈদেশিক মুদ্রা প্রাপ্তির তারিখের ত্রিশ দিনের মধ্যে পরিশোধ্য হবে এরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট উৎপাদনকারী রপ্তানিকারক প্রতিষ্ঠানের লিখিত আবেদন অনুযায়ী প্রাপ্ত রপ্তানিমূল্য হতে প্রয়োজনীয় পরিমাণ বৈদেশিক মুদ্রা (রিটেনশন কোটার অতিরিক্ত হলেও) আমদানী বিল পরিশোধের তারিখ পর্যন্ত অনুমোদিত ডিলারগণ ধারণ করতে পারবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে আমদানী বিল পরিশোধে ব্যবহৃত না হলে রিটেনশন কোটার অতিরিক্ত বৈদেশিক মুদ্রা আবশ্যিকভাবে টাকায় নগদায়ন করতে হবে।

৩) দেশীয় হস্তচালিত তাঁত বস্ত্র রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্পে সরবরাহের অথবা সরাসরি রপ্তানির বিপরীতে শুল্ক বন্ড অথবা ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বস্ত্রমূল্যের ২৫% হারে নগদ সহায়তা সুবিধা অব্যাহত রয়েছে। ৪ঠা মার্চ, ২০০১ তারিখে পূর্বের স্থগিতাদেশ প্রত্যাহার করে জামদানী শাড়ী, লুঙ্গী ও গামছার ১লা জুলাই, ২০০০ ও তৎপরবর্তীকালে জাহাজীকৃত চালানের রপ্তানির বিপরীতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাকের পরিবর্তে এফওবি মূল্যের ১০% হারে নগদ সহায়তা প্রদানের নির্দেশনা জারী করা হয়।

৪) দেশীয় বস্ত্র দ্বারা প্রস্তুতকৃত প্যাচওয়ার্ক কাঁথা (Quilt) এবং তাজা ও কৃত্রিম ফুল রপ্তানির বিপরীতে ১০% হারে নগদ ভর্তুকী প্রদান ১৯৯৯-২০০০ অর্থ বছরের ন্যায় চলতি অর্থ বছরেও অব্যাহত থাকে। প্যাচওয়ার্ক কাঁথা সামগ্রী রপ্তানির বিপরীতে প্রদেয় ১০% নগদ ভর্তুকীর অংক নিরূপনে সর্বোচ্চ এফওবি মূল্যের সিলিংসমূহ সুনির্দিষ্ট হারে পুনঃনির্ধারিত করে দেয়া হয়েছে।

৫) আলোচ্য অর্থ বছরে জাহাজীকৃত চামড়াজাত দ্রব্যাদি রপ্তানির বিপরীতে রপ্তানী মূল্য প্রত্যাবাসনের পর নগদ সহায়তার আবেদন দাখিলের সর্বোচ্চ সময়সীমা ৩০০ দিনের পরিবর্তে ১৮০ দিন করা হয়েছে। ১০০% রপ্তানিমুখী দেশীয় প্রতিষ্ঠান কর্তৃক চামড়াজাত দ্রব্যাদি রপ্তানির বিপরীতে ১০% নগদ সহায়তা প্রদান আলোচ্য অর্থ বছরেও অব্যাহত থাকে। পাকিস্তান, ভারত, হংকং ও সিংগাপুর ব্যতীত বিশ্বের অন্যান্য দেশে ঋণপত্রের পাশাপাশি চুক্তিপত্রের মাধ্যমে চামড়াজাত দ্রব্যাদি রপ্তানির ক্ষেত্রেও নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সারণি-৮

## কৃষি ঋণ কার্যক্রম

*(মিলিয়ন টাকায়)*

| অর্থ বছর | কর্মসূচী* | প্রকৃত বিতরণ | আদায় | বকেয়া/স্থিতি |
|---|---|---|---|---|
| ১৯৯৯-২০০০ (জানুয়ারী পর্যন্ত) | ৩৩৩১০ | ১২৮৯৮ | ১৪৯৬১ | ৯৭৪৬৪ |
| ২০০০-২০০১ (জানুয়ারী পর্যন্ত) | ৩২৬৫৯ | ১৫৩৭১ | ১৫৭৬০ | ১০৪৯২২ |

* বাৎসরিক কর্মসূচী।

সারণি-৯

*(মিলিয়ন টাকায়)*

| ব্যাংকের নাম | কর্মসূচী (২০০০-২০০১) | জুলাই ২০০০ হতে জানুয়ারী, ২০০১ পর্যন্ত | |
|---|---|---|---|
| | | বিতরণ | আদায় |
| সোনালী | ৩৮০০ | ১৩৫৮ | ১৩১৩ |
| জনতা | ২৪২৩ | ৮২১ | ১১২১ |
| অগ্রণী | ২৮০০ | ৮৮৪ | ১২৫১ |
| রূপালী | ২৩০ | ২৬ | ৪৬ |
| <u>উপ মোট</u> | <u>৯২৫৩</u> | <u>৩০৮৯</u> | <u>৩৭৩১</u> |
| বিকেবি | ১৫৩৯০ | ৯০৫১ | ৮৭৯৫ |
| রাকাব | ৪২০০ | ১৯৯৮ | ২০২৫ |
| বিএসবিএল | ১৬৫ | ১ | ৯ |
| বিআরডিবি | ৩৬৫১ | ১২৩২ | ১২০০ |
| <u>উপ মোট</u> | <u>২৩৪০৬</u> | <u>১২২৮২</u> | <u>১২০২৯</u> |
| সর্ব মোট | ৩২৬৫৯ | ১৫৩৭১ | ১৫৭৬০ |

৬) প্রবাসী বাংলাদেশীগণ কর্তৃক এনএফসিডি হিসাব খোলার নিয়মাবলী সহজীকরণ করা হয়েছে এবং সকল ব্যাংককে বিদেশে অবস্থিত বাংলাদেশের বিভিন্ন দূতাবাস/হাইকমিশন/কনসুলেট অফিসে প্রয়োজনীয় সংখ্যক এনএফসিডি হিসাব খোলার আবেদনপত্র/ফরম প্রেরণ করার যথাযথ ব্যবস্থা নেয়া হয়েছে।

## কৃষি খাতে অর্থ সংস্থান

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ ২০০০-২০০১ অর্থ বছরের জন্য ৩২৬৫৯ মিলিয়ন টাকার ঋণ কর্মসূচী গ্রহণ করেছে, পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল ৩৩৩১০ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে মোট কর্মসূচীর মধ্যে ফসল উৎপাদনের জন্য

১৬২৪০ মিলিয়ন টাকা, সেচ যন্ত্রপাতি ক্রয়ের জন্য ১৪০ মিলিয়ন টাকা এবং অন্যান্য কর্মকান্ডের জন্য অবশিষ্ট ১৬২৭৯ মিলিয়ন টাকা নির্ধারণ করা হয়েছে।

ঋণদানকারী প্রতিষ্ঠানসমূহ ২০০০-২০০১ অর্থ বছরে (জানুয়ারী, ২০০১ পর্যন্ত) মোট ১৫৩৭১ মিলিয়ন টাকার কৃষি ঋণ প্রদান করেছে, যা মোট কর্মসূচীর শতকরা ৪১.০৭ ভাগ। পূর্ববর্তী বছরের একই সময়ে ঋণ বিতরণের পরিমাণ ১২৮৯৮ মিলিয়ন টাকা যা মোট কর্মসূচীর শতকরা ৩৮.৭২ ভাগ ছিল। আলোচ্য বছরের জানুয়ারী পর্যন্ত সময়ে ঋণ বিতরণের পরিমাণ পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ের তুলনায় শতকরা ১৯.১৮ ভাগ বৃদ্ধি পেয়েছে।

মোট আদায়কৃত কৃষি ঋণের পরিমাণ ২০০০-২০০১ অর্থ বছরের (জানুয়ারী, ২০০১ পর্যন্ত) দাঁড়ায় ১৫৭৬০ মিলিয়ন টাকা, পূর্ববর্তী বছরের একই সময়ে যার পরিমাণ ছিল ১৪৯৬১ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে ঋণ আদায় শতকরা ৫.৩৪ ভাগ বৃদ্ধি পেয়েছে। জানুয়ারী, ২০০১ শেষে কৃষি ঋণের স্থিতির পরিমাণ পূর্ববর্তী বছরের একই সময়ের ৯৭৪৬৪ মিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ১০৪৯২২ মিলিয়ন টাকায় এবং মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ পূর্ববর্তী বছরের একই সময়ের ৬০৪৩৮ মিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ৬৬৮০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

৮ নম্বর সারণিতে কৃষি ঋণ কার্যক্রমের তুলনামূলক সার্বিক চিত্র এবং ৯ নম্বর সারণিতে প্রতিষ্ঠান ভিত্তিক চিত্র দেয়া হলো।

## কৃষি খাতে বাংলাদেশ ব্যাংকের পুনঃ অর্থ সংস্থান

ঋণদানকারী প্রতিষ্ঠানসমূহ ২০০০-২০০১ অর্থ বছরে (জানুয়ারী, ২০০১ পর্যন্ত) কৃষি খাতে পুনঃ অর্থসংস্থান হিসেবে মোট ৩৫৩৯[সা] মিলিয়ন টাকা গ্রহণ করেছে এবং ৩৮৩৩[সা] মিলিয়ন টাকা পরিশোধ করেছে। পূর্ববর্তী বছরের একই সময়ে এর পরিমাণ ছিল যথাক্রমে ১৩৪৬ মিলিয়ন টাকা ও ২৩৩২ মিলিয়ন টাকা। আলোচ্য বছরের জানুয়ারী শেষে অর্থ সংস্থানের স্থিতির পরিমাণ পূর্ববর্তী বছরের একই সময়ের ৩৯৫০৫ মিলিয়ন টাকা হতে শতকরা ৩.২০ ভাগ বৃদ্ধি পেয়ে ৪০৭৬৯[সা] মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

[সা] = সাময়িক।

সংযোজনী-১

### বাংলাদেশ ব্যাংক ঃ স্থিতি পত্র

ইস্যু বিভাগ

দায়

| বিবরণ | ৩০শে জুন, ২০০০ | | ৩০শে জুন, ১৯৯৯ | |
|---|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ব্যাংকিং বিভাগে রক্ষিত নোট | ১১৩৭৪৬০ | | ৭৭৮১৪৬০ | |
| প্রচলিত নোট* | ১১০৩৪৫৮১৮৯৮৫ | | ৯৪৭৮৬৫১৯৭১০ | |
| মোট প্রচলিত নোট | | ১১০৩৪৬৯৫৬৪৪৫ | | ৯৪৭৯৪৩০১১৭০ |
| মোট দায় | | ১১০৩৪৬৯৫৬৪৪৫ | | ৯৪৭৯৪৩০১১৭০ |

** বাতিলকৃত পাকিস্তানী নোট যা বাজার হতে প্রত্যাহৃত হয়েছে তদপরিবর্তে পাকিস্তান সরকার/স্টেট ব্যাংক অব পাকিস্তান এর উপর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার/বাংলাদেশ ব্যাংকের উক্ত দাবী সম্পর্কে কোন প্রতিকূলতা সৃষ্টি করবে না।*

সংযোজনী-১ (চলমান)

# বাংলাদেশ ব্যাংক ঃ স্থিতি পত্র

## ইস্যু বিভাগ

### সম্পদ

| বিবরণ | ৩০শে জুন, ২০০০ | | ৩০শে জুন, ১৯৯৯ | |
|---|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ক) স্বর্ণ মুদ্রা ও স্বর্ণ বার | ১৫৮৭৮২৯২৪৫ | - | ১০০১৫৭৫০০০ | |
| রৌপ্য বার | - | - | | |
| আন্তর্জাতিক অর্থ তহবিলে রক্ষিত এসডিআর | - | - | | |
| **অনুমোদিত বৈদেশিক মুদ্রা** | ৪০০০০০০০০০০ | ৪১৫৮৭৮২৯২৪৫ | ৪০০০০০০০০০০ | ৪১০০১৫৭৫০০০ |
| খ) টাকা মুদ্রা | ৩৪২৯৯৫১৫৪ | | ২৯০৩৩৯৮৭৯ | |
| বাংলাদেশ সরকারের ঋণপত্র** | ৩৯০০৫৩০১৮৪১ | | ২৬৬৮১৫৫৬০৮৬ | |
| অভ্যন্তরীণ বিনিময় বিল ও অন্যান্য | | | | |
| **বাণিজ্যিক কাগজ** | ২৯৪১০৮৩০২০৫ | ৬৮৭৫৯১২৭২০০ | ২৬৮২০৮৩০২০৫ | ৫৩৭৯২৭২৬১৭০ |
| মোট সম্পদ | | ১১০৩৪৬৯৫৬৪৪৫ | | ৯৪৭৯৪৩০১১৭০ |

*** পাকিস্তানী নোটের পরিবর্তে বাংলাদেশী নোট ইস্যু করার জন্য সম্পদ সৃষ্টির উদ্দেশ্যে সৃষ্ট বিশেষ এডহক ট্রেজারী বিলও এর অন্তর্ভুক্ত।*

*- = নেই।*

সংযোজনী-১ (চলমান)

# বাংলাদেশ ব্যাংক ঃ স্থিতি পত্র

ব্যাংকিং বিভাগ

দায়

| বিবরণ | ৩০শে জুন, ২০০০ | | ৩০শে জুন, ১৯৯৯ | |
|---|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| পরিশোধিত মূলধন | | ৩০০০০০০০ | | ৩০০০০০০০ |
| সংরক্ষিত তহবিল | | ৩০০০০০০০ | | ৩০০০০০০০ |
| পল্লী ঋণ তহবিল | | ৩২০০০০০০০০ | | ৩০০০০০০০০০ |
| শিল্প ঋণ তহবিল | | ১৩৮৭৮৫২৪৫০ | | ১২৩৭৮৫২৪৫০ |
| রপ্তানী ঋণ তহবিল | | ১৩০০০০০০০০ | | ১১৭০০০০০০০ |
| কৃষি ঋণ স্থিতিশীলকরণ তহবিল | | ৩২০০০০০০০০ | | ৩০০০০০০০০০ |
| আমানতঃ | | | | |
| ক) সরকার | ৯৯০১৬৩৯৩ | | ৬২৮৫৮৭৬ | |
| খ) ব্যাংক | ৪১৮৩৭৬৬০১১০ | | ৩৮১২৪৬৭৯৪৩৯ | |
| গ) অন্যান্য | ৪৩৪৬৫৪০২১৭৬ | ৮৫৩১২৯৬৩৯৭৯ | ৪৫৪৭৬৩০৪৩২২ | ৮৩৬০৭২৬৯৬৩৭ |
| এস ডি আর-এর বরাদ্দ | | ৩০৫১৭৩১৬৩০ | | ৯১৭৪৩১২০৫ |
| দেয় বিল | | ৯৬৮৪০৫৯ | | ১২১৩৩০৫১ |
| অন্যান্য দায় | | ৩৬১২০৯০৮০৭৩ | | ৩৩০৬৬৬৫৩২০ |
| মোট দায় | | ১৩৩৬৪৩১৪০১৯১ | | ১২৬০৭১৩৫১৬৬৩ |

সংযোজনী-১ (চলমান)

# বাংলাদেশ ব্যাংক ঃ স্থিতি পত্র

ব্যাংকিং বিভাগ

সম্পদ

| বিবরণ | ৩০শে জুন, ২০০০ | | ৩০শে জুন, ১৯৯৯ | |
|---|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| নোট | | ১১৩৭৪৬০ | | ৭৭৮১৪৬০ |
| টাকা মুদ্রা | | ৩১৫ | | ১০ |
| সম্পূরক মুদ্রা<br>ক্রীত ও বাটাকৃত বিল | | ২৩৬ | | ২৪৮৪ |
| ক) অভ্যন্তরীণ | - | | - | |
| খ) বৈদেশিক | - | | - | |
| গ) সরকারী ট্রেজারী বিল | ১২৯০৫৩২৬৯১ | ১২৯০৫৩২৬৯১ | ৯৯৩১৪৭২৮ | ৯৯৩১৪৭২৮ |
| বাংলাদেশের বাইরে রক্ষিত স্থিতি* | | ৩৯৭০৬২২৩০০৬ | | ৩২১৭০২৪২৫৪১ |
| আন্তর্জাতিক অর্থ তহবিলে রক্ষিত এস ডি আর | | ১৭১৫৯৬১৩১ | | ৪৬১১৩৬২৫০ |
| সরকারকে প্রদত্ত ঋণ ও আগাম | | ৬৪০০০০০০০ | | ৬৪০০০০০০০ |
| অন্যান্য ঋণ ও আগাম | | ১৮৮৭৩৮৪৪৩৫১ | | ২২৬৩২৫৩০১২২ |
| বিনিয়োগ | | ৪৪৪০৮৯০২০৯৩ | | ৪৩২৮১৩৫৩৫০৭ |
| অন্যান্য সম্পদ | | ২৮৫৫০৯০৩৯০৮ | | ২৬৭৭৮৯৯০৫৬১ |
| মোট সম্পদ | | ১৩৩৬৪৩১৪০১৯১ | | ১২৬০৭১৩৫১৬৬৩ |

** নগদ টাকা ও স্বল্প মেয়াদী ঋণপত্র এর অন্তর্ভুক্ত।*

*- = নেই।*

# রাষ্ট্রায়ত্ত ব্যাংক

## সোনালী ব্যাংক

সোনালী ব্যাংক দেশের সর্ববৃহৎ রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক যার প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত। ৩১ শে ডিসেম্বর, ২০০০ তারিখে ব্যাংকটির শাখা সংখ্যা ছিল ১২৯৩টি (শহরাঞ্চলে ৪২১টি এবং গ্রামাঞ্চলে ৮৭১টি এবং ১টি ভারতের কলিকাতায় অবস্থিত)। এছাড়া ১৯৯৪ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে "সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনকর্পোরেটেড" নামে একটি পূর্ণাঙ্গ সাবসিডিয়ারী কোম্পানী স্থাপনের মাধ্যমে আন্তর্জাতিক ব্যাংকিং অঙ্গনে ব্যাংকটি কার্যক্রম সম্প্রসারিত করে। এ কোম্পানী মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসকারী বাংলাদেশী নাগরিকদের অর্থ সহজে ও দ্রুত দেশে প্রেরণের আন্তর্জাতিক

*ব্যাংকের আর্থিক সহায়তায় গড়ে ওঠা একটি আধুনিক পোল্ট্রি খামার*

অর্থ প্রেরক প্রতিষ্ঠান হিসেবে কাজ করে থাকে। নিউইয়র্কের ম্যানহাটনে প্রধান অফিস ছাড়াও পরবর্তীতে ব্রুকলীন, এস্টোরিয়া, জ্যাকসন হাইট এবং ক্যালিফোর্নিয়ার লসএঞ্জেলেসে কোম্পানীর শাখা/বুথ অফিস স্থাপন করা হয়েছে। ১৯৯৯ সালে যুক্তরাজ্যস্থ সোনালী ব্যাংকের শাখাসমূহের স্বাভাবিক কার্যক্রম শুধুমাত্র রেমিট্যান্স (বড বিক্রিসহ), বৈদেশিক বাণিজ্য (এলসিসহ সকল কার্যক্রম) এবং ট্রেজারী বিজনেস-এ রূপান্তরিত হয়ে "সোনালী ট্রেড এন্ড ফাইনান্স (ইউকে) লিঃ" নামে লন্ডন, লুটন, ব্রাডফোর্ড, বার্মিংহাম ও ম্যানচেস্টার-এ পরিচালিত হচ্ছে। যুক্তরাজ্যস্থ শাখাসমূহকে পূর্ণ ব্যাংকিং কার্যক্রমে রূপান্তরের লক্ষ্যে Financial Services Authority (FSA), UK -এর

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ১০০০০ | ১০০০০ | ১০০০০ | ১০০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ৩২৭২ | ৩২৭২ | ৩২৭২ | ৩২৭২ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ২০৩৬ | ২১৮০ | ২১৮০ | ২১৮০ |
| ৪। | আমানত ঃ | ১৬৯৩৭৩ | ১৯৭৮৮৬ | ১৯৫৫০৬ | ১৯৮৫৩০ |
| | ক) তলবী আমানত | ৩৮৩৮৪ | ৪৬৮৯৫ | ৪৪৪৫৮ | ৪৬৪৮০ |
| | খ) মেয়াদী আমানত | ১৩০৯৮৯ | ১৫০৯৯১ | ১৫১০৪৮ | ১৫২০৫০ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ১২৩৫৬৩ | ১৩৩২৩১ | ১৩৫০৬৯ | ১৩৮০৭৩ |
| ৬। | বিনিয়োগ | ৩৩১০২ | ৪৪১৫২ | ৫০০২৯ | ৫৩০৩১ |
| ৭। | মোট পরিসম্পদ | ১৯০৮২৫ | ২৩৭১০৩ | ২২৬২১৭ | ২৪০৭১৭ |
| ৮। | মোট আয় | ১২৪৩০ | ১৫১৪৬ | ৪৫৬৮ | ৮৪৮৪ |
| ৯। | মোট ব্যয় | ১২৩০৩ | ১৩৯৭৬ | ৪১৪৫ | ৮৩২৬ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ১১৫৫৩৬ | ১৪৩৪৫৮ | ৩০১৬৩ | ৮৩৫০৯ |
| | ক) রপ্তানি | ৩৮৯৫৭ | ৪৪২১০ | ১০৩৫৬ | ২৮৭৫০ |
| | খ) আমদানি | ৩৫২৭৬ | ৫০৮২২ | ১১২৭৫ | ৩১৭৫৯ |
| | গ) রেমিটেন্স | ৪১৩০৩ | ৪৮৪২৬ | ৮৫৩২ | ২৩০০০ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ২৬০৫৫ | ২৬০৪৬ | ২৬০৯২ | ২৬২৭৫ |
| | ক) কর্মকর্তা | ১১৯৯০ | ১২১৭১ | ১২২২৪ | ১২৪১০ |
| | খ) কর্মচারী | ১৪০৬৫ | ১৩৮৭৫ | ১৩৮৬৮ | ১৩৮৬৫ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ৩৮১ | ৩৮৬ | ৩৮৮ | ৩৯০ |
| ১৩। | শাখা (সংখ্যায়) ঃ | ১৩০৬ | ১২৯৩ | ১২৯৩ | ১২৯৬ |
| | ক) বাংলাদেশে | ১৩০৫ | ১২৯২ | ১২৯২ | ১২৯৫ |
| | খ) বিদেশে | ১ | ১ | ১ | ১ |

প্রতিনিধিদের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

সোনালী ব্যাংকের মোট অনুমোদিত মূলধন, পরিশোধিত মূলধন ও রিজার্ভ ফান্ডের পরিমাণ ২০০০ সালের ৩১শে ডিসেম্বর তারিখে দাঁড়ায় যথাক্রমে ১০০০০ মিলিয়ন, ৩২৭২ মিলিয়ন ও ২১৮০ মিলিয়ন টাকা। ব্যাংকটি ২০০০ সালে ১১৪১ মিলিয়ন টাকা মুনাফা অর্জন করেছে যার প্রবৃদ্ধির হার পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৭৫.১৭ ভাগ। ২০০০ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির ১২১৭১ জন কর্মকর্তা ও ১৩৮৭৫ জন কর্মচারীসহ মোট জনশক্তি ছিল ২৬০৪৬ জন।

সোনালী ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০০০ সালে ২৮৫১৩ মিলিয়ন টাকা (১৬.৮৩%) বৃদ্ধি পেয়ে ১৯৭৮৮৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আলোচ্য বছরে ব্যাংকটির তলবী আমানত ৮৫১১ মিলিয়ন টাকা (২২.১৭%) বৃদ্ধি পেয়ে ৪৬৮৯৫ মিলিয়ন টাকা এবং মেয়াদী আমানত ২০০০২ মিলিয়ন টাকা (১৫.২৭%) বৃদ্ধি পেয়ে ১৫০৯৯১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০০ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সোনালী ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ ৯৬৬৮ মিলিয়ন টাকা (৭.৮২%) বৃদ্ধি পেয়ে ১৩৩২৩১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০০ সালে সোনালী ব্যাংকের ঋণ ও অগ্রিমের মধ্যে সরকারী ও বেসরকারী খাতের অংশ ছিল যথাক্রমে ১৯৩৮৭ মিলিয়ন টাকা (১৪.৫৫%) এবং ১১৩৮৪৪ মিলিয়ন টাকা (৮৫.৪৫%)। আলোচ্য বছরে সোনালী ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ পূর্ববর্তী বছরের ১১৫৫৩৬ মিলিয়ন টাকা হতে ২৭৯২২ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ১৪৩৪৫৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এ সময় বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিটেন্স বাবদ ব্যবসার পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় যথাক্রমে ১৫৫৪৬ মিলিয়ন টাকা, ৫২৫৩ মিলিয়ন টাকা ও ৭১২৩ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৫০৮২২ মিলিয়ন টাকা, ৪৪২১০ মিলিয়ন টাকা ও ৪৮৪২৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। রপ্তানির পরিমাণ ৩১শে মার্চ ২০০১ইং পর্যন্ত ৩ মাসে ছিল ১০৫৩৩.৭০ মিলিয়ন টাকা যা গত বছরের একই সময়ের তুলনায় ১১% বেশী। আশা করা যায় চলতি বছরের বাদবাকী ৯ মাসে এ বৃদ্ধির ধারা অব্যাহত থাকবে। দেশের খাদ্য, ভোজ্য ও জ্বালানি তেল এবং ক্যাপিটাল মেশিনারীজ আমদানি কম হওয়ায় চলতি বছর ৩১শে মার্চ পর্যন্ত ৩ মাসে আমদানির পরিমাণ কমে যায়। এসব দ্রব্যের আমদানি বৃদ্ধি পেলে আমদানির পরিমাণও বছর শেষে গত বছরের পরিমাণের চেয়ে বেশী হবে। অপরদিকে, সার্বিকভাবে দেশের রেমিটেন্স প্রবাহ কমে যায়, যার ফলে চলতি বছরের প্রথম ৩ মাসে ব্যাংকের রেমিটেন্স প্রাপ্তি কমে যায়। ব্যাংক এর বৈদেশিক শাখার সংখ্যা ও বুথ বৃদ্ধিসহ অন্যান্য সহযোগী ব্যবস্থা ইতোমধ্যে গ্রহণ করেছে। আশা করা যায় চলতি বছরের শেষ ৯ মাসে ব্যাংকের রেমিটেন্সের পরিমাণ বৃদ্ধি পেয়ে গত বছরের তুলনায় বেশী হবে।

ব্যাংকটির বিনিয়োগ ২০০০ সালে ১১০৫০ মিলিয়ন টাকা (৩৩.৩৮%) বৃদ্ধি পেয়ে ৪৪১৫২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। সোনালী ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১ এ দেয়া হলো।

## খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সোনালী ব্যাংক ২০০০ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়ে ১০০৩৬৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ১০০৭৪৮ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৮৫০০১ মিলিয়ন টাকা ও ৭৯৪৪৩ মিলিয়ন টাকা। খাত ভিত্তিক বিতরণ ও আদায় পরিস্থিতি বিশ্লেষণ করলে দেখা যায় যে, ২০০০ সালে সোনালী ব্যাংক কৃষি খাতে ৩১৩৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৩৫০৬ মিলিয়ন টাকা

*ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি মৃৎশিল্প প্রতিষ্ঠান*

সারণি-২

**ঋণ বিতরণ ও আদায়**

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| **১৯৯৯** | | | | | | |
| বিতরণ | ৩০৫৪ | ৮৬৮ | ১২৯৯০ | ১৩৮৫৮ | ৬৮০৮৯ | ৮৫০০১ |
| আদায় | ৪০৯৯ | ১৫০০ | ৯৭৬৫ | ১১২৬৫ | ৬৪০৭৯ | ৭৯৪৪৩ |
| **২০০০** | | | | | | |
| বিতরণ | ৩১৩৩ | ১৮৭৯ | ১৯২৭০ | ২১১৪৯ | ৭৬০৮৫ | ১০০৩৬৭ |
| আদায় | ৩৫০৬ | ২৬৮৫ | ১৭৫৬২ | ২০২৪৭ | ৭৬৯৯৫ | ১০০৭৪৮ |
| **৩১শে মার্চ, ২০০১*** | | | | | | |
| বিতরণ | ৯১০ | ১৭৪ | ৬৬৭৯ | ৬৮৫৩ | ৪৯৭৫৪ | ৫৭৫১৭ |
| আদায় | ৮৮৫ | ৪৫২ | ২০৪৮ | ২৫০০ | ৪৬৩০৪ | ৪৯৬৮৯ |
| **৩০শে জুন, ২০০১**** | | | | | | |
| বিতরণ | ১৪১৯ | ৫৪৪ | ১৩৩৫৮ | ১৩৯০২ | ৯৮৮৫৭ | ১১৪১৭৮ |
| আদায় | ১৩৯৮ | ১১০০ | ৩৯৯৬ | ৫০৯৬ | ৯২৪৩৩ | ৯৮৯২৭ |

* সাময়িক। ** প্রাক্কলিত।

আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৩০৫৪ মিলিয়ন টাকা ও ৪০৯৯ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২১১৪৯ মিলিয়ন টাকা ও ২০২৪৭ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১৩৮৫৮ মিলিয়ন টাকা ও ১১২৬৫ মিলিয়ন টাকা।

ব্যাংকটির খাতওয়ারী ঋণ বিতরণ ও আদায়ের অবস্থা সারণি-২ এ দেয়া হলো।

## শিল্প ঋণ মঞ্জুরী

সোনালী ব্যাংক ২০০০ সালে ১৬৪১ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করেছে। পূর্ববর্তী বছরে এ খাতে মঞ্জুরীর পরিমাণ ছিল ৩১৭২ মিলিয়ন টাকা। ২০০০ সালের ডিসেম্বর পর্যন্ত পুঞ্জীভূত মোট শিল্প ঋণের (মেয়াদী) মধ্যে ব্যাংকের নিজস্ব তহবিল থেকে মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ ২৬০৯০ মিলিয়ন টাকা এবং বিভিন্ন বৈদেশিক ঋণ কর্মসূচীর আওতায় বৈদেশিক ঋণের অংশ ১১১৮ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে শিল্প ক্ষেত্রে বিনিয়োগ উৎসাহিত করার লক্ষ্যে ব্যাংক ১৪টি অগ্রাধিকারপ্রাপ্ত খাতে সুদের হার ১৩%-এর স্থলে ১০% নির্ধারণ করেছে।

শিল্পের আকার অনুযায়ী ঋণ মঞ্জুরীর পরিমাণ সারণি-৩ এ দেখানো হলো।

## অন্যান্য কার্যাবলী

### কৃষি/পল্লী ঋণ কর্মসূচী

সোনালী ব্যাংক ১৯৭৩-'৭৪ সাল থেকে পল্লী এলাকায় কৃষি/পল্লী ঋণ প্রদান শুরু করে। ব্যাংকের বর্তমান বকেয়া কৃষি/পল্লী ঋণের পরিমাণ ২৯৪৯৪ মিলিয়ন টাকা যার প্রধান অংশ কৃষিজাত পণ্য উৎপাদন এবং গ্রামীণ ক্ষুদ্র চাষীদের আয় বৃদ্ধির কাজে ব্যবহৃত হচ্ছে। ব্যাংকের মোট ১২৯৩টি শাখার (১টি বৈদেশিক শাখাসহ) মধ্যে ১০৭৩টি শাখার মাধ্যমে সারাদেশের ১১৪০টি ইউনিয়নে পল্লী ঋণ কার্যক্রম চালু রয়েছে। ব্যাংকের কৃষি/পল্লী ঋণ গ্রহীতার সংখ্যা বর্তমানে ১.০৩ মিলিয়ন। এ ঋণ কর্মসূচী/প্রকল্পের আওতায় মূলতঃ ক্ষুদ্র আয় বর্ধক কর্মকাণ্ডে উল্লেখযোগ্য পরিমাণ অর্থায়ন করা হয়।

## বিশেষ বিনিয়োগ কর্মসূচী

মৎস্য চাষ, হাঁস-মুরগী, গবাদি পশু ও জামদানী তাঁত শিল্পসহ বিভিন্ন কৃষি উপখাতে পুঁজি বিনিয়োগে অক্ষম অথচ সম্ভাবনাময় গ্রামীণ ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে ঋণ প্রদানের লক্ষ্যে নিবিড় তদারকিমূলক ব্যবস্থাপনায় ১৯৯৩ সালের ফেব্রুয়ারী মাস থেকে বিশেষ বিনিয়োগ কর্মসূচী প্রবর্তন করা হয়েছিল। নির্ধারিত ২৩১টি শাখার মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে কোন সহায়ক জামানত ছাড়াই ০.০৫ মিলিয়ন টাকা এবং সর্বোচ্চ ০.৫০ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণ প্রদানের লক্ষ্যে এ কর্মসূচী প্রণীত হয়েছিল। ২০০০ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত এ কর্মসূচীতে ২৩৮৫৩ জন উদ্যোক্তার মাঝে ৯৯৬ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে যার বিপরীতে আদায়ের হার ৭১%। প্রদত্ত ঋণের ৬০% জামানত বিহীন। উক্ত কর্মসূচীর আওতায় ঋণ মঞ্জুরীর ক্ষমতা মাঠ পর্যায়ে ন্যস্ত আছে।

## কৃষিজ শিল্প ঋণ কর্মসূচী

ক্ষুদ্র ও মাঝারী আকারে দুগ্ধ উৎপাদন, গরু মোটাতাজাকরণ, মহিষ পালন, হাঁস-মুরগী, মৎস্য খামার (সনাতনী ও আধা নিবিড়), চিংড়ি চাষ (গলদা ও বাগদা), মৎস্য হ্যাচারী, চিংড়ি হ্যাচারী (গলদা ও বাগদা), মুরগী হ্যাচারী ও ফিডমিল (চিংড়ি, মাছ, মুরগী ও গবাদি পশু খামারের জন্য) এবং দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ খামার প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৯৩ সাল হতেই সোনালী ব্যাংক তদারকিমূলক কৃষিজ শিল্প ঋণ কর্মসূচী প্রবর্তন করেছিল। উল্লেখিত দু'টি কৃষিজ বিনিয়োগ কর্মসূচীর কার্যকর সমন্বয়ের মাধ্যমে সম্ভাবনাময় উদ্যোক্তা তৈরি, লালন ও উন্নয়ন করাই কর্মসূচী দু'টির লক্ষ্য। কৃষিজ শিল্প ঋণ কর্মসূচীর আওতায় ব্যাংক এ পর্যন্ত ১২১ জন উদ্যোক্তাকে ৯২১ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুরী দিয়েছে।

সারণি-৩

### শিল্পের আকার ভিত্তিক ঋণ

*(মিলিয়ন টাকায়)*

| ঋণ মঞ্জুরী | শিল্পের আকার | | |
|---|---|---|---|
| | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩১শে ডিসেম্বর, ২০০০ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ২২৫ | ৩৯০৫৯ | ৩৯২৮৪ |
| পরিমাণ | ১৬২৬৮ | ১০৯৪০ | ২৭২০৮ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ১৬ | ৪৩ | ৫৯ |
| পরিমাণ | ১৩৮১ | ২৬০ | ১৬৪১ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ২৩০ | ৩৯০৬৯ | ৩৯২৯৯ |
| পরিমাণ | ১৬৩৮৪ | ১১০১৩ | ২৭৩৯৭ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ৫ | ১০ | ১৫ |
| পরিমাণ | ১৫২ | ৭৩ | ২২৫ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১* পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ১২ | ৩৫ | ৪৭ |
| পরিমাণ | ৩৫২ | ১৭৩ | ৫২৫ |

** প্রাক্কলিত।*

## পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচী

গ্রামাঞ্চলের হাজা-মজা জলাশয় ও পুকুরকে সংস্কার করে মৎস্য চাষের আওতাভুক্ত করার জন্য সহজ শর্তে ঋণ প্রদানের লক্ষ্যে পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচী চালু করা হয়েছে। ক্ষুদ্র পুকুর মালিক/অংশীদারদের ঋণ সুবিধা প্রদানের জন্য সারাদেশের ২০০টি শাখাকে মনোনীত করা হয়েছে। এ খাতে সহায়ক জামানত ব্যতিরেকে ০.০৫ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদান করা হয়ে থাকে।

## দারিদ্র বিমোচন ঋণ কর্মসূচী

গ্রামাঞ্চলে বসবাসকারী দরিদ্র জনগোষ্ঠির উৎপাদনমুখী কর্মসংস্থান সৃষ্টি তথা স্বাবলম্বী করার লক্ষ্যে দারিদ্র বিমোচন ঋণ কর্মসূচী চালু করা হয়েছে। ব্যাংকের পল্লী ঋণ কর্মকাণ্ডের মধ্যে নিম্নোক্ত কর্মসূচী/প্রকল্পসমূহ দারিদ্র বিমোচনের লক্ষ্যে গৃহীত হয়েছেঃ-

(১) এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় বৃহত্তর রাজশাহী, পাবনা, কুষ্টিয়া ও যশোর জেলার ১৫২টি থানায় পরিচালিত পল্লী দরিদ্র সমবায় প্রকল্প (২) বৃহত্তর রংপুর জেলায় পরিচালিত আরডি-৯ প্রকল্প (৩) সরকারের জনশক্তি ও কর্মসংস্থান প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) সহায়তায় পরিচালিত বিত্তহীন ঋণ প্রকল্প (৪) স্বনির্ভর বাংলাদেশ-এর সহায়তায় পরিচালিত স্বনির্ভর ঋণ কর্মসূচী এবং (৫) প্রান্তিক ও ক্ষুদ্র খামার পদ্ধতির মাধ্যমে শস্য নিবিড়করণ প্রকল্প। এ ছাড়াও দারিদ্র বিমোচন ও মহিলা উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে সোনালী ব্যাংক আরও ২টি ঋণ কর্মসূচী গ্রহণ করেছে। প্রথম কর্মসূচীর আওতায় শহরে ক্ষুদ্র মহিলা উদ্যোক্তা সৃষ্টির উদ্দেশ্যে জামানতমুক্ত ঋণ প্রদান করা হচ্ছে। দ্বিতীয় কর্মসূচীর আওতায় এনজিও/এমএফআইদের মাইক্রো ফাইন্যান্সিং ইন্সটিটিউশন (এমএফআই) লিংকেজ প্রোগ্রামে ঋণ প্রদান করা হচ্ছে। উপরন্তু বিত্তহীনদের ঋণ প্রদানের একটি কার্যকর মডেল উদ্ভাবনের লক্ষ্যে সোনালী ব্যাংক বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, কুমিল্লা ও পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া-এর সাথে ২টি গবেষণামূলক ঋণ কর্মসূচী পরিচালনা করছে। পল্লী দারিদ্র বিমোচন কর্মসূচী সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ব্যাংক এ পর্যন্ত ৬৭৯২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে, যার সুফল ভোগ করছে ৬২৬৪৫৮ জন দরিদ্র জনগোষ্ঠী যার মধ্যে ৯০৬৩০ জন হচ্ছেন মহিলা।

## মহিলা ঋণ কর্মসূচী

দারিদ্র বিমোচন কর্মসূচীর আওতায় এটিও একটি উল্লেখযোগ্য উদ্যোগ। সারাদেশের ১৩০টি থানায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহায়তায় সোনালী ব্যাংক মহিলা ঋণ কর্মসূচী বাস্তবায়ন করছে। শুধুমাত্র মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য এবং মহিলাদের দ্বারা পরিচালিত এটিই বৃহত্তম ঋণ কর্মসূচী। এ প্রকল্পে ব্যাংক কর্তৃক এ যাবত ১৩৫০ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং আদায়ের হার ৯৩%। এ কর্মসূচীটি সমবায়ী কাঠামোর আওতায় পরিচালিত হচ্ছে। দেশের ৭৩৩৬টি প্রাথমিক সমিতির (এম এস এস) ২৬৬৫৪০ জন মহিলা বর্তমানে উক্ত ঋণ সুবিধা ভোগ করছেন।

উপরোক্ত বহুমুখী আয়বর্ধক কর্মসূচী গ্রহণ করায় অকৃষি খাতে উৎপাদন যথেষ্ট বৃদ্ধি পাওয়ায় আলোচ্য কর্মসূচীগুলো সর্বস্তরে উচ্ছ্বসিত প্রশংসা ও সমাদৃত হয়েছে। তাছাড়া আলোচ্য কর্মসূচীগুলো বাস্তবায়নের ফলে পল্লী এলাকায় অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে মৌসুমী বেকার লোকদের আয়ও বেড়েছে।

## গ্রাহক সেবা

গ্রাহক সেবার মান বৃদ্ধি, ব্যাংকের তথ্য প্রবাহে গতি সঞ্চার ও ত্বরিৎ ব্যবস্থাপনা সিদ্ধান্ত গ্রহণ এবং বহির্বিশ্বের সাথে যোগাযোগ স্থাপনের জন্য কম্পিউটারায়নের পাশাপাশি ওয়ান স্টপ সার্ভিস চালু করা হয়েছে। প্রতিযোগিতামূলক ব্যাংকিং পরিবেশের প্রেক্ষাপটে গণব্যাংকিং-এর পাশাপাশি বিশেষ শ্রেণীর ব্যাংকিং-এর জন্য প্রাথমিকভাবে এই ব্যাংকের কয়েকটি শাখায় কর্পোরেট ক্লায়েন্ট সার্ভিস চালু করা হয়েছে।

সোনালী ব্যাংকের খাত-ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এ দেয়া হলো।

সারণি-৪

## খাত-ভিত্তিক ঋণের স্থিতি

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্যঃ | ২৪২০৬ | ২৫৩৯৬ | ২৫৯১২ | ২৬০৯৭ |
| | ক) শস্য | ১৭০৪৩ | ১৮২৭২ | ১৮৮৯২ | ১৯০১৭ |
| | খ) শস্য ব্যতীত অন্যান্য | ৭১৬৩ | ৭১২৪ | ৭০২০ | ৭০৮০ |
| ২। | শিল্পঃ | ৪২৯৩৮ | ৪৩১৮১ | ৪৩২৯৮ | ৪৩৮০৩ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ২৮৫২০ | ২৮৫১৪ | ২৮৪৯৬ | ২৮৮৪৬ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | ১৪৪১৮ | ১৪৬৬৭ | ১৪৮০২ | ১৪৯৫৭ |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | ১০৫৮৬ | ১৩৬৯৮ | ১২৫৮১ | ১৩৭০৫ |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | ৩২৩৫ | ৩১৮৭ | ৩১৭৫ | ৩১৬৮ |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ১৬৯ | ১১১ | ১১৫ | ১২০ |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচীঃ | ৩০৪৬ | ৩০১৬ | ৩৫১৫ | ৩৫৯৩ |
| | ক) দারিদ্র বিমোচন | ২১৪৭ | ২১০৩ | ২১৬০ | ২২০৩ |
| | খ) অন্যান্য | ৮৯৯ | ৯১৩ | ১৩৫৫ | ১৩৯০ |
| ৭। | অন্যান্য | ৩৯৩৮৩ | ৪৪৬৪২ | ৪৬৪৭৩ | ৪৭৫৮৭ |
| | সর্বমোট | ১২৩৫৬৩ | ১৩৩২৩১ | ১৩৫০৬৯ | ১৩৮০৭৩ |

# জনতা ব্যাংক

জনতা ব্যাংক দেশের অন্যতম বৃহৎ রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক যার প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত। ২০০০ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির অনুমোদিত মূলধন, পরিশোধিত মূলধন ও রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৮০০০ মিলিয়ন টাকা, ২৫৯৪ মিলিয়ন টাকা ও ৫৩৩ মিলিয়ন টাকা। বিদেশে ৪টি শাখাসহ ব্যাংকের মোট শাখার সংখ্যা ৮৯৮টি। বিদেশী শাখাসমূহ সংযুক্ত আরব আমিরাতের আবুধাবী, দুবাই, শারজাহ ও আল-আইনে অবস্থিত। এছাড়া বিশ্বের বিভিন্ন দেশে অত্র ব্যাংকের বিদেশী প্রতিসংগী ব্যাংকের সংখ্যা রয়েছে ১২০৯টি। ২০০০ সালের শেষে ব্যাংকের মোট জনশক্তি দাঁড়ায় ১৬৯৪৭ জন, যার মধ্যে ৮৪০৭ জন কর্মকর্তা ও ৮৫৪০ জন কর্মচারী।

জনতা ব্যাংকের আমানত ২০০০ সালে ১১৪১০ মিলিয়ন টাকা (১২%) বৃদ্ধি পেয়ে ১০৩৮৪৬ মিলিয়ন টাকায় দাঁড়ায় যা ১৯৯৯ সালে বৃদ্ধি পেয়েছিল ৩৯৯০ মিলিয়ন টাকা (৫%)।

*একটি আধুনিক সিমেন্ট শিল্প। অর্থায়ন করেছে জনতা ব্যাংক।*

আলোচ্য বছরে মোট আমানতের মধ্যে তলবী আমানত বৃদ্ধি পায় ১৭৪৬ মিলিয়ন টাকা (১০%) এবং মেয়াদী আমানত বৃদ্ধি পায় ৯৬৬৪ মিলিয়ন টাকা (১৩%)। ২০০০ সালে ব্যাংকটির ঋণের স্থিতির পরিমাণ ৭৫১০ মিলিয়ন টাকা (১০.৮%) বৃদ্ধি পেয়ে ৭৭০৮৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আলোচ্য বছরে ব্যাংকটির বিনিয়োগের পরিমাণ ১১৩৫ মিলিয়ন টাকা (৬%) বৃদ্ধি পেয়ে ২০৩৬৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। জনতা ব্যাংক ২০০০ সালে মোট ৮৯৭৫৭ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রার ব্যবসা পরিচালনা করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল ৭৪৬১৬ মিলিয়ন টাকা। ২০০০ সালে ব্যাংকটির মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিটেন্সের পরিমাণ ছিল যথাক্রমে ৪৮০০৫ মিলিয়ন টাকা, ৩০৭৭৯ মিলিয়ন টাকা ও ১০৯৭৩ মিলিয়ন টাকা।

জনতা ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১ এ দেয়া হলো।

## খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

জনতা ব্যাংক ২০০০ সালে ২৩৪২৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ২২৫৩৪ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১৬৩৮৩ মিলিয়ন

সারণি-১

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ (নিরীক্ষাপূর্ব) | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ২৫৯৪ | ২৫৯৪ | ২৫৯৪ | ২৫৯৪ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ৫৩১ | ৫৩৩ | ৫৩৩ | ৫৩৩ |
| ৪। | আমানত ঃ | ৯২৪৩৬ | ১০৩৮৪৬ | ১০২৬৯০ | ১০৬২৯০ |
| | ক) তলবী আমানত | ১৭৩২২ | ১৯০৬৮ | ১৮৮৪৪ | ১৯৫০৪ |
| | খ) মেয়াদী আমানত | ৭৫১১৪ | ৮৪৭৭৮ | ৮৩৮৪৬ | ৮৬৭৮৬ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ৬৯৫৭৯ | ৭৭০৮৯ | ৮৪৯১৯ | ৮৯২২৮ |
| ৬। | বিনিয়োগ | ১৯২৩৩ | ২০৩৬৮ | ১৯২১১ | ১৯৫১১ |
| ৭। | মোট পরিসম্পদ | ১০১০৪০ | ১১৩৩৭৮ | ১১২৭৮৮ | ১১৫৯০৮ |
| ৮। | মোট আয় | ৮১০৯ | ৯২৯৪ | ২৩২২ | ৪৬৮৫ |
| ৯। | মোট ব্যয় | ৮০৯৮ | ৮৪৬৫ | ২৩১২ | ৪৬২০ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ৭৪৬১৬ | ৮৯৭৫৭ | ২৩৩১১ | ৪৮৫৪৮ |
| | ক) রপ্তানি | ২১৫৯৬ | ৩০৭৭৯ | ৭৬২৩ | ১৫৩৪৬ |
| | খ) আমদানি | ৪৩২৫০ | ৪৮০০৫ | ১৩২৮২ | ২৬৫৯৯ |
| | গ) রেমিটেন্স | ৯৭৭০ | ১০৯৭৩ | ২৪০৬ | ৬৬০৩ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যা) ঃ | ১৭১৩৮ | ১৬৯৪৭ | ১৬৮৬৬ | ১৬৮৪৬ |
| | ক) কর্মকর্তা | ৮৪৩৩ | ৮৪০৭ | ৮৩৪৮ | ৮৪১৬ |
| | খ) কর্মচারী | ৮৭০৫ | ৮৫৪০ | ৮৫১৮ | ৮৪৩০ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ১১৭০ | ১২০৯ | ১২২০ | ১২৩০ |
| ১৩। | শাখা (সংখ্যায়) ঃ | ৮৯৮ | ৮৯৮ | ৮৯৯ | ৯০৯ |
| | ক) বাংলাদেশে | ৮৯৪ | ৮৯৪ | ৮৯৫ | ৯০৫ |
| | খ) বিদেশে | ৪ | ৪ | ৪ | ৪ |

সারণি-২

## খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | | | | | | | |
| | বিতরণ | ১৬০৯ | ১৬০২ | ৯৭৮৫ | ১১৩৮৭ | ৩৩৮৭ | ১৬৩৮৩ |
| | আদায়* | ১৪৯৩ | ৫৫১ | ২৪৩ | ৭৯৪ | ২২৫৪ | ৪৫৪১ |
| ২০০০ | | | | | | | |
| | বিতরণ | ৮৮২ | ১২৭৬ | ১২৬৮৫ | ১৩৯৬১ | ৮৫৮৬ | ২৩৪২৯ |
| | আদায়* | ৯০৭ | ৮০৭ | ১২২১৭ | ১৩০২৪ | ৮৬০৩ | ২২৫৩৪ |
| ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | | | | | | | |
| | বিতরণ | ৩৫০ | ৫১৩ | ৮২৯১ | ৮৮০৪ | ৯২৪২ | ১৮৩৯৬ |
| | আদায়* | ৩৪০ | ২৫১ | ৭৪৯৪ | ৭৭৪৫ | ৯৪৫৭ | ১৭৫৪২ |
| ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) | | | | | | | |
| | বিতরণ | ৪৫০ | ১০২৬ | ৯৯৮৫ | ১১০১১ | ১০৬৭৬ | ২২১৩৭ |
| | আদায়* | ৫৪০ | ৫০২ | ৮৭২২ | ৯২২৪ | ১১৫৪৫ | ২১৩০৯ |

** শ্রেণী বিন্যাসিত ঋণসহ আদায়।*



*জনতা ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি ডিসপোজেবল সিরিঞ্জ তৈরির কারখানা*

টাকা ও ৪৫৪১ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে বিতরণকৃত ঋণের মধ্যে কৃষি ও শিল্প খাতে যথাক্রমে ৮৮২ মিলিয়ন টাকা এবং ১৩৯৬১ মিলিয়ন টাকা বিতরণ করা হয়। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল যথাক্রমে ১৬০৯ মিলিয়ন টাকা ও ১১৩৮৭ মিলিয়ন টাকা।

জনতা ব্যাংকের খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো

## শিল্প ঋণ মঞ্জুরী

জনতা ব্যাংক ২০০০ সালে ৪৫টি শিল্প প্রকল্পের জন্য মোট ১৮২৯ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করেছে। ২০০০ সাল পর্যন্ত ব্যাংকটির ক্রমপুঞ্জিভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়িয়েছে ১৪৪০৬ মিলিয়ন টাকা, যার মধ্যে ৭৭৩০ মিলিয়ন টাকা (৫৪%) মঞ্জুর করা হয় বৃহৎ ও মাঝারী শিল্প খাতে।

জনতা ব্যাংকের শিল্প ঋণের আকার ভিত্তিক অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

## দারিদ্র বিমোচন/পল্লী ঋণ কর্মসূচী

জনতা ব্যাংক দেশের বৃহত্তর জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ব্যাংকের নিজস্ব উদ্যোগে ও দেশী-বিদেশী সংস্থার সহযোগিতায় বিভিন্ন দারিদ্র নিরসন সংক্রান্ত ঋণ কর্মসূচীতে অংশগ্রহণ করে আসছে। এ সকল কর্মসূচীর আওতায় বিভিন্ন আয় বর্ধক কর্মকাণ্ডে ঋণ প্রদান করা হচ্ছে। বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে যেসব পরিবারের মাসিক আয় ৪০০০ টাকা অথবা যেসব পরিবারের আবাসভূমিসহ চাষযোগ্য জমির পরিমাণ ১.৫ একর তাদেরকে বিভিন্ন দারিদ্র নিরসন ঋণ কার্যক্রমে প্রাধান্য দেয়া হয়। বিভিন্ন আয় উৎসারী কার্যক্রমের প্রকৃতি ও প্রয়োজনের উপর ভিত্তি করে ঋণের মাত্রা নির্ধারণ করা হয়। ঋণের সর্বোচ্চ মাত্রা জন প্রতি ০.৫০ মিলিয়ন টাকা পর্যন্ত হতে পারে। এক্ষেত্রে ০.০৪ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে কোন সহ-জামানতের প্রয়োজন হয় না। দারিদ্র নিরসন সংক্রান্ত ঋণ কর্মসূচীগুলোর

সারণি-৩

### শিল্পের আকার ভিত্তিক ঋণ

*(মিলিয়ন টাকায়)*

| ঋণ মঞ্জুরী | শিল্পের আকার | | |
|---|---|---|---|
| | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও মাঝারী | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩১শে ডিসেম্বর, ২০০০ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ৫৪ | ৪৯৭৯ | ৫০৩৩ |
| পরিমাণ | ৭৭৩০ | ৬৬৭৬ | ১৪৪০৬ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ১১ | ৩৪ | ৪৫ |
| পরিমাণ | ১৩৬৬ | ৪৬৩ | ১৮২৯ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ৫৮ | ৪৯৮৬ | ৫০৪৪ |
| পরিমাণ | ৮০৯২ | ৬৭৫০ | ১৪৮৪২ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১* পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ৪ | ৭ | ১১ |
| পরিমাণ | ৩৬২ | ৭৪ | ৪৩৬ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১** পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ৯ | ২২ | ৩১ |
| পরিমাণ | ৭৫০ | ২৭৫ | ১০২৫ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

মধ্যে নিম্নলিখিত প্রকল্পগুলো অন্যতমঃ

ক) ক্ষুদ্র ও ভূমিহীন কৃষক উন্নয়ন প্রকল্প।

খ) স্বনির্ভর ঋণ কর্মসূচী।

গ) ক্ষুদ্র ও প্রান্তিক খামার পদ্ধতিতে শস্য নিবিড়করণ প্রকল্প।

ঘ) রুরাল পুওর প্রোগ্রাম (আরপিপি)।

ঙ) বহুমূখী ঋণ কর্মসূচী।

চ) এনজিওদের সাথে সমন্বয় কর্মসূচী।

ছ) শস্য গুদাম ঋণ প্রকল্প।

জ) পরিবার ভিত্তিক ক্ষুদ্র ঋণ।

ঝ) বাংলাদেশ জার্মান বীজ উন্নয়ন প্রকল্প।

ঞ) ঘরোয়া প্রকল্প।

বিশেষ ঋণ কর্মসূচীর আওতায় ৩১শে ডিসেম্বর, ২০০০ পর্যন্ত দারিদ্র বিমোচনের লক্ষ্যে ০.৩৭ মিলিয়ন ঋণ গ্রহীতাকে মোট ২৯৭০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে যার বিপরীতে ঐ তারিখে স্থিতির পরিমাণ ৮৫০ মিলিয়ন টাকা। বর্তমানে ব্যাংকের ৮৬০টি শাখার মাধ্যমে এ ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

জনতা ব্যাংকের মোট পল্লী ঋণের স্থিতির পরিমাণ ২০০০ সালের ৩১শে ডিসেম্বর তারিখে দাঁড়ায় ৬৪৫৪ মিলিয়ন টাকা। ১৯৯৯ সালের ৩১শে ডিসেম্বর তারিখে এর পরিমাণ ছিল ৫৯৬৩ মিলিয়ন টাকা। এ স্থিতির পরিমাণ ২০০১ সালের ৩০শে জুন তারিখে প্রায় ৬৭৮০ মিলিয়ন টাকায় দাঁড়াবে বলে অনুমান করা হচ্ছে।

দারিদ্র নিরসন ও বিশেষ ঋণসহ ব্যাংকটির খাত-ভিত্তিক ঋণের অবস্থা সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৪

## খাত-ভিত্তিক ঋণের স্থিতি

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ (নিরীক্ষাপূর্ব) | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্য ঃ | ৪২৯১ | ৪২৯৩ | ৪৩১৬ | ৪২৫৮ |
| | (ক) শস্য | ৩৪৭৩ | ৩৭৪০ | ৩৭৬৩ | ৩৭০৪ |
| | (খ) শস্য ব্যতীত অন্যান্য | ৮১৮ | ৫৫৩ | ৫৫৩ | ৫৫৪ |
| ২। | শিল্পঃ | ৩৩৭৪৫ | ৩৬২০৬ | ৩৯৮২৭ | ৪৪০০৬ |
| | (ক) বৃহৎ ও মাঝারী | ৩০৮৭৩ | ২৯৩৩৮ | ৩২২৭২ | ৩৫২৮১ |
| | (খ) ক্ষুদ্র ও কুটির | ২৮৭২ | ৬৮৬৮ | ৭৫৫৫ | ৮৭২৫ |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেঁস্তোরা/হোটেল | ৫৭৮ | ৫৯১ | ৬০০ | ৬২০ |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | ৩২৪ | ২৯৯ | ৩০৪ | ৩১০ |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ৩২৫ | ৩৪০ | ৩৫৭ | ৩৭৫ |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ | ১৬৭২ | ১৪৭০ | ১৫৫৮ | ১৭৮৯ |
| | দারিদ্র বিমোচন | ৮৬০ | ৮৫০ | ৮৫১ | ৮৬১ |
| | অন্যান্য | ৮১২ | ৬২০ | ৭০৭ | ৯২৮ |
| ৭। | অন্যান্য | ২৮৬৪৪ | ৩৩৮৯০ | ৩৭৯৫৭ | ৩৭২৭০ |
| | সর্বমোট | ৬৯৫৭৯ | ৭৭০৮৯ | ৮৪৯১৯ | ৮৯২২৮ |

# অগ্রণী ব্যাংক

অগ্রণী ব্যাংক দেশের অন্যতম বৃহৎ রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক। ২০০০ সালের ডিসেম্বর শেষে অগ্রণী ব্যাংকের অনুমোদিত এবং পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৮০০০ মিলিয়ন টাকায় ও ২৪৮৪ মিলিয়ন টাকায়। রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৩১৯ মিলিয়ন টাকা। সাত জন পরিচালকের সমন্বয়ে গঠিত পরিচালনা পর্ষদ ব্যাংকের সামগ্রিক নীতি নির্ধারণ করেন। দেশের প্রত্যন্ত অঞ্চল জুড়ে অগ্রণী ব্যাংকের রয়েছে ৯০৩টি শাখা যার মধ্যে ৫৮৬টি বা শতকরা ৬৫ ভাগ গ্রামীণ শাখা। ব্যাংকটির মোট জনবলের সংখ্যা হচ্ছে ১৩২৪২ জন, যার মধ্যে ৭০১৮ জন কর্মকর্তা ও ৬২২৪ জন কর্মচারী।

মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ ছাড়াও ২০০০ সালে ৩২টি কোর্স পরিচালনার মাধ্যমে মোট ১১৬৩ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ বছর ব্যাংকটি ৭৬৬ মিলিয়ন টাকা মুনাফা অর্জন করেছে।

*সিমেন্ট প্রস্তুতির প্রাথমিক পর্যায়ে ক্লিংকার গুড়ো করা হচ্ছে ব্যাংক অর্থায়িত একটি শিল্পে*

সারণি-১

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ২৪৮৪ | ২৪৮৪ | ২৪৮৪ | ২৪৮৪ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ৩১৯ | ৩১৯ | ৩১৯ | ৩১৯ |
| ৪। | আমানত ঃ | ৯৩৫০৪ | ১০০৫২৭ | ১০০৮২২ | ১০৪৪৬৬ |
| | ক) তলবী আমানত | ১৬৭৮৫ | ১৮৩৮৮ | ১৮৭৮৮ | ১৯৬১৭ |
| | খ) মেয়াদী আমানত | ৭৬৭১৯ | ৮২১৩৯ | ৮২০৩৪ | ৮৪৮৪৯ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ৭১৮০৯ | ৭৬৫৪৯ | ৮০৩৬২ | ৮৪১৭৫ |
| ৬। | বিনিয়োগ | ২৪৩৯০ | ২৮১৭২ | ২৯১১৭ | ৩০০৬২ |
| ৭। | মোট পরিসম্পদ | ৯৯৯৩৫ | ১০৯০৮৬ | ১১১৩৭৩ | ১১৩৬৬০ |
| ৮। | মোট আয় | ৭৯৭৮ | ৯১৮২ | ২৮৯৬ | ৫৭৯২ |
| ৯। | মোট ব্যয় | ৭৬৮৯ | ৮৪১৬ | ২৫৮৬ | ৫১৭২ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ৮৮৬৩৫ | ১০৬৯২৪ | ৩১৭০০ | ৬৭৬৪৬ |
| | ক) রপ্তানি | ৩৪৭২৮ | ৪২০২০ | ১২২০০ | ২৬২৬৩ |
| | খ) আমদানি | ২৫৯৫৭ | ৩২৭১৫ | ১০০০০ | ২১২৬৫ |
| | গ) রেমিটেন্স | ২৭৯৫০ | ৩২১৮৯ | ৯৫০০ | ২০১১৮ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ১৩২৬৯ | ১৩২৪২ | ১৩২৭৪ | ১৩২৬১ |
| | ক) কর্মকর্তা | ৬৮৭২ | ৭০১৮ | ৭০৬৬ | ৭০৫৮ |
| | খ) কর্মচারী | ৬৩৯৭ | ৬২২৪ | ৬২০৮ | ৬২০৩ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ৯৮০ | ৯৮০ | ৯৮০ | ৯৮০ |
| ১৩। | শাখা (সংখ্যায়) ঃ | ৯০৩ | ৯০৩ | ৯০৩ | ৯০৩ |

অগ্রণী ব্যাংকের ২০০০ সালে আমানত পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৭.৫ ভাগ বৃদ্ধি পেয়ে ১০০৫২৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। উক্ত সময়ে তলবী আমানত ১৬০৩ মিলিয়ন টাকা এবং মেয়াদী আমানত ৫৪২০ মিলিয়ন টাকা বৃদ্ধি পায়। ২০০০ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির মোট ঋণের স্থিতির পরিমাণ ৪৭৪০ মিলিয়ন টাকা (৬.৬%) বৃদ্ধি পেয়ে ৭৬৫৪৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০০ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির বিনিয়োগের পরিমাণ ৩৭৮২ মিলিয়ন টাকা (১৫.৫%) বৃদ্ধি পেয়ে ২৮১৭২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০০ সালে ব্যাংকের মোট বৈদেশিক ব্যবসার পরিমাণ ১০৬৯২৪ মিলিয়ন টাকার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিটেন্সের পরিমাণ ছিল যথাক্রমে ৩২৭১৫ মিলিয়ন টাকা, ৪২০২০ মিলিয়ন টাকা ও ৩২১৮৯ মিলিয়ন টাকা।

ব্যাংকের কার্যক্রমের প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

## খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

অগ্রণী ব্যাংক ২০০০ সালে মোট ২৪১৭৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ২৪২৫২ মিলিয়ন টাকা আদায় করে। বিতরণকৃত ঋণের মধ্যে ছিল ৬৪০ মিলিয়ন টাকা কৃষি ঋণ, ৫৮৩১ মিলিয়ন টাকা শিল্প ঋণ ও ১৭৭০৩ মিলিয়ন টাকা অন্যান্য ঋণ। এর বিপরীতে উক্ত খাতসমূহে ঋণ আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৬৬৪ মিলিয়ন টাকা, ৩৭৫০

সারণি-২

**ঋণ বিতরণ ও আদায়**

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | | | | | | |
| বিতরণ | ৭৭০ | ৫১৮ | ৪৩১২ | ৪৮৩০ | ২২৫৫০ | ২৮১৫০ |
| আদায় | ৫১৪ | ৬৯৯ | ৪১৯৪ | ৪৮৯৩ | ১৯৩৭৭ | ২৪৭৮৪ |
| ২০০০ | | | | | | |
| বিতরণ | ৬৪০ | ২৭৩ | ৫৫৫৮ | ৫৮৩১ | ১৭৭০৩ | ২৪১৭৪ |
| আদায় | ৬৬৪ | ৫৫২ | ৩১৯৮ | ৩৭৫০ | ১৯৮৩৮ | ২৪২৫২ |
| ৩১শে মার্চ, ২০০১* | | | | | | |
| বিতরণ | ১০০ | ৫২ | ৬১১৩ | ৬১৬৫ | ১৮৫৩২ | ২৪৭৯৭ |
| আদায় | ১২৫ | ৫১ | ৩৬৭৮ | ৩৭২৯ | ২১৮০০ | ২৫৬৫৪ |
| ৩০শে জুন, ২০০১** | | | | | | |
| বিতরণ | ২০০ | ৮৪ | ৬৭২৫ | ৬৮০৯ | ২০৭৫২ | ২৭৭৬১ |
| আদায় | ২৫১ | ১৬৬ | ৪২২৯ | ৪৩৯৫ | ২৫৪১০ | ৩০০৫৬ |

** সাময়িক । ** প্রাক্কলিত ।*

মিলিয়ন টাকা ও ১৯৮৩৮ মিলিয়ন টাকা।

ব্যাংকের খাতওয়ারী ঋণ বিতরণ ও আদায়ের তুলনামূলক চিত্র সারণি-২-এ দেয়া হলো।

## শিল্প ঋণ মঞ্জুরী

অগ্রণী ব্যাংক ২০০০ সালের ডিসেম্বর পর্যন্ত ৫৮২৭টি প্রকল্পের জন্য মেয়াদী ঋণ হিসাবে ১২৪৪০ মিলিয়ন টাকা মঞ্জুর করেছে যার মধ্যে কেবল ২০০০ সালে ২৪টি প্রকল্পের অনুকূলে মোট ১৩২১ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করেছে। মোট শিল্প ঋণের মধ্যে ব্যাংকের নিজস্ব তহবিল হতে ক্রমপুঞ্জিভূত মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ ছিল ১১৭৮২ মিলিয়ন টাকা এবং বৈদেশিক ঋণ কর্মসূচীর আওতায় বৈদেশিক মুদ্রার অংশে ছিল ৬৫৮ মিলিয়ন টাকা। শিল্প খাতে অগ্রণী ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণের মধ্যে শতকরা ৩২ ভাগ দেয়া হয়েছে বৃহৎ ও মাঝারী শিল্প খাতে এবং অবশিষ্ট ৬৮ ভাগ দেয়া হয়েছে ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে। শিল্পের সকল গুরুত্বপূর্ণ উপ-খাতে অগ্রণী ব্যাংক অর্থায়ন করে আসছে। অর্থায়নের ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিক শিল্প উপ-খাতসমূহ যেমনঃ পাট, বস্ত্র শিল্প, তৈরী পোশাক, হালকা প্রকৌশল, চামড়া, খাদ্য এবং এ সম্পর্কিত উপকরণ খাতে এ যাবত ৬৯ ভাগ বিনিয়োগ করা হয়েছে।

অগ্রণী ব্যাংকের শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩-এ দেয়া হলো।

## অগ্রণী ব্যাংক শিল্প উন্নয়ন বন্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশে অগ্রণী ব্যাংক ১৯৯৯ সালে ৫০০ (পাঁচশত) কোটি টাকা মূল্যমানের শিল্প উন্নয়ন বন্ড ব্যাংকের নির্ধারিত শাখার মাধ্যমে বিক্রয় করার জন্য বাজারে ছেড়েছে। শিল্প উন্নয়ন বন্ডে বিক্রিত অর্থ দেশের শিল্প উন্নয়নের জন্য ব্যয় করা হবে, যা দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ২০০০ সালের ডিসেম্বর পর্যন্ত এ বন্ডের বিপরীতে বিক্রিত অর্থের পরিমাণ হলো ১৩৭০ মিলিয়ন টাকা এবং এর বিপরীতে ১০৬০ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে।

## ফিমেল এডুকেশন প্রজেক্ট

অগ্রণী ব্যাংক বর্তমানে ফিমেল এডুকেশন-এ তিনটি প্রজেক্টে অর্থায়ন করছে। নোরাডের আর্থিক সহায়তায় ফিমেল

সারণি-৩

## শিল্পের আকার ভিত্তিক ঋণ

*(মিলিয়ন টাকায়)*

| ঋণ মঞ্জুরী | শিল্পের আকার | | |
|---|---|---|---|
| | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত : ৩১শে ডিসেম্বর, ২০০০ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ১৭ | ৫৮১০ | ৫৮২৭ |
| পরিমাণ | ৩৯৬০ | ৮৪৮০ | ১২৪৪০ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ৫ | ১৯ | ২৪ |
| পরিমাণ | ৮৭১ | ৪৫০ | ১৩২১ |
| ক্রমপুঞ্জিভূত : মার্চ ৩১, ২০০১ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ১৭ | ৫৮১৬ | ৫৮৩৩ |
| পরিমাণ | ৩৯৬০ | ৮৬৩২ | ১২৫৯২ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | - | ৬ | ৬ |
| পরিমাণ | - | ১৫২ | ১৫২ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ৩ | ২০ | ২৩ |
| পরিমাণ | ২০০ | ২৮০ | ৪৮০ |

এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্ট (এফ ই এস পি)-এর আওতায় ১৯৯৯ সাল থেকে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ করে আসছে এবং ২০০০ সালে ১৯টি থানায় ৭৮০টি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের উপবৃত্তি ও টিউশন ফি বাবদ ৬৪ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। ফিমেল সেকেন্ডারী স্টাইপেন্ড প্রজেক্ট (এফ এস এস পি)-এর আওতায় ২০০০ সালে ঢাকা বিভাগের ১৯টি থানার ২৪০৮টি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের উপবৃত্তি ও টিউশন ফি বাবদ ১৯৭ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। তাছাড়া, ফিমেল সেকেন্ডারী স্কুল এসিস্টেন্স প্রজেক্ট (এফ এস এস এ পি)-এর আওতায় ২০০০ সালে সারা দেশের ১১৮টি থানার ৫১৫৬টি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের উপবৃত্তি ও টিউশন ফি বাবদ ৭৫৫ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। অগ্রণী ব্যাংক এফ এস এস এ পি থেকে ১৯ মিলিয়ন টাকা কমিশন আয় করেছে।

*ব্যাংকের আর্থিক সহায়তায় গড়ে ওঠা একটি সিরামিক কারখানায় মহিলা কর্মীরা হাতের কাজ করছে*

## কৃষি ও পল্লী ঋণ

অগ্রণী ব্যাংক কৃষি ও পল্লী ঋণ কর্মসূচী/ প্রকল্পের আওতায়

ঋণ বিতরণ কার্যক্রম ২০০০ সালেও অব্যাহত রেখেছে। বর্তমানে ব্যাংকটি ৬৭৮টি শাখার মাধ্যমে ৭১০টি ইউনিয়নে কৃষি ও পল্লী ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করছে। ২০০০ সালে ব্যাংকটি কৃষি ও পল্লী ঋণ বাবদ ১৮৭৬ মিলিয়ন টাকা বিতরণ এবং ১৯০৯ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল যথাক্রমে ২৪৪৮ মিলিয়ন ও ১৮৬৮ মিলিয়ন টাকা। ২০০০ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংকটির কৃষি ঋণের স্থিতির পরিমাণ ছিল ৬০৯৬ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে যার পরিমাণ ছিল ৫৯৩৯ মিলিয়ন টাকা।

## দারিদ্র বিমোচন কর্মসূচী

দেশের অন্যতম রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক হিসেবে অগ্রণী ব্যাংক প্রচলিত ব্যাংকিং কার্যাবলীসহ দেশের চলমান উন্নয়ন কর্মকাণ্ডের স্রোতধারায় পল্লী এলাকার বিপুল জনগোষ্ঠীকে সম্পৃক্ত করার লক্ষ্যে বিভিন্ন অর্থনৈতিক কর্মকাণ্ডে বিশেষ করে দারিদ্র বিমোচনমূলক বিভিন্ন কর্মকাণ্ডে ঋণ প্রদানে নিয়োজিত রয়েছে। দেশের বাড়তি জনসংখ্যাকে মানব সম্পদে পরিণত করে আত্মকর্মসংস্থানের মাধ্যমে তাদের বেকারত্ব দূর করা, আর্থিক অবস্থার তথা জীবনযাত্রার মান উন্নয়ন করা এবং সর্বোপরি তাদেরকে উৎপাদনমুখী কর্মকাণ্ডে সম্পৃক্ত করাই এ সকল কর্মসূচীর মূল লক্ষ্য ও উদ্দেশ্য। দারিদ্র বিমোচনের লক্ষ্যে অগ্রণী ব্যাংকের গৃহীত কয়েকটি বিশেষ কর্মসূচীর উল্লেখযোগ্য দিকসমূহ নিম্নে উদ্ধৃত করা হলো ঃ

### ১। উৎপাদনমুখী কর্মসংস্থান প্রকল্প (পিইপি)

দরিদ্র জনগণের অর্থনৈতিক উন্নয়নে সহযোগিতার মাধ্যমে কার্যকর সঞ্চয় এবং ঋণ প্রক্রিয়া উদ্ভাবনে বিভিন্ন আয়বর্ধক কর্মকাণ্ড যথা ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপন, নার্সারী প্রস্তুত, হাঁস-মুরগী পালন ইত্যাদি কর্মকাণ্ডে ব্যাংক এ কর্মসূচীর আওতায় ঋণ দিয়ে আসছে। কর্মসূচীর প্রকল্প এলাকা হলো ফরিদপুর, রাজবাড়ী, মাদারীপুর, গোপালগঞ্জ, শরিয়তপুর জেলার ২০টি থানা। ঋণ প্রকল্পটি সিডা ও নোরাডের আর্থিক সাহায্য ও বিআরডিবি'র সহযোগিতায় গ্রহণ করা হয়। প্রকল্পটির আওতায় ডিসেম্বর, ২০০০ পর্যন্ত ৩৩৭১৬২ জন ঋণ গ্রহীতাকে ১৯৫৯ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে। আদায়ের হার শতকরা ৯৮ ভাগ।

### ২। দারিদ্র বিমোচন কর্মসূচী (দাবিক)

বিত্তহীন জনগোষ্ঠীর পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান, জীবন যাত্রার সার্বিক মান উন্নয়ন, বেকারত্ব দূরীকরণ এবং পাশাপাশি গণশিক্ষা ও পরিবার পরিকল্পনায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে বিভিন্ন আয় উৎসারী কর্মকাণ্ড, কুটির শিল্প, হাঁস-মুরগী পালন ইত্যাদি কার্যক্রমে ব্যাংকের নিজস্ব উৎস হতে এ কর্মসূচীর আওতায় ঋণ প্রদান করা হয়। এ কর্মসূচীর আওতায় ডিসেম্বর, ২০০০ পর্যন্ত ২৩৫৭৫ জনকে ১৩০ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে। আদায়ের হার শতকরা ৯৫ ভাগ।

### ৩। আত্মকর্মসংস্থানমূলক ঋণদান কর্মসূচী

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন পেশায় প্রশিক্ষণপ্রাপ্ত বেকার যুবক যুবতীদের এ কর্মসূচীর আওতায় ঋণ দেয়া হয়ে থাকে। প্রশিক্ষণ লব্ধ জ্ঞান কাজে লাগিয়ে উৎপাদনমুখী কর্মকাণ্ডে ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত করে স্ব স্ব পেশায় দক্ষতা অর্জন ও আত্মনির্ভরশীল করে তোলাই এ কর্মসূচীর মূল উদ্দেশ্য। ডিসেম্বর, ২০০০ পর্যন্ত এ কর্মসূচীর আওতায় ১৩২৯ জন ঋণ গ্রহীতাকে ২১ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে। আদায়ের হার শতকরা ৬১ ভাগ।

### ৪। ক্ষুদ্র উদ্যোগ উন্নয়ন প্রকল্প (এসইডিপি)

নোরাডের দ্বিতীয় আর্থিক অনুদান (বিজিডি-৪১)-এর আওতায় বৃহত্তর ময়মনসিংহ ও ফরিদপুর জেলায় ক্ষুদ্র আকারের অধিক সংখ্যক প্রকল্প স্থাপন করে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য মে, ১৯৯৫ হতে এ ঋণ প্রদান শুরু হয়। এ প্রকল্পের আওতায় কৃষিজাত দ্রব্যাদি প্রক্রিয়াকরণ, সেবামূলক ও উৎপাদনমুখী কর্মকাণ্ডে ঋণ প্রদান করা হয়। ডিসেম্বর, ২০০০ পর্যন্ত এ প্রকল্পের আওতায় ২০৮৬৪ জনকে ৬৪৫ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং আদায়ের হার শতকরা ৯১ ভাগ।

### ৫। মহিলাদের জন্য ঋণ কর্মসূচী

দেশের মহিলাদের আর্থিকভাবে স্বাবলম্বী হওয়ার জন্য ব্যাংকের নিজস্ব উৎস হতে ১৯৯৩ সালে ব্যাংক এ কর্মসূচী গ্রহণ করেছে। এ কর্মসূচীর আওতায় নকশী কাঁথা, বাটিক প্রিন্ট, টেইলারিং, শাড়ীর দোকান, কিন্ডারগার্টেন স্কুল ইত্যাদি উদ্যোগের জন্য ঋণ প্রদান করা হয়। এ কর্মসূচীর আওতায় ডিসেম্বর, ২০০০ পর্যন্ত ১০০ জন মহিলাকে ৬ মিলিয়ন টাকা

ঋণ প্রদান করা হয়েছে। আদায়ের হার শতকরা ৮০ ভাগ।

### ৬। দারিদ্র বিমোচনে বেসরকারী সংস্থাকে ঋণ প্রদান

অগ্রণী ব্যাংক দেশের বেসরকারী সংস্থা (এনজিও)-কে ঋণ সুবিধা প্রদানের মাধ্যমেও দেশের দারিদ্র বিমোচন কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত রয়েছে। ব্যাংকটি এ পর্যন্ত 'আশা'-র অনুকূলে ১০ মিলিয়ন টাকা এবং রংপুরস্থ গ্রামীণ সমাজ কেন্দ্র-এর অনুকূলে ৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে। 'আশা' ও 'গ্রামীণ সমাজ কেন্দ্র' ইতোপূর্বে গৃহীত ঋণ পরিশোধ করে পুনরায় ১৭ মিলিয়ন ও ৩ মিলিয়ন টাকা ঋণ গ্রহণ করেছে।

### ৭। নেত্রকোণা সমন্বিত কৃষি উৎপাদন ও পানি ব্যবস্থাপনা প্রকল্প

নেত্রকোণা জেলার ১০টি থানার ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের ক্রমান্বয়ে ভূমিহীন হওয়ার প্রবণতা রোধ করা, কৃষি উৎপাদন বৃদ্ধি এবং আয় বৃদ্ধির মাধ্যমে তাদের জীবন যাত্রার মান উন্নয়ন করা এ প্রকল্পের উদ্দেশ্য। এ প্রকল্পের আওতায় ব্যাংক নিজস্ব উৎস থেকে ঋণ প্রদান করছে এবং 'ইফাদ' কারিগরি সহযোগিতা প্রদান করছে। এ প্রকল্পের আওতায় ফসল উৎপাদন, কৃষি ও সেচ যন্ত্রপাতি ক্রয়ের জন্য ঋণ প্রদান করা হচ্ছে। নির্বাচিত এনজিও পুরুষ/মহিলাদের গ্রুপ গঠন, ঋণ ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করে থাকে। ২০০০ সালের ডিসেম্বর পর্যন্ত এ প্রকল্পের আওতায় ৭৩৭১ জন ঋণ গ্রহীতার অনুকূলে ৬০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার শতকরা ৬৬ ভাগ।

### ৮। পল্লীর দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প (ইফাদ)

প্রশিক্ষণ ও প্রয়োজনীয় ঋণ প্রদানের মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি এবং তাদের দক্ষতাকে কাজে লাগিয়ে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে স্থায়ীভাবে তাদের দারিদ্র বিমোচন করাই এ প্রকল্পের উদ্দেশ্য। অগ্রণী ব্যাংক ইফাদের আর্থিক সাহায্যে ১৯৯৬ সাল থেকে এ প্রকল্পের আওতায় ঋণ বিতরণ করে আসছে। এ প্রকল্পের আওতায় ডিসেম্বর, ২০০০ পর্যন্ত ১১৫টি প্রজেক্ট শাখার মাধ্যমে ৫২৬৫টি ক্ষুদ্র প্রতিষ্ঠানের অনুকূলে ৪০১ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। এছাড়াও এনজিও ক্রেডিট রিটেইলারদের মাধ্যমে ১৪৩০০ মাইক্রো এন্টারপ্রাইজের বিপরীতে ৩১৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার শতকরা ৯০ ভাগ।

### ৯। কুড়িগ্রাম দারিদ্র বিমোচন প্রকল্প (কেপিএপি)

কুড়িগ্রাম জেলার দারিদ্র পীড়িত জনগণের মধ্যে ঋণ প্রদানকল্পে নোরাডের ৮৫ মিলিয়ন টাকা আর্থিক সহায়তায় এ কর্মসূচীটি অগ্রণী ব্যাংকের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। জুলাই, ১৯৯৭ হতে এ কর্মসূচীটির কার্যক্রম শুরু হয়। ডিসেম্বর, ২০০০ পর্যন্ত এ কর্মসূচীর আওতায় ৬১১৪৯ জন ঋণ গ্রহীতাকে ৩২৮ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে। আদায়ের হার শতকরা ৯০ ভাগ।

### ১০। প্রান্তিক ও ক্ষুদ্র খামার পদ্ধতির মাধ্যমে শস্য নিবিড়করণ প্রকল্প (ইফাদ-কুড়িগ্রাম)

ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের কৃষি উৎপাদন বৃদ্ধি ও আর্থিক উন্নয়নের স্বার্থে ইফাদের আর্থিক সাহায্যে ১৯৯০ সাল থেকে শুধুমাত্র কুড়িগ্রাম জেলার ৯টি থানায় এ প্রকল্প শুরু করা হয়। এ প্রকল্পের আওতায় কৃষি পণ্য উৎপাদনের জন্য মৌসুমী কৃষি ঋণ, কৃষি বিনিয়োগ ঋণ এবং জীবন যাত্রার মান উন্নয়ন ও আয় বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন অকৃষি খাতে ঋণ প্রদান করা হয়ে থাকে। জার্মান কারিগরী সংস্থা (জিটিজেড) প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা হিসেবে নিয়োজিত রয়েছে। প্রকল্পের সহযোগী সংস্থাসমূহ হচ্ছে বাংলাদেশ ব্যাংক, কৃষি সম্প্রসারণ বিভাগ, রংপুর দিনাজপুর রুরাল সার্ভিস (আরডিআরএস)। গ্রুপ গঠন, গ্রুপ সদস্যদের উদ্বুদ্ধকরণ, মানবিক উন্নয়ন এবং ঋণ ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। ডিসেম্বর, ২০০০ পর্যন্ত এ প্রকল্পের আওতায় ৯৬৯ গ্রুপের মধ্যে মোট ৫৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার শতকরা ৮২ ভাগ।

### ১১। স্বনির্ভর ঋণ কর্মসূচী

পল্লী অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠির বিশেষ করে মহিলাদের বিভিন্ন আয়বর্ধক ও উৎপাদনমুখী কর্মকাণ্ডের মাধ্যমে তাদের জীবন যাত্রার মান উন্নয়ন ও দারিদ্র দূর করে তাদেরকে স্বনির্ভর করে তোলার লক্ষ্যে ১৯৯৭ সাল থেকে এ কর্মসূচীটি চালু করা হয়। বর্তমানে ৭২টি থানায় ব্যাংকের ১২২টি শাখার মাধ্যমে এ কর্মসূচীর আওতায় ঋণ প্রদান করা হচ্ছে। ২০০০-এর ডিসেম্বর পর্যন্ত ১৫৪৬৮৪ জন ঋণ গ্রহীতার মাঝে মোট

৩১৯ মিলিয়ন টাকা বিতরণ করা হয়। আদায়ের হার শতকরা ৬৫ ভাগ।

## ১২। ক্ষুদ্র উদ্যোগ প্রকল্প

দেশের জনসংখ্যাকে মানব সম্পদে পরিণত করে ক্ষুদ্র ক্ষুদ্র শিল্প স্থাপন এবং আয় উৎসারী উৎপাদনমুখী কর্মকাণ্ডে তাদের সম্পৃক্ত করার নিমিত্তে এ ঋণ কর্মসূচীটি ১৯৯৭ সালে চালু করা হয়েছে। সে মোতাবেক এ কর্মসূচীটির মাধ্যমে ব্যাংকের নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণ করা হচ্ছে। এ প্রকল্পের মূল উদ্দেশ্য হলোঃ শ্রম নির্ভর ক্ষুদ্র শিল্প স্থাপন ও সম্প্রসারণ, বিলুপ্ত কুটির শিল্পসমূহকে শক্তিশালীকরণ, শিক্ষিত বেকার যুবক/যুবতীদের স্বাবলম্বী করা, বেকারত্ব হ্রাসকরণ, বিত্তহীন ও স্বল্পবিত্তবান পুরুষ ও মহিলাদের জন্য পেশা ভিত্তিক কর্মের সুযোগ সৃষ্টি এবং সর্বোপরি দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নকে সচল রাখা। এ প্রকল্পের আওতায় ডিসেম্বর, ২০০০ পর্যন্ত ১৬৩৮ জন ঋণ গ্রহীতার মধ্যে ১৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার শতকরা ৯২ ভাগ।

## ১৩। কৃষি বহুমুখীকরণ ও নিবিড়করণ প্রকল্প (ইফাদ)

এ প্রকল্পটি অগ্রণী ব্যাংক ও ইফাদের যৌথ অর্থায়নে পরিচালিত হবে। পল্লী এলাকায় ক্ষুদ্র, বিত্তহীন ও প্রান্তিক চাষীদের আত্মনির্ভরশীল করে তোলাই এ কর্মসূচীর লক্ষ্য। প্রকল্প এলাকার চার হাজার গ্রুপ ও পঁচাশি হাজার পরিবার এর দ্বারা উপকৃত হবে। এ প্রকল্পের আওতায় ঋণ বিতরণ শীঘ্রই শুরু করা হবে বলে আশা করা যাচ্ছে।

## ১৪। বিশেষ ক্ষুদ্র ঋণ কর্মসূচী

দেশের বেকার যুবক, দুঃস্থ মহিলা ও ভূমিহীন দরিদ্র লোকদের অর্থায়নের মাধ্যমে তাদেরকে আয়বর্ধক কর্মসূচীতে নিয়োজিত করার লক্ষ্যে অগ্রণী ব্যাংক বিশেষ ক্ষুদ্র ঋণ কর্মসূচী নামে একটি বিশেষ কর্মসূচী গ্রহণ করেছে। দরিদ্র জনগোষ্ঠির জীবনযাত্রার মান উন্নয়ন, পুষ্টির চাহিদা পূরণ ও বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত করাই এ কর্মসূচীর মূল লক্ষ্য।

এসব কর্মসূচীর সফল বাস্তবায়নের ফলে বেকারত্বের অবসানের পাশাপাশি গ্রামীণ অর্থনীতি শক্তিশালী হবে এবং জাতীয় অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ফেলতে সক্ষম হবে।

## গ্রাহক সেবা

ব্যাংক সারা দেশে অধিকতর ব্যবসা সমৃদ্ধ ৯৮টি প্রধান শাখা কম্পিউটারায়নের মাধ্যমে উন্নতমানের গ্রাহক সেবা প্রদান করে আসছে। ব্যাংকের প্রধান শাখা ও রমনা শাখায় মিডরেঞ্জ কম্পিউটারের মাধ্যমে সকল কার্যাদি সম্পাদন করা হচ্ছে এবং এ কম্পিউটারের সকল সফটওয়্যার ব্যাংকের নিজস্ব প্রোগ্রামার দ্বারা উদ্ভাবিত, যা অগ্রণী শাখা ব্যাংকিং সলুশন (Agrani Branch Banking Solution) নামে পরিচিত। কম্পিউটারায়ন ছাড়াও মানব সম্পদের যথাযথ উন্নয়নের মাধ্যমে ব্যাংকিং সেবার গুণগত মান বাড়ানোর জন্য ব্যাংক কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে।

ব্যাংকের বিশেষ ঋণ কর্মসূচীসহ খাত-ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৪

## খাত-ভিত্তিক ঋণের স্থিতি

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্য ঃ | ৩৪৪৬ | ৩৬৪৯ | ৩৬২৩ | ৪০৯১ |
| | (ক) শস্য | ২৯৯৫ | ৩২০৯ | ৩১৯৫ | ৩৫৭০ |
| | (খ) শস্য ব্যতীত অন্যান্য | ৪৫১ | ৪৪০ | ৪২৮ | ৫২১ |
| ২। | শিল্প ঃ | ৩২০০৬ | ৩৩৫১৬ | ৩৫৮৩২ | ৩৮৪০৬ |
| | (ক) বৃহৎ ও মাঝারী | ২৩৬৬৭ | ২৪৯০৫ | ২৭১৫২ | ২৯৫৯৪ |
| | (খ) ক্ষুদ্র ও কুটির | ৮৩৩৯ | ৮৬১১ | ৮৬৮০ | ৮৮১২ |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | ১৬৫৮৭ | ১৪৬১৭ | ১৬০৭৯ | ১৭৬৮৭ |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | ৫১৭৪ | ৫৬৮৪ | ৬২৫৩ | ৬৮৭৮ |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ৪৭৭ | ৩৯২ | ৪৩০ | ৪৭২ |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ | ৯৭৫ | ১০১৪ | ১০১০ | ১১২০ |
| | (ক) দারিদ্র বিমোচন | ৯৭৫ | ১০১৪ | ১০১০ | ১১২০ |
| | (খ) অন্যান্য | - | - | - | - |
| ৭। | অন্যান্য | ১৩১৪৪ | ১৭৬৭৭ | ১৭১৩৫ | ১৫৫২১ |
| | সর্বমোট | ৭১৮০৯ | ৭৬৫৪৯ | ৮০৩৬২ | ৮৪১৭৫ |

# রূপালী ব্যাংক লিমিটেড

রূপালী ব্যাংককে ১৯৮৬ সালের ১৪ই ডিসেম্বর একটি পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত করা হয়। ২০০০ সালের ডিসেম্বর শেষে রূপালী ব্যাংকের অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৭০০০ মিলিয়ন টাকা ও ১২৫০ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ১৮৮ মিলিয়ন টাকা। পরিশোধিত মূলধনে সরকারী শেয়ারের পরিমাণ শতকরা ৯৪.২২ ভাগ এবং বেসরকারী শেয়ার-এর পরিমাণ ৫.৭৮ ভাগ। পাকিস্তানের করাচীতে ১টি বিদেশী শাখাসহ ব্যাংকের শাখার সংখ্যা ২০০০ সালের ডিসেম্বর শেষে দাঁড়ায় মোট ৫১২টিতে, যার মধ্যে ২৭৮টি শাখা শহর অঞ্চলে এবং বাকী ২৩৪টি পল্লী অঞ্চলে অবস্থিত। ২০০০ সালের শেষে ব্যাংকটির মোট জনসম্পদের সংখ্যা দাঁড়ায় ৫৭৭৮ জন, যার মধ্যে কর্মকর্তার সংখ্যা ৩৪৭৯ জন এবং কর্মচারীর সংখ্যা ২২৯৯ জন।

ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০০০ সালের ৩১শে ডিসেম্বরে দাঁড়ায় ৪৪৫৫৭ মিলিয়ন টাকা, যা ১৯৯৯ সালের তুলনায় ৪৮৮৬ মিলিয়ন টাকা (১২.৩%) বেশী। ২০০০ সালের ৩১শে ডিসেম্বর তারিখে রূপালী ব্যাংক লিমিটেড-এর



*ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি টেক্সটাইল শিল্প*

ঋণের স্থিতির পরিমাণ (মুলতবী হিসাবে রক্ষিত সুদসহ) ৩৩৭৮৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০০ সালের ৩১শে ডিসেম্বর ব্যাংকের মোট বিনিয়োগ পূর্ববর্তী বছরের তুলনায় ৯৮৮ মিলিয়ন টাকা (১১.৪%) বৃদ্ধি পেয়ে ৯৬৪০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০০ সালে রূপালী ব্যাংক লিমিটেড মোট ৩০৩৬০ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল ২২৭৪৩ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে মোট বৈদেশিক মুদ্রা ব্যবসার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিটেন্সের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২১১২০ মিলিয়ন টাকা, ৭২০০০ মিলিয়ন টাকা ও ২০৪০ মিলিয়ন টাকা।

ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

## খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

রূপালী ব্যাংক লিমিটেড ২০০০ সালে মোট ৮২৪৩ মিলিয়ন

সারণি-১

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ৭০০০ | ৭০০০ | ৭০০০ | ৭০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ১২৫০ | ১২৫০ | ১২৫০ | ১২৫০ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ১৮৮ | ১৮৮ | ১৮৮ | ১৮৮ |
| ৪। | আমানত* ঃ | ৩৯৬৭১ | ৪৪৫৫৭ | ৪৫০৫৭ | ৪৭০৫৭ |
| | ক) তলবী আমানত | ৮১৯১ | ৮৭৯১ | ৮৯৪১ | ৯০৯০ |
| | খ) মেয়াদী আমানত | ৩১৪৮০ | ৩৫৭৬৬ | ৩৬১১৬ | ৩৭৯৬৭ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ৩১২৫৪ | ৩৩৭৮৩ | ৩৪১৪৩ | ৩৫৩১২ |
| ৬। | বিনিয়োগ | ৮৬৫২ | ৯৬৪০ | ৯৭৪০ | ৯৮৫০ |
| ৭। | মোট পরিসম্পদ | ৫৪৫৫০ | ৪৬৫৫২ | ৪৭০৫০ | ৪৭৫৫০ |
| ৮। | মোট আয় | ৩২৪৫ | ৩৭৪৫ | ৮৫৩ | ১৮৩৫ |
| ৯। | মোট ব্যয় | ৩৫৫৩ | ৩৬৪৩ | ৯৫৭ | ১৭৮০ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ২২৭৪৩ | ৩০৩৬০ | ৪৮৯৮ | ২২৫২৫ |
| | ক) রপ্তানি | ৭১৯১ | ৭২০০ | ১৯৪১ | ৫৪০০ |
| | খ) আমদানি | ১৩৭২২ | ২১১২০ | ২৬২৮ | ১৫৮৫০ |
| | গ) রেমিটেন্স | ১৮৩০ | ২০৪০ | ৩২৯ | ১২৭৫ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৫৮৮৫ | ৫৭৭৮ | ৫৭৮৯ | ৫৯২৮ |
| | ক) কর্মকর্তা | ৩৩৭৮ | ৩৪৭৯ | ৩৪৯৯ | ৩৬৩৬ |
| | খ) কর্মচারী | ২৫০৭ | ২২৯৯ | ২২৯০ | ২২৯২ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ১৭৪ | ১৭৪ | ১৭৫ | ১৭৫ |
| ১৩। | শাখা (সংখ্যায়) ঃ | ৫১৩ | ৫১২ | ৫১৩ | ৫১৩ |
| | ক) বাংলাদেশ | ৫১২ | ৫১১ | ৫১২ | ৫১২ |
| | খ) বিদেশে | ১ | ১ | ১ | ১ |

** মুলতবী হিসাবে রক্ষিত সুদ বাদে।*

সারণি-২

## ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

| বিবরণ | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | | | | | | |
| বিতরণ | ৩১ | ৩৪০৭ | ৮৭০৫ | ১২১১২ | ৯৫৯ | ১৩১০২ |
| আদায় | ৪৭ | ৬৭৩ | ১৬০ | ৮৩৩ | ১১৩ | ৯৯৩ |
| ২০০০ | | | | | | |
| বিতরণ | ৪৩ | ১৬২ | ৭৬৪৯ | ৭৮১১ | ৩৮৯ | ৮২৪৩ |
| আদায় | ৬৪ | ২৮৩১ | ২৫৫০ | ৫৩৮১ | ১০০ | ৫৫৪৫ |
| ৩১শে মার্চ, ২০০১* | | | | | | |
| বিতরণ | ২২ | ০ | ৯৩৮ | ৯৩৮ | ৭২ | ১০৩২ |
| আদায় | ৯ | ৮০০ | ২০০ | ১০০০ | ১৯ | ১০২৮ |
| ৩০শে জুন, ২০০১** | | | | | | |
| বিতরণ | ৫৪ | ০ | ১১৮৮ | ১১৮৮ | ২৩৮ | ১৪৮০ |
| আদায় | ৩৩ | ১৬৫০ | ২০০ | ১৮৫০ | ৬১ | ১৯৪৪ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সারণি-৩

## শিল্পের আকার ভিত্তিক ঋণ

(মিলিয়ন টাকায়)

| ঋণ মঞ্জুরী | শিল্পের আকার | | |
|---|---|---|---|
| | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩১শে ডিসেম্বর, ২০০০ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ৪৭৯ | ৫৮৫ | ১০৬৪ |
| পরিমাণ | ২৩১০৭ | ১৫০ | ২৩২৫৭ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ১১০ | ০ | ১১০ |
| পরিমাণ | ৭৮৪২ | ০ | ৭৮৪২ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ৪৮৯ | ৫৮৫ | ১০৭৪ |
| পরিমাণ | ২৪০৪৫ | ১৫০ | ২৪১৯৫ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ১০ | ০ | ১০ |
| পরিমাণ | ৯৩৮ | ০ | ৯৩৮ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১* পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ৩২ | ০ | ৩২ |
| পরিমাণ | ১২০২ | ০ | ১২০২ |

** প্রাক্কলিত*

টাকা ঋণ বিতরণ ও ৫৫৪৫ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১৩১০২ মিলিয়ন টাকা ও ৯৯৩ মিলিয়ন টাকা। খাত ভিত্তিক ঋণের অবস্থা পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০০ সালে ব্যাংকটির কৃষি ঋণ বিতরণের পরিমাণ ৪৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল ৩১ মিলিয়ন টাকা। একই সময়ে শিল্প ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ৭৮১১ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল ১২১১২ মিলিয়ন টাকা।

রূপালী ব্যাংকের খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের অবস্থা সারণি-২-এ দেয়া হলো।

## শিল্প ঋণ মঞ্জুরী

২০০০ সালে রূপালী ব্যাংক লিমিটেড ১১০টি প্রকল্পের জন্য মোট ৭৮৪২ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করে, যার সবই বৃহৎ ও মাঝারী খাতের ঋণ। ২০০০ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংকের পুঞ্জিভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ ১০৬৪টি প্রকল্পের অনুকূলে ২৩২৫৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এর মধ্যে বৃহৎ ও মাঝারী আকারের শিল্পের জন্য ২৩১০৭ মিলিয়ন টাকা (৯৯%) এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য ১৫০ মিলিয়ন টাকা (১%) মঞ্জুর করা হয়। ব্যাংকটির আকার ভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

## খাত ভিত্তিক ঋণের স্থিতি

রূপালী ব্যাংকের খাত-ভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০০ সালে শিল্প খাত, কৃষি ও মৎস্য খাত এবং পাইকারী ও খুচরা বাণিজ্য এবং রেস্তোরা ও হোটেল খাতে ঋণের স্থিতি যথাক্রমে দাঁড়ায় ২০০৭১ মিলিয়ন, ১০৪ মিলিয়ন ও ১১১৬১ মিলিয়ন টাকা। এ সময় বিশেষ ঋণ কর্মসূচীতে ঋণের স্থিতি ছিল ৮৭ মিলিয়ন টাকা, যার মধ্যে ১২ মিলিয়ন টাকার স্থিতি ছিল দারিদ্র বিমোচন খাতে।

রূপালী ব্যাংকের খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৪

### খাত-ভিত্তিক ঋণের স্থিতি*

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্য ঃ | ১১৫ | ১০৪ | ১১৭ | ১১৩ |
| | ক) শস্য | ৩২ | ৩২ | ৩২ | ৩২ |
| | খ) শস্য ব্যতীত অন্যান্য | ৮৩ | ৭২ | ৮৫ | ৮১ |
| ২। | শিল্প ঃ | ২১৩৭৩ | ২০০৭১ | ২০০৮২ | ২০১৫৪ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ২১২১৫ | ১৯৯২১ | ১৯৯৩২ | ২০০০২ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | ১৫৮ | ১৫০ | ১৫০ | ১৫২ |
| ৩। | পাইকারী ও খুচরা বাণিজ্য এবং রেস্তোরা ও হোটেল | ৮৩৯৩ | ১১১৬১ | ১১২৭৪ | ১২২৪৪ |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | ৩১৩ | ৬৫৯ | ৭০০ | ৭৫০ |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ৩৮৯ | ৬৮৪ | ৬৮৫ | ৬৮৫ |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ | ৮৭ | ৮৭ | ৮৮ | ৮৯ |
| | ক) দারিদ্র বিমোচন | ১০ | ১২ | ১২ | ১৪ |
| | খ) অন্যান্য | ৭৭ | ৭৫ | ৭৬ | ৭৫ |
| ৭। | অন্যান্য | ৫৮৪ | ১০১৭ | ১১৯৭ | ১২৭৭ |
| | সর্বমোট | ৩১২৫৪ | ৩৩৭৮৩ | ৩৪১৪৩ | ৩৫৩১২ |

** মূলতবী হিসাবে রক্ষিত সুদসহ।*

# ব্যাংক অব স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স বাংলাদেশ লিমিটেড

ব্যাংক অব স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স (বেসিক) বাংলাদেশ লিমিটেড ১৯৮৯ সালের ২১শে জানুয়ারী থেকে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। বাংলাদেশ সরকার ৪ঠা জুন, ১৯৯২ তারিখে এ ব্যাংকটি অধিগ্রহণ করে। ২০০০ সালের শেষ নাগাদ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৫০০ মিলিয়ন টাকা, পরিশোধিত মূলধনের পরিমাণ ৩০০ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ ছিল ৩৯৮ মিলিয়ন টাকা। ২০০১ সালের মার্চ শেষে ব্যাংকটির শাখা সংখ্যা দাঁড়ায় ২৫টিতে এবং মোট জনশক্তির সংখ্যা দাঁড়ায় ৪৫৪ জন, যার মধ্যে ২০৬ জন কর্মকর্তা এবং ২৪৮ জন কর্মচারী।

বেসিক বাংলাদেশ লিমিটেড উন্নয়ন এবং বাণিজ্যিক ব্যাংকের এক সংমিশ্রণ। ব্যাংকটি ক্ষুদ্র শিল্প খাত প্রসারের জন্য মধ্য ও দীর্ঘ মেয়াদী ঋণ সরবরাহ এবং অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের দায়িত্বে নিয়োজিত। ব্যাংকটিকে মোট ঋণদান যোগ্য

*ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি কুটির শিল্প পর্যায়ের ইলেকট্রনিক্স কারখানা*

তহবিলের অন্ততঃ শতকরা ৫০ ভাগ ক্ষুদ্র শিল্পের অর্থায়নে ব্যবহার করতে হয়।

|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্য ঃ | - | - | - | - |
| | ক) শস্য | - | - | - | - |
| | খ) শস্য ব্যতীত অন্যান্য | - | - | - | - |
| ২। | শিল্প ঃ | ৮০১ | ৯৮৯ | ১৩১৭ | ১৩৫৪ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ৭৯৮ | ৯৮৮ | ১৩১৭ | ১৩৫৪ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | ৩ | ১ | - | - |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | ২৮০৭ | ৩৮৫৯ | ৪৭০৫ | ৫০৮৪ |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | ৩৪৩ | ৫৭৩ | ৬০৬ | ৩৩৮ |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ২ | ৮ | ৮ | ৫ |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ | ২৯ | ৪৯ | ৪৯ | ৪৭ |
| | ক) দারিদ্র বিমোচন | - | - | - | - |
| | খ) অন্যান্য | ২৯ | ৪৯ | ৪৯ | ৪৭ |
| ৭। | অন্যান্য | ১২২৪ | ১৫৮৩ | ১৬৮৯ | ১৫৬৯ |
| | সর্বমোট | ৫২০৬ | ৭০৬২ | ৮৩৭৪ | ৮৩৯৭ |

# ঢাকা ব্যাংক লিমিটেড

ঢাকা ব্যাংক লিমিটেড ১০০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন ও ১০০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে ১৯৯৫ সালের ৫ই জুলাই তারিখে কার্যক্রম শুরু করে। ৩১শে ডিসেম্বর, ২০০১ তারিখে এ ব্যাংকের মোট পরিশোধিত মূলধনের পরিমাণ ২৭৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ৩১শে ডিসেম্বর, ২০০১ তারিখে পরিশোধিত মূলধন ও অন্যান্য সঞ্চিতিসহ মোট ইকুইটির পরিমাণ ৫০১ মিলিয়ন টাকায় উন্নীত হয়, যার মধ্যে উদ্যোক্তাদের মূলধনের পরিমাণ ১৪৪ মিলিয়ন টাকা। এ ব্যাংক One point Customer Service প্রদানের চেষ্টা করে। ঢাকা ব্যাংক লিঃ ইতোমধ্যেই ডিপোজিট পেনশন স্কীম, বিবাহ সঞ্চয় স্কীম, উপহার চেক স্কীম এবং কনজ্যুমার ক্রেডিট স্কীম চালু করেছে। ঢাকা ব্যাংক তার গ্রাহক সেবার পরিধি বিস্তৃত করতে টেলিব্যাংকিং ব্যবস্থা চালু করেছে। সম্প্রতি ঢাকা ব্যাংক লিঃ গ্রাহকদের অধিকতর সেবার সুযোগ বৃদ্ধির জন্য M/S ETN এবং M/S Vanik (Bd.) Ltd.-এর সাথে দু'টি স্মারক চুক্তি স্বাক্ষর করেছে। এর ফলে ঢাকা শহরে ATM-এর সাহায্যে গ্রাহক সেবা দিবে এবং Vanik-এর সাথে দ্বৈত নামে ক্রেডিট কার্ড চালুর ব্যবস্থা করেছে। ২০০১ সালের মার্চ শেষে ব্যাংকের শাখার সংখ্যা ছিল ১৫টি এবং উক্ত সময়ে ব্যাংকের মোট লোকবলের পরিমাণ ছিল ৪২৮ জন, যার মধ্যে কর্মকর্তা ৩২৭ জন এবং কর্মচারী ১০১ জন।

ঢাকা ব্যাংক লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ ২০০০ সালের ডিসেম্বর শেষে ছিল ১০৭৫০ মিলিয়ন টাকা, যার মধ্যে তলবী আমানতের পরিমাণ ১২১০ মিলিয়ন টাকা এবং মেয়াদী আমানতের পরিমাণ ছিল ৯৫৪০ মিলিয়ন টাকা। ২০০১ সালের প্রথম তিন মাস সময়কালে এ ব্যাংকের মোট আমানত শতকরা ২.২৬ ভাগ হ্রাস পেয়ে ১০৫০৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০০ সালের ডিসেম্বর শেষে এ ব্যাংকের মোট ঋণের স্থিতির পরিমাণ ছিল ৫৪১৫ মিলিয়ন টাকা, যা ২০০১ সালের মার্চ শেষে শতকরা ১৯.১৭ ভাগ বৃদ্ধি পেয়ে ৬৪৫৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০১ সালের মার্চ শেষে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ ২০০০ সালের ডিসেম্বর শেষের ৮১৪ মিলিয়ন টাকার তুলনায় ৬৫ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ৮৭৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০০ সালে এ ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ ছিল ২০৯১৫ মিলিয়ন টাকা, তন্মধ্যে রপ্তানি ৬৪৯৪ মিলিয়ন টাকা, আমদানি ১৩৮২৮ মিলিয়ন টাকা ও রেমিটেন্স ৫৯৩ মিলিয়ন টাকা। ২০০১ সালের প্রথম তিন মাস সময়কালে ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় ৫৩১৬ মিলিয়ন টাকা।

ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

## খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

ঢাকা ব্যাংক লিমিটেডের শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০০০ সালে ছিল ১৫৩০ মিলিয়ন টাকা। জানুয়ারী-মার্চ, ২০০১ সময়কালে এর পরিমাণ দাঁড়ায় ৩৮২ মিলিয়ন টাকা। ২০০১ সালের জানুয়ারী-মার্চ সময়কালে ব্যাংক কর্তৃক মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৫৪৬৯ মিলিয়ন ও ৩৬০১ মিলিয়ন টাকা।

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্পের আকার ভিত্তিক ঋণের তথ্যাদি সারণি-৩-এ দেয়া হলো।

## খাত ভিত্তিক ঋণের স্থিতি

ব্যাংকের মোট ঋণের স্থিতি ১৯৯৯ সালের ডিসেম্বর শেষের ৩৮৪৩ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০০ সালের ডিসেম্বর শেষে ৫৪১৪ মিলিয়ন টাকায় এবং ২০০১ সালের মার্চ শেষে ৬৪৫৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০১ সালের মার্চ শেষের স্থিতির মধ্যে পাইকারী/খুচরা ব্যবসা ও রেস্তোরা/হোটেল খাতে এর পরিমাণ ছিল সর্বাধিক ১৬৮৯ মিলিয়ন টাকা।

ব্যাংকের খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-১

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ২৭৬ | ২৭৬ | ২৭৬ | ২৭৬ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ১০৬ | ২২৫ | ৩০৬ | ৪২৫ |
| ৪। | আমানত ঃ | ৭৫০৩ | ১০৭৫০ | ১০৫০৭ | ১১১৫০ |
| | (ক) তলবী আমানত | ১৩৯৫ | ১২১০ | ১৪৫৬ | ১৬৫০ |
| | (খ) মেয়াদী আমানত | ৬১০৮ | ৯৫৪০ | ৯০৫১ | ৯৫০০ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ৩৮৪৩ | ৫৪১৫ | ৬৪৫৩ | ৭০৭৭ |
| ৬। | বিনিয়োগ | ৫৫৮ | ৮১৪ | ৮৭৯ | ৯৫০ |
| ৭। | মোট পরিসম্পদ | ৯৬০৭ | ১১৬৪৬ | ১৩৬৩৮ | ১৫৫০০ |
| ৮। | মোট আয় | ১০৫১ | ১৫৪৪ | ৪৪৮ | ৯৫০ |
| ৯। | মোট ব্যয় | ৮২১ | ১২১৩ | ৩৬৭ | ৭৫০ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ১২৭৭১ | ২০৯১৫ | ৫৩১৬ | ১১৫৭৭ |
| | ক) রপ্তানি | ৩২৯৯ | ৬৪৯৪ | ১৬৯০ | ৩৮৮০ |
| | খ) আমদানি | ৯০৭৬ | ১৩৮২৮ | ৩৪৩৯ | ৭৩৬০ |
| | গ) রেমিটেন্স | ৩৯৬ | ৫৯৩ | ১৮৭ | ৩৩৭ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৩৫৯ | ৪০৬ | ৪২৮ | ৪৬০ |
| | ক) কর্মকর্তা | ২৯৯ | ৩১৫ | ৩২৭ | ৩৫০ |
| | খ) কর্মচারী | ৬০ | ৯১ | ১০১ | ১১০ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ৩২৫ | ৪১৩ | ৪১৩ | ৪২০ |
| ১৩। | শাখা (সংখ্যায়) ঃ | ১২ | ১৪ | ১৫ | ১৬ |
| | ক) বাংলাদেশে | ১২ | ১৪ | ১৫ | ১৬ |
| | খ) বিদেশে | - | - | - | - |

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | | | | | | |
| বিতরণ | - | ১৫৫ | ২৬৩ | ৪১৮ | ১৩৪১১ | ১৩৮২৯ |
| আদায় | - | ৬৫ | ৩০৪ | ৩৬৯ | ১১৭০৬ | ১২০৭৫ |
| ২০০০ | | | | | | |
| বিতরণ | - | ৩৩৫ | ১১৯৫ | ১৫৩০ | ২০২৩৭ | ২১৭৬৭ |
| আদায় | - | ১২৩ | ১১২৪ | ১২৪৭ | ১৮৫৮১ | ১৯৮২৮ |
| ৩১শে মার্চ, ২০০১ | | | | | | |
| বিতরণ | - | ১৩২ | ২৫০ | ৩৮২ | ৫০৮৭ | ৫৪৬৯ |
| আদায় | - | ৫১ | ১৭৬ | ২২৭ | ৩৩৭৪ | ৩৬০১ |
| ৩০ জুন, ২০০১* | | | | | | |
| বিতরণ | - | ১৫৩ | ৪০৯ | ৫৬২ | ৭১৩৭ | ৭৬৯৯ |
| আদায় | - | ৭১ | ২৩০ | ৩০১ | ৫১৯৯ | ৫৫০০ |

** প্রাক্কলিত।*

## শিল্পের আকার ভিত্তিক ঋণ

*সারণি-৩*

*(মিলিয়ন টাকায়)*

| ঋণ মঞ্জুরী | শিল্পের আকার | | |
|---|---|---|---|
| | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ডিসেম্বর ৩১, ২০০০ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ৫০ | - | ৫০ |
| পরিমাণ | ২৯৩৭ | - | ২৯৩৭ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ২৪ | - | ২৪ |
| পরিমাণ | ১২১২ | - | ১২১২ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ৫৩ | - | ৫৩ |
| পরিমাণ | ৩২৪০ | - | ৩২৪০ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ৮ | - | ৮ |
| পরিমাণ | ৩৯৩ | - | ৩৯৩ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ১১ | - | ১১ |
| পরিমাণ | ৫৬৭ | - | ৫৬৭ |

** প্রাক্কলিত।*

সারণি-৪

## খাত-ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্য ঃ | - | - | - | - |
| | ক) শস্য | - | - | - | - |
| | খ) শস্য ব্যতীত অন্যান্য | - | - | - | - |
| ২। | শিল্প ঃ | ৫৫০ | ১০৯৬ | ১৬৮৯ | ১৮৭৩ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ৫৫০ | ১০৯৬ | ১৬৮৯ | ১৮৭৩ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | - | - | - | - |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | ২৭৫ | ৪২৬ | ৩৩২ | ৪২৯ |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | ৬ | ৫০ | ৫৫ | ৬৪ |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ৯ | ৬ | ৬ | ২০৭ |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ | | | | |
| | ক) দারিদ্র বিমোচন | | | | |
| | খ) অন্যান্য | | | | |
| ৭। | অন্যান্য | ৩০০৩ | ৩৮৩৭ | ৪৩৭১ | ৪৫০৪ |
| | সর্বমোট | ৩৮৪৩ | ৫৪১৫ | ৬৪৫৩ | ৭০৭৭ |

# আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড ১৯৯৫ সালের ২৭শে সেপ্টেম্বর হতে দেশের তৃতীয় ইসলামী ব্যাংক রূপে কার্যক্রম শুরু করে। এ ব্যাংক তার সমস্ত কার্যক্রম ইসলামী শরীয়াহ্ মোতাবেক পরিচালনা করতে অংগীকারবদ্ধ। এটি সম্পূর্ণ দেশী উদ্যোগে প্রতিষ্ঠিত বেসরকারী ব্যাংক। ব্যাংকটির ২০০০ সালের শেষে অনুমোদিত ও পরিশোধিত

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ২৫৩ | ২৫৩ | ২৫৩ | ২৫৩ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ৭৯৪ | ৯৬৩ | ৯৬৩ | ১০৬৩ |
| ৪। | আমানত ঃ | ৬৫৪৩ | ৭৩০৮ | ৭৪১২ | ৭৫৪৬ |
| | (ক) তলবী আমানত | ৯২০ | ৮০৫ | ৮৮৭ | ৯৭১ |
| | (খ) মেয়াদী আমানত | ৫৬২৩ | ৬৫০৩ | ৬৫২৫ | ৬৫৭৫ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ৩৭৯৪ | ৩৭২৮ | ৩৭৮০ | ৪২০৮ |
| ৬। | বিনিয়োগ | - | - | - | - |
| ৭। | মোট পরিসম্পদ | ৮৯৫৫৬ | ৮৫৮৪৯ | ৮৬৮৫৬ | ৮৭৮৬৪ |
| ৮। | মোট আয় | ৬০২ | ৭৪৮ | ১৩৪ | ২৯৯ |
| ৯। | মোট ব্যয় | ৪৬২ | ৫৯২ | ১১০ | ১৯৫ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ৮১৪৯ | ৯৮৩৫ | ২৪১২ | ৭২৪০ |
| | ক) রপ্তানি | ২৩০৪ | ৩৩২১ | ৬৩৯ | ১৯১৭ |
| | খ) আমদানি | ৫৫৫৬ | ৫৮৮৩ | ১২১২ | ৩৬৩৯ |
| | গ) রেমিটেন্স | ২৮৯ | ৬৩১ | ৫৬১ | ১৬৮৪ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৬৬৪ | ৬৭৪ | ৭০৩ | ৭০৩ |
| | ক) কর্মকর্তা | ৫২৩ | ৫২৩ | ৫৪৯ | ৫৪৯ |
| | খ) কর্মচারী | ১৪১ | ১৫১ | ১৫৪ | ১৫৪ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | - | - | - | - |
| ১৩। | শাখা (সংখ্যায়) ঃ | ৩৫ | ৩৭ | ৩৭ | ৪০ |
| | ক) বাংলাদেশে | ৩৫ | ৩৭ | ৩৭ | ৪০ |
| | খ) বিদেশে | - | - | - | - |

সারণি-২

## খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

| বিবরণ | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | | | | | | |
| বিতরণ | - | ১৬৩ | ৪০ | ২০৩ | ৫২৬০ | ৫৪৬৩ |
| আদায় | - | ৩০ | ২৮ | ৫৮ | ১৬১১ | ১৬৬৯ |
| ২০০০ | | | | | | |
| বিতরণ | ৪ | ১৭৪ | ৯১ | ২৬৫ | ৮৩৫৪ | ৮৬২২ |
| আদায় | ০.০৫ | ৬৯ | ৪১ | ১১০ | ৭৩০৭ | ৭৪১৭ |
| ৩১শে মার্চ, ২০০১* | | | | | | |
| বিতরণ | ৬ | ১২০ | ৩৩ | ১৫৩ | ৪০৫০ | ৪২০৯ |
| আদায় | ২ | ৬১ | ১০ | ৭১ | ২৯২৯ | ৩০০২ |
| ৩০ জুন, ২০০১** | | | | | | |
| বিতরণ | ৯ | ২৪০ | ৬১ | ৩০১ | ৬৯৯২ | ৭৩০২ |
| আদায় | ৫ | ১০৫ | ৪১ | ১৪৬ | ৫৯৯৪ | ৬১৪৫ |

* সাময়িক ** প্রাক্কলিত।

মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০ মিলিয়ন টাকা ও ২৫৩ মিলিয়ন টাকা। ২০০১ সালের মার্চ শেষে ব্যাংকটির শাখার সংখ্যা দাঁড়ায় ৩৭টিতে। ২০০০ সাল শেষে ব্যাংকের মোট জনশক্তি ছিল ৬৭৪ জন, যা ২০০১ সালের মার্চ শেষে ৭০৩ জনে উন্নীত হয়।

ব্যাংকটির ২০০০ সালের ডিসেম্বর শেষে আমানত ছিল

সারণি-৩

## শিল্পের আকার ভিত্তিক ঋণ

(মিলিয়ন টাকায়)

| ঋণ মঞ্জুরী | শিল্পের আকার | | |
|---|---|---|---|
| | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩১শে ডিসেম্বর, ২০০০ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ২১ | ৮ | ২৯ |
| পরিমাণ | ৩৪৮ | ২৫ | ৩৭৩ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ১৭ | ৮ | ২৫ |
| পরিমাণ | ২৪০ | ১৯ | ২৫৯ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ২৯ | ১০ | ৩৯ |
| পরিমাণ | ২৬৬ | ৩১ | ২৯৭ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত * | | | |
| প্রকল্প সংখ্যা | ১৪ | ১ | ১৫ |
| পরিমাণ | ৫৫ | ০.৩৫ | ৫৬ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১ পর্যন্ত ** | | | |
| প্রকল্প সংখ্যা | ২০ | ১০ | ৩০ |
| পরিমাণ | ২০৩ | ৩৩ | ২৩৬ |

* সাময়িক। ** প্রাক্কলিত।

৭৩০৮ মিলিয়ন টাকা, যা ২০০১ সালের মার্চ শেষে ৭৪১২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আল-আরাফাহ্ ব্যাংকের ঋণ ও অগ্রিম ১৯৯৯ সালের তুলনায় ৬৬ মিলিয়ন টাকা হ্রাস পেয়ে ২০০০ সালে ৩৭২৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ব্যাংকটি ২০০০ সালে মোট ১২৫০৫ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে যার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিটেন্স-এর পরিমাণ ছিল যথাক্রমে ৫৮৮৩ মিলিয়ন টাকা এবং ৩৩২১ মিলিয়ন টাকা এবং ৬৩১ মিলিয়ন টাকা।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ-এর শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩-এ দেয়া হলো।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ-এর খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৪

## খাত-ভিত্তিক ঋণের স্থিতি

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্য ঃ | ৩৫ | ৭৬ | ৮৭ | ৯৩ |
| | ক) শস্য | ৩৫ | ০.৩৩ | ০.৩৩ | ০.৫০ |
| | খ) শস্য ব্যতীত অন্যান্য | | ৭৬ | ৮৭ | ৯৩ |
| ২। | শিল্প ঃ | ৫৪ | ৮৬৯ | ৮৮২ | ১০৪১ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ৫৪ | ৩৫০ | ৩৬০ | ৪২১ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | - | ৫১৯ | ৫২২ | ৬২০ |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | ৫৩ | ১০৫৩ | ১০৩০ | ১১২৪ |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | ২৭ | ৩০৪ | ২৫৬ | ৩৭৫ |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ৩৯০ | ৪৬৩ | ৫৮৯ | ৬৭১ |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ | ৫৫ | ৩০ | ৯৫ | ১০০ |
| | ক) দারিদ্র বিমোচন | - | ২ | ২ | ৩ |
| | খ) অন্যান্য | ৫৫ | ২৮ | ৯৩ | ৯৭ |
| ৭। | অন্যান্য | ৩১৮০ | ৯৩২ | ৮৪১ | ৮০৩ |
| | সর্বমোট | ৩৭৯৪ | ৩৭২৮ | ৩৭৮০ | ৪২০৮ |

# সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড

দেশের চতুর্থ ইসলামী ব্যাংক সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড ১৯৯৫ সালের ২২শে নভেম্বর হতে বেসরকারী তফসিলী ব্যাংক রূপে তার কার্যক্রম শুরু করে। দেশী-বিদেশী উদ্যোক্তাগণের যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত এটি একটি বহুজাতিক ব্যাংকিং কোম্পানী যার প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত। এ ব্যাংক ফরমাল, নন-ফরমাল ও ভলান্টারী ব্যাংকিং খাতের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে। ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ হচ্ছে ১০০০ মিলিয়ন টাকা। ২০০০ সালের ডিসেম্বর শেষে ব্যাংকেটির পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় ২৬০ মিলিয়ন টাকা এবং ব্যাংকেটির কর্মরত জনসংখ্যা দাঁড়ায় ৩০৭ জনে, যার মধ্যে ২৬৫ জন কর্মকর্তা এবং অবশিষ্ট ৪২ জন কর্মচারী।

নন-ফরমাল সেক্টর-এর আওতায় এ ব্যাংক দেশের সর্বত্র

ক্ষুদ্র ঋণ গ্রহণে আগ্রহী গ্রাহকদের একাংশ

ছড়িয়ে থাকা উদ্বৃত্ত শ্রম ও সম্পদ সংগ্রহ করে বেকার ও বিত্তহীনদের কর্মসংস্থান, সমাজ সেবা ও সমাজ উন্নয়নমূলক কার্যক্রম, শিক্ষা বিস্তার কর্মসূচী ইত্যাদি প্রকল্পে বিনিয়োগ করছে। নন-ফরমাল খাতে ব্যাংকের সকল শাখার মাধ্যমে এ যাবৎ যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছে তার মধ্যে অন্যতম হলো ঃ

১. পারিবারিক ক্ষমতায়নে মাইক্রো ক্রেডিট এন্ড মাইক্রো এন্টারপ্রাইজ কর্মসূচী।

২. বস্তিবাসীদের আর্থ-সামাজিক উন্নয়নে আত্ম-কর্মসংস্থান কর্মসূচী।

৩. বেনারশী শাড়ী ও তাঁত প্রকল্প।

৪. মনিপুরি উপজাতীয়দের হস্তশিল্প কার্যক্রমে ক্ষুদ্র বিনিয়োগ কর্মসূচী।

৫. সোস্যাল ফেলোশীপ কর্মসূচী।

৬. অনানুষ্ঠানিক বাস্তব জীবন ভিত্তিক ব্যবস্থাপনা স্কুল কর্মসূচী।

উল্লেখিত প্রকল্পসমূহে ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত ৫৫৭৬টি পরিবারে মোট ১২২ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে।

এই ব্যাংক ভলান্টারী খাতে, মূলধন বাজারের কার্যক্রম সংগঠিত করার প্রক্রিয়া হিসেবে, ক্যাশ ওয়াক্ফ সার্টিফিকেট

সারণি-১

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ২০০ | ২৬০ | ২৬০ | ২৬০ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ১৭ | ৩২ | ৩২ | ৩২ |
| ৪। | আমানত ঃ | ৩৯০০ | ৪৮৬৩ | ৫৫১৫ | ৫৯৩২ |
| | (ক) তলবী আমানত | ১০২৯ | ৪১১ | ৩৮৪ | ৩৮৬ |
| | (খ) মেয়াদী আমানত | ২৮৭১ | ৪৪৫২ | ৫১৩১ | ৫৫৪৬ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ২১৯২ | ৩৫২২ | ৩৮১০ | ৪১৮৬ |
| ৬। | বিনিয়োগ | .০৬২ | .০৬২ | .০৬২ | .০৬২ |
| ৭। | মোট পরিসম্পদ | ৪৭৫৩ | ৬৬৮৮ | ৮৯১৫ | ১০১০০ |
| ৮। | মোট আয় | ৫৫৬ | ৬৪১ | ২৩৯ | ৪৭৮ |
| ৯। | মোট ব্যয় | ৩৭৯ | ৪০৫ | ১৯৯ | ৪০০ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ১৯১৫ | ৩৫৪৭ | ১৭৬০ | ৩২১৫ |
| | ক) রপ্তানি | ১৪০ | ৫৩১ | ৫৫২ | ৬৫৫ |
| | খ) আমদানি | ১৭১৯ | ২৯৮৩ | ১১৯১ | ২৫২০ |
| | গ) রেমিটেন্স | ৫৬ | ৩৩ | ১৭ | ৪০ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ২৫৮ | ৩০৭ | ৩০৫ | ৪৫০ |
| | ক) কর্মকর্তা | ২১৬ | ২৬৫ | ২৬৩ | ৩৯২ |
| | খ) কর্মচারী | ৪২ | ৪২ | ৪২ | ৫৮ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ৫৬ | ৫৯ | ৬০ | ৬৫ |
| ১৩। | শাখা (সংখ্যায়) ঃ | ১২ | ১৪ | ১৪ | ২০ |
| | ক) বাংলাদেশে | ১২ | ১৪ | ১৪ | ২০ |
| | খ) বিদেশে | - | - | - | - |

## খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

| বিবরণ | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | | | | | | |
| বিতরণ | - | ৩২ | ৮৯ | ১২১ | ৪৫২৬ | ৪৬৪৭ |
| আদায় | - | ২৪ | ৭৮ | ১০২ | ২৮৭৩ | ২৯৭৫ |
| ২০০০ | | | | | | |
| বিতরণ | - | ৫২ | ১৪৩ | ১৯৫ | ৭৭২১ | ৭৯১৬ |
| আদায় | - | ২৯ | ৮৯ | ১১৮ | ৫২৯০ | ৫৪০৮ |
| ৩১শে মার্চ, ২০০১* | | | | | | |
| বিতরণ | - | ১৪ | ৫৯ | ৭৩ | ৬১৮৫ | ৬২৫৮ |
| আদায় | - | ৫ | ৩৬ | ৪১ | ৪২৫৩ | ৪২৯৪ |
| ৩০শে জুন, ২০০১** | | | | | | |
| বিতরণ | - | ২১ | ৮০ | ১০১ | ৭০০২ | ৭১০৩ |
| আদায় | - | ১৭ | ৬৮ | ৮৫ | ৪৩৭০ | ৪৪৫৫ |

* সাময়িক ** প্রাক্কলিত।

স্কীম চালু করেছে। ক্যাশ ওয়াক্ফ হচ্ছে সমাজে বিত্তশালীদের সঞ্চয়ের একটি অংশ দিয়ে ক্যাশ ওয়াক্ফ সার্টিফিকেট ক্রয়পূর্বক এর অর্জিত আয়ের দ্বারা বিভিন্ন ধর্মীয় শিক্ষা এবং সামাজিক সেবায় বিনিয়োগ করার একটি মহৎ প্রয়াস।

ব্যাংকটির ২০০০ সালের ডিসেম্বর শেষে আমানতের পরিমাণ দাঁড়ায় ৪৮৬৩ মিলিয়ন টাকা। এর মধ্যে ৪১১ মিলিয়ন টাকা

## শিল্পের আকার ভিত্তিক বিনিয়োগ

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

| বিনিয়োগ মঞ্জুরী | শিল্পের আকার | | |
|---|---|---|---|
| | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত : ৩১শে ডিসেম্বর, ২০০০ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ৪ | ১২২ | ১২৬ |
| পরিমাণ | ৪৩ | ৭৫ | ১১৮ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ৩ | ৫৩ | ৫৬ |
| পরিমাণ | ৪১ | ৭৫ | ১১৬ |
| ক্রমপুঞ্জিভূত : মার্চ ৩১, ২০০১ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | - | ১৩১ | ১৩১ |
| পরিমাণ | - | ৮৯ | ৮৯ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | - | ২১ | ২১ |
| পরিমাণ | - | ১০৪ | ১০৪ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১** পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ৩ | ২৬ | ২৯ |
| পরিমাণ | ৪ | ১২৮ | ১৩২ |

** প্রাক্কলিত।

তলবী আমানত এবং ৪৪৫২ মিলিয়ন টাকা মেয়াদী আমানত। ২০০০ সাল শেষে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ৩৫২২ মিলিয়ন টাকায়। ২০০০ সালে ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় ৩৫৪৭ মিলিয়ন টাকা, যার মধ্যে রপ্তানি ৫৩১ মিলিয়ন, আমদানি ২৯৮৩ মিলিয়ন ও রেমিটেন্স ৩৩ মিলিয়ন টাকা।

সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেডের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিঃ-এর ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিঃ-এর শিল্পের আকার ভিত্তিক ঋণের তথ্যাদি সারণি-৩-এ দেয়া হলো।

সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিঃ-এর খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

## খাত-ভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্য ঃ | - | - | - | - |
| | ক) শস্য | - | - | - | - |
| | খ) শস্য ব্যতীত অন্যান্য | - | - | - | - |
| ২। | শিল্প ঃ | ৬৩ | ১১২ | ৭৫ | ১০২ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ২২ | ৪৪ | - | - |
| | খ) ক্ষুদ্র ও কুটির | ৪১ | ৬৮ | ৭৫ | ১০২ |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | ১১৫৬ | ১৯০৩ | ২৫৩২ | ২৮১৮ |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | ১২২ | ১৯৩ | ১৭৩ | ২০৬ |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ১৭৩ | ১৯৫ | ৩০৯ | ৩৩৯ |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ | ৫৩ | ৬২ | ৬৪ | ৬৮ |
| | ক) দারিদ্র বিমোচন | ২২ | ৩৪ | ৩৪ | ৩৮ |
| | খ) অন্যান্য | ৩১ | ২৮ | ৩০ | ৩০ |
| ৭। | অন্যান্য | ৬২৫ | ১০৫৮ | ৬৫৭ | ৬৫৩ |
| | সর্বমোট | ২১৯২ | ৩৫২৩ | ৩৮১০ | ৪১৮৬ |

# ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড

ইউরোপ-বাংলাদেশ যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড ১৯৯৬ সালের ৩রা জুন হতে বাংলাদেশে ব্যাংকিং ব্যবসা শুরু করে। দি নেদারল্যান্ডস ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানি (FMO) এবং বাংলাদেশী উদ্যোক্তাগণের যৌথ উদ্যোগে ব্যাংকটি প্রতিষ্ঠিত হয়েছে। ২০০০ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ যথাক্রমে ৪০০ মিলিয়ন ও ১৮০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মোট ৭ জন পরিচালকের সমন্বয়ে গঠিত একটি পর্ষদ ব্যাংকটি পরিচালনা করেন যার মধ্যে ৫ জন স্থানীয় এবং ২ জন বিদেশী। বর্তমানে ব্যাংকটির ৯টি শাখা তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ২০০০ সালে ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ২৪৮ জন, যার মধ্যে ২৪৬ জন কর্মকর্তা। ২০০১ সালের মার্চ শেষে ব্যাংকটির কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ২৮৯ জনে উন্নীত হয়।

*ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি সাইকেল প্রস্তুতকারী শিল্প।*

ব্যাংকটির ২০০০ সালের ডিসেম্বর শেষে আমানতের পরিমাণ ছিল ৬১২০ মিলিয়ন টাকা যা ২০০০ সালের ৩১শে মার্চ তারিখে ৬৪৯১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০০ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংকটির মোট ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৪৫৮৮ মিলিয়ন টাকায়। ২০০১ সালের ৩১শে মার্চ পর্যন্ত এর পরিমাণ ৫২৪০ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে।

ব্যাংকটির ২০০০ সালের ডিসেম্বর পর্যন্ত মোট বিনিয়োগের পরিমাণ ছিল ৮৪২ মিলিয়ন টাকা। ২০০০ সালে ব্যাংকটি ১১৯৭৬ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, তন্মধ্যে রপ্তানি ৩৪৩৪ মিলিয়ন টাকা, আমদানি ৮৩২৯ মিলিয়ন টাকা এবং রেমিটেন্স ২১৩ মিলিয়ন টাকা। ২০০১ সালের ৩১শে মার্চ পর্যন্ত এ ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় মোট ৩৭৭৯ মিলিয়ন টাকা, তন্মধ্যে রপ্তানি ১২১০ মিলিয়ন টাকা, আমদানি ২৪৭৫ মিলিয়ন টাকা এবং রেমিটেন্স ৯৪ মিলিয়ন টাকা।

রাইডার, দূরন্ত, ট্যাক্সি ক্যাব ইত্যাদি ডাচ-বাংলা ব্যাংকের উল্লেখযোগ্য পরিবহন প্রকল্প। ছাত্র-ছাত্রীদের নিরাপদে শিক্ষা প্রতিষ্ঠানে যাতায়াতের জন্য সহজ শর্তে যানবাহন ক্রয়ের জন্য ব্যাংক 'Student Transport Scheme' চালু করেছে।

সারণি-১

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ৪০০ | ৪০০ | ৪০০ | ৪০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ১৮০ | ১৮০ | ২০২ | ২০২ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ২৩ | ৬৫ | ৮১ | ১২২ |
| ৪। | আমানত ঃ | ৩৫১৩ | ৬১২০ | ৬৪৯১ | ৭৬৭০ |
| | ক) তলবী আমানত | ৫৩৪ | ৯১০ | ১০৭৯ | ১৩০০ |
| | খ) মেয়াদী আমানত | ২৯৭৯ | ৫২১০ | ৫৪১২ | ৬৩৭০ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ২২৮৪ | ৪৫৮৮ | ৫২৪১ | ৬০৩৪ |
| ৬। | বিনিয়োগ | ৩৫১ | ৮৪২ | ৮২১ | ১৩৩৫ |
| ৭। | মোট পরিসম্পদ | ৩৯৭৬ | ৬৯৬৬ | ৭৪১৭ | ৯৫১৪ |
| ৮। | মোট আয় | ৪৩১ | ৭৬৭ | ২৪৯ | ৬৩০ |
| ৯। | মোট ব্যয় | ৩৩২ | ৫৩৩ | ১৬৫ | ৩৭৪ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ৫৮১৭ | ১১৯৭৬ | ৩৭৭৯ | ১০০৯৩ |
| | ক) রপ্তানি | ১১৭৭ | ৩৪৩৪ | ১২১০ | ৩১৯৭ |
| | খ) আমদানি | ৪৪১৩ | ৮৩২৯ | ২৪৭৫ | ৬৬৯০ |
| | গ) রেমিটেন্স | ২২৭ | ২১৩ | ৯৪ | ২০৬ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ১৭৬ | ২৪৮ | ২৮৯ | ৩১৪ |
| | ক) কর্মকর্তা | ১৭৪ | ২৪৬ | ২৮৭ | ৩১২ |
| | খ) কর্মচারী | ২ | ২ | ২ | ২ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ১৩ | ৫৪ | ৫৫ | ৬০ |
| ১৩। | শাখা (সংখ্যায়) ঃ | ৬ | ৯ | ৯ | ১৩ |
| | ক) বাংলাদেশে | ৬ | ৯ | ৯ | ১৩ |
| | খ) বিদেশে | - | - | - | - |

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | বিতরণ | ২৩১ | ৯৯৮ | ১২২৯ | ৪৩৪২ | ৫৫৭১ |
| | আদায় | ৪৩ | ২৬১ | ৩০৪ | ৩৮৭৬ | ৪১৮০ |
| ২০০০ | বিতরণ | ৫১৮ | ৭৬৫ | ১২৮৩ | ১৫২১৯ | ১৬৫০২ |
| | আদায় | ১২৩ | ২৫৯ | ৩৮২ | ১৩৫৯২ | ১৩৯৭৪ |
| ৩১শে মার্চ, ২০০১* | বিতরণ | ২০৮ | ৯৭৩ | ১১৮১ | ৪১৭৩ | ৫৩৫৪ |
| | আদায় | ৩৫ | ৬১৬ | ৬৫১ | ৩৯৬৫ | ৪৬১৬ |
| ৩০শে জুন, ২০০১** | বিতরণ | ১৮৯ | ১০৯৯ | ১২৮৮ | ৫১১২ | ৬৪০০ |
| | আদায় | ৬২ | ৬৯৭ | ৭৫৯ | ৪৮১০ | ৫৫৬৯ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

এছাড়া, ব্যাংক স্বাস্থ্য সেবা সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দেয়ার উদ্দেশ্যে 'First Aid Station', 'Mobile Clinic' ও 'Ambulance' ক্রয়ের জন্য 'Rescue Transport Scheme' চালু করেছে।

ডাচ-বাংলা ব্যাংক লিমিটেডের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

## শিল্পের আকার ভিত্তিক বিনিয়োগ

সারণি-৩

*(মিলিয়ন টাকায়)*

| বিনিয়োগ মঞ্জুরী | | শিল্পের আকার | | |
|---|---|---|---|---|
| | | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ৪৭ | ২০ | ৬৭ |
| | পরিমাণ | ১২১১ | ১৯১ | ১৪০২ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ৩০ | ১১ | ৪১ |
| | পরিমাণ | ৮২১ | ৭৬ | ৮৯৭ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ৫৪ | ২০ | ৭৪ |
| | পরিমাণ | ১৬৯৮ | ২৬০ | ১৯৫৮ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ৭ | - | ৭ |
| | পরিমাণ | ৭০ | - | ৭০ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১* পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ১৭ | ৩ | ২০ |
| | পরিমাণ | ৪৯৯ | ৩৩ | ৫৩২ |

** প্রাক্কলিত।*

## ঋণ বিতরণ ও আদায়

ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড ২০০০ সালে মোট ১৬৫০২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ১৩৯৭৪ মিলিয়ন টাকা আদায় করে। ২০০০ সালে বিতরণকৃত ঋণের মধ্যে ১২৮৩ মিলিয়ন টাকা ছিল শিল্প ঋণ।

ব্যাংকটির খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের গতিধারা সারণি-২-এ দেয়া হলো।

সারণি-৪

### খাত-ভিত্তিক ঋণের স্থিতি

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্যঃ | - | - | - | |
| ২। | শিল্প ঃ | ৯০৭ | ১০৭৩ | ১৪৯২ | ১৯৫৬ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ৭৫৯ | ৯৮৯ | ১৩৫০ | ১৭৩৬ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | ১৪৭ | ৮৪ | ১৪২ | ২২০ |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | ৪৮০ | ৯৩৭ | ১১২০ | ১৩৫০ |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | ৮৩ | ৮৮ | ৮৯ | ১২১ |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ৫০ | ৮৯ | ৮৭ | ৯১ |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ | | | | |
| | ক) দারিদ্র বিমোচন | | | | |
| | খ) অন্যান্য | | | | |
| ৭। | অন্যান্য | ৭৬৫ | ২৪০০ | ২৫৫৫ | ২৮২২ |
| | সর্বমোট | ২২৮৪ | ৪৫৮৮ | ৫২৪১ | ৬৩৪০ |

# মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড

মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড ১৯৯৯ সালের ২রা জুন ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এটি সম্পূর্ণ দেশী উদ্যোগে প্রতিষ্ঠিত বেসরকারী ব্যাংক। ২০০০ সালের শেষে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৮০০ মিলিয়ন টাকা ও ২৪৫ মিলিয়ন টাকা। ২০০১ সালের মার্চ শেষে ব্যাংকটির শাখার সংখ্যা দাঁড়ায় ১০টি এবং মোট

সারণি-১

**অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য**

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ৮০০ | ৮০০ | ৮০০ | ৮০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ২৪৫ | ২৪৫ | ২৭৭ | ২৭৭ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ৭ | ১০৪ | ৭২ | ৭২ |
| ৪। | আমানত ঃ | ৩১০৫ | ৮৬৩৫ | ৭৭০৭ | ৮৮০০ |
| | ক) তলবী আমানত | ১৭৭১ | ৩৪১৯ | ৩০৮৩ | ৩৫২০ |
| | খ) মেয়াদী আমানত | ১৩৩৪ | ৫২১৬ | ৪৬২৪ | ৫২৮০ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ৮৭১ | ৩৯১৩ | ৪০২২ | ৫০০০ |
| ৬। | বিনিয়োগ | ৭০ | ৪৫০ | ৬০৪ | ৭৫০ |
| ৭। | মোট পরিসম্পদ | ৪৭৬৫ | ৯৩৬৫ | ১০৩০০ | ১২৩৬০ |
| ৮। | মোট আয় | ১১৫ | ৬৬৯ | ৩০৩ | ৬০০ |
| ৯। | মোট ব্যয় | ৯৫ | ৪৭৭ | ২৪৮ | ৪৫০ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ৩১৫০ | ১৬১৪৩ | ৫৮৩৫ | ১১২০০ |
| | ক) রপ্তানি | ১০১১ | ৬৫৫৪ | ২৩৯৪ | ৫০০০ |
| | খ) আমদানি | ২০৯৬ | ৯২২০ | ৩৩৪৫ | ৬০০০ |
| | গ) রেমিটেন্স | ৪৩ | ৩৬৯ | ৯৬ | ২০০ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ১৬৭ | ২১৯ | ২২৬ | ২৭৫ |
| | ক) কর্মকর্তা | ১৬১ | ২১০ | ২১৬ | ২৬০ |
| | খ) কর্মচারী | ৬ | ৯ | ১০ | ১৫ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ৭০ | ১০২ | ১০২ | ১২০ |
| ১৩। | শাখা (সংখ্যায়) ঃ | ৪ | ১০ | ১০ | ১৪ |
| | ক) বাংলাদেশে | ৪ | ১০ | ১০ | ১৪ |
| | খ) বিদেশে | - | - | - | - |

### ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | | | | | | |
| বিতরণ | - | ১৭২ | ২৪৫ | ৪১৭ | ৮১৯ | ১২৩৬ |
| আদায় | - | ৩৫ | ৩০ | ৬৫ | ৩০০ | ৩৬৫ |
| ২০০০ | | | | | | |
| বিতরণ | - | ২৮৮ | ১৬৩৭ | ১৯২৫ | ২৪৫৯ | ৪৩৮৪ |
| আদায় | - | ৪৯ | ৫৯৭ | ৬৪৬ | ৬৯৭ | ১৩৪৩ |
| ৩১শে মার্চ, ২০০১* | | | | | | |
| বিতরণ | - | ৩০ | ৮৬ | ১১৬ | ২০৫ | ৩২১ |
| আদায় | - | ২২ | ৭৬ | ৯৮ | ১১৪ | ২১২ |
| ৩০শে জুন, ২০০১** | | | | | | |
| বিতরণ | - | ১৪৪ | ৫০৭ | ৬৫১ | ৭৬১ | ১৪১২ |
| আদায় | - | ৪৩ | ১৫২ | ১৯৫ | ২২৮ | ৪২৩ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

জনশক্তির সংখ্যা দাঁড়ায় ২২৬ জনে, তন্মধ্যে কর্মকর্তা ২১৬ জন এবং কর্মচারী ১০ জন।

মার্কেন্টাইল ব্যাংক জনসাধারণের সুবিধার্থে বিভিন্ন প্রকল্প চালু করেছে। তন্মধ্যে উল্লেখযোগ্য প্রকল্পসমূহ হলো ঃ-

ক) মাসিক মুনাফা প্রকল্প

খ) মাসিক সঞ্চয় প্রকল্প

### শিল্পের আকার ভিত্তিক ঋণ

সারণি-৩

*(মিলিয়ন টাকায়)*

| ঋণ মঞ্জুরী | শিল্পের আকার | | |
|---|---|---|---|
| | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩১শে ডিসেম্বর, ২০০০ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ৩৬ | - | ৩৬ |
| পরিমাণ | ৪৬০ | - | ৪৬০ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ২৫ | - | ২৫ |
| পরিমাণ | ২৮৯ | - | ২৮৯ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | ৩৮ | - | ৩৮ |
| পরিমাণ | ৪৯০ | - | ৪৯০ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ২ | - | ২ |
| পরিমাণ | ৩০ | - | ৩০ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১** পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ১০ | - | ১০ |
| পরিমাণ | ১৪৪ | - | ১৪৪ |

*** প্রাক্কলিত।*

গ) অগ্রিম সঞ্চয় প্রকল্প
ঘ) দ্বিগুণ বৃদ্ধি আমানত প্রকল্প
ঙ) বিশেষ সঞ্চয় প্রকল্প
চ) কনজ্যুমার্স ক্রেডিট স্কীম
ছ) ক্ষুদ্র ঋণ প্রকল্প।
জ) ডাক্তার ঋণ প্রকল্প।

মার্কেন্টাইল ব্যাংকের ২০০০ সালের ডিসেম্বর শেষে মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ৮৬৩৫ মিলিয়ন টাকা। তন্মধ্যে তলবী ও মেয়াদী আমানতের পরিমাণ যথাক্রমে ৩৪১৯ মিলিয়ন ও ৫২১৬ মিলিয়ন টাকা। উক্ত সময়ে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিলো ৩৯১৩ মিলিয়ন টাকা, যা বৃদ্ধি পেয়ে ২০০১ সালের মার্চ শেষে ৪০২২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০০ সালে ব্যাংকটি মোট ১৬১৪৩ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, যার মধ্যে রপ্তানি ৬৫৫৪ মিলিয়ন টাকা, আমদানি ৯২২০ মিলিয়ন টাকা এবং রেমিটেন্স ৩৬৯ মিলিয়ন টাকা। ২০০১ সালের প্রথম ৩ মাসে বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় ৫৮৩৫ মিলিয়ন টাকা, যার মধ্যে রপ্তানি ২৩৯৪ মিলিয়ন টাকা, আমদানি ৩৩৪৫ মিলিয়ন টাকা এবং রেমিটেন্স ৯৬ মিলিয়ন টাকা।

মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

## ঋণ বিতরণ ও আদায়

মার্কেন্টাইল ব্যাংক ২০০০ সালে মোট ৪৩৮৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ১৩৪৩ মিলিয়ন টাকা আদায় করে। যেখানে শিল্প ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ১৯২৫ মিলিয়ন ও ৬৪৬ মিলিয়ন টাকা। ২০০১ সালের প্রথম তিন মাসে মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩২১ মিলিয়ন টাকা ও ২১২ মিলিয়ন টাকা।

মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড-এর ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

ব্যাংকটির শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী ও খাতভিত্তিক ঋণের স্থিতি যথাক্রমে সারণি-৩ ও ৪-এ দেয়া হলো।

সারণি-৪

### খাত-ভিত্তিক ঋণের স্থিতি

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্যঃ<br>ক) শস্য<br>খ) শস্য ব্যতীত অন্যান্য | | | | |
| ২। | শিল্প ঃ<br>ক) বৃহৎ ও মাঝারী<br>খ) ক্ষুদ্র ও কুটির | ২৭০<br>২৭০<br>- | ১৪১০<br>১৪১০<br>- | ১৫০৪<br>১৫০৪<br>- | ১৮৫০<br>১৮৫০<br>- |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | | | | |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | | | | |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ১১০ | ১৫৭ | ১৫৩ | ২০০ |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ<br>ক) দারিদ্র বিমোচন<br>খ) অন্যান্য | ৮৭<br>-<br>৮৭ | ২৪৫<br>-<br>২৪৫ | ২৫১<br>-<br>২৫১ | ৩০০<br>-<br>৩০০ |
| ৭। | অন্যান্য | ৪০৪ | ২১০১ | ২১১৪ | ২৬৫০ |
| | সর্বমোট | ৮৭১ | ৩৯১৩ | ৪০২২ | ৫০০০ |

# স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড ১৯৯৯ সালের ৩রা জুন আনুষ্ঠানিকভাবে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। দ্রুত চলমান অর্থনৈতিক কর্মকান্ডের সংগে সামঞ্জস্য রেখে উন্নতমানের অর্থনৈতিক সেবা প্রদানের জন্য দেশে বেসরকারী খাতে ব্যাংক ব্যবসায়ের বিস্তৃতি ঘটানোর লক্ষ্যে সরকারের গৃহীত নীতিমালার আওতায় স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড প্রতিষ্ঠিত হয়।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ৭৫০ | ৭৫০ | ৭৫০ | ৭৫০ |
| ২। | পরিশোধিত মূলধন | ২০০ | ২০০ | ২০০ | ২০০ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ০১ | ১০ | ১০ | ১০ |
| ৪। | আমানত ঃ | ১৪৩৯ | ২০৫৪ | ১৬০৬ | ২০০০ |
| | ক) তলবী আমানত | ৬৮১ | ৩৮৩ | ৩৪১ | ৪১৯ |
| | খ) মেয়াদী আমানত | ৭৫৮ | ১৬৭১ | ১২৬৫ | ১৫৮১ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ১২৯ | ৭৫২ | ৯৪৫ | ১২২৯ |
| ৬। | বিনিয়োগ | ১০০ | ২২২ | ১৯১ | ২২০ |
| ৭। | মোট পরিসম্পদ | ৩৩৫০ | ২৩৩৫ | ১৭০৭ | ২৩৯০ |
| ৮। | মোট আয় | ৮৯ | ৩৩৯ | ৮৬ | ১৬০ |
| ৯। | মোট ব্যয় | ৮৩ | ২৮৭ | ৮৪ | ১১০ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ১৪৩ | ১৫৪২ | ১৯৪৬ | ২২২৬ |
| | ক) রপ্তানি | - | ৮৩ | ৯২ | ১২২ |
| | খ) আমদানি | ১৪৩ | ১৪৫৭ | ১৮৫২ | ২১০২ |
| | গ) রেমিটেন্স | - | ২ | ২ | ২ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ১২৫ | ২৪৪ | ২৫৪ | ২৮২ |
| | ক) কর্মকর্তা | ৮৮ | ১৮১ | ১৮৩ | ১৯৯ |
| | খ) কর্মচারী | ৩৭ | ৬৩ | ৭১ | ৮৩ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ৮ | ১১ | ১১ | ১১ |
| ১৩। | শাখা (সংখ্যায়) ঃ | ৪ | ৯ | ৯ | ১০ |
| | ক) বাংলাদেশে | ৪ | ৯ | ৯ | ১০ |
| | খ) বিদেশে | - | - | - | - |

| খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় | | | | | | সারণি-২ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| বিবরণ | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | | | | | | |
| বিতরণ | - | - | - | - | ২৭৩ | ২৭৩ |
| আদায় | - | - | - | - | ১৪৫ | ১৪৫ |
| ২০০০ | | | | | | |
| বিতরণ | - | ২১০ | ১১২ | ৩২২ | ১২১৮ | ১৫৪০ |
| আদায় | - | ৩৩ | ৮০ | ১১৩ | ৮২১ | ৯৩৪ |
| ৩১শে মার্চ, ২০০১* | | | | | | |
| বিতরণ | - | ২৭২ | ২৪৫ | ৫১৭ | ১৪৫৩ | ১৯৭০ |
| আদায় | - | ৩৪ | ৮১ | ১১৫ | ১০৪২ | ১১৫৭ |
| ৩০শে জুন, ২০০১** | | | | | | |
| বিতরণ | - | ৩১৪ | ৩৪৫ | ৬৫৯ | ১৮৬৮ | ২৫২৭ |
| আদায় | - | ৩৪ | ৯২ | ১২৬ | ১১৫৬ | ১২৮২ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

এই ব্যাংকের সকল কার্যক্রম কম্পিউটার প্রযুক্তির আওতায় উন্নত মানের ব্যাংকিং সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন হয়। যার ফলে, গ্রাহকদের অত্যন্ত কম সময়ের মধ্যে সর্বোত্তম সেবাদান সম্ভব হচ্ছে। এক শাখার আমানতকারী যাতে অন্য শাখা থেকে টাকা তুলতে পারেন সেজন্য অচিরেই অন-লাইন ব্যাংকিং সার্ভিস চালু করার পরিকল্পনা রয়েছে। ৩১শে মার্চ, ২০০১

| শিল্পের আকার ভিত্তিক ঋণ | | | | সারণি-৩ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|---|
| ঋণ মঞ্জুরী | | শিল্পের আকার | | |
| | | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | - | - | - |
| | পরিমাণ | - | - | - |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | - | - | - |
| | পরিমাণ | - | - | - |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ১ | - | ১ |
| | পরিমাণ | ১৭ | - | ১৭ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ১ | - | ১ |
| | পরিমাণ | ১৭ | - | ১৭ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১* পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ৭ | - | ৭ |
| | পরিমাণ | ৫৩ | - | ৫৩ |

** প্রাক্কলিত।*

শেষে এ ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৭৫০ মিলিয়ন ও ২০০ মিলিয়ন টাকা। ২০০০ সালের মার্চ শেষে ব্যাংকটির মোট জনশক্তি দাঁড়ায় ২৫৪ জনে; যার মধ্যে ১৮৩ জন কর্মকর্তা। উক্ত সময় শেষে ব্যাংকের মোট শাখার সংখ্যা দাঁড়ায় ৯টিতে।

ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০০০ সাল শেষে দাঁড়ায় ২০৫৪ মিলিয়ন টাকা, যার মধ্যে তলবী ও মেয়াদী আমানতের পরিমাণ যথাক্রমে ৩৮৩ মিলিয়ন ও ১৬৭১ মিলিয়ন টাকা। উক্ত সময়ে ঋণ ও আগামের পরিমাণ ছিল ৭৫২ মিলিয়ন টাকা। ২০০০ সালে এই ব্যাংকে মোট ১৫৪২ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে। এর মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিটেন্স-এর পরিমাণ ছিল যথাক্রমে ৮৩ মিলিয়ন, ১৪৫৭ মিলিয়ন ও ২ মিলিয়ন টাকা। ২০০০ সালে ব্যাংকের আয় ও ব্যয়ের পরিমাণ ছিল যথাক্রমে ৩৩৯ মিলিয়ন ও ২৮৭ মিলিয়ন টাকা।

স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

## ঋণ বিতরণ ও আদায়

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেডের ২০০০ সালে মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৫৪০ মিলিয়ন ও ৯৩৪ মিলিয়ন টাকা, যার মধ্যে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ হলো ৩২২ মিলিয়ন ও ১১৩ মিলিয়ন টাকা। উক্ত সময়ে কৃষি খাতে এ ব্যাংকের কোন ঋণ কর্মসূচী নেই।

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেডের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেডের শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী এবং খাত ভিত্তিক ঋণের স্থিতি যথাক্রমে সারণি-৩ এবং সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৪

**খাত-ভিত্তিক ঋণের স্থিতি**

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | **কৃষি ও মৎস্যঃ** | - | - | - | - |
| | ক) শস্য | - | - | - | - |
| | খ) শস্য ব্যতীত অন্যান্য | - | - | - | - |
| ২। | **শিল্প ঃ** | | ৬২ | ৮১ | ৯৯ |
| | ক) বৃহৎ ও মাঝারী | - | ৬২ | ৮১ | ৯৯ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | - | - | - | - |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | ৪ | ২১৯ | ২৮৬ | ৩৭৮ |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | - | - | - | ২০ |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ১২ | ২৩১ | ২৬৫ | ৩৩৮ |
| ৬। | **বিশেষ ঋণ কর্মসূচী ঃ** | - | - | - | - |
| | ক) দারিদ্র বিমোচন | - | - | - | - |
| | খ) অন্যান্য | - | - | - | - |
| ৭। | অন্যান্য | ১১৩ | ২৪০ | ৩১৩ | ৩৯৪ |
| | সর্বমোট | ১২৯ | ৭৫২ | ৯৪৫ | ১১২৯ |

# ওয়ান ব্যাংক লিমিটেড

ওয়ান ব্যাংক লিমিটেড ১০০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ২০৩ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে ১৯৯৯ সালের জুলাই মাসে কার্যক্রম শুরু করে। ২০০০ সালের শেষে ব্যাংকটির মোট শাখা ও জনশক্তির সংখ্যা ছিল যথাক্রমে ৪টি ও ১০৯ জন। মোট জনশক্তির ৯৮ জন ছিল কর্মকর্তা এবং ১১ জন কর্মচারী।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ২০৩ | ২০৩ | ২০৩ | ২০৩ |
| ৩। | রিজার্ভ ফান্ড | - | ৩ | ৩ | ৩ |
| ৪। | আমানত ঃ | ৮৫৭ | ২২৬৭ | ২২১৭ | ৩০৯০ |
| | ক) তলবী আমানত | ৫১ | ৩০২ | ৩৮৪ | ৯২৭ |
| | খ) মেয়াদী আমানত | ৮০৬ | ১৯৬৫ | ১৮৩৩ | ২১৬৩ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ২১০ | ১৬৩০ | ২১৪৮ | ২৬৮০ |
| ৬। | বিনিয়োগ | ৮০ | ২৪০ | ২৮০ | ৩০০ |
| ৭। | মোট পরিসম্পদ | ১২২৪ | ২৭২২ | ৩১১৯ | ৩৯৯৮ |
| ৮। | মোট আয় | ৩৬ | ৮৫ | ৩৯ | ১০৬ |
| ৯। | মোট ব্যয় | ৩৮ | ৫৫ | ১৮ | ৫৪ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ৩০১ | ২৬১৮ | ১৫০৪ | ৩৭৯৮ |
| | ক) রপ্তানি | ৩৩ | ১৮৬ | ৮৩ | ৯৬০ |
| | খ) আমদানি | ২৩৩ | ২৩৭০ | ১৩৭৭ | ২৭৮০ |
| | গ) রেমিটেন্স | ৩৫ | ৬২ | ৪৪ | ৫৮ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৬৩ | ১০৯ | ১১৩ | ১১৮ |
| | ক) কর্মকর্তা | ৫৫ | ৯৮ | ১০২ | ১০৬ |
| | খ) কর্মচারী | ৮ | ১১ | ১১ | ১২ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | | | | |
| ১৩। | শাখা (সংখ্যায়) ঃ | ১ | ৪ | ৫ | ৫ |
| | ক) বাংলাদেশে | ১ | ৪ | ৫ | ৫ |
| | খ) বিদেশে | - | - | - | - |

## খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | | | | | | |
| বিতরণ | - | - | ৬০ | ৬০ | ২১৬ | ২৭৬ |
| আদায় | - | - | ৩০ | ৩০ | ৩৬ | ৬৬ |
| ২০০০ | | | | | | |
| বিতরণ | - | ৩০৭ | ৪০৩ | ৭১০ | ৬৯০ | ১৪০০ |
| আদায় | - | ১৩ | ১৯২ | ২০৫ | ৫৫০ | ৭৫৫ |
| ৩১শে মার্চ, ২০০১* | | | | | | |
| বিতরণ | - | ১৩৬ | ৩৬১ | ৪৯৭ | ৩৩১ | ৮২৮ |
| আদায় | - | ১৪২ | ৩০ | ১৭২ | ৪৪৫ | ৬১৭ |
| ৩০শে জুন, ২০০১** | | | | | | |
| বিতরণ | - | ১০৫ | ২৫৫ | ৩৬০ | ৫০৫ | ৮৬৫ |
| আদায় | - | ১২৫ | ৩৫৫ | ৪৮০ | ৪০৫ | ৮৮৫ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

ওয়ান ব্যাংক লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ ২০০০ সাল শেষে দাঁড়ায় ২২৬৭ মিলিয়ন টাকা, যার মধ্যে তলবী ও মেয়াদী আমানতের পরিমাণ যথাক্রমে ৩০২ মিলিয়ন ও ১৯৬৫ মিলিয়ন টাকা। ২০০১ সালের মার্চ শেষে মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ২২১৯ মিলিয়ন টাকায়। ২০০০ সালের শেষে ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ১৬৩০ মিলিয়ন টাকা,

## শিল্পের আকার ভিত্তিক ঋণ

*সারণি-৩*

*(মিলিয়ন টাকায়)*

| ঋণ মঞ্জুরী | শিল্পের আকার | | |
|---|---|---|---|
| | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত : ৩১শে ডিসেম্বর, ২০০০ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ১০ | - | ১০ |
| পরিমাণ | ৪৪৬ | - | ৪৪৬ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ১০ | - | ১০ |
| পরিমাণ | ৩০৭ | - | ৩০৭ |
| ক্রমপুঞ্জিভূত : মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ১০ | - | ১০ |
| পরিমাণ | ৫৮২ | - | ৫৮২ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ১০ | - | ১০ |
| পরিমাণ | ১৩৬ | - | ১৩৬ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১** পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ১৪ | - | ১৪ |
| পরিমাণ | ৮২৩ | - | ৮২৩ |

*** প্রাক্কলিত।*

যা শতকরা ৩২ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০১ সালের মার্চ শেষে ২১৪৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০০ সালের শেষে বিনিয়োগের পরিমাণ ছিল ২৪০ মিলিয়ন টাকা। ২০০০ সালে ব্যাংক মোট ২৬১৮ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; যার মধ্য রপ্তানি ১৮৬ মিলিয়ন টাকা, আমদানি ২৩৭০ মিলিয়ন টাকা ও রেমিটেন্স ৬২ মিলিয়ন টাকা। ২০০১ সালের প্রথম তিন মাসে ব্যাংক ১৫০৪ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; তন্মধ্যে রপ্তানি ৮৩ মিলিয়ন টাকা, আমদানি ১৩৭৭ মিলিয়ন টাকা ও রেমিটেন্স ৪৪ মিলিয়ন টাকা।

ওয়ান ব্যাংক লিমিটেড-এর কার্যক্রমের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

## ঋণ বিতরণ ও আদায়

ওয়ান ব্যাংক লিমিটেড ২০০০ সালে মোট ১৪০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৭৫৫ মিলিয়ন টাকা আদায় করে। ২০০১ সালের মার্চ পর্যন্ত ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৮২৮ মিলিয়ন টাকা ও ৬১৭ মিলিয়ন টাকা।

ওয়ান ব্যাংক লিমিটেড-এর খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

## শিল্প ঋণ মঞ্জুরী

ওয়ান ব্যাংক লিমিটেড ২০০০ সালে ১০টি বৃহৎ ও মাঝারী শিল্পে মোট ৩০৭ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুরী করে। ২০০১ সালের ১লা জানুয়ারী হতে মার্চ পর্যন্ত ১০টি প্রকল্পে মোট ১৩৬ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে।

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩-এ দেয়া হলো।

## ঋণের স্থিতি

ওয়ান ব্যাংক লিমিটেডের খাতভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

**খাত-ভিত্তিক ঋণের স্থিতি** সারণি-৪

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | **কৃষি ও মৎস্যঃ** | ৯ | - | - | - |
| | ক) শস্য | - | - | - | - |
| | খ) শস্য ব্যতীত অন্যান্য | ৯ | | | |
| ২। | **শিল্প ঃ** | ৩০ | ৩৩৪ | ৩৫৪ | ৫০৫ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ৩০ | ৩৩৪ | ৩৫৪ | ৫০৫ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | - | - | - | - |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | - | - | - | - |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা | ৫০ | ৬৫ | ১২১ | ১৩২ |
| | সেবা | | | | |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | - | ৫৯ | ৬২ | ৭০ |
| ৬। | **বিশেষ ঋণ কর্মসূচী ঃ** | - | - | - | - |
| | ক) দারিদ্র বিমোচন | - | - | - | - |
| | খ) অন্যান্য | - | - | - | - |
| ৭। | অন্যান্য | ১২১ | ১১৭২ | ১৬১১ | ১৯৭৩ |
| | সর্বমোট | ২১০ | ১৬৩০ | ২১৪৮ | ২৬৮০ |

# এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড

এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড (এক্সিম ব্যাংক) ১৯৯৯ সালের ৩রা আগস্ট হতে বেসরকারী পর্যায়ে প্রতিষ্ঠিত তফসিলী বাণিজ্যিক ব্যাংক রূপে আত্মপ্রকাশ করে। সাধারণ বাণিজ্যিক ব্যাংকিং-এর পাশাপাশি দেশের রপ্তানি ও আমদানি বাণিজ্য পরিচালনায় বিশেষ ভূমিকা ও অবদান রাখার মানসে এ ব্যাংকের প্রতিষ্ঠা। এ ব্যাংক রপ্তানি ও আমদানি বাণিজ্যে সহজ শর্তে অর্থায়ন করে থাকে। রপ্তানি বৃদ্ধি ও আমদানি বিকল্প শিল্প প্রতিষ্ঠায়ও এ ব্যাংক সহজ শর্তে

সারণি-১

**অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য**

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ২২৫ | ২২৫ | ২২৫ | ২২৫ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ৩ | ১৮ | ২০ | ২৫ |
| ৪। | আমানত ঃ | ১৩৪৪ | ৩৯৩৫ | ৪৫২৬ | ৫০০০ |
| | ক) তলবী আমানত | ৬৫০ | ৮৯৬ | ১১৬২ | ১২৫০ |
| | খ) মেয়াদী আমানত | ৬৯৪ | ৩০৩৯ | ৩৩৬৪ | ৩৭৫০ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ২৩৪ | ২১৭১ | ২৬৮১ | ৩৮০০ |
| ৬। | বিনিয়োগ | ৭১ | ৩৪৫ | ৪৯০ | ৬০০ |
| ৭। | মোট পরিসম্পদ | ১৫৮৮ | ৪৩০১ | ৫৪০৬ | ৬৯০০ |
| ৮। | মোট আয় | ৩১ | ১৮৭ | ১৮৩ | ৪৭০ |
| ৯। | মোট ব্যয় | ৩১ | ৮৮ | ১৬৫ | ৪০০ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ৩৮৯ | ৭১০৭ | ৩০৭২ | ৭২৮০ |
| | ক) রপ্তানি | ৫৮ | ২৭৯৭ | ১১৮৯ | ২৫০০ |
| | খ) আমদানি | ৩৩১ | ৪২০০ | ১৭৫২ | ৪৫০০ |
| | গ) রেমিটেন্স | - | ১১০ | ১৩১ | ২৮০ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৮৫ | ২৩৭ | ২৯৩ | ৩২৫ |
| | ক) কর্মকর্তা | ৬২ | ১৭৪ | ২০০ | ২১৮ |
| | খ) কর্মচারী | ২৩ | ৬৩ | ৯৩ | ১০৭ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ৮৬ | ১৫৪ | ১৬০ | ১৬৫ |
| ১৩। | শাখা (সংখ্যায়) ঃ | ২ | ৭ | ৭ | ১০ |
| | ক) বাংলাদেশে | ২ | ৭ | ৭ | ১০ |
| | খ) বিদেশে | - | - | - | - |

সারণি-২

## খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | বিতরণ | | ৯১ | ১৩৮ | ২২৯ | ৫ | ২৩৪ |
| | আদায় | | ৪ | ৩৩ | ৩৭ | ১ | ৩৮ |
| ২০০০ | বিতরণ | | ১৮৩ | ৫৭৮ | ৭৬১ | ১৩৪৬ | ২১০৮ |
| | আদায় | | ১১ | ১০০ | ১১১ | ৪০২ | ৫১৩ |
| ৩১শে মার্চ, ২০০১* | বিতরণ | | ১১৯ | ১৮৫০ | ১৯৬৯ | ২৫১৪ | ৪৪৮৩ |
| | আদায় | | ৩৩ | ৯৮ | ১৩১ | ৯৩০ | ১০৬১ |
| ৩০শে জুন, ২০০১** | বিতরণ | | ১৯০ | ১৮০ | ৩৭০ | ২৯৭০ | ৩৩৪০ |
| | আদায় | | ৫৩ | ৬০ | ১১৩ | ৪২০ | ৫৩৩ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

ঋণ দিয়ে থাকে। তাই সংগতকারণেই এক্সিম ব্যাংকের প্রতিষ্ঠা বাংলাদেশের ব্যাংকিং কার্যক্রমে এক নতুন ধারার সংযোজন। এ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ হচ্ছে ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ২২৫ মিলিয়ন টাকা। পাবলিক অফারিং-এর মাধ্যমে এ ব্যাংকের পরিশোধিত মূলধন ৪৫০ মিলিয়ন টাকায় উন্নীত করা হবে।

*সারণি-৩*

## শিল্পের আকার ভিত্তিক ঋণ

*(মিলিয়ন টাকায়)*

| ঋণ মঞ্জুরী | | শিল্পের আকার | | |
|---|---|---|---|---|
| | | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩১শে ডিসেম্বর, ২০০০ তারিখে | প্রকল্প সংখ্যা | ১৮ | ১৮ | ৩৬ |
| | পরিমাণ | ১৭২ | ১৩১৫ | ১৪৮৭ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ১৮ | ১৮ | ৩৬ |
| | পরিমাণ | ১৭২ | ১৩১৫ | ১৪৮৭ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ তারিখে | প্রকল্প সংখ্যা | ২৮ | ২৪ | ৫২ |
| | পরিমাণ | ২৫৭ | ১৫৭২ | ১৮২৯ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ১৫ | ৬ | ২১ |
| | পরিমাণ | ২৮৫ | ২৫৮ | ৫৪৩ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১* পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ২২ | ২ | ২৪ |
| | পরিমাণ | ১৭৮ | ২ | ১৮০ |

** প্রাক্কলিত।*

৩১শে মার্চ, ২০০১ তারিখে এ ব্যাংকের মোট শাখার সংখ্যা ছিল ৭টি। উক্ত সময়ে ব্যাংকের মোট লোকবলের পরিমাণ ছিল ২৯৩ জন। তন্মধ্যে ২০০ জন নির্বাহী কর্মকর্তা এবং অবশিষ্ট ৯৩ জন অন্যান্য কর্মচারী।

এক্সিম ব্যাংক ব্যাংকিং সেবায় বৈচিত্র আনয়নের লক্ষ্যে নব নব সেবা প্রকল্প গ্রহণ করেছে এবং করবে। এ ব্যাংক নিম্নবর্ণিত ব্যাংকিং সেবাসমূহ দক্ষতার সাথে দিয়ে যাচ্ছে ঃ

* রপ্তানি ও আমদানি বাণিজ্য পরিচালনা ও অর্থায়ন
* সরাসরি ঋণপত্র খোলার সুবিধা
* পুঁজিবাজার কার্যক্রম
* কর্পোরেট ব্যাংকিং
* ব্যবসা-বাণিজ্যে ঋণের যোগান
* ক্ষুদ্র ঋণ
* চলতি মূলধন সরবরাহ
* সিন্ডিকেট ঋণ
* প্রকল্পে অর্থায়ন
* লিজ ফিন্যান্স
* লকার সুবিধা
* মাসিক কিস্তি ভিত্তিক সঞ্চয় প্রকল্প
* মাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প

সর্বোত্তম ও আধুনিক ব্যাংকিং সেবা নিশ্চিত করার উদ্দেশ্যে এক্সিম ব্যাংক শুরু থেকেই কার্যক্রম পরিচালনায় কম্পিউটারসহ অন্যান্য আধুনিক প্রযুক্তি প্রয়োগ করে আসছে। স্বল্পতম সময়ের মধ্যে যে কোন শাখা থেকে গ্রাহক সেবা নিশ্চিত করার লক্ষ্যে অন-লাইন ব্যাংকিং প্রতিষ্ঠার পরিকল্পনা এ ব্যাংকের রয়েছে। এক্সিম ব্যাংক জাতীয় অর্থনীতির বিকাশে ক্রমান্বয়ে অন্যান্য খাতেও অর্থায়ন করবে।

এ ব্যাংকের আমানতের পরিমাণ ২০০০ সালের সমাপনীতে দাঁড়ায় ৩৯৩৫ মিলিয়ন টাকা। এর মধ্যে তলবী আমানত ৮৯৬ মিলিয়ন টাকা ও মেয়াদী আমানত ৩০৩৯ মিলিয়ন টাকা। ২০০০ সালে ব্যাংকটি ৭১০৭ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে। এর মধ্যে রপ্তানি ২৭৯৭ মিলিয়ন টাকা, আমদানি ৪২০০ মিলিয়ন টাকা ও রেমিটেন্স ১১০ মিলিয়ন টাকা। ২০০০ সালে এক্সিম ব্যাংকের মোট আয় ও ব্যয়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৮৭ মিলিয়ন টাকা ও ৮৮ মিলিয়ন টাকা। মার্চ, ২০০১ শেষে ব্যাংকটির অগ্রিম ও বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২৬৮১ মিলিয়ন টাকা ও ৪৯০ মিলিয়ন টাকা।

এক্সিম ব্যাংকের অগ্রগতির সার্বিক চিত্র সারণি-১-এ দেয়া হলো।

## ঋণ বিতরণ ও আদায়

এক্সিম ব্যাংক ২০০০ সালে শিল্প ঋণসহ মোট ২১০৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং এর বিপরীতে ৫১৩ মিলিয়ন টাকা আদায় করে। ৩১শে মার্চ শেষে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ যথাক্রমে ২৮১৯ মিলিয়ন ও ১০৬২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ সারণি-২-এ দেয়া হলো।

এক্সিম ব্যাংকের শিল্পের আকার ভিত্তিক ঋণ ও খাত ভিত্তিক ঋণের স্থিতির পরিসংখ্যান সারণি-৩ ও ৪-এ দেয়া হলো।

### খাত-ভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | **শিল্প ঃ** | ৯১ | ১০৩৪ | ৭৫৭ | ১১০০ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ৩ | ৩৩৬ | ১৯৬ | ৪০০ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | ৮৮ | ৬৬৮ | ৫৬২ | ৭০০ |
| ২। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | ১৩৮ | ৯৮২ | ১৫৮৯ | ২৩০০ |
| ৩। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | - | ৩৩ | ৩১ | ৩০ |
| ৪। | পরিবহন ও যোগাযোগ | - | ১০০ | ১০১ | ১৫০ |
| ৫। | **বিশেষ ঋণ কর্মসূচী ঃ** ক) দারিদ্র বিমোচন | - | | | |
| ৬। | অন্যান্য | ৫ | ২১ | ২০৩ | ২২০ |
| | সর্বমোট | ২৩৪ | ২১৭১ | ২৬৮১ | ৩৮০০ |

# বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড

সাবেক বাংলাদেশ কমার্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড (বিসিআই)কে পুনর্গঠন করে একটি ব্যাংক প্রতিষ্ঠাকল্পে সরকার ১৩ মার্চ, ১৯৯৭ তারিখে একটি আইন পাশ করে; যা "বাংলাদেশ কমার্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড (পুনর্গঠন) আইন, ১৯৯৭" নামে অভিহিত (১৯৯৭ সালের ১২নং আইন)। উক্ত আইনের বিধান মোতাবেক সাবেক বিসিআইকে

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ২০০০ | ২০০০ | ২০০০ | |
| ২। | পরিশোধিত মূলধন | ৯২০ | ৯২০ | ৯২০ | |
| ৩। | রিজার্ভ ফান্ড | ০.৩৮ | ০.৩৮ | ০.৩৮ | |
| ৪। | আমানত ঃ | ১৪০৫ | ১৬৯৮ | ১৫৩৪ | ১৯৭০ |
| | (ক) তলবী আমানত | ১৩৫০ | ৮৭৮ | ৮২০ | ৮৭০ |
| | (খ) মেয়াদী আমানত | ৫৫ | ৭৩০ | ৭১৪ | ১১০০ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ১৩০৯ | ১৩১১ | ১৩৩১ | ১৭০০ |
| ৬। | বিনিয়োগ | - | ৩৩ | ২০ | ১০০ |
| ৭। | মোট পরিসম্পদ | ৫৩১ | ১২২৪ | ১২৭৫ | ১৩০০ |
| ৮। | মোট আয় | ৩৭২ | ১১৪ | ২৬ | ৫০ |
| ৯। | মোট ব্যয় | ৪১৯ | ১৪০ | ৩৮ | ৪৯ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | - | ৪৩ | ২৭ | |
| | ক) রপ্তানি | - | ১ | - | |
| | খ) আমদানি | - | ৪২ | ২৭ | |
| | গ) রেমিটেন্স | - | - | - | |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৩৭৭ | ৩৭২ | ৩৬৫ | |
| | ক) কর্মকর্তা | ২১৩ | ২০৮ | ২০৭ | |
| | খ) কর্মচারী | ১৬৪ | ১৬৪ | ১৫৮ | |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ৭ | ৮ | ১০ | |
| ১৩। | শাখা (সংখ্যায়) ঃ | ২৪ | ২৪ | ২৪ | |
| | ক) বাংলাদেশে | ২৪ | ২৪ | ২৪ | |
| | খ) বিদেশে | - | - | - | |

| ঋণ বিতরণ ও আদায় | | | | | | | সারণি-২ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|
| বিবরণ | | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | বিতরণ | - | | | | |
| | আদায় | | | | ৫৪ | ৫৪ |
| ২০০০ | বিতরণ | - | | | ১০ | ১০ |
| | আদায় | - | | | ১২ | ১২ |
| মার্চ ৩১, ২০০১* | বিতরণ | - | | | ১৫ | ১৫ |
| | আদায় | - | | | ৩ | ৩ |
| জুন ৩০, ২০০১** | বিতরণ | - | | | | |
| | আদায় | - | | | | |

** সাময়িক। ** প্রাক্কলিত*

পুনর্গঠন করে বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ প্রতিষ্ঠার লক্ষ্যে ৮ ফেব্রুয়ারী, ১৯৯৮ তারিখে ১০ সদস্য বিশিষ্ট একটি পরিচালক পর্ষদ গঠিত হয়। ১৯৯৮ সালের ১লা জুন বিসিআই লিমিটেড একটি ব্যাংকিং কোম্পানী হিসেবে নিবন্ধিত হয়।

উক্ত আইনের বিধান মোতাবেক বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ-এর অনুমোদিত মূলধন ২০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন নির্ধারিত হয় ৯২০ মিলিয়ন টাকা। বিভিন্ন শ্রেণীর শেয়ারহোল্ডারগণ নিম্নবর্ণিত হারে ব্যাংকের শেয়ার ক্রয় করবেন বলে সিদ্ধান্ত হয়।

ক) ব্যাংকের উদ্যোক্তাগণ (অতঃপর 'ক' শ্রেণীর শেয়ারহোল্ডার বলে উল্লিখিত) ২০০ মিলিয়ন টাকার শেয়ার।

খ) তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান (অতঃপর 'খ' শ্রেণীর শেয়ারহোল্ডার বলে উল্লিখিত) ২০০ মিলিয়ন টাকার শেয়ার।

গ) আমানতকারী (অতঃপর 'গ' শ্রেণীর শেয়ারহোল্ডার বলে উল্লিখিত) ৫২০ মিলিয়ন টাকার শেয়ার।

খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন, দেশের বিভিন্ন স্থানে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত কৃষকদের পুনর্বাসন, কৃষি খাতে বর্ধিত ঋণ চাহিদা, কৃষিখাতের উন্নতি, ব্যাংকের সার্বিক অবস্থা ইত্যাদির

ব্যাংকে অর্থায়িত ঘরে ফেরা কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে ঋণ বিতরণ করছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

প্রতি লক্ষ্য রেখে কৃষি ব্যাংকের ২০০০-২০০১ অর্থ বছরের ঋণ বিতরণ, ঋণ আদায় ও আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আলোচ্য অর্থ বছরে ব্যাংকের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৫৩৯০ মিলিয়ন টাকা এবং ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৪০০০ মিলিয়ন টাকা। এ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত ঋণ বিতরণ ও আদায় হয়েছে যথাক্রমে ১৩৫৮৯ মিলিয়ন টাকা (৮৮%) ও ১২৩৬৫ মিলিয়ন টাকা (৮৮%)।

ব্যাংকের আমানত সংগ্রহের সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০০-২০০১ অর্থ বছরে ধরা হয়েছে ৪৫০০ মিলিয়ন টাকা যার বিপরীতে ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত অর্জিত হয়েছে ৩৩৩৯ মিলিয়ন টাকা (৭৪%)। ব্যাংকের আমানতের পরিমাণ জুন, ২০০০ শেষে ৩১৪৩৮ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে মার্চ, ২০০১ শেষে ৩৪৭৭৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। জুন, ২০০১ শেষে আমানতের পরিমাণ আরো বৃদ্ধি পেয়ে ৩৬৫০০ মিলিয়ন টাকায় দাঁড়াবে বলে ধারণা করা হচ্ছে। কৃষি ব্যাংক কর্তৃক প্রদত্ত অগ্রিমের পরিমাণ জুন, ২০০০-এর ৪৯০২২ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে মার্চ, ২০০১ শেষে ৫১৫০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। জুন ২০০১-এ অগ্রিমের পরিমাণ আরো কিছুটা বৃদ্ধি পেয়ে ৫৪০০০ মিলিয়ন টাকায় দাঁড়াবে বলে প্রাক্কলন করা হয়েছে।

অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের মতো বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমেও বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালিত হয়ে আসছে। তবে এ কাজে তাদের রয়েছে মাত্র ১১টি অনুমোদিত বৈদেশিক

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ৮২১ | ৮২১ | ৮২১ | ৮২১ |
| ৪। | আমানত ঃ | ২৩৯৩০ | ৩১৪৩৮ | ৩৪৭৭৭ | ৩৫৯৩৮ |
| | (ক) তলবী আমানত | ২১৫০ | ২৪২৪ | ২৭৮০ | ২৯০০ |
| | (খ) মেয়াদী আমানত | ২১৭৮০ | ২৯০১৪ | ৩১৯৯৭ | ৩৩০৩৮ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ৪৩১৫৬ | ৪৯০২২ | ৫১৫০০ | ৫৪০০০ |
| ৬। | বিনিয়োগ | ১৪৫৩ | ১৪৫৩ | ১৪৫৩ | ২৫০৩ |
| ৭। | মোট পরিসম্পদ | ৫৭২৪৫ | ৬৯৮২০ | ৭২৫০০ | ৭৫০০০ |
| ৮। | মোট আয় | ৩০৩৩ | ২৯১০ | ৩৭০০ | ৫৩০০ |
| ৯। | মোট ব্যয় | ৫৩১০ | ৫৫৫০ | ৪১০০ | ৫৯০০ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ৫০৩৮ | ৪৫৮৩ | ৪৯৭৯ | ৫০৪০ |
| | ক) রপ্তানি | ১৬৫৬ | ২৬৪০ | ২১৩০ | ২০০০ |
| | খ) আমদানি | ২৪৮৮ | ১৭৯৪ | ২৫৬৮ | ২৭০০ |
| | গ) রেমিটেন্স | ৮৯৪ | ১৪৯ | ২৮১ | ৩৪০ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ১১৩৪৩ | ১১২৫৫ | ১১৪২০ | ১১৬০০ |
| | ক) কর্মকর্তা | ৪৭৭৫ | ৪৭১৯ | ৪৯০০ | ৫০০০ |
| | খ) কর্মচারী | ৬৫৬৮ | ৬৫৩৬ | ৬৫২০ | ৬৬০০ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ৯৮ | ১৭০ | ১৭০ | ১৭০ |
| ১৩। | শাখা (সংখ্যায়) | ৮৩৭ | ৮৫৪ | ৮৭২ | ৯২৫ |

বিনিময় শাখা এবং ১৭০টি বিদেশী প্রতিসংগী ব্যাংক। ২০০০-২০০১ অর্থ বছরের ৩১শে মার্চ সময় পর্যন্ত ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার মধ্যে আমদানি, রপ্তানি এবং রেমিটেন্সের পরিমাণ ছিল যথাক্রমে ২৫৬৮ মিলিয়ন, ২১৩০ মিলিয়ন এবং ২৮১ মিলিয়ন টাকা। এ সময়ে ৫৮১ জন হজ্জ যাত্রীকে ব্যাংকিং সেবা প্রদান করা হয়েছে।

ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণী-১-এ দেয়া হলো।

## ঋণ বিতরণ ও আদায়

বাংলাদেশ কৃষি ব্যাংক ২০০০-২০০১ অর্থ বছরে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১৫৩৯০ মিলিয়ন টাকায় নির্ধারণ করেছে। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যকে সামনে রেখে কৃষি উৎপাদনের উপর অধিকতর গুরুত্ব আরোপ করে শস্য উৎপাদনের জন্য ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ১০৩৬০ মিলিয়ন টাকা, যা মোট  ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ৬৭%। ফসল মৌসুমে যথা সময়ে দ্রুততা ও স্বচ্ছতার সাথে কৃষকদের হাতে ঋণ পৌছে দেয়ার লক্ষ্যে আলোচ্য অর্থ বছরে "কৃষকদের দোর গোড়ায় কৃষি ব্যাংক" কর্মসূচীর আওতায় ব্যাংকবিহীন দূরবর্তী ইউনিয়নসমূহে বুথ খুলে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এ কর্মসূচীর আওতায় এ যাবত ১৪৪৩ টি বুথ খোলা হয়েছে। তাছাড়া ১৯৯৮-এর বন্যোত্তোর কালে ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণের মাধ্যমে বর্গাচাষীদেরকেও ঋণ কর্মসূচীর আওতায় আনার যে প্রক্রিয়া চালু করা হয়েছে তা আলোচ্য বছরেও অব্যাহত আছে। চলতি অর্থ বছরের মার্চ, ২০০১ পর্যন্ত প্রায় ১৩৫৮৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ৮৮ শতাংশ। এ ঋণ পূর্ববর্তী বছরগুলোর মতোই শস্য উৎপাদন (চাসহ), হালের বলদ, সেচ ও খামার যন্ত্রপাতি, মৎস্য চাষ, হাঁস মুরগী পালন, কৃষিভিত্তিক শিল্প স্থাপন, কৃষি ও সংশ্লিষ্ট শিল্প পণ্যের বাজারজাতকরণের নিমিত্ত ঋণ সহায়তা হিসেবে প্রদান করা হয়। বাংলাদেশ সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার প্রাপ্ত দারিদ্র বিমোচন কার্যক্রমেও বাংলাদেশ কৃষি ব্যাংকের আর্থিক সহায়তা প্রদান অব্যাহত রয়েছে। এ ক্ষেত্রে ঢাকা শহরের ভাসমান বস্তিবাসীদের পুনর্বাসনের লক্ষ্যে গৃহীত "ঘরে ফেরা" ঋণ কর্মসূচী বিশেষভাবে উল্লেখযোগ্য। এ কর্মসূচীর আওতায় ৩১শে মার্চ ২০০১ পর্যন্ত ২৩৭২টি পরিবারকে তথা প্রায় ১৪২২০ বস্তিবাসী ছিন্নমূল মানুষকে ঋণ প্রদানের মাধ্যমে তাদের নিজ নিজ গ্রামে পুনর্বাসন করা হয়েছে।

ব্যাংকের ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২০০০-২০০১ অর্থ বছরে ১৪০০০ মিলিয়ন টাকায় নির্ধারণ করা হয়েছে এবং এ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ শে মার্চ  পর্যন্ত ১২৩৬৫ মিলিয়ন টাকা ঋণ আদায় করা হয়েছে, যা বার্ষিক লক্ষ্যমাত্রার ৮৮%।

ব্যাংকের খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণী-২-এ দেয়া হলো।

সারণি-২

### খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | বিতরণ | ১১০৬৯ | ২০২ | ১০৬৩ | ১২৬৫ | ৩৫৬৮ | ১৫৯০২ |
| | আদায় | ৬৪১৫ | ৪৫০ | ১০৭৩ | ১৫২৩ | ৩২৪৬ | ১১১৮৪ |
| ২০০০ | বিতরণ | ৮৯৯১ | ৩৫৪ | ১২০৫ | ১৫৫৯ | ৪৮৪৩ | ১৫৩৯৩ |
| | আদায় | ৮৪০৫ | ৪৬০ | ১৩৩০ | ১৭৯০ | ৫০০১ | ১৫১৯৬ |
| মার্চ ৩১, ২০০১* | বিতরণ | ১০০৪০ | ৩০২ | ৬৯৫ | ৯৯৭ | ২৫৫২ | ১৩৫৮৯ |
| | আদায় | ৯১৫৫ | ২৬৬ | ১৪০৪ | ১৬৭০ | ১৫৪০ | ১২৩৬৫ |
| জুন ৩০, ২০০১ ** | বিতরণ | ১০৭৬৬ | ৪৭২ | ১২২০ | ১৬৯২ | ২৯৩২ | ১৫৩৯০ |
| | আদায় | ৯৭৮১ | ৫৫০ | ১৪৪০ | ১৯৯০ | ২২২৯ | ১৪০০০ |

* সাময়িক। ** প্রাক্কলিত।

## শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

কৃষি ব্যাংক ২০০০ সালে (১লা জানুয়ারী-৩১ ডিসেম্বর) মোট ৯৯৯টি প্রকল্প অনুমোদন করে, যার বিপরীতে ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ৪০৬ মিলিয়ন টাকা। ৩১ শে মার্চ, ২০০১ পর্যন্ত মোট ২৩২৩৮৪টি প্রকল্পের বিপরীতে মঞ্জুরীকৃত ক্রমপুঞ্জিভূত ঋণের পরিমাণ ১৪৪৯৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। এ ঋণের ৯৬ শতাংশ পেয়েছে বৃহৎ ও মাঝারী আকারের শিল্প প্রতিষ্ঠান।

শিল্পের আকার ভিত্তিক ঋণ পরিস্থিতি সারণী-৩-এ দেয়া হলো।

## খাত-ভিত্তিক ঋণের স্থিতি

ব্যাংকের মোট ঋণের স্থিতি ১৯৯৯-২০০০ সালের শেষে ৪৯০২২ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০০-২০০১ অর্থ বছরের মার্চ শেষে ৫১৫০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ৩১শে মার্চ, ২০০১-এর তথ্য থেকে দেখা যায়, ঋণের স্থিতি কৃষি ও মৎস্য খাতে ৩১১৮৪ মিলিয়ন ( মোট ঋণ স্থিতির ৬৩%), শিল্প খাতে ৭৭৪৭ মিলিয়ন (১৬%) এবং বিশেষ ঋণ কর্মসূচীতে ২৯০৩ মিলিয়ন টাকায় (৬%) দাঁড়িয়েছে।

খাত-ভিত্তিক ঋণের স্থিতি সরণী-৪-এ দেয়া হলো।

### শিল্পের আকার ভিত্তিক ঋণ

*সারণি-৩*

*(মিলিয়ন টাকায়)*

| ঋণ মঞ্জুরী | | শিল্পের আকার | | |
|---|---|---|---|---|
| | | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩১শে ডিসেম্বর, ২০০০ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ১৯৪৯১১ | ৩৭৪০২ | ২৩২৩১৩ |
| | পরিমাণ | ১৩৭২৫ | ৫০২ | ১৪২২৭ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ২৭৮ | ৭২১ | ৯৯৯ |
| | পরিমাণ | ৩২০ | ৮৬ | ৪০৬ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ১৯৪৯২২ | ৩৭৪৬২ | ২৩২৩৮৪ |
| | পরিমাণ | ১৩৯৭৭ | ৫২০ | ১৪৪৯৭ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত* | প্রকল্প সংখ্যা | ১১ | ৬০ | ৭১ |
| | পরিমাণ | ১৫২ | ১৮ | ২৭০ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১ পর্যন্ত ** | প্রকল্প সংখ্যা | ২৪ | ১৩০ | ১৫৪ |
| | পরিমাণ | ৫৪৯ | ৩৮ | ৫৮৭ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

## খাত-ভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্য ঃ | ২৫৭৮৫ | ২৮৯৩০ | ৩১১৮৪ | ৩৩৫১৮ |
| | ক) শস্য | ১৫১৫৯ | ১৭৯৪৭ | ১৯৫০২ | ২০৮৪৮ |
| | খ) শস্য ব্যতীত অন্যান্য | ১০৬২৬ | ১০৯৮৩ | ১১৬৮২ | ১২৬৭০ |
| ২। | শিল্প ঃ | ৭৪৮৩ | ৭৮৫১ | ৭৭৪৭ | ৮২২৮ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ৬৮৯৬ | ৭২১৭ | ৭১৪৬ | ৭৫৪৭ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | ৫৮৭ | ৬৩৪ | ৬০১ | ৬৮১ |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | ১২৬২ | ৯৫৪ | ১১৮০ | ১২২০ |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | ১৬১৭ | ২৮৯৬ | ২৫৬২ | ২৯০২ |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ৬১৩ | ৭৩১ | ৬১০ | ৬৫০ |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ | ২৬৩৩ | ২৮৬০ | ২৯০৩ | ২৯৮০ |
| | (ক) দারিদ্র বিমোচন | ২১৮৮ | ২৫৬২ | ২৬৭৩ | ২৭৩০ |
| | (খ) অন্যান্য | ৪৪৫ | ২৯৮ | ২৩০ | ২৫০ |
| ৭। | অন্যান্য | ৩৭৬৩ | ৪৮০০ | ৫৩১৪ | ৪৫০২ |
| | সর্বমোট | ৪৩১৫৬ | ৪৯০২২ | ৫১৫০০ | ৫৪০০০ |

# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব) রাজশাহী বিভাগে কৃষি ঋণ সরবরাহকারী বৃহত্তম আর্থিক প্রতিষ্ঠান। রাজশাহী বিভাগে অবস্থিত বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল কার্যালয়/শাখা অংগীভূত করে এবং সমস্ত দায় ও সম্পদ গ্রহণ করে ১৫ই মার্চ, ১৯৮৭ সালে এ ব্যাংক কার্যক্রম শুরু করে। কৃষি ঋণ বিতরণ ছাড়াও এ ব্যাংক অন্যান্য ব্যাংকিং কর্মকাণ্ড পরিচালনা করে থাকে। ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ১৫০০ মিলিয়ন টাকা। মার্চ, ২০০১ পর্যন্ত পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়িয়েছে ৯৮০ মিলিয়ন টাকায়। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের প্রধান কার্যালয় রাজশাহী মহানগরীতে অবস্থিত। ঢাকায় একটি শাখাসহ বর্তমানে ব্যাংকের শাখা সংখ্যা ৩৩১টি। ব্যাংকের সার্বিক নীতি নির্ধারণীর দায়িত্ব সরকার কর্তৃক নিয়োগকৃত সাত সদস্য বিশিষ্ট একটি পরিচালক পর্ষদের উপর ন্যস্ত। মার্চ, ২০০১ শেষে রাকাবের

*জনপ্রিয় মৌসুমী ফল আম উৎপাদন এবং বিপণনে অর্থায়ন করে থাকে ব্যাংক*

মোট জনশক্তি ছিল ৩৭২১ জন, যার মধ্যে ১৬৭৮ জন কর্মকর্তা এবং ২০৪৩ জন কর্মচারী।

প্রতিষ্ঠিত হবার পর থেকে প্রচেষ্টা সত্ত্বেও জুন, ১৯৯৯ পর্যন্ত রাকাব উল্লেখযোগ্য ব্যবসায়িক সাফল্য অর্জন করতে পারেনি। ফলে ঐ সময় পর্যন্ত ব্যাংকের পুঞ্জিভূত লোকসানের পরিমাণ দাঁড়ায় ৩০৭১ মিলিয়ন টাকা। সংকট উত্তরণের লক্ষ্যে ব্যাংকের সীমিত নিজস্ব সম্পদের পুনর্বিন্যাস ও কতিপয় নতুন কৌশল অবলম্বনে ৫ বছর মেয়াদী একটি কার্যকর সংস্কার কর্মসূচী প্রণয়ন করা হয়। সংস্কার কর্মসূচীর প্রথম বছরে (১৯৯৯-২০০০) ব্যাংকের সার্বিক কর্মকাণ্ড পূর্ববর্তী বছরগুলোর তুলনায় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ফলে একাদিক্রমে ৭ বছর লোকসানগ্রস্ত থাকার পর ব্যাংক ১৯৯৯-২০০০ অর্থ বছরে ২১.৪ মিলিয়ন টাকা মুনাফা অর্জন করে। আলোচ্য অর্থ বছরে (২০০০-২০০১) অর্থাৎ 'রাকাব সংস্কার কর্মসূচীর' দ্বিতীয় বছরে গত অর্থ বছরের ৫ বছর মেয়াদী ঋণ আদায় পরিকল্পনার অংশ হিসাবে গৃহীত বিশেষ ইনসেনটিভ স্কীম MIRACLE (Maximum Incentive for Recovery of A Classified Loan Entirely)-এর শর্তাবলী সময়োপযোগী করা হয়েছে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

## ঋণ বিতরণ

আলোচ্য অর্থ বছরের (২০০০-২০০১) ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৪২০০ মিলিয়ন টাকা। পূর্ববর্তী অর্থ বছরের প্রথম নয় মাসের তুলনায় চলতি অর্থ বছরের একই সময়কালে ৮৮ মিলিয়ন টাকা বেশী ঋণ বিতরণ করা হয়েছে। ৩১শে মার্চ, ২০০১ তারিখে মোট বিতরণের পরিমাণ দাঁড়িয়েছে ২৬৭৯ মিলিয়ন টাকা, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার শতকরা ৬৪ ভাগ। চলতি অর্থ বছরের শেষ নাগাদ ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে আশা করা হচ্ছে। বাস্তবায়নাধীন রাকাব সংস্কার কর্মসূচীতে কৃষির সকল উপখাত ও সহযোগী খাতে ঋণ বিতরণের প্রতি গুরুত্ব প্রদান করা হয়েছে। এছাড়াও ভূমিহীন ও প্রান্তিক কৃষক এবং কৃষি বহির্ভূত পেশায় নিয়োজিত জনগোষ্ঠির আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে ব্যাংকে ছয়টি স্ব-কর্মসংস্থান ও আয়বর্ধনমূলক

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১
*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ১৫০০ | ১৫০০ | ১৫০০ | ১৫০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ৯৮০ | ৯৮০ | ৯৮০ | ১২০০ |
| ৩। | সঞ্চিতি | ২০৮ | ২০৮ | ২০৮ | ২০৮ |
| ৪। | আমানত ঃ | ৩৬৭৬ | ৫০৫৪ | ৫৭৩৯ | ৬৫০০ |
| | ক) তলবী আমানত | ২৬৮ | ৪১৪ | ৪০২ | ৭০০ |
| | খ) মেয়াদী আমানত | ৩৪০৮ | ৪৬৪০ | ৫৩৩৭ | ৫৮০০ |
| ৫। | অগ্রিম | ১২২০৭ | ১২৫৭৫ | ১২৭২৪ | ১৩২৭৫ |
| ৬। | বিনিয়োগ | - | ২ | - | - |
| ৭। | মোট সম্পদ | ১৯২৬৭ | ১৯২০০ | ২০০০০ | ২০৫০০ |
| ৮। | মোট আয় | ৬৫৫ | ১১৯৯ | ৭৫০ | ১৭৫০ |
| ৯। | মোট ব্যয় | ১২৭৩ | ১১৭৮ | ১০০০ | ১৭০০ |
| ১০। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৩৭৭৩ | ৩৭৩৭ | ৩৭২১ | ৩৭১৩ |
| | ক) কর্মকর্তা | ১৭০৭ | ১৬৭৫ | ১৬৭৮ | ১৬৭২ |
| | খ) কর্মচারী | ২০৬৬ | ২০৬২ | ২০৪৩ | ২০৪১ |
| ১১। | শাখা (সংখ্যায়) | ৩০১ | ৩০১ | ৩৩১ | ৩৩১ |

ঋণ কর্মসূচী চালু রয়েছে। প্রচলিত জামানত নির্ভর ঋণ নীতির পরিবর্তে ঋণ বিতরণ ও আদায়ের সাথে জড়িত কর্মচারীদের নিবিড় তত্ত্বাবধান নিশ্চিতকরণের মাধ্যমে ঋণ কর্মসূচীগুলি পরিচালিত হয়ে থাকে।

## ঋণ আদায়

বিশেষ ইনসেনটিভ স্কীম Miracle (Maximum Incentive for Recovery of A Classified Loan Entirely)-এর আওতায় শ্রেণীকৃত ঋণের সমুদয় ঋণ আদায় করে ঋণ হিসাব বন্ধ করা হলে আদায়কারী কর্মকর্তা/কর্মচারীকে সুদের ১০% ইনসেন্টিভ হিসাবে প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে। এ কর্মসূচী চালুর পর শ্রেণীকৃত ঋণ আদায়ে আশাব্যঞ্জক সাফল্য পরিলক্ষিত হচ্ছে। ২০০০-২০০১ অর্থ বছরে ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৪৪১০ মিলিয়ন টাকার বিপরীতে মার্চ, ২০০১ পর্যন্ত ২৬১২ মিলিয়ন টাকা ঋণ আদায় সম্ভব হয়েছে। অর্জনের হার শতকরা ৫৯ ভাগ। অর্থ বছরের শেষ নাগাদ ঋণ আদায় লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে আশা করা হচ্ছে।

ব্যাংকের খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২ -এ দেয়া হলো।

## আমানত সংগ্রহ

সংস্কার কর্মসূচীর আমানত সংগ্রহ পরিকল্পনায় কিছু নতুন পদক্ষেপ গ্রহণের ফলে ব্যাংকের আমানত সংগ্রহে গতি সঞ্চার হয়েছে। সংস্কার কর্মসূচীর প্রথম বছরে (১৯৯৯-২০০০) পূর্ববর্তী বছরের তুলনায় মোট আমানত ১৩৭৮ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়েছে, যা বছরের আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা ১১০০ মিলিয়ন টাকার ১২৫%। চলতি অর্থ বছরের (২০০০-২০০১) জন্য ব্যাংকের আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১২১০ মিলিয়ন টাকা। মার্চ, ২০০১ পর্যন্ত মোট আমানত ৬৮৫ মিলিয়ন টাকা সংগৃহীত হয়েছে, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার শতকরা ৫৭ ভাগ। মার্চ, ২০০১ শেষে মোট আমানত স্থিতি দাঁড়িয়েছে ৫৭৩৯ মিলিয়ন টাকা।

## আমানত সংগ্রহ

সংস্কার কর্মসূচীর আমানত সংগ্রহ পরিকল্পনায় কিছু নতুন পদক্ষেপ গ্রহণের ফলে ব্যাংকের আমানত সংগ্রহে গতি সঞ্চার হয়েছে। সংস্কার কর্মসূচীর প্রথম বছরে (১৯৯৯-২০০০) পূর্ববর্তী বছরের তুলনায় মোট আমানত ১৩৭৮ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়েছে, যা বছরের আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা ১১০০ মিলিয়ন টাকার ১২৫%। চলতি অর্থ বছরের (২০০০-২০০১) জন্য ব্যাংকের আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১২১০ মিলিয়ন টাকা। মার্চ, ২০০১ পর্যন্ত মোট আমানত ৬৮৫ মিলিয়ন টাকা সংগৃহীত হয়েছে, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার শতকরা ৫৭ ভাগ। মার্চ, ২০০১ শেষে মোট আমানত স্থিতি দাঁড়িয়েছে ৫৭৩৯ মিলিয়ন টাকা।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী এবং খাত-ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৩ এবং সারণি-৪-এ দেখানো হলো।

**খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়** সারণি-২

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৮-৯৯ | বিতরণ | ২৫২০ | ৪ | ৪০ | ৪৪ | ৬০২ | ৩১৬৬ |
| | আদায় | ১৯৩২ | ১৬ | ৫৬ | ৭২ | ৫৫২ | ২৫৫৬ |
| ১৯৯৯-২০০০ | বিতরণ | ২৬৪০ | ১০ | ২৯০ | ৩০০ | ৭২১ | ৩৬৬১ |
| | আদায় | ২৯২৫ | ৫৯ | ২২৯ | ২৮৮ | ৬৬৮ | ৩৮৮১ |
| ৩১শে মার্চ, ২০০১* | বিতরণ | ১৯১৯ | ৬০ | ২৫০ | ৩১০ | ৪৫০ | ২৬৭৯ |
| | আদায় | ১৮৩২ | ২০ | ৩০০ | ৩২০ | ৪৬০ | ২৬১২ |
| ৩০শে জুন, ২০০১** | বিতরণ | ২৮৫০ | ১০০ | ৩৫০ | ৪৫০ | ৯০০ | ৪২০০ |
| | আদায় | ৩৪০০ | ৬০ | ২৫০ | ৩১০ | ৭০০ | ৪৪১০ |

* সাময়িক। ** প্রাক্কলিত।

| শিল্পের আকার ভিত্তিক ঋণ | | | সারণি-৩ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|
| ঋণ মঞ্জুরী | শিল্পের আকার | | |
| | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩১শে ডিসেম্বর, ২০০০ তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | - | ৪০৬৮২ | ৪০৬৮২ |
| পরিমাণ | - | ১৩২৯ | ১৩২৯ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | - | ১১৭ | ১১৭ |
| পরিমাণ | - | ২১০ | ২১০ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১* তারিখে | | | |
| প্রকল্প সংখ্যা | - | ৪০৭১৫ | ৪০৭১৫ |
| পরিমাণ | - | ১৩৮৪ | ১৩৮৪ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১* পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | - | ৩৩ | ৩৩ |
| পরিমাণ | - | ৫৫ | ৫৫ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১** পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | - | ৮০ | ৮০ |
| পরিমাণ | - | ১০০ | ১০০ |

* সাময়িক। ** প্রাক্কলিত।

| খাত-ভিত্তিক ঋণের স্থিতি | | | | | সারণি-৪ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৮-৯৯ | ১৯৯৯-২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
| ১। | কৃষি ও মৎস্যঃ | ৮৮৮৬ | ৯১৪৮ | ৯১৯৪ | ৯৫০০ |
| | ক) শস্য | ৪৮৩৮ | ৫৩২২ | ৫৮০০ | ৬০০০ |
| | খ) শস্য ব্যতীত অন্যান্য | ৪০৪৮ | ৮৩২৬ | ৩৩৯৪ | ৩৫০০ |
| ২। | শিল্পঃ | ১৫৮৭ | ১৬২৯ | ১৬৫০ | ১৭৫০ |
| | ক) বৃহৎ ও মাঝারী | - | - | - | - |
| | খ) ক্ষুদ্র ও কুটির | ১৫৮৭ | ১৬২৯ | ১৬৫০ | ১৭৫০ |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা ও হোটেল/রেস্তোরা | ৪১৬ | ৫১০ | ৫০০ | ৫৫০ |
| ৪। | পরিবহন ও যোগাযোগ | ৪২ | ৪২ | ৫০ | ৫৫ |
| ৫। | বিশেষ ঋণ কর্মসূচীঃ | ২৯৭ | ৪০০ | ৪৩০ | ৪৭০ |
| | ক) দারিদ্র বিমোচন | ২৬৭ | ৩৫৭ | ৩৬০ | ৪০০ |
| | খ) অন্যান্য | ৩০ | ৪৩ | ৭০ | ৭০ |
| ৬। | অন্যান্য | ৯৭৯ | ৮৪৬ | ৯০০ | ৯৫০ |
| | সর্বমোট | ১২২০৭ | ১২৫৭৫ | ১২৭২৪ | ১৩২৭৫ |

# বাংলাদেশ শিল্প ব্যাংক

অক্টোবর, ১৯৭২-এ প্রতিষ্ঠিত বাংলাদেশ শিল্প ব্যাংক ১৯৬১ সাল থেকে Industrial development Bank of Pakistan (IDBP) এর উত্তরসুরী। প্রতিষ্ঠালগ্নে বাংলাদেশ শিল্প ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধন ছিল ৫০ মিলিয়ন টাকা। বর্তমানে ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ২০০০ মিলিয়ন টাকা এবং ১৩২০ মিলিয়ন টাকা। বাংলাদেশ শিল্প ব্যাংক আদেশ অনুযায়ী ব্যাংকের অনুমোদিত মূলধনের অন্যূন ৫১ শতাংশ সরকার কর্তৃক পরিশোধিত এবং অবশিষ্ট ৪৯ শতাংশ বাংলাদেশী নাগরিক কিংবা দেশী বা বিদেশী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধযোগ্য। বর্তমানে প্রধান কার্যালয় ও তিনটি আঞ্চলিক কার্যালয় ছাড়াও এ ব্যাংকের ১৫টি শাখা কার্যালয় আছে। এ

*ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি পলিমার শিল্প কারখানা*

ব্যাংকের মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা জুন, ২০০০ শেষের ৮৮০ হতে হ্রাস পেয়ে মার্চ, ২০০১ শেষে ৮৫৮-এ দাঁড়িয়েছে। ব্যাংকের পরিচালনা পর্ষদ চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকসহ নয় জন পরিচালক সমন্বয়ে গঠিত। বাংলাদেশ শিল্প ব্যাংক সরকার সূচিত এবং গৃহীত অর্থনৈতিক সংস্কার কর্মসূচী ও শিল্প নীতির সাথে সংগতি রেখে দেশের শিল্পায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে নতুন শিল্প প্রতিষ্ঠা, চালু শিল্পের সুষমকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন ও সম্প্রসারণ কল্পে দেশীয় ও বৈদেশিক মুদ্রায় ঋণ প্রদান এবং এ ব্যাংকের ঋণে স্থাপিত সমস্যাগ্রস্ত শিল্পের পুনর্বাসনে সহায়তা করে থাকে। ব্যাংক শিল্প স্থাপনে আগ্রহী উদ্যোক্তাদেরকে আর্থিক, কারিগরী ও পরামর্শমূলক সহায়তা প্রদান করে। ব্যাংক দেশীয় শিল্প কারখানায় বিদেশী কোম্পানী/প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত ঋণ পরিশোধের নিশ্চয়তা প্রদানসহ সীমিত দায় বিশিষ্ট কোম্পানীর শেয়ার ক্রয়/অবলেখনের মাধ্যমে মূলধন যোগানে সহায়তা দেয়। ব্যাংকের কর্মকাণ্ডে গতিশীলতা আনয়ন এবং এর কার্যাবলী বহুমুখীকরণের লক্ষ্যে ১৯৯৩-৯৪ অর্থ বছরে পূর্ণ বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম চালু করা হয়।

শিল্প ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০০০ সালের জুনের

**অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য**

সারণি-১

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ১৩২০ | ১৩২০ | ১৩২০ | ১৩২০ |
| ৩। | সংরক্ষিত তহবিল | ৬৪৪ | ৬৪৪ | ৬৪৪ | ৬৪৪ |
| ৪। | আমানত ঃ | ৫৩৪ | ৫৬৮ | ৬২৯ | ৬৪০ |
| | ক) তলবী আমানত | ৭৯ | ১৫২ | ১৫৫ | ১৬০ |
| | খ) মেয়াদী আমানত | ৪৫৫ | ৪১৬ | ৪৭৪ | ৪৮০ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ১০১৬৮* | ২১৩২১ | ২০৮৫৩ | ২১৮৯৫ |
| ৬। | বিনিয়োগ | ১১৮৬ | ১২৮৭ | ১২২১ | ১৩৪৩ |
| ৭। | মোট পরিসম্পদ | ১৩৯৩০ | ২৪০০২ | ২৪৬৮৩ | ২৫৯১৭ |
| ৮। | মোট আয় | ৫০২ | ৯১৬ | ৪৫৯ | ৯২০ |
| ৯। | মোট ব্যয় | ৭৩৪ | ৩৯৬৯** | ১৪৫ | ৫২০ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ২৫ | ১৩ | ৪৬৪ | ৫৪৭ |
| | ক) রপ্তানি | - | - | - | - |
| | খ) আমদানি | ২৩ | ৯ | ৪৩৭ | ৫২০ |
| | গ) রেমিটেন্স | ২ | ৪ | ২৭ | ২৭ |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৯১৬ | ৮৮০ | ৮৫৮ | ৮৫৬ |
| | ক) কর্মকর্তা | ৪৬৫ | ৪৪২ | ৪৭৩ | ৪৭২ |
| | খ) কর্মচারী | ৪৫১ | ৪৩৮ | ৩৮৫ | ৩৮৪ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ৩৩ | ৩৪ | ৩৪ | ৩৪ |
| ১৩। | শাখা (সংখ্যায়) | ১৫ | ১৫ | ১৫ | ১৫ |

** কুঋণ সঞ্চিতি ও স্থগিত সুদ ১১৩৭৩ মিলিয়ন টাকা বাদে।*

*** ১৯৯৯-২০০০ অর্থ বছরে কুঋণ সঞ্চিতি ঘাটতি পূরণের জন্য ব্যয় খাতে অতিরিক্ত চার্জ করায় ব্যয়ের পরিমাণ ২৮৭১ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়েছে।*

## খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৮-৯৯ | বিতরণ | ১১৩ | ৩২ | ১৪৫ | - | ১৪৫ |
| | আদায় | ৭৬০ | ২১৬ | ৯৭৬ | ১৪ | ৯৯০ |
| ১৯৯৯-২০০০ | বিতরণ | ৩৬১ | ২২ | ৩৮৩ | - | ৩৮৩ |
| | আদায় | ১০৯৬ | ৯০ | ১১৮৬ | ৩৮ | ১২২৪ |
| ৩১শে মার্চ, ২০০১* | বিতরণ | ৯২ | ৫ | ৯৭ | - | ৯৭ |
| | আদায় | ৭২২ | ২৪ | ৭৪৬ | ২৭ | ৭৭৩ |
| ৩০শে জুন, ২০০১** | বিতরণ | ১০০ | ১৭ | ১১৭ | - | ১১৭ |
| | আদায় | ১৫৪৪ | ৬১ | ১৬০৫ | ৪৫ | ১৬৫০ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

৫৬৮ মিলিয়ন টাকার তুলনায় ১০.৭৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০০১ সালের মার্চ মাসে ৬২৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। এ ব্যাংকের প্রদত্ত ঋণ ও অগ্রিমের পরিমাণ ১৯৯৯-২০০০ সালের ২১৩২১ মিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে মার্চ, ২০০১ শেষে ২০৮৫৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকের বিনিয়োগ ২০০০ সালের জুনের ১২৮৭ মিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে মার্চ, ২০০১ শেষে ১২২১ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

## শিল্পের আকার ভিত্তিক ঋণ

সারণি-৩

*(মিলিয়ন টাকায়)*

| ঋণ মঞ্জুরী | | শিল্পের আকার | | |
|---|---|---|---|---|
| | | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩০শে জুন, ১৯৯৯ তারিখে | প্রকল্প সংখ্যা | ২৪৭ | ১৩২৬ | ১৫৭৩ |
| | পরিমাণ | ২২২৯৬ | ৫০৪৬ | ২৭৩৪২ |
| ১৯৯৮-৯৯ অর্থ বছরে | প্রকল্প সংখ্যা | ১ | ২ | ৩ |
| | পরিমাণ | ১ | ৫ | ৬ |
| ক্রমপুঞ্জিভূতঃ ৩০শে জুন, ২০০০ তারিখে | প্রকল্প সংখ্যা | ২৪৯ | ১৩২৬ | ১৫৭৫ |
| | পরিমাণ | ২২৪৪১ | ৫০৬৪ | ২৭৫০৫ |
| ১৯৯৯-২০০০ অর্থ বছরে | প্রকল্প সংখ্যা | ২ | ৪* | ৬ |
| | পরিমাণ | ১৪৫ | ১৮ | ১৬৩ |
| ২০০০-২০০১ অর্থ বছরে (মার্চ, ২০০১** পর্যন্ত) | প্রকল্প সংখ্যা | ১ | ২ | ৩ |
| | পরিমাণ | ৭০ | ৩ | ৭৩ |

** বিদ্যমান চারটি প্রকল্পে অতিরিক্ত ঋণ দেয়া হয়েছে। ** সাময়িক।*

বাংলাদেশ শিল্প ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

## খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

শিল্প ব্যাংকের মোট ঋণ বিতরণের পরিমাণ ১৯৯৯-২০০০০ সালে ছিল ৩৮৩ মিলিয়ন টাকা। ২০০০-২০০১ সালের জুলাই-মার্চ সময়কালে ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ৯৭ মিলিয়ন টাকা। শিল্প ব্যাংকের প্রধান ঋণ হলো মেয়াদী ঋণ। মেয়াদী ঋণ বিতরণের পরিমাণ ১৯৯৮-১৯৯৯ অর্থবছরের ১১৩ মিলিয়ন টাকা থেকে ২৪৮ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ১৯৯৯-২০০০ অর্থ বছরে ৩৬১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০০-২০০১ অর্থ বছরে প্রথম নয় মাসে শিল্প ব্যাংক ৭২২ মিলিয়ন টাকা মেয়াদী ঋণ আদায় করেছে এবং এ সময়ে মোট ঋণ আদায়ের পরিমাণ হল ৭৭৩ মিলিয়ন টাকা। ১৯৯৯-২০০০ সালে মোট ঋণ আদায়ের পরিমাণ ছিল ১২২৪ মিলিয়ন টাকা।

শিল্প ব্যাংকের খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

ব্যাংকটির শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩-এ দেয়া হলো।

ব্যাংকটির খাত-ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

**খাত-ভিত্তিক ঋণের স্থিতি**

সারণি-৪
*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১) | শিল্পঃ | ১৯৮৬৫ | ১৯২৪৩ | ১৮৫৪৮ | ১৮৩০০ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ১৩৫৮৮ | ১২৯৩০ | ১২৫৪৮ | ১২৫০০ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | ৬২৭৭ | ৬৩১৩ | ৬০০০ | ৫৮০০ |
| ২) | অন্যান্য | ১৬৭৬ | ২০৭৮ | ২৩০৫ | ৩৫৯৫ |
| | সর্বমোট | ২১৫৪১ | ২১৩২১ | ২০৮৫৩ | ২১৮৯৫ |

# বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা

বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা আদেশ, ১৯৭২ (রাষ্ট্রপতির আদেশ নং ১২৮, ১৯৭২)-এর ক্ষমতা বলে শিল্প প্রকল্পসমূহে ঋণ সুবিধাসহ অন্যান্য সহায়তা প্রদান, বাংলাদেশে পুঁজি বিনিয়োগকে উৎসাহিত করা ও বিনিয়োগ কর্মকাণ্ডের ভিতকে সম্প্রসারিত করার লক্ষ্যে ৩১শে অক্টোবর, ১৯৭২ সালে বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা (বিএসআরএস) প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন হতে ১লা মার্চ, ১৯৮৫ তারিখ পর্যন্ত সংস্থা স্বীয় চার্টারে প্রদত্ত ক্ষমতা বলে শিল্প প্রকল্প স্থাপনে দীর্ঘ মেয়াদী ঋণ, সেতু ঋণ, ডিবেঞ্চার ঋণ ইত্যাদি প্রদান করে এসেছে। কিন্তু বাংলাদেশ সরকার ও কয়েকটি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের মধ্যে ২রা মার্চ, ১৯৮৫ সালে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুসারে সংস্থার সার্বিক কর্মকাণ্ড মে, ১৯৯৫ পর্যন্ত এর পোর্টফলিওভুক্ত প্রকল্প সমূহের সুষমকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন ও সম্প্রসারণের (বিএমআরই) জন্য আর্থিক সহায়তা প্রদান ও ঋণ আদায়ের মধ্যে সীমাবদ্ধ ছিল। ১৯৮৫ সালে সম্পাদিত উক্ত সমঝোতা স্মারকের আলোকে সংস্থার সার্বিক পরিচালনা ও প্রশাসনিক ক্ষেত্রে ব্যাপক সংস্কার সাধিত হয়। উক্ত সংস্কার কার্যক্রমের আওতায় বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা আদেশ, ১৯৭২ সংশোধন করাসহ ঋণ আদায় প্রক্রিয়া আরো জোরদার করা হয়।

*সংস্থা কর্তৃক অর্থায়িত একটি সুতা প্রস্তুতকারী শিল্প*

দেশের আর্থিক খাতে বিরাজমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এবং শিল্পায়নে সংস্থার ইতিবাচক ভূমিকার কথা বিবেচনা করে সরকার ১৯৯৫ সালের জুন মাসে সংস্থাকে সরকারের নিয়ন্ত্রণাধীন একটি পূর্ণাঙ্গ আর্থিক প্রতিষ্ঠান হিসেবে পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করে এবং সে অনুসারে সংস্থাকে পুনর্গঠন করে। পুনর্গঠনের আওতায় সরকার সংস্থাকে নতুন শিল্প প্রকল্পে ঋণ প্রদানসহ বাণিজ্যিক ব্যাংকিং ও মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্যও অনুমতি প্রদান করে। এ প্রেক্ষিতে ৪ঠা মে, ১৯৯৭ তারিখে মতিঝিল শাখার মাধ্যমে সংস্থা বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে। এছাড়া পুঁজি বাজারকে সক্রিয় করার নিমিত্তে এবং স্টক এক্সচেঞ্জে সরাসরি সিকিউরিটিজ ক্রয়/বিক্রয়ে অংশগ্রহণ করার জন্য সংস্থা ৩০শে আগস্ট, ১৯৯৭ তারিখে ঢাকা স্টক এক্সচেঞ্জের সদস্যপদ গ্রহণ করেছে এবং নিয়মিত শেয়ার ও সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ে অংশ নিচ্ছে। এছাড়া সংস্থা প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ডও সাফল্যজনকভাবে ১৯৯৬-৯৭ অর্থ বছরে বাজারজাত করেছে এবং উক্ত মিউচ্যুয়াল ফান্ডের উপর নিয়মিত লভ্যাংশ প্রদান করছে। আলোচ্য অর্থ বছরের ২৯শে অক্টোবর, ২০০০ তারিখে সংস্থা বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রমকে আরো সম্প্রসারণের লক্ষ্যে কাওরান বাজারস্থ নিজস্ব ভবনে দ্বিতীয় বাণিজ্যিক ব্যাংকিং শাখার কার্যক্রম শুরু করেছে। সংস্থার বর্তমান অনুমোদিত ও পরিশোধিত মূলধন

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৮-'৯৯* | ১৯৯৯-২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ৭০০ | ৭০০ | ৭০০ | ৭০০ |
| ৩। | সংরক্ষিত তহবিল | ৬৯১ | ৭৫৬ | ৭৮৫ | ৮০৩ |
| ৪। | আমানত ঃ | ১২৫ | ৮৯ | ১২৫ | ১৭৫ |
| | ক) তলবী | ৪১ | ৩৪ | ৩৯ | ৫৯ |
| | খ) মেয়াদী | ৮৪ | ৫৫ | ৮৬ | ১১৬ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ১৮২২০ | ১৭৮৫৪ | ১৭৮২০ | ১৭৯৩৬ |
| ৬। | বিনিয়োগ | ২৫২ | ২৮০ | ৩১০ | ৩৩৩ |
| ৭। | মোট পরিসম্পদ | ১৯২১২ | ১৮৮৩৫ | ১৮৯৭১ | ১৮৯৮৬ |
| ৮। | মোট আয় | ১৯২ | ১৯০ | ১৭২ | ২৩০ |
| ৯। | মোট ব্যয় | ১৫৩ | ১২৩ | ১০৭ | ১৪৩ |
| ১০। | বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ঃ | ২৪১ | ১২ | ১ | ৫০ |
| | ক) রপ্তানি | - | - | - | - |
| | খ) আমদানি | ২৪১ | ১২ | ১ | ৫০ |
| | গ) রেমিটেন্স | - | - | - | - |
| ১১। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ২২১ | ২০৮ | ২১৭ | ২১৯ |
| | ক) কর্মকর্তা | ১০৪ | ১০০ | ১০০ | ১০২ |
| | খ) কর্মচারী | ১১৭ | ১০৮ | ১১৭ | ১১৭ |
| ১২। | বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়) | ৩ | ৫ | ৫ | ৫ |
| ১৩। | শাখা (সংখ্যায়) | ৫ | ৫ | ৬ | ৬ |

** বাংলাদেশ ব্যাংকের সার্কুলার অনুযায়ী ১৯৯৮-৯৯ অর্থ বছরের হিসাব পুনর্বিন্যাস করা হয়েছে।*

## খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৮-৯৯ | বিতরণ | ২৪৫ | - | ২৪৫ | ৩৩ | ২৭৮ |
| | আদায় | ২৪৩ | - | ২৪৩ | ১৯ | ২৬২ |
| ১৯৯৯-২০০০ | বিতরণ | ১২২ | - | ১২২ | ২৯ | ১৫১ |
| | আদায় | ২৫৯ | - | ২৫৯ | ১৯ | ২৭৮ |
| ৩১শে মার্চ, ২০০১* পর্যন্ত | বিতরণ | ৩২ | - | ৩২ | ৬ | ৩৮ |
| | আদায় | ১৮৫ | - | ১৮৫ | ১৫ | ২০০ |
| ৩০শে জুন, ২০০১** | বিতরণ | ৭৪ | - | ৭৪ | ৬ | ৮০ |
| | আদায় | ৩৪৫ | - | ৩৪৫ | ৩২ | ৩৭৭ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

যথাক্রমে ২০০০ মিলিয়ন টাকা এবং ৭০০ মিলিয়ন টাকা। ২০০১ সালের ৩১শে মার্চ তারিখে কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা দাঁড়িয়েছে ২১৭ জনে।

১৯৯৫ সালে পুনরায় নতুন শিল্প প্রকল্পে অর্থায়নে অনুমতি পাওয়ার পর থেকে সংস্থা (কনসোর্টিয়াম ব্যবস্থার আওতায় ৬টি প্রকল্পসহ) মোট ১৯টি নতুন শিল্প প্রকল্পে ৭৯৪ মিলিয়ন টাকা (৫০ মিলিয়ন টাকা আইডিসিপিসহ) ঋণ মঞ্জুর করেছে যার মধ্যে বৈদেশিক মুদ্রা ঋণের পরিমাণ ৬৬৫ মিলিয়ন টাকা।

## শিল্পের আকার ভিত্তিক ঋণ

সারণি-৩

*(মিলিয়ন টাকায়)*

| ঋণ মঞ্জুরী | | শিল্পের আকার | | |
|---|---|---|---|---|
| | | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩১শে ডিসেম্বর, ২০০০ তারিখে | প্রকল্প সংখ্যা | ৩২৫ | ১ | ৩২৬ |
| | পরিমাণ | ৫১৫২ | ৯ | ৫১৬১ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | - | - | - |
| | পরিমাণ | - | - | - |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১* তারিখে | প্রকল্প সংখ্যা | ৩২৫ | ১ | ৩২৬ |
| | পরিমাণ | ৫১৫২ | ৯ | ৫১৬১ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১* পর্যন্ত | প্রকল্প সংখ্যা | - | - | - |
| | পরিমাণ | - | - | - |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১** পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ৩ | - | ৩ |
| | পরিমাণ | ৪১ | - | ৪১ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

আলোচ্য সময়ে সেতু ঋণ খাতে সংস্থা চারটি প্রকল্পে ৫১ মিলিয়ন টাকা সেতু ঋণ মঞ্জুর করেছে। এছাড়া আলোচ্য সময়ে ঢাকা স্টক এক্সচেঞ্জকে এর কার্যক্রম অটোমেশন করার নিমিত্তে সরকারের নিকট থেকে ৮৪ মিলিয়ন টাকা গ্রহণ পূর্বক ঋণ হিসাবে প্রদান করা হয়েছে।

সংস্থা এর জন্মলগ্নে পূর্বসূরী পিকিক কর্তৃক মঞ্জুরকৃত ১০৯টি প্রকল্প প্রাপ্ত হয়, যার বিপরীতে ৩৮৬ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছিল। পরবর্তীতে ১৯৭২ সাল হতে ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত সময়কালে সংস্থা মোট ৩২৬টি প্রকল্পে ৫১৬১ মিলিয়ন টাকা ঋণ অনুমোদন করেছে এবং ৪৯১১ মিলিয়ন টাকা বিতরণ করেছে। এ সময়কালে অর্থায়িত প্রকল্প থেকে প্রায় ৭৭৮০ মিলিয়ন টাকা ঋণ বাবদ আদায় করেছে। এতদ্ব্যতীত ১৯৭২ সাল হতে এ পর্যন্ত সংস্থা মোট ১৭৯৯ মিলিয়ন টাকা মুনাফা অর্জন করেছে, কর বাবদ ১৬২৭ মিলিয়ন টাকা প্রদান করেছে এবং সরকারী কোষাগারে ১৫৫ মিলিয়ন টাকা প্রদান করেছে। সংস্থার বড় সাফল্য এ পর্যন্ত কখনও লোকসান-এর সম্মুখীন হয়নি। এ ছাড়াও জন্মলগ্ন হতে এ পর্যন্ত সরকারের নিকট থেকে অথবা সরকারের মাধ্যমে গৃহীত ঋণের বিপরীতে সংস্থা সরকারকে নির্ধারিত সুদসহ ৫৩২৪ মিলিয়ন টাকা এবং দাতা সংস্থাসমূহকে নির্ধারিত সুদসহ ৩৫০ মিলিয়ন টাকা পরিশোধ করেছে।

সংস্থা ১৯৯৯-২০০০ এবং ২০০০-২০০১ (৩১শে মার্চ পর্যন্ত) অর্থ বছরে যথাক্রমে ১২২ মিলিয়ন ও ৩২ মিলিয়ন টাকা মেয়াদী ঋণ বিতরণ করেছে। ৩১শে মার্চ, ২০০১ তারিখের হিসাবের সংস্থার মোট আদায়যোগ্য ঋণের পরিমাণ ১৫৭২২ মিলিয়ন টাকা এবং জুন, ২০০১ নাগাদ আদায়যোগ্য ঋণের পরিমাণ দাঁড়াবে আনুমানিক ১৫৮৮১ মিলিয়ন টাকা।

সংস্থার অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

## খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

বিএসআরএস এর ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ১৯৯৯-২০০০ অর্থ বছরে দাঁড়ায় যথাক্রমে ১৫১ মিলিয়ন টাকা ও ২৭৮ মিলিয়ন টাকা, পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল যথাক্রমে ২৮৭ মিলিয়ন টাকা ও ২৬২ মিলিয়ন টাকা। ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত এ সংস্থার ঋণ বিতরণ ও আদায় দাঁড়িয়েছে যথাক্রমে ৩৮ মিলিয়ন ও ২০০ মিলিয়ন টাকায়।
বিএসআরএস-এর ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

বিএসআরএস-এর শিল্প ঋণ মঞ্জুরীর অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা-এর খাত-ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

**খাত-ভিত্তিক ঋণের স্থিতি**

সারণি-৪
*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্য ঃ | - | - | - | - |
| | ক) শস্য | - | - | - | - |
| | খ) শস্য ব্যতীত অন্যান্য | - | - | - | - |
| ২। | শিল্প ঃ | ১৫৯৭৯ | ১৫৫৪১ | ১৫৪৭১ | ১৫৫২২ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ১৫৯৭৯ | ১৫৫৪১ | ১৫৪৭১ | ১৫৫২২ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | - | - | - | - |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | ৭২৬ | ৭২১ | ৭২১ | ৭২১ |
| ৪। | বীমা রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | - | - | - | - |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ১২৫২ | ১২৩৩ | ১২৩২ | ১২৩২ |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ | - | - | - | - |
| | ক) দারিদ্র বিমোচন | | | | |
| | খ) অন্যান্য | | | | |
| ৭। | অন্যান্য | ২৬৩ | ৩৫৯ | ৩৯৬ | ৪৬১ |
| | সর্বমোট | ১৮২২০ | ১৭৮৫৪ | ১৭৮২০ | ১৭৯৩৬ |

# আর্থিক প্রতিষ্ঠান

## আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক

আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন ১৯৯৫-এর অধীনে স্থাপিত এ ব্যাংক সরকার নিয়ন্ত্রিত একটি আর্থিক প্রতিষ্ঠান ও সংবিধিবদ্ধ সংস্থা। ১৯৯৬ সালের নভেম্বর মাসে ঢাকাস্থ লোকাল অফিস খোলার মাধ্যমে এ ব্যাংকের কার্যক্রম শুরু হয়। ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০০ মিলিয়ন টাকা। ২০০১ সালের মার্চ পর্যন্ত এর পরিশোধিত মূলধনের পরিমাণ ১৩১ মিলিয়ন টাকা। ব্যাংকটির পরিশোধিত মূলধনের ২৫ শতাংশ শেয়ার সরকারের এবং অবশিষ্ট ৭৫ শতাংশ শেয়ার আনসার ও ভিডিপি সদস্য/সদস্যা, আনসার ও ভিডিপি কর্মকর্তা/কর্মচারী এবং আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের। ২০০১ সালের মার্চ শেষে ব্যাংকটির শাখার সংখ্যা দাঁড়ায় ৭৬টি। পর্যায়ক্রমে দেশের

*বাঁশ ও বেতের কাজে আর্থিক সহায়তা দিয়েছে ব্যাংক*

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১
*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ১২৭ | ১২৯ | ১৩১ | ১৩৩ |
| ৩। | রিজার্ভ ফান্ড | - | - | - | - |
| ৪। | আমানত ঃ | ১০ | ১৯ | ৩২ | ৩৮ |
| | (ক) তলবী আমানত | - | - | - | - |
| | (খ) মেয়াদী আমানত | ১০ | ১৯ | ৩২ | ৩৮ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ১১২ | ১৫১ | ২০৪ | ৪০৭ |
| ৬। | বিনিয়োগ | ১২ | ৪ | ১৩ | ১৫ |
| ৭। | মোট পরিসম্পদ | ১৭৭ | ১৯০ | ২৬০ | ৩০০ |
| ৮। | মোট আয় | ২৭ | ৩৭ | ২৬ | ৫৬ |
| ৯। | মোট ব্যয় | ৩১ | ৪৬ | ২৮ | ৫৪ |
| ১০। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৩০০ | ৩৯৬ | ৪৫০ | ৫৪১ |
| | ক) কর্মকর্তা | ২৪০ | ৩১৬ | ৩৫০ | ৪০৮ |
| | খ) কর্মচারী | ৬০ | ৮০ | ১০০ | ১৩৩ |
| ১১। | শাখা (সংখ্যায়) | ৬২ | ৭২ | ৭৬ | ১০০ |

প্রতিটি উপজেলা সদরে এ ব্যাংকের একটি করে শাখা খোলা হবে এবং ২০০১ সালের জুন মাসের মধ্যে অত্র ব্যাংকের শাখার সংখ্যা ১০০টিতে উন্নীত করার পরিকল্পনা রয়েছে। ১৭ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদ ও ৫ সদস্য বিশিষ্ট পর্ষদের নির্বাহী কমিটির সার্বিক তত্ত্বাবধানে পল্লী ঋণ কার্যক্রমে দীর্ঘ দিনের অভিজ্ঞতাসম্পন্ন পেশাভিত্তিক ব্যাংক কর্মকর্তাদের নিয়ে এ ব্যাংক পরিচালিত হচ্ছে। বর্তমানে ব্যাংকের মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ৪৫০ জন, তন্মধ্যে কর্মকর্তা ৩৫০ জন।

৪৫ লক্ষ ৫২ হাজার আনসার ও ভিডিপি সদস্য/সদস্যাদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন, স্বনির্ভর ও স্বাবলম্বী করে গড়ে তোলা এবং তাদের জীবনযাত্রার মান উন্নয়নের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে এ ব্যাংক বহুমুখী ক্ষুদ্র ঋণ কর্মসূচী চালু করেছে যা সরকারের দারিদ্র বিমোচন কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বর্তমানে অত্র ব্যাংকের বহুমুখী ক্ষুদ্র ঋণ কর্মসূচী (মাইক্রো ক্রেডিট)-এর আওতায় গরু-ছাগল মোটাতাজাকরণ, গাভী পালন, হাঁস-মুরগীর খামার, মৎস্য চাষ ও চিংড়ী চাষ, কুটির শিল্প স্থাপন, হাল্কা ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, মুদি-মনোহারী মালের ব্যবসা, সেলাই মেশিন ক্রয়, কৃষিজাত পণ্যের বাজারজাতকরণ ইত্যাদিসহ গ্রামীণ অর্থনীতি নির্ভর আয়বর্ধক ৬০টি খাতে ৫ জনকে নিয়ে গঠিত গ্রুপের মাধ্যমে মাথাপিছু সর্বোচ্চ ১৫০০০ টাকা ঋণ প্রদান করা হচ্ছে। ইকুইটি এবং সহায়ক জামানত ব্যতিরেকে ব্যক্তিগত এবং গ্রুপ গ্যারান্টির বিপরীতে ব্যাংক এ ঋণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। সাথে সাথে ঋণ গ্রহীতা প্রত্যেক সদস্য/সদস্যাদের মধ্যে সঞ্চয় মনোভাব গড়ে তোলার জন্য সাপ্তাহিক সেন্টার সভায় নিয়মিতভাবে প্রত্যেক সদস্য/সদস্যাদের নিকট হতে বাধ্যতামূলক ১০ (দশ) টাকা হারে সঞ্চয় জমা করা হচ্ছে যার উপর বার্ষিক ৭% সুদ প্রদান করা হয়।

শুরু থেকে ফেব্রুয়ারী, ২০০১ পর্যন্ত সময়কালে স্থাপিত শাখাগুলোর মাধ্যমে ১৩০৩18 সংখ্যক সদস্য/সদস্যাদের মধ্যে ৮১০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে যার বিপরীতে সাপ্তাহিক কিস্তিতে আদায় হয়েছে ৬৭৪ মিলিয়ন টাকা। ঋণ কার্যক্রমে ঋণ আদায় অত্যন্ত সন্তোষজনক এবং ঋণ আদায়ের হার প্রায় ৯৯%। গ্রুপ সঞ্চয় হিসাবে ৩০.৪

সারণি-২

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

| বিবরণ | | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৮-'৯৯ | বিতরণ | - | - | - | - | ১৯১ | ১৯১ |
| | আদায় | - | - | - | - | ১৪৬ | ১৪৬ |
| ১৯৯৯-২০০০ | বিতরণ | - | - | - | - | ২৬১ | ২৬১ |
| | আদায় | - | - | - | - | ২৪৪ | ২৪৪ |
| মার্চ ৩১, ২০০১* | বিতরণ | - | - | - | - | ২৭৬ | ২৭৬ |
| | আদায় | - | - | - | - | ২৪৯ | ২৪৯ |
| জুন ৩০, ২০০১** | বিতরণ | - | - | - | - | ৬৪০ | ৬৪০ |
| | আদায় | - | - | - | - | ৫৮৯ | ৫৮৯ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

মিলিয়ন টাকা জমা হয়েছে। ইতোমধ্যে সদস্য/সদস্যাগণ ঋণের সুফল পেতে শুরু করেছে। বিত্তহীন এবং নিম্নমধ্যবিত্ত আনসার ও ভিডিপি সদস্য/সদস্যাদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন ও স্বনির্ভর করে তাঁদেরকে অর্থনীতি

*ব্যাংকের আর্থিক সহায়তায় পরিচালিত একটি আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প (কাপড় সেলাই)*

ও উন্নয়নের মূল স্রোতধারায় নিয়ে আসতে এ ব্যাংক বিশেষ ভূমিকা পালন করছে।

আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেখানো হলো।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেখানো হলো।

খাত-ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৩-এ দেখানো হলো

**খাত-ভিত্তিক ঋণের স্থিতি**

সারণি-৩
*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্য ঃ | - | - | - | - |
| ২। | শিল্প ঃ | - | - | - | - |
| ৩। | পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোরা/হোটেল | - | - | - | - |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | - | - | - | - |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | - | - | - | - |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ | ১১২ | ১৫১ | ২০৪ | ৪০৭ |
| | ক) দারিদ্র বিমোচন | ১১২ | ১৫১ | ২০৪ | ৪০৭ |
| | খ) অন্যান্য | | | | |
| ৭। | অন্যান্য | | | | |
| | সর্বমোট | ১১২ | ১৫১ | ২০৪ | ৪০৭ |

# বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড

কৃষি খাতে অর্থায়নের মৌলিক উদ্দেশ্যে ১৯৪৮ সালের ৩১ শে মার্চ প্রতিষ্ঠিত পূর্ব পাকিস্তান প্রাদেশিক সমবায় ব্যাংক লিমিটেড ১৯৭১ সালে স্বাধীনতার পর বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড (বিএসবিএল) নামে আত্মপ্রকাশ করে। বর্তমানে সমবায় ঋণ সরবরাহ ক্ষেত্রে এ ব্যাংক একটি শীর্ষ আর্থিক প্রতিষ্ঠান। মূলতঃ কৃষি ও অন্যান্য সমবায় ঋণ সম্পর্কিত প্রতিষ্ঠানসহ সকল শ্রেণীর সমবায় প্রতিষ্ঠান এ ব্যাংকের সদস্য পদ লাভ করতে পারে। ৩০শে জুন, ২০০০ পর্যন্ত মোট ৫৩৩টি প্রতিষ্ঠান এ ব্যাংকের সদস্য হয়েছে। এসব সমিতির ব্যক্তি সদস্য সংখ্যা প্রায় ৩.৫ মিলিয়ন। এ ব্যাংকের অনুমোদিত মূলধন ১০০ মিলিয়ন টাকা। ২০০১ সালের মার্চ শেষে পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় ৩২ মিলিয়ন টাকা। বর্তমানে ১২ সদস্য বিশিষ্ট কার্যকরী পরিষদ ব্যাংক পরিচালনার দায়িত্বে নিয়োজিত আছে।

ব্যাংকের আমানতের পরিমাণ ২০০০ সালের জুন শেষে ছিল ২২ মিলিয়ন টাকা। ২০০১ সালের মার্চ শেসে আমানত বৃদ্ধি পেয়ে ২৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এ ব্যাংক ১৯৯৮-৯৯ অর্থ বছরে ৭০ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করে এবং ৫৪ মিলিয়ন

**অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য** — সারণি-১

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ৩২ | ৩২ | ৩২ | ৩২ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ৮২৭ | ৮৯৩ | ৮৯৩ | ৮৯৮ |
| ৪। | আমানত ঃ | ২২ | ২২ | ২৭ | ৩০ |
| | (ক) তলবী আমানত | ১২ | ১২ | ১৯ | ২০ |
| | (খ) মেয়াদী আমানত | ১০ | ১০ | ৮ | ১০ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ২৫৬২ | ২৬৯৩ | ২৭৩১ | ২৮১৩ |
| ৬। | বিনিয়োগ | ৪৫৪ | ৪৬০ | ৫০৩ | ৫০৮ |
| ৭। | মোট পরিসম্পদ | ৩০৫৮ | ৩১৯৮ | ৩২৭৪ | ৩২৮০ |
| ৮। | মোট আয় | ১৭৩ | ১৬৮ | ১০৩ | ১০৫ |
| ৯। | মোট ব্যয় | ১০৪ | ১০৯ | ৫৭ | ৫৯ |
| ১০। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৯৯ | ১০৫ | ১০২ | ১০২ |
| | ক) কর্মকর্তা | ৬২ | ৬১ | ৫৯ | ৫৯ |
| | খ) কর্মচারী | ৩৭ | ৪৪ | ৪৩ | ৪৩ |

টাকার ঋণ আয় করে। ১৯৯৯-২০০০ অর্থ বছরে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ যথাক্রমে ৭৬ মিলিয়ন টাকা ও ৭৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ১৯৯৯-২০০০ অর্থ বছরে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ যথাক্রমে ৭৬ মিলিয়ন টাকা ও ৭৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ১৯৯৯-২০০০ অর্থ বছর শেষে ব্যাংকটির মোট অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ২৬৯৩ মিলিয়ন টাকা যা মার্চ, ২০০১ শেষে ২৭৩১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। বিনিয়োগের পরিমাণ ১৯৯৯-২০০০ অর্থ বছর শেষে দাঁড়ায় ৪৬০ মিলিয়ন টাকায়, যা মার্চ ২০০১ শেষে ৫০৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেখানো হলো।

## খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সমবায় ব্যাংক মূলত সদস্যভুক্ত কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতিসমূহের মাধ্যমে সমবায়ী কৃষকদের মধ্যে স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদী কৃষি ঋণ বিতরণ করে থাকে। তবে প্রয়োজনে কৃষি ব্যতীত অন্যান্য গ্রামীণ কর্মকাণ্ডেও সমবায় ব্যাংক অর্থায়ন করে থাকে। ব্যাংকটি স্বর্ণ ও সমবায় জমি বন্ধক রেখেও ঋণ প্রদান করে থাকে।

ব্যাংকটির খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ সারণি-২ এবং খাত-ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

### খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | | কৃষি ঋণ | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|
| ১৯৯৮-'৯৯ | বিতরণ | ২৯ | ৪১ | ৭০ |
| | আদায় | ১৪ | ৪০ | ৫৪ |
| ১৯৯৯-২০০০ | বিতরণ | ৩০ | ৪৬ | ৭৬ |
| | আদায় | ২৪ | ৪৯ | ৭৩ |
| মার্চ ৩১, ২০০১* | বিতরণ | ১ | ৩৪ | ৩৫ |
| | আদায় | ৯ | ৪০ | ৪৯ |
| জুন ৩০, ২০০১** | বিতরণ | ৪ | ১১১ | ১১৫ |
| | আদায় | ১২ | ৩৪ | ৪৬ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

### খাত-ভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৩

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্য ঃ | ২৩৪১ | ২৪৮১ | ২৬২৩ | ২৫৮৩ |
| | ক) শস্য | ১৫৪৪ | ১৭০৭ | ১৮৭৬ | ১৭৩৩ |
| | খ) শস্য ব্যতীত অন্যান | ৭৯৭ | ৭৭৪ | ৭৪৭ | ৮৫০ |
| ২। | অন্যান্য | ২২১ | ২১২ | ১০৮ | ২৩০ |
| | সর্বমোট | ২৫৬২ | ২৬৯৩ | ২৭৩১ | ২৮১৩ |

# গ্রামীণ ব্যাংক

গ্রামীণ ব্যাংকের সূচনা ১৯৭৬ সালে চালুকৃত একটি প্রকল্পের মাধ্যমে। প্রকল্পটির সাফল্যের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে বাংলাদেশ কৃষি ব্যাংকসহ রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক এ প্রকল্পকে ১৯৭৯ সালে আনুষ্ঠানিকভাবে তাদের নিজস্ব প্রকল্প হিসেবে গ্রহণ করে। ১৯৮১ সালে আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) এ প্রকল্পে ঋণ দানের জন্যে এগিয়ে আসে এবং ১৯৮৩ সালের অক্টোবর মাসে এক অধ্যাদেশ বলে গ্রামীণ ব্যাংক একটি বিশেষ ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করে।

গ্রামীণ ব্যাংকের প্রধান উদ্দেশ্যঃ

- গরীব পুরুষ ও মহিলাদের জন্য ব্যাংকিং সুবিধা প্রদান করা
- গ্রামীণ মহাজনদের শোষণ হতে গরীব মানুষকে রক্ষা করা
- বিশাল বেকার জনশক্তির জন্য স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা
- সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে এমন একটি প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় সংঘবদ্ধ করা যেটা তারা বুঝতে এবং নিজেরা পরিচালনা করতে পারেন
- স্বল্প আয়, স্বল্প সঞ্চয়, স্বল্প বিনিয়োগ ভিত্তিক বহু পুরোনো দুষ্ট চক্রকে ভেঙ্গে দিয়ে ঋণ বিনিয়োগের

*ব্যাংকের অর্থায়নে গড়ে উঠেছে শগঞ্জের স্যান্ডেল তৈরির কারখানা*

| অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য | | | | | সারণি-১ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
| ১। | অনুমোদিত মূলধন | ৫০০ | ৫০০ | ৫০০ | ৫০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ২৬৫ | ২৬৯ | - | - |
| ৩। | সংরক্ষিত তহবিল | ১৭৬৪ | ১৭৬৪ | - | - |
| ৪। | আমানত ঃ | ৬০১৪ | ৬৪৯০ | - | - |
| ৫। | ঋণ ও অগ্রিম* | ১২২০৮ | ১৩২৯৯ | - | - |
| ৬। | বিনিয়োগ | ৪৭৮৭ | ৫২২৯ | - | - |
| ৭। | মোট পরিসম্পদ | ২০৪৭৪ | ২১৫১৪ | - | - |
| ৮। | মোট আয় | ২৫২৭ | ২৩৫৫ | - | - |
| ৯। | মোট ব্যয় | ২৪৫১ | ২৩৩৬ | - | - |
| ১০। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ১২৪২৭ | ১১০২৮ | ১১০৭১ | ১১১৯৭ |
| | ক) কর্মকর্তা | ৩৬৯৩ | ৩৬৫০ | ৩৬০৩ | ৩৬০৯ |
| | খ) কর্মচারী | ৮৭৩৪ | ৭৩৭৮ | ৭৪৬৮ | ৭৫৮৮ |
| ১১। | শাখা (সংখ্যায়) | ১১৪৯ | ১১৬০ | ১১৬৮ | ১১৭৩ |

** ঋণ ও অগ্রিম খাতে প্রদর্শিত টাকার মধ্যে কর্মচারী অগ্রিম খাতে টাকার অংক যোগ করে দেখানো হয়েছে। ফলে সারণী-৩-এর স্থিতির সাথে ঋণ ও অগ্রিম খাতের ব্যালেন্সের পার্থক্য রয়েছে।*

মাধ্যমে স্বল্প আয়, নতুন ঋণ, নতুন বিনিয়োগ, অধিক আয় ভিত্তিক একটি বিকাশমান অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়া শুরু করা।

গ্রামীণ ব্যাংকের অনুমোদিত মূলধন ২০০০ সালের ৩১ শে ডিসেম্বর-এ ৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ২৬৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মোট পরিশোধিত মূলধনের শতকরা ৮৮ ভাগ শেয়ারের মালিক বর্তমানে ব্যাংকের সদস্যগণ, অবশিষ্ট ১২ ভাগ শেয়ারের মালিক হচ্ছেন সরকার। ১৩ জন সদস্য বিশিষ্ট পরিচালক মন্ডলী গ্রামীণ ব্যাংকের সর্বোচ্চ নীতি নির্ধারণী কর্তৃপক্ষ। এদের মধ্যে ৯ জন সদস্য ভূমিহীন শেয়ার মালিকগণ কর্তৃক নির্বাচিত হন। পরিচালক মন্ডলীর সভাপতি, ব্যবস্থাপনা পরিচালক ও আরো দু'জন সদস্য সরকার কর্তৃক নির্বাচিত।

২০০০ সালে গ্রামীণ ব্যাংকের ১৩টি নতুন শাখা খোলা হয়। যার ফলে ডিসেম্বর, ২০০০ পর্যন্ত গ্রামীণ ব্যাংকের মোট শাখার সংখ্যা দাঁড়ায় ১১৬০টিতে। আলোচ্য বছরে ৫১৯টি নতুন গ্রামসহ ডিসেম্বর, ২০০০ সাল পর্যন্ত মোট ৪০২২৫ টি গ্রাম গ্রামীণ ব্যাংকের কার্যক্রমের আওতায় আনা হয়। ২০০০ সালে গ্রামীণ ব্যাংক ১৪০৩৪.৬০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে যার মধ্যে গৃহ নির্মাণ বাবদ ঋণ ৭৩.৩০ মিলিয়ন টাকা।

*গ্রামীণ যোগাযোগ ব্যবস্থা আধুনীকীকরণের উদ্যোগে অভূতপূর্ব সাফল্য এসেছে গ্রামীণ ফোন প্রকল্পে।*

### খাত-ভিত্তিক বিনিয়োগ বিতরণ ও আদায়

সারণি-২

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | সাধারণ ঋণ | মৌসুমী ঋণ | লীজিং ঋণ | সহজ ঋণ | চুক্তি ঋণ | অন্যান্য ঋণ | গৃহ নির্মাণ ঋণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১৯৯৯ | | | | | | | |
| বিতরণ | ৯৮০২ | ৫৭১৯ | ৪০ | - | - | ১৩৭ | ২২৩ |
| আদায় | ১০৪০৪ | ৬২৪৮ | ৮৭ | - | - | ২৬১ | ৭৫৩ |
| ২০০০ | | | | | | | |
| বিতরণ | ৮৩৬৭ | ৪৪৭৭ | ৩৪ | ৪৮৭ | ৫১৮ | ৭৮ | ৭৩ |
| আদায় | ৯১৩৩ | ৫০৭০ | ৪৫ | ৬৩ | ১৪০ | ১২৮ | ৫৭৫ |
| মার্চ ৩১, ২০০১* | | | | | | | |
| বিতরণ | ১৪০০ | ৮০০ | ৩ | ১৩৮০ | ১০০০ | ৮ | ২০ |
| আদায় | ১৩০০ | ৭০০ | ২ | ১১২০ | ৮০০ | ৭ | ১৫ |
| জুন ৩০, ২০০১** | | | | | | | |
| বিতরণ | ১২০০ | ৮০০ | ৫ | ১৫০০ | ৮০০ | ৭ | ২০ |
| আদায় | ১১০০ | ৭০০ | ৩ | ১২৫০ | ৭০০ | ৬ | ১৫ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

এ সময়ে ঋণ আদায় হয় ১৫১৫৩.৩০ মিলিয়ন টাকা। ২০০১ সালের ফেব্রুয়ারী পর্যন্ত গ্রামীণ ব্যাংকের জামানত বিহীন ঋণ বিতরণের পরিমাণ ১৪১১৮২ মিলিয়ন টাকা এবং এ সময় পর্যন্ত ঋণ আদায়ের পরিমাণ ১২৮২৪২ মিলিয়ন টাকা। গ্রামীণ ব্যাংকের ঋণগ্রহীতার সংখ্যা ফেব্রুয়ারী, ২০০১ পর্যন্ত ২.৩৮ মিলিয়ন যাদের ৯৫ শতাংশই মহিলা।

গ্রামীণ ব্যাংকের মোট আমানত ১৯৯৯ সালের ৬০১৪ মিলিয়ন টাকা থেকে ৪৭৬ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ২০০০ সালের শেষ নাগাদ ৫৪৯০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। গ্রামীণ ব্যাংকের বিনিয়োগ ১৯৯৯ সালের ৪৭৮৭ মিলিয়ন টাকা থেকে ৪৪২ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ২০০০ সাল শেষে ৫২২৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। উক্ত সময়ে গ্রামীণ ব্যাংকের অগ্রিম ১০৯১ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ১৩২৯৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। গ্রামীণ ব্যাংকের মোট জনশক্তি ১৯৯৯ সালের তুলনায় ১৩৯৯ জন হ্রাস পেয়ে ২০০০ সালে ১১০২৮-এ দাঁড়ায়। গ্রামীণ ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

গ্রামীণ ব্যাংকের খাত-ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

### খাত-ভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৩

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | সাধারণ | ৬৫২৪ | ৫৭৫৮ | ৫৮৫৮ | ৫৯৫৮ |
| ২। | মৌসুমী ঋণ | ৩৯৩৬ | ৩৩৪৩ | ৩৪৪৩ | ৩৫৪৩ |
| ৩। | লীজিং ঋণ | ৩২ | ২০ | ২১ | ২৩ |
| ৪। | সহজ ঋণ | - | ৪২৪ | ৬৮৪ | ৯৩৪ |
| ৫। | চুক্তি ঋণ | - | ৩৭৮ | ৫৭৮ | ৬৭৮ |
| ৬। | অন্যান্য ঋণ | ২৯৬ | ২৪৬ | ২৪৭ | ২৪৮ |
| ৭। | গৃহ নির্মাণ ঋণ | ২৯৩৭ | ২৪৩৫ | ২৪৪০ | ২৪৪৫ |
| | সর্বমোট | ১৩৭২৫ | ১২৬০৪ | ১৩২৭১ | ১৩৮২৯ |

# কর্মসংস্থান ব্যাংক

কর্মসংস্থান ব্যাংক দেশের বেকার যুবক ও যুব-মহিলাদের আত্মকর্মসংস্থানে ঋণ সহায়তা দিয়ে তাদের স্বাবলম্বী করে তোলা এবং দারিদ্র বিমোচন করে জীবনমান উন্নত করার লক্ষ্যে ১৯৯৮ সালের ২২শে সেপ্টেম্বর আত্মপ্রকাশ করে। কর্মসংস্থান ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৩০০০ মিলিয়ন টাকা এবং প্রারম্ভিক পরিশোধিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা, যার মধ্যে শতকরা ৭৫ ভাগ বাংলাদেশ সরকার এবং শতকরা ২৫ ভাগ রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকসহ তফসিলী ব্যাংক, বীমা কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত হবে। ৩০শে মার্চ, ২০০১ তারিখে ব্যাংকের পরিশোধিত মূলধন ছিল ৯৮৫ মিলিয়ন টাকা। দেশের অন্যান্য রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের সাথে কর্মসংস্থান ব্যাংকের মূল পার্থক্য

*স্কুল ভ্যান প্রকল্প, ব্যাংকের একটি সফল প্রকল্প।*

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ৩০০০ | ৩০০০ | ৩০০০ | ৩০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ৯৫৫ | ৯৭৫ | ৯৮৫ | ৯৮৫ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ২৪ | ৫৮ | ৫৮ | ৮৬ |
| ৪। | ঋণ ও অগ্রিম | ৯ | ৫৮ | ২৩৮ | ৫০০ |
| ৫। | বিনিয়োগ | - | - | - | - |
| ৬। | মোট পরিসম্পদ | ১০০৭ | ১০৭৮ | ১১১৭ | ১১৫৫ |
| ৭। | মোট আয় | ৫৮ | ৯৬ | ৫৬ | ৯৯ |
| ৮। | মোট ব্যয় | ৭ | ৩১ | ২৬ | ৫৫ |
| ৯। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৬০ | ১৮২ | ৩৬৪ | ৫৭২ |
| | ক) কর্মকর্তা | ৪৩ | ৬৫ | ১৪২ | ২২৭ |
| | খ) কর্মচারী | ১৭ | ১১৭* | ২২২** | ৩৪৫** |
| ১০। | শাখা (সংখ্যায়) | ৬ | ৩২ | ৬১ | ১০১ |

** অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন অনুযায়ী বেসরকারী সংস্থার মাধ্যমে চুক্তি ভিত্তিক ২৬ জন কর্মচারী নিয়োগ করা হয়েছে।*
*** অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন অনুযায়ী বেসরকারী সংস্থার মাধ্যমে চুক্তি ভিত্তিক ৮৮ জন কর্মচারী নিয়োজিত থাকবে।*

হচ্ছে ঃ কর্মসংস্থান ব্যাংক সরকারের সামাজিক ও অর্থনৈতিক লক্ষ্য বাস্তবায়ন করছে। এ ব্যাংক আমানত সংগ্রহ করে না; শুধু বেকারদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে সরকার প্রদত্ত মূলধন দ্বারা সহজ শর্তে/সহজ পদ্ধতিতে ঋণ দিয়ে দেশের বেকারত্ব

## ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৮-'৯৯ | বিতরণ | | | | | ৯ | ৯ |
| | আদায় | | | | | ১ | ১ |
| ১৯৯৯-২০০০ | বিতরণ | - | - | - | - | ৫৮ | ৫৮ |
| | আদায় | - | - | - | - | ৯ | ৯ |
| মার্চ ৩১, ২০০১* | বিতরণ | - | - | - | - | ২২৭ | ২২৭ |
| | আদায় | - | - | - | - | ৪৮ | ৪৮ |
| জুন ৩০, ২০০১** | বিতরণ | - | - | - | - | ৫০০ | ৫০০ |
| | আদায় | - | - | - | - | ৯০ | ৯০ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

| শিল্পের আকার ভিত্তিক ঋণ | | | সারণি-৩ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|
| ঋণ মঞ্জুরী | শিল্পের আকার | | |
| | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত : ৩১শে ডিসেম্বর, ২০০০ পর্যন্ত<br>প্রকল্প সংখ্যা<br>পরিমাণ | | ৭১৩১<br>২৪৫ | ৭১৩১<br>২৪৫ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত<br>প্রকল্প সংখ্যা<br>পরিমাণ | | ৬৩৯৩<br>২১৬ | ৬৩৯৩<br>২১৬ |
| ক্রমপুঞ্জিভূত : মার্চ ৩১, ২০০১ পর্যন্ত<br>প্রকল্প সংখ্যা<br>পরিমাণ | | ১০২৭৭<br>৩৪৪ | ১০২৭৭<br>৩৪৪ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত*<br>প্রকল্প সংখ্যা<br>পরিমাণ | | ৩১৪৬<br>৯৯ | ৩১৪৬<br>৯৯ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১ পর্যন্ত**<br>প্রকল্প সংখ্যা<br>পরিমাণ | | ১৪০০০<br>৪৪৯ | ১৪০০০<br>৪৪৯ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

দূর করার চেষ্টা করছে। সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী ১৯৯৯-২০০০ অর্থ বছর শেষে ব্যাংকটির ঢাকায় একটি প্রধান কার্যালয় ও বৃহত্তর জেলা সদরে ৩২টি শাখার জন্য ১৮২ জন লোকবল রয়েছে। তন্মধ্যে ৬৫ জন কর্মকর্তা এবং ১১৭ জন কর্মচারী রয়েছে। কর্মচারীদের মধ্যে ২৬ জনকে বেসরকারী সংস্থার মাধ্যমে চুক্তি ভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে।

কর্মসংস্থান ব্যাংক কোন সহায়ক জামানত ছাড়াই ০.০৫ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণ দিয়ে থাকে। প্রকল্পের আকার ও ধরণের ভিত্তিতে ব্যক্তির ক্ষেত্রে সর্বোচ্চ ০.৫০ মিলিয়ন টাকা এবং গ্রুপের ক্ষেত্রে সর্বোচ্চ ২.৫ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়। কর্মসংস্থান ব্যাংকে ঋণের সুদের হার (কেবলমাত্র সরল সুদ) শতকরা বার্ষিক ১৪ টাকা। সময়মত ঋণ পরিশোধকারীকে ৩% সুদ রেয়াত সুবিধা দেয়া হয়।

কর্মসংস্থান ব্যাংক ১৯৯৯-২০০০ অর্থ বছরে ২১০২ জন বেকারের মধ্যে ৫৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে। চলতি ২০০০-২০০১ অর্থ বছরের মার্চ মাস পর্যন্ত ২২৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে। এতে ৭০৭৩ জন বেকার যুবক ও যুব মহিলার আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। মার্চ, ২০০১ পর্যন্ত ১০২৭৭ জন উদ্যোক্তার নামে ৩৪৪ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করা হয়।

কর্মসংস্থান ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

*মণিপুরী উপজাতীয়দের তাঁত শিল্পে অর্থায়ন করেছে ব্যাংক*

কর্মসংস্থান ব্যাংকের খাত-ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

কর্মসংস্থান ব্যাংকের শিল্পের আকার ভিত্তিক ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

কর্মসংস্থান ব্যাংকের খাতভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

## খাত-ভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪
*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | মার্চ ৩১, ২০০১ (সাময়িক) | জুন ৩০, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | **কৃষি ও মৎস্য ঃ** | - | - | - | - |
| ২। | **শিল্প ঃ** | - | - | - | - |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | - | - | - | - |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | - | - | - | - |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | - | - | - | - |
| ৬। | **বিশেষ ঋণ কর্মসূচী ঃ** | - | - | - | - |
| | ক) দারিদ্র বিমোচন | - | - | - | - |
| | খ) অন্যান্য | - | - | - | - |
| ৭। | অন্যান্য | ৯ | ৫৮ | ২৩৮ | ৫০০ |
| | সর্বমোট | ৯ | ৫৮ | ২৩৮ | ৫০০ |

# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ১৯৭৬ সালের ১লা অক্টোবর তারিখে "দ্যা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ" অর্ডিন্যান্স ১৯৭৬ (নং-৪০, ১৯৭৬)-এর বলে প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে উক্ত অধ্যাদেশ সংশোধন করে "The Investment Corporation of Bangladesh (Amendment) Act, 2000" বিল মহান জাতীয় সংসদে পাশ হয়। দেশে দ্রুত শিল্পায়ন এবং সুসংহত ও সক্রিয় পুঁজি বাজার, বিশেষ করে সিকিউরিটিজ বাজার উন্নয়নে কর্পোরেশনের প্রতিষ্ঠা সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের মধ্যে একটি অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে গঠিত শিল্প প্রতিষ্ঠানসমূহের মূলধন স্বল্পতা পূরণে প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদানের লক্ষ্যে কর্পোরেশন

*আইসিবি-এর অর্থায়নে প্রতিষ্ঠিত একটি গার্মেন্টস ফ্যাক্টরী*

প্রতিষ্ঠিত হয়। প্রান্তিক সঞ্চয়ের হার ও বিনিয়োগ বৃদ্ধির জাতীয় নীতিমালার আলোকে স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে আইসিবির ভূমিকা অপরিহার্য ও সুদূর প্রসারী।

## উদ্দেশ্যসমূহ

কর্পোরেশনের কার্যক্রমের মুখ্য উদ্দেশ্যসমূহ হলোঃ

১. বিনিয়োগের ক্ষেত্রে উৎসাহ প্রদান ও বিনিয়োগ সম্প্রসারণ করা;
২. পুঁজিবাজার উন্নয়নে সাহায্য করা;
৩. সঞ্চয় সংগ্রহ করা ও তা অর্থকারী কাজে লাগানো;
৪. উপরোক্ত কার্যক্রম সংক্রান্ত সব ব্যাপারে সাহায্য প্রদান করা।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

নীচের সারণিতে ১৯৯৮-৯৯, ১৯৯৯-২০০০ ও ২০০০-২০০১ (প্রাক্কলিত) অর্থ বছরের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য প্রদর্শিত হলো সারণি-১ এ।

## কার্যক্রম

দেশের দ্রুত শিল্পায়ন এবং সুসংহত ও সক্রিয় পুঁজি বাজার গঠন ও সমুন্নত করার লক্ষ্যে আইসিবি নিম্নলিখিত কার্যক্রম পরিচালনা করে আসছে ঃ

* পাবলিক ইস্যু অবলেখন করা;
* নিগমবদ্ধ প্রতিষ্ঠানের ঋণ ও বন্ড ক্রয় করা;
* ইউনিটের বিপরীতে অগ্রিম প্রদান;
* লিজ সহায়তা প্রদান;
* স্টক ও শেয়ারে নিম্নলিখিতভাবে লেনদেন করা ঃ
  (ক) আইপিও-র মাধ্যমে এবং প্লেসমেন্টের মাধ্যমে সরাসরি সিকিউরিটিজ ক্রয় করা;
  (খ) বিনিয়োগ হিসাব খোলার ব্যবস্থা ও পরিচালনা;
  (গ) মিউচুয়াল ফান্ড ও ইউনিট ফান্ড ব্যবস্থাপনা ও পরিচালনা করা;
  (ঘ) স্টক এক্সচেঞ্জে কার্যক্রমে অংশগ্রহণ করা এবং
  (ঙ) সরকারী ও অন্যান্য সংস্থা হতে শেয়ার সরাসরি ক্রয় করা।
* বিনিয়োগকারী ও শেয়ার ইস্যুকারীদের সিকিউরিটিজ মূল্যায়নসহ বিনিয়োগ সম্পর্কিত পরামর্শ প্রদান করা;
* সরকারের পুঁজি প্রত্যাহার কার্যক্রমে অংশগ্রহণ করা;
* যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত প্রকল্পে অংশ গ্রহণ করা;
* কোম্পানি কর্তৃক ডিবেঞ্চার ইস্যুর ক্ষেত্রে ট্রাস্টির দায়িত্ব পালন করা ও
* ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন করা।

২০০০-২০০১ অর্থ বছরে আইসিবির ক্ষেত্রভিত্তিক কার্যক্রমের বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হলো ঃ

**অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য** — সারণি-১

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ২০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ২০০ | ৪৬৬ | ৪৬৬ | ৪৬৬ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ৩৯৩ | ৪২৫ | - | ৪৪১ |
| ৪। | আমানত ঃ | ২৭১ | ১৮৯৯ | ২৩৬৯ | ২৪৪৯ |
| ৪। | ঋণ ও অগ্রিম | ১৪২১ | ১৩৩৪ | ২৬৪৭ | ৩১৮৯ |
| ৬। | বিনিয়োগ | ৩৯৪৩ | ৩৯৬৪ | ৪৬৬১ | ৫৩২৪ |
| ৭। | মোট পরিসম্পদ | ৪৪৮৯ | ৬৭৮৫ | ৭৪৮৯ | ৮৯৮৭ |
| ৮। | মোট আয় | ৩৯৭ | ৪৮৫ | ৩৩৮ | ৬৪৩ |
| ৯। | মোট ব্যয় | ৩৫৪ | ৪২৬ | ৩০২ | ৫৯০ |
| ১০। | মোট জনশক্তি ঃ | ৩৮০ | ৩৯৪ | ৩৮৭ | ৩৮৭ |
| ১১। | শাখা (সংখ্যায়) | ৭ | ৭ | ৭ | ৭ |

| তুলনামূলক অঙ্গীকারের চিত্র | | | | | সারণি-২<br>*(মিলিয়ন টাকায়)* |
|---|---|---|---|---|---|
| আর্থিক সহায়তার প্রকৃতি | ১৯৯৮-৯৯ | ১৯৯৯-২০০০ | জুলাই, ২০০০ হতে মার্চ ২০০১ পর্যন্ত (প্রকৃত) | এপ্রিল-জুন, ২০০১ (প্রাক্কলিত) | ২০০০-২০০১ (প্রাক্কলিত) |
| ১। সরাসরি অবলেখন/ সরাসরি বিনিয়োগ | ৩৬৮ | ৬২৯ | ১৮২ | ৫০ | ২৩২ |
| ২। ডিবেঞ্চার ইস্যুর ট্রাস্টি | ৭০ | ২ | - | ১০০ | ১০০ |

## আর্থিক সহায়তা কার্যক্রম

অবলেখন সহায়তার অঙ্গীকার ঃ

কর্পোরেশন ২০০০-২০০১ অর্থ বছরের ৩১শে মার্চ পর্যন্ত ৭টি প্রকল্পে (২টি প্রকল্পে অতিরিক্ত) ১৮২ মিলিয়ন টাকার সরাসরি শেয়ার অবলেখন/ডিবেঞ্চার অবলেখন/সরাসরি বিনিয়োগ সহায়তার অঙ্গীকার করেছে এবং বছরের অবশিষ্ট সময়ে আরো ৪টি প্রকল্পে ৫০ মিলিয়ন টাকার আর্থিক সহায়তার অঙ্গীকারের সম্ভাবনা সাপেক্ষে উক্ত অর্থ বছরে কর্পোরেশন সর্বমোট ১১টি প্রকল্পে (৩টি প্রকল্পে অতিরিক্ত) মোট ২৩২ মিলিয়ন টাকার আর্থিক সহায়তার অঙ্গীকার করবে বলে আশা করা যাচ্ছে। ফলে প্রতিষ্ঠার পর থেকে ৩০শে জুন, ২০০১ পর্যন্ত আইসিবি মোট ৩৬১টি প্রকল্পে ২৬৬৯ মিলিয়ন টাকার সহায়তার অঙ্গীকার করবে। আগামী ৩ মাসে কর্পোরেশন একটি প্রকল্পে ১০০ মিলিয়ন টাকার ডিবেঞ্চার ইস্যুর ট্রাস্টি হিসাবে দায়িত্ব পালন করবে বলে আশা করা যাচ্ছে। প্রতিষ্ঠার পর হতে এ যাবত কর্পোরেশন মোট ১৭টি কোম্পানীর ১৮৩৫ মিলিয়ন টাকার ডিবেঞ্চার ইস্যুর ট্রাস্টি হিসাবে কাজ করতে সম্মত হয়েছে।

কর্পোরেশনের ১৯৯৮-১৯৯৯, ১৯৯৯-২০০০ এবং ২০০০-২০০১ অর্থ বছরে আর্থিক সহায়তা কার্যক্রমের একটি তুলনামূলক চিত্র নিম্নের সারণি-২-এ প্রদত্ত হলো

প্রকল্পে আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে আইসিবি কৌশলগত পরিবর্তন এনেছে। ব্রীজ ঋণ প্রদান শুধুমাত্র অগ্রাধিকার ক্ষেত্রে সীমাবদ্ধ রেখে সরাসরি অবলেখন সহায়তা, ডিবেঞ্চারে সরাসরি বিনিয়োগ এবং ইস্যুটি পার্টিসিপেশনে অধিকতর জোর দিয়েছে। ২০০০-২০০১ অর্থ বছরের প্রথম নয় মাসে ডিবেঞ্চার ইস্যুর জন্য কোন আবেদন না পাওয়ায় এবং আর্থিকভাবে লাভজনক প্রকল্পসমূহ কর্তৃক আর্থিক সহায়তার আবেদন হ্রাস পাওয়া ২০০০-২০০১ অর্থ বছরে পূর্ববর্তী অর্থ বছরের তুলনায় আর্থিক সহায়তার অঙ্গীকারের পরিমাণ হ্রাস পাবে বলে অনুমান করা হয়েছে।

## ব্রীজিং ঋণ বিতরণ

কর্পোরেশন ২০০০-২০০১ অর্থবছরের ৩১শে মার্চ পর্যন্ত পূর্বে প্রতিশ্রুত ১টি প্রকল্পে ২ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করেছে এবং বছরের অবশিস্ট সময়ে একই প্রকল্পে ২ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করা হলে উক্ত বছরে সর্বমোট ১টি প্রকল্পে মোট ঋণ বিতরণের পরিমাণ দাঁড়াবে ৪ মিলিয়ন টাকা। শুরু থেকে ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত কর্পোরেশন সর্বমোট ৩০৮টি প্রকল্পে ১৯৩৮ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করেছে।

নিম্নের সারণিতে ১৯৯৮-৯৯, ১৯৯৯-২০০০ এবং ২০০০-২০০১ অর্থ বছরের ঋণ বিতরণের একটিতুলনামূলক চিত্র প্রদর্শন করা হলো সারণি-৩-এ।

| ঋণ বিতরণ চিত্র | | | | | সারণি-৩<br>*(মিলিয়ন টাকায়)* |
|---|---|---|---|---|---|
| | ১৯৯৮-৯৯ | ১৯৯৯-২০০০ | জুলাই, ২০০০ হতে মার্চ ২০০১ পর্যন্ত (প্রকৃত) | এপ্রিল-জুন, ২০০১ (প্রাক্কলিত) | ২০০০-২০০১ (প্রাক্কলিত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। ঋণ বিতরণ | ৬৬ | ৫ | ২ | ২ | ৪ |

| ঋণ আদায়ের তুলনামূলক চিত্র | | | | | সারণি-৪ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|---|---|
| বিবরণ | ১৯৯৮-৯৯ | ১৯৯৯-২০০০ | জুলাই, ২০০০ হতে মার্চ ২০০১ পর্যন্ত (প্রকৃত) | এপ্রিল-জুন, ২০০১ (প্রাক্কলিত) | ২০০০-২০০১ (প্রাক্কলিত) |
| ঋণ আদায় | ৪৮ | ৬৭ | ৪৬ | ৪২ | ৮৮ |

## প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি

২০০০-২০০১ অর্থ বছরের ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত আইসিবির আর্থিক সহায়তাপ্রাপ্ত মোট ৩০২টি প্রকল্প বাণিজ্যিক উৎপাদন শুরু করেছে। এছাড়া, ২০০০-২০০১ অর্থ বছরের অবশিষ্ট সময়ে ১টি প্রকল্প পরীক্ষামূলক উৎপাদন শুরু করবে বলে আশা করা যাচ্ছে।

## ইউনিটের বিপরীতে অগ্রিম

আইসিবি ইউনিট সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান কার্যক্রম ১৯৯৮-৯৯ অর্থ বছর থেকে শুরু করেছে। ২০০০-২০০১ অর্থ বছরের ৩১শে মার্চ পর্যন্ত ইউনিটের বিপরীতে ১৬ মিলিয়ন টাকা অগ্রিম প্রদান করা হয়েছে। উল্লেখিত সময়ে সুদ বাবদ ১.৫ মিলিয়ন টাকা আয় হয়েছে এবং পরবর্তী ৩ মাসে আরো ০.৫ মিলিয়ন টাকা আয়ের প্রেক্ষিতে ২০০০-২০০১ অর্থ বছরে মোট ২ মিলিয়ন টাকা সুদ বাবদ আয় হবে বলে আশা করা যায়।

## লীজিং সহায়তা

কর্পোরেশনের ব্যবসায়িক কার্যক্রমকে গতিশীল ও বহুমুখী করার পদক্ষেপ হিসেবে কর্পোরেশন ১৯৯৮-৯৯ অর্থ বছর হতে লীজিং ব্যবসা শুরু করেছে। ২০০০-২০০১ অর্থবছরের ৩১শে মার্চ পর্যন্ত ৫টি প্রকল্পে ৪৩ মিলিয়ন টাকার লীজিং সহায়তা মঞ্জুর করা হয়েছে। আগামী তিন মাসে আরো ৩টি প্রকল্পে ২৫ মিলিয়ন টাকা মঞ্জুরী প্রদানের আশাবাদের প্রেক্ষিতে ২০০০-২০০১ অর্থ বছরে মোট ৮টি প্রকল্পে ৬৮ মিলিয়ন টাকার লীজিং সহায়তা মঞ্জুর করা যাবে বলে অনুমান করা হয়েছে। ১৯৯৯-২০০০ অর্থবছরে একটি প্রকল্পে ৯ মিলিয়ন টাকার লীজিং সহায়তা প্রদান করা হয়েছে।

## ঋণ আদায়

কর্পোরেশন ২০০০-২০০১ অর্থ বছরের ৩১শে মার্চ পর্যন্ত ৪৬ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে যার মধ্যে আসল ১০০ মিলিয়ন টাকা এবং সুদ ৩৬ মিলিয়ন টাকা। এপ্রিল-জুন, ২০০১ সময়ে আরো ৪২ মিলিয়ন টাকা ঋণ আদায়ের আশাবাদের প্রেক্ষিতে উক্ত অর্থ বছরে মোট ঋণ আদায়ের পরিমাণ ৮৮ মিলিয়ন টাকা হবে বলে ধারণা করা হচ্ছে। উল্লেখ্য, ১৯৯৯-২০০০ অর্থবছরে কর্পোরেশনের ঋণ আদায়ের পরিমাণ ছিল ৬৭ মিলিয়ন টাকা।

আইসিবির ঋণ আদায়ের গতি ত্বরান্বিত করার জন্য ইতোমধ্যে গঠিত টাস্কফোর্সসমূহ বিভিন্ন ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে। তাছাড়া ঋণ আদায়ের জন্য সকল কর্মকর্তাকে সর্বাত্মক প্রচেষ্টায় নিয়োজিত করা হয়েছে। কর্পোরেশন কর্তৃক গৃহীত কার্যক্রমের ফলে ২০০০-২০০১ অর্থ বছরের প্রথম ৯ মাসে

| বকেয়া/মেয়াদোত্তীর্ণ বকেয়ার পরিমাণ | | | | সারণি-৫ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | ৩০শে জুন, ১৯৯৯ | ৩০শে জুন, ২০০০ | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
| ১। | মেয়াদোত্তীর্ণ বকেয়া | ৪৪২৪.২ | ৪৪৯১.১ | ৪৭৫৭.৭ |
| ২। | অনুত্তীর্ণ ব্রীজিং ঋণ | ২৭৮.০ | ২৮০.১ | ২১৮.৬ |
| ৩। | অনুত্তীর্ণ ডিবেঞ্চার ঋণ | ০.৫ | ৩.৬ | ৩.৩ |
| ৪। | অনুত্তীর্ণ শেয়ার পুনঃক্রয় ঋণ | ০.২ | ০.৩ | ০.২ |
| | মোট | ৪৭০২.৯ | ৪৭৭৫.১ | ৪৯৭৯.৮ |

পূর্ববর্তী অর্থ বছরের প্রথম ৯ মাসের তুলনায় ঋণ আদায় বৃদ্ধি পেয়েছে।

১৯৯৮-৯৯, ১৯৯৯-২০০০ এবং ২০০০-২০০১ অর্থ বছরে ঋণ আদায়ের তুলনামূলক চিত্র সারণি-৪-এ প্রদত্ত হলো ঃ

## বকেয়া/মেয়াদোত্তীর্ণ বকেয়া

২০০০-২০০১ অর্থ বছর পূর্ববর্তী দুই অর্থ বছরে বকেয়া/মেয়াদোত্তীর্ণ বকেয়ার বিবরণ সারণি-৫ এ প্রদত্ত হলো ঃ

## আইনগত ব্যবস্থা গ্রহণ

২০০০-২০০১ অর্থ বছরের ৩১শে মার্চ পর্যন্ত ২টি কোম্পানীর বিরুদ্ধে ২৪ মিলিয়ন টাকা আদায়ের নিমিত্তে মামলা দায়রা করা হয়েছে। এপ্রিল-জুন, ২০০১ সময়ে আরো ১০টি কোম্পানীর বিরুদ্ধে ৪৮ মিলিয়ন টাকা আদায়ের জন্য মামলা দায়ের করা হবে। ফলে ২০০০-২০০১ অর্থ বছরে সর্বমোট ৭২ মিলিয়ন টাকা আদায়ের উদ্দেশ্যে দায়েরকৃত মোট মামলার সংখ্যা ১২টিতে দাঁড়াবে বলে ধারণা করা হচ্ছে। শুরু থেকে ৩১শে মার্চ, ২০০১ তারিখ পর্যন্ত মোট দায়েরকৃত মোকদ্দমার সংখ্যা এবং দাবীকৃত অংকের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ১৩০টি এবং ১৯৭৪ মিলিয়ন টাকা। ২০০০-২০০১ অর্থ বছরে এ পর্যন্ত ৩টি কোম্পানীল বিরুদ্ধে ১৯ মিলিয়ন টাকার ডিক্রি পাওয়া গেছে। ফলে ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত ডিক্রিপ্রাপ্ত প্রকল্পের সংখ্যা এবং দাবীকৃত অর্থের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ৮৩টি ও ১১৪৪ মিলিয়ন টাকা। ২০০০-২০০১ অর্থ বছরের ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত কর্পোরেশন ১৩টি কোম্পানীর বিরুদ্ধে ৪১৭ মিলিয়ন টাকা আদায়ের লক্ষ্যে এক্সিকিউশন মোকদ্দমা দায়ের করেছে।

## মার্চেন্ডাইজিং কার্যক্রম

## মিউচুয়্যাল ফান্ড

প্রথম আইসিবি মিউচুয়্যাল ফান্ড ১৯৮০ সালে বাজারে ছাড়ার পর হতে কর্পোরেশন ৩১ মার্চ, ২০০১ পর্যন্ত ১৭৫ মিলিয়ন টাকা মূল্যমানের ৮টি মিউচুয়্যাল ফান্ড বাজারজাত করেছে। ৩১শে মার্চ, ২০০১ তারিখ পর্যন্ত ইস্যুকৃত ৮টি মিউচুয়্যাল ফান্ড-এর পোর্টফোলিওর বেলায় বিনিয়োগের বিপরীতে মূলধন প্রবৃদ্ধির হার ছিল সর্বোচ্চ ১৫১ শতাংশ। একই তারিখে ১০০ টাকা সমমূল্যের প্রতিটি সার্টিফিকেট-এর সর্বোচ্চ বাজার মূল্য ১৫০০ টাকা ছিল প্রথম মিউচুয়্যাল ফান্ড-এর ক্ষেত্রে এবং সর্বনিম্ন ১৩৬ টাকা ছিল অষ্টম মিউচুয়্যাল ফান্ড-এর ক্ষেত্রে। ৩১শে মার্চ, ২০০১ তারিখে ৮টি মিউচুয়্যাল ফান্ডের সার্টিফিকেট হোল্ডারদের সংখ্যা ছিল ৩৫,৯৫০ জন।

ইস্যুকৃত ৮টি মিউচুয়্যাল ফান্ড-এর পরিমাণ, ফান্ডের পত্রকোষের বাজার মূল্য, ১০০ টাকা সমমূল্যের প্রতিটি সার্টিফিকেটের বাজার মূল্য ও ১৯৯৯-২০০০ অর্থ বছরে

সারণি-৬

### ইস্যুকৃত মিউচুয়্যাল ফান্ডসমূহের বিবরণ

| ফান্ডসমূহ | ফান্ডের পরিমাণ (মিলিয়ন টাকা | ৩১শে মার্চ, ২০০১ তারিখে পত্রকোষের বাজার মূল্য (মিলিয়ন টাকায়) | ১০০ টাকা মূল্যের প্রতিটি সার্টিফিকেটের বাজার মূল্য ৩১শে মার্চ, ২০০১ তারিখে (টাকায়) | ১৯৯৯-২০০০ অর্থবছরে ঘোষিত লভ্যাংশ সার্টিফিকেট প্রতি (টাকায়) |
|---|---|---|---|---|
| প্রথম আইসিবি মিউচুয়্যাল ফান্ড | ৫ | ৭১ | ১৫০০ | ১২৫ |
| দ্বিতীয় আইসিবি মিউচুয়্যাল ফান্ড | ৫ | ২১ | ৩৮০ | ৩৫ |
| তৃতীয় আইসিবি মিউচুয়্যাল ফান্ড | ১০ | ৩২ | ৪০৯ | ৪০ |
| চতুর্থ আইসিবি মিউচুয়্যাল ফান্ড | ১০ | ৪৪ | ৩৭৫ | ৩৬ |
| পঞ্চম আইসিবি মিউচুয়্যাল ফান্ড | ১৫ | ৩৬ | ২৩৫ | ২১ |
| ষষ্ঠ আইসিবি মিউচুয়্যাল ফান্ড | ৫০ | ৬১ | ১৪৫ | ১৬ |
| সপ্তম আইসিবি মিউচুয়্যাল ফান্ড | ৩০ | ৬৩ | ১৪৪ | ১৪ |
| অষ্টম আইসিবি মিউচুয়্যাল ফান্ড | ৫০ | ৮১ | ১৩৬ | ১৩ |
| মোট ঃ | ১৭৫ | ৪০৯ | | |

| ইউনিট ফান্ড কার্যক্রমের তুলনামূলক বিবরণ | | | | | সারণি-৭ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|---|---|
| বিবরণ | ১৯৯৮-৯৯ | ১৯৯৯-২০০০ | জুলাই, ২০০০ হতে মার্চ ২০০১ পর্যন্ত (প্রকৃত) | এপ্রিল-জুন, ২০০১ (প্রাক্কলিত) | ২০০০-২০০১ (প্রাক্কলিত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | (৪+৫) =৬ |
| মোট বিক্রয় | ৪৫৮ | ৩০৩ | ২৪৪ | ৫৫ | ২৯৯ |
| পুনঃক্রয় | ৬৫৬ | ৮১০ | ৩৪২ | ৬৩ | ৪০৫ |
| নীট বিক্রয় | -১৯৮ | -৫০৭ | -৯৮ | -৮ | -১০৬ |
| ইউনিট প্রতি লভ্যাংশ (টাকা) | ১২ | ১২ | | | |

সার্টিফিকেট প্রতি ঘোষিত লভ্যাংশ সারণি-৬-এ দেখানো হলো ঃ

## আইসিবি ইউনিট ফান্ড

এ স্কীম ১৯৮১ সালে চালু হওয়ার পর থেকে ৩১ মার্চ, ২০০১ পর্যন্ত মোট ৮৮৯৬ মিলিয়ন টাকার ইউনিট বিক্রয় হয়েছে। ২০০০-২০০১ অর্থ বছরের প্রথম নয় মাসে ইউনিট সার্টিফিকেটের বিক্রয়ের পরিমাণ দাঁড়িয়েছে ২৪৪ মিলিয়ন টাকার ২২,৭৬,০৬২টি ইউনিট। এপ্রিল-জুন, ২০০১ সময়ে মোট ৫৫ মিলিয়ন টাকার ৫,০০,০০০টি ইউনিট বিক্রয়ের আশাবাদের প্রেক্ষিতে ২০০০-২০০১ অর্থ বছরে মোট বিক্রয়লব্ধ টাকা ও ইউনিটের সংখ্যা যথাক্রমে ২৯৯ মিলিয়ন টাকায় ও ২৭,৭৬,০৬২টিতে দাঁড়াবে বলে আশা করা যাচ্ছে।

সারণি-৭-এ ইউনিট ফান্ড কার্যক্রমের একটি তুলনামূলক চিত্র দেখানো হলো ঃ

৩১শে মার্চ, ২০০১ তারিখ পর্যন্ত ইউনিট ফান্ডের পত্রকোষে ২৪২টি সিকিউরিটিতে মোট ৪৪৮০ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে।

## ইনভেস্টরস স্কীম

এ স্কীমের অধীনে ২০০০-২০০১ অর্থ বছরের ৩১শে পর্যন্ত ৮৫ মিলিয়ন টাকার আমানতসহ ৫৭০টি হিসাব খোলা হয়েছে এবং ১৩০৮টি হিসাব বন্ধ হয়েছে। উক্ত সময়ে বিনিয়োগ হিসাবসমূহে ঋণ অনুমোদন করা হয়েছে ১৩০ মিলিয়ন টাকা এবং বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ২৭৭ মিলিয়ন টাকায়। আলোচ্য অর্থ বছরের এপ্রিল-জুন সময়ে ৪২ মিলিয়ন টাকার আমানতসহ আরো ৩২০টি বিনিয়োগ হিসাব খোলা, ৬৬ মিলিয়ন টাকার ঋণ অনুমোদন এবং ১৩৮ মিলিয়ন টাকা

| ইনভেস্টরস স্কীম কার্যক্রমের তুলনামূলক বিবরণ | | | | | সারণি-৮ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|---|---|
| বিবরণ | ১৯৯৮-৯৯ | ১৯৯৯-২০০০ | জুলাই, ২০০০ হতে মার্চ ২০০১ পর্যন্ত (প্রকৃত) | এপ্রিল-জুন, ২০০১ (প্রাক্কলিত) | ২০০০-২০০১ (প্রাক্কলিত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | (৪+৫) =৬ |
| ১। হিসাব খোলার সংখ্যা | ৯৫ | ৪১ | ৫৭০ | ৩২০ | ৮৯০ |
| ২। হিসাব বন্ধের সংখ্যা | ১৬১৬ | ৯৬৩ | ১৩০৮ | ২২০ | ১৫২৮ |
| ৩। ক্রমপুঞ্জিত নীট চালু হিসাবের সংখ্যা | ২৯১৮৬ | ২৮২৬৪ | ৫২০৬৯ | ৫২১৬৯ | ৫২১৬৯ |
| ৪। আমানত গ্রহণ | ২৩ | ১৮ | ৮৫ | ৪২ | ১২৭ |
| ৫। ঋণ অনুমোদন | ২৯ | ২২ | ১৩০ | ৬৬ | ১৯৬ |
| ৬। বিনিয়োগ | ৪৪ | ৩০ | ২৭৭ | ১৩৮ | ৪১৫ |

## আইসিবির সহায়তাপ্রাপ্ত কোম্পানীসমূহ কর্তৃক শেয়ার বাজারজাতকরণ

সারণি-৯
*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | ১৯৯৮-'৯৯ | ১৯৯৯-২০০০ | জুলাই, ২০০০ হতে মার্চ ২০০১ পর্যন্ত (প্রকৃত) | এপ্রিল-জুন, ২০০১ (প্রাক্কলিত) | ২০০০-২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | (৪+৫) =৬ |
| **শেয়ার ঃ** | | | | | |
| কোম্পানীর সংখ্যা | ২ | ৩ | ১ | ২ | ৩ |
| টাকার পরিমাণ | ১৩৮ | ৪৮ | ৫০ | ৩৫ | ৮৫ |
| মোট চাঁদার পরিমাণ | ৮৮ | ১৯৯ | ১১ | ৫০ | ৬১ |
| **ডিবেঞ্চার ঃ** | | | | | |
| কোম্পানীল সংখ্যা | ১ | ১ | - | - | - |
| টাকার পরিমাণ | ৫০ | ১৫ | - | - | - |
| মোট চাঁদার পরিমাণ | ৫৫ | ১৮ | - | - | - |

বিনিয়োগের আশা করা হচ্ছে। ফলে উক্ত অর্থ বছরে মোট ১২৭ মিলিয়ন টাকার আমানতসহ ৮৯০টি হিসাব খোলা, ১৯৬ মিলিয়ন টাকার ঋণ অনুমোদন এবং ৪১৫ মিলিয়ন টাকা বিনিয়োগ হবে বলে আশা করা যাচ্ছে।

সারণি-৮-এ ইনভেস্টরস স্কীম কার্যক্রমের একটি তুলনামূলক বিবরণ প্রদর্শিত হলো ঃ

## পাবলিক ইস্যু

২০০০-২০০১ অর্থ বছরের ৩১শে মার্চ পর্যন্ত আইসিবির আর্থিক সহায়তাপ্রাপ্ত ১টি কোম্পানী ৫০ মিলিয়ন টাকার শেয়ার পাবলিক ইস্যু করেছে, যার বিপরীতে ১১ মিলিয়ন টাকার চাঁদা গ্রহণ করা হয়েছে। এপ্রিল-জুন, ২০০১ সময়ে ২টি কোম্পানীর ৩৫ মিলিয়ন টাকার শেয়ার বাজারে ছাড়ার সম্ভাবনা রয়েছে। ফলে ২০০০-২০০১ অর্থ বছরে মোট ৩টি কোম্পানী ৮৫ মিলিয়ন টাকার পাবলিক ইস্যু করবে বলে আশা করা যায়। প্রতিষ্ঠার পর হতে ৩১শে মার্চ, ২০০১ তারিখ পর্যন্ত আইসিবির আর্থিক সহায়তা প্রাপ্ত ৮৯টি কোম্পানীর ২৩২ মিলিয়ন টাকার মেয়ার বাজারে ছেড়েছে যা দেশের মূলধন বাজারে সিকিউরিটি সরবরাহে প্রভূত অবদান রেখেছে।

৯ নং সারণিতে আইসিবির সহায়তাপ্রাপ্ত কোম্পানীসমূহ কর্তৃক শেয়ার বাজারজাতকরণের বিবরণ প্রদত্ত হলো ঃ

## মূলধন কাঠামো

সারণি-১০
*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | ১৯৯৮-১৯৯৯ | ১৯৯৯-২০০০ | ২০০০-২০০১ (মার্চ পর্যন্ত) |
|---|---|---|---|
| পরিশোধিত মূলধন | ২০০ | ৪৬৬ | ৪৬৬ |
| রিজার্ভ ফান্ড | ৩৯৩ | ৪২৫ | ৪২৫ |
| দীর্ঘমেয়াদী সরকারী ঋণ | ১৪ | ২ | - |
| ডিবেঞ্চার ঋণ | ১৩৫৯ | ১১৫২ | ১১৪৫ |
| অন্যান্য | ২৫০ | ৩১২ | ৩৭২ |
| মোট | ২২১৬ | ২৩৫৬ | ২৪০৮ |

## সিকিউরিটি লেনদেন

ঢাকা স্টক এক্সচেঞ্জে ২০০০-২০০১ অর্থ বছরের ৩১শে মার্চ পর্যন্ত ৭৩১০৩ মিলিয়ন টাকার সিকিউরিটি লেনদেন হয়েছে। এপ্রিল-জুন, ২০০১ সময়ে আরো ১২৯৮৬ মিলিয়ন টাকার সিকিউরিটি লেনদেন হওয়ার সম্ভাবনা সাপেক্ষে উক্ত অর্থ বছরে মোট লেনদেনের পরিমাণ ৫০০৮৯ মিলিয়ন টাকায় দাঁড়াবে বলে ধারণা করা হচ্ছে। ২০০০-২০০১ অর্থ বছরের প্রতম ৯ মাসে ঢাকা স্টক এক্সচেঞ্জে আইসিবির লেনদেনের পরিমাণ ছিল ১৪৭৭ মিলিয়ন টাকা। প্রসংগত উল্লেখ্য যে বর্তমান নেটিং পদ্ধতিতে মোট লেনদেনে আইসিবির অংশগ্রহণ তুলনামূলকভাবে কম হলেও প্রকৃত লেনদেন অর্থাৎ সেটেলমেন্ট ভ্যালু অনুযায়ী আইসিবির অংশগ্রহণ উল্লেখযোগ্য।

## বিনিয়োজিত মূলধন

১০ নং সারণিতে ১৯৯৮-৯৯, ১৯৯৯-২০০০, ২০০০-২০০১ (মার্চ পর্যন্ত) কর্পোরেশনের বিনিয়োজিত মূলধন কাঠামোর বিবরণ প্রদত্ত হলো ঃ

## কম্পিউটারায়ন

কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সম্পূর্ণরূপে Automation এর লক্ষ্যে ২০০০-২০০১ অর্থ বছরে স্থাপিত নতুন সিস্টেমের পূর্ণ ব্যবহার হয়েছে। এ লক্ষ্যে বিভিন্ন বিভাগের দৈনন্দিন কার্য সম্পাদনের জন্য ভেণ্ডর কর্তৃক উন্নয়নকৃত প্রয়োজনীয় ১০টি সফ্টওয়্যার এবং আইসিবির নিজস্ব জনবল কর্তৃক উন্নয়নকৃত ১২টি সফ্টওয়্যার সংশ্লিষ্ট বিভাগের বিভিন্ন অন-লাইন কার্যক্রমে পরিপূর্ণরূপে ব্যবহৃত হচ্ছে।

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ-এর সাথে সরাসরি screen based trading করার জন্য কর্পোরেশনের প্রধান কার্যালয়স্থ ট্রানজ্যাকশন বিভাগে একটি Windows NT Workstation স্থাপন করা হয়েছে। ব্রাঞ্চ অটোমেশনের আওতায় প্রশিক্ষণের প্রথম ধাপ প্রায় শেষ পর্যায়ে। অতি শীঘ্রই দ্বিতীয় ধাপ শুরু হবে। দেশে কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল গড়ে তোলার মহৎ উদ্দেশ্য নিয়ে আইসিবি প্রাতিষ্ঠানিক কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচি শুরু করেছে। শাখাসমূহকে পর্যায়ক্রমে ওয়াইড এরিয়া নেটওয়ার্কের (WAN) আওতায় আনা হবে। কর্পোরেশনের গতানুগতিক কার্যক্রমের বাইরে বাণিজ্যিক ভিত্তিতে দেশে ও বিদেশের প্রয়োজনে সফ্টওয়্যার উন্নয়ন ও বাজারজাতকরণ/ডাটা এন্ট্রি ইত্যাদি কর্মসূচী গ্রহণ করার পরিকল্পনা রয়েছে। Share Management, Fund Management, Trading System, Portfolio Management জাতীয় সফ্টওয়্যার সমূহ Merchant Bank সমূহের চাহিদা মোতাবেক সরবরাহের পরিকল্পনা রয়েছে।

## সাউথ এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড (SADF)

সার্ক দেশসমূহে আঞ্চলিক প্রকল্প স্থাপনের সম্ভাব্যতা যাচাইকরণের জন্য প্রকল্প চিহ্নিতকরণসহ প্রকল্প উন্নয়নের লক্ষ্যে ১৯৯১ সালে সার্ক ফান্ড ফর রিজিওনাল প্রজেক্ট (SFRP) গঠিত হয়। সার্কভুক্ত সদস্যদেশসমূহ এ তহবিলে ৫.০০ মিলিয়ন মার্কিন ডলার যোগান দিয়েছে। পরবর্তীতে সার্ক অঞ্চল উন্নয়নের লক্ষ্যে আন্তর্জাতিক তহবিল সঞ্চালন/যোগান এর উদ্দেশ্যে সার্কফান্ড ফর রিজিওনাল প্রজেক্ট (SFRP) এবং সার্ক রিজিওনাল ফান্ড (SRF) সমন্বয়ে সাউথ এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড (SADF) প্রতিষ্ঠা করা হয়। SADF হল তিন প্রকোষ্ঠ বিশিষ্ট একটি Umbrella ফান্ড। এগুলো হচ্ছে ঃ (১) প্রকল্প সনাক্তকরণ ও উন্নয়ন প্রকল্প (২) প্রাতিষ্ঠানিক ও মানব সম্পদ উন্নয়ন প্রকল্প (৩) সামাজিক ও অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প

SADF একটি গভর্নিং বোর্ড দ্বারা পরিচালিত হচ্ছে। গভর্নিং বোর্ড সার্কভুক্ত দেশের নির্দিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের নির্বাহী প্রধান এবং প্রত্যেক দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ ব্যক্তি বর্গের সমন্বয়ে গঠিত। NODAL DFI হিসাবে আইসিবি SADF-এর গভর্নিং বোর্ড এ প্রতিনিধিত্ব করছে। এ পর্যন্ত ফান্ডের গভর্নিং বোর্ডের ৬টি সভা অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে চেয়ারম্যান নেপাল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের প্রধান নির্বাহী এবং সচিবালয়ও সেখানে অবস্থিত। SADF এর ৭ম সভা শ্রীলংকায় অনুষ্ঠানের প্রস্তাব করা হয়েছে। প্রথম প্রকোষ্ঠের অধীনে বিভিন্ন প্রকল্পের সমীক্ষা প্রনয়ন ও প্রকল্প বাস্তবায়নের কাজ চলছে। দ্বিতীয় প্রকোষ্ঠের আওতায় ইতোমধ্যে ভারতের হায়দ্রাবাদে Executive Development Program শীর্ষক একটি কোর্স সমাপ্ত হয়েছে।

# বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন

দেশের গৃহায়ন সমস্যার সমাধানের লক্ষ্যে আবাসিক বাড়ী নির্মাণ, সংস্কার এবং নির্মিত বাড়ীর রিমডেলিং বা কাঠামোগত পরিবর্তনের জন্য ঋণ সুবিধা প্রদানের উদ্দেশ্যে ১৯৭৩ সালে জারীকৃত রাষ্ট্রপতির ৭ নম্বর আদেশ বলে ১৯৫২ সালে প্রতিষ্ঠিত হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন-কে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন হিসেবে পুনর্গঠিত করা হয়। কর্পোরেশনের ঋণ সুবিধা বর্তমানে উপ-জেলা সদর পর্যন্ত ফাইন্যান্স কর্পোরেশন হিসেবে পুনর্গঠিত করা হয়। কর্পোরেশনের ঋণ সুবিধা বর্তমানে উপ-জেলা সদর পর্যন্ত সম্প্রসারণ করা হয়েছে। কর্পোরেশনের অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ১১০০ মিলিয়ন ও ৯৭৩ মিলিয়ন টাকা। বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রায়ত্ত ও বেসরকারী বাণিজ্যিক ব্যাংক এবং বীমা কর্পোরেশনের নিকট সরকার কর্তৃক গ্যারান্টিযুক্ত ঋণপত্র বিক্রয়ের মাধ্যমে কর্পোরেশন চলতি মূলধন সংগ্রহ করে থাকে। ৩০শে জুন, ২০০০ পর্যন্ত ডিবেঞ্চার বিক্রয়লব্ধ তহবিলের মোট স্থিতির পরিমাণ ছিল ১৬৪৪৩ মিলিয়ন টাকা। সরকার কর্তৃক নিযুক্ত পরিচালনা বোর্ড দ্বারা কর্পোরেশন পরিচালিত হতে থাকে। সদর দফতর ছাড়াও বর্তমানে ঢাকায় ৪টি এবং চট্টগ্রাম, খুলনা, রাজশাহী সিলেট ও বরিশাল বিভাগীয় সদরে একটি করে মোট ৯টি জোনাল অফিস এবং বিভিন্ন জেলা সদরে কর্পোরেশনের ১৩টি আঞ্চলিক অফিস ও ৬টি ক্যাম্প অফিস চালু আছে।

## কর্পোরেশনের ঋণের প্রকারভেদ

১। সাধারণ ঋণ ঃ একক বা স্বামী ও স্ত্রীর যৌথ নামে,

২। গ্রুপ ঋণ ঃ একাধিক ব্যক্তি মালিকানাধীন প্লটে ফ্ল্যাট ভিত্তিক,

৩। ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট ঋণঃ নির্মীয়মান ফ্ল্যাট/ এ্যাপার্টমেন্ট ক্রয়ের জন্য,

*কর্পোরেশনের অর্থায়নে গড়ে ওঠা সদ্য নির্মিত একটি ফ্ল্যাট বাড়ী*

৪। সমন্বিত ঋণ গ্রহীতার পূর্বের ঋণ সম্পূর্ণ সমন্বয়পূর্বক নকশা মোতাবেক বাড়ীর বাকী অংশের কাজ সম্পন্ন ও নির্মিত বাড়ীর মেরামত বা সংস্কারের জন্য,

৫। মধ্যবিত্ত ও নিম্নবিত্তদের স্বল্প আয়তনের বাড়ী নির্মাণের জন্য,

৬। সেমিপাকা বাড়ীর জন্য।

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এর ঋণ ও অগ্রিমের স্থিতি ১৯৯৯-২০০০ অর্থ বছর শেষে দাঁড়ায় ২৭২৩৭ মিলিয়ন টাকা যা ৩১শে মার্চ, ২০০১ শেষে ২৭৯০৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। কর্পোরেশন চলতি অর্থ বছরের মার্চ, ২০০১ পর্যন্ত ৯২২ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে এবং ৮২০ মিলিয়ন টাকা বিতরণ করে।

কর্পোরেশনের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

বছর ভিত্তিক ঋণ মঞ্জুরী, বিতরণ, আদায়, স্থিতি এবং বকেয়া (Overdue) সংক্রান্ত পরিসংখ্যান সারণি-২-এ দেয়া হলো।

## উন্নয়ন কর্মকাণ্ড

ঋণ গ্রহীতাদের সহায়তাকল্পে এইচবিএফসি যে সমস্ত

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৮-১৯৯৯ | ১৯৯৯-২০০০ | ২০০০-২০০১ মার্চ পর্যন্ত (সাময়িক) | ২০০০-২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ১১০০ | ১১০০ | ১১০০ | ১১০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ৯৭৩ | ৯৭৩ | ৯৭৩ | ৯৭৩ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ৬৫৩১ | ৬৮৬৫ | ৬৮৬৫ | ৭৫১৯ |
| ৪। | আমানত ঃ | ২৬৫০ | ২৩১২ | ২২৮৫ | ১৫৬০ |
| ৫। | ঋণ বিতরণ | ৯১৮ | ১২৭৫ | ৮২০ | ১২০৬ |
| ৬। | ঋণ আদায় | ১৯৫৭ | ২৩২৯ | ১৪৯০ | ২৪০০ |
| ৭। | মোট আয় | ২২২৩ | ১৫৪৮ | ১৫৪৪ | ২০৫৮ |
| ৮। | মোট ব্যয় | ৯২৭ | ১৩১৩ | ৮১৪ | ১০৮৫ |
| ৯। | নীট মুনাফা | ১২৯৬ | ২৩৪ | ৭৩০ | ৯৭৪ |
| ১০। | প্রদেয় কর | ২৬৯ | ২৭৮ | - | ৩০০ |
| ১১। | ঋণ ও অগ্রিম | ২৬২৪৩ | ২৭২৩৭ | ২৭৯০৯ | ২৮১৩৩ |
| ১২। | মোট পরিসম্পদ | ২৯৭২২ | ৩০৮২১ | ৩১৫৫১ | ৩১৭৯৫ |
| ১৩। | শুরু থেকে ক্রমপুঞ্জিভূত ঃ | ৪০২৫৬ | ৪৩৮১৮ | ৪৫১২৮ | ৪৭৪২৪ |
| | (ক) ঋণ বিতরণ | ২২৪৮২ | ২৩৭৫৭ | ২৪৫৭৭ | ২৪৯৬৩ |
| | (খ) ঋণ আদায় | ১৭৭৭৪ | ২০০৬১ | ২১৫৫১ | ২২৪৬১ |
| ১৪। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৬২৫ | ৬০৫ | ৬০৩ | ৬০৪ |
| | (ক) কর্মকর্তা | ৩০৪ | ২৯৬ | ৩০০ | ৩০৫ |
| | (খ) কর্মচারী | ৩২১ | ৩০৯ | ৩০৩ | ২৯৯ |
| ১৫। | অফিস (সংখ্যায়) ঃ | ২৭ | ২৮ | ২৮ | ২৮ |
| | জোনাল | ৯ | ৯ | ৯ | ৯ |
| | রিজিওনাল | ১২ | ১৩ | ১৩ | ১৩ |
| | ক্যাম্প | ৬ | ৬ | ৬ | ৬ |

**বছর ভিত্তিক ঋণ মঞ্জুরী, বিতরণ, আদায়, স্থিতি এবং বকেয়ার পরিমাণ** সারণি-২

*(মিলিয়ন টাকায়)*

| অর্থ বছর | ঋণ মঞ্জুরী | বিতরণ | আদায় | ঋণের স্থিতি | মোট বকেয়া স্থিতি |
|---|---|---|---|---|---|
| ১৯৯৮-'৯৯ | ১৬১৬ | ৯১৮ | ১৯৫৬ | ২৬২৪৩ | ৩২৩৮ |
| ১৯৯৯-২০০০ | ১২৪২ | ১২৭৫ | ২৩২৯ | ২৭২৩৭ | ৩৩৪৯ |
| ২০০০-২০০১* (মার্চ, ২০০১ পর্যন্ত) | ৯২২ | ৮২০ | ১৪৯৪ | ২৭৯০৯ | ৩৫৬৩ |
| ২০০০-২০০১** | ১২৯৭ | ১২০৬ | ২৪০০ | ২৮১৩৩ | ৩৫০২ |

কল্যাণমুখী উন্নয়ন কার্যক্রম গ্রহণ করেছে তার সংক্ষিপ্ত বর্ণনা নিম্নে দেয়া হলো ঃ

১। ঋণের আবেদনকারীদের পরামর্শ ও উন্নত সেবাদানের লক্ষ্যে সদর দফতরসহ প্রতিটি জোনাল অফিসে "কাউন্সেলিং কাউন্টার" খোলা হয়েছে;

২। কিস্তি রিসিডিউলের মাধ্যমে ঋণের বকেয়া নিয়মিত করার সুযোগ প্রদান করা হয়েছে;

৩। মাসের ১৫ তারিখের মধ্যে কিস্তি পরিশোধ করা হলে ঐ মাসের আসলের কিস্তির উপর সুদ চার্জ করা হয় না যা ইনসেনটিভ হিসেবে গণ্য করা যায়;

৪। নিয়মিত ঋণ পরিশোধকারীদের বছরান্তে চার্জকৃত সুদের উপর শতকরা ১৫ ভাগ ইনসেনটিভ প্রদানের রীতি চালু রয়েছে;

৫। মাসিক কিস্তি প্রতিমাসে পরিশোধ না করেও ডিসেম্বর মাসে পূর্ববর্তী ছয় মাসের (ডিসেম্বর মাসসহ) এবং জুন মাসে পূর্ববর্তী ছয় মাসের (জুন মাসসহ) কিস্তি পরিশোধ করা হলেও ইনসেনটিভ প্রদান করা হয়;

৬। মেয়াদোত্তীর্ণ বকেয়া ঋণ পরিশোধ উৎসাহিত করার লক্ষ্যে নানা পদ্ধতিতে পুনঃতফসীল (রিসিডিউল) করে ঋণের কিস্তি পুনর্নির্ধারণ করে ঋণ হিসাব হালনাগাদ করে দেয়া হয়;

৭। যে সমস্ত খেলাপী ঋণ গ্রহীতা ইতোপূর্বে ঋণ পুনঃতফসীল সুবিধা গ্রহণ করেননি তারা মেয়াদোত্তীর্ণ (ওভারডিউ) ঋণের ১০% এবং মামলাধীন ঋণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ ঋণের ১৫% জমা দিয়ে ঋণ পুনঃতফসীল সুবিধা গ্রহণ করতে পারে;

৮। যে সমস্ত খেলাপি ঋণ গ্রহীতা ইতোপূর্বে ঋণ পুনঃতফসীল সুবিধা গ্রহণ করেছেন তারা ২৪ কিস্তির জন্য ৪ কিস্তি, পরবর্তী ১২ কিস্তির জন্য ঢাকা ও চট্টগ্রামের ক্ষেত্রে ২ কিস্তি এবং অন্যান্য এলাকার ক্ষেত্রে ১ কিস্তি করে জমা দিয়ে পুনরায় ঋণ পুনঃতফসীল সুবিধা গ্রহণ করতে পারেন।

## সুদের হার ও কিস্তি পরিশোধের মেয়াদ

ঢাকা ও চট্টগ্রাম মহানগরী এলাকায় ১৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণের সুদের হার ১৩% এবং ১৫ লক্ষ টাকার উর্ধ্বে ঋণের বার্ষিক সুদের হার ১৫%। দেশের অন্যান্য এলাকায় সিলিং নির্বিশেষে ঋণের সুদের হার ১০%। কর্পোরেশনের ঋণের কিস্তি পরিশোধের মেয়াদ ১৫ বছর। তবে মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্তদের জন্য স্বল্প আয়তনের ফ্ল্যাট ঋণ স্কীমের মেয়াদ ২০ বছর। এলাকাভেদে ঋণের সিলিং বর্তমানে সর্বনিম্ন ২.৭০ লক্ষ টাকা হতে সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে।

# সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (সাবিনকো)

বাংলাদেশ এবং সৌদি আরবের মধ্যে বিদ্যমান ভ্রাতৃত্ববোধের নিদর্শন স্বরূপ এবং বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের গতিকে যৌথ প্রচেষ্টায় আরো ত্বরান্বিত করার উদ্দেশ্যে সৌদি আরব এবং বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রী পর্যায়ে ১৫ই মে, ১৯৮৩ সালে এক প্রোটোকল স্বাক্ষরের মাধ্যমে সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (সাবিনকো) স্থাপনের সূচনা হয়। এ চুক্তি মোতাবেক এবং কোম্পানী আইন ১৯১৩ অনুযায়ী একটি প্রাইভেট লিমিটেড কোম্পানী হিসাবে ১৯৮৪ সালের ২৪শে জুন সাবিনকো আত্মপ্রকাশ করে ঢাকায় প্রধান কার্যালয় স্থাপন

*সাবিনকোর আর্থিক সহায়তায় প্রতিষ্ঠিত একটি মৎস্য খামার*

করে। ১৯৮৬ সালে এর কার্যক্রম শুরু হয়।

সাবিনকোর মূল উদ্দেশ্য হচ্ছে বাণিজ্যিক ভিত্তিতে শিল্প এবং কৃষি ভিত্তিক শিল্পে বিনিয়োগ করে এগুলো পরিচালিত করা এবং দেশে বিদেশে পণ্য দ্রব্য ও সেবা বিপণন করা। এছাড়া, সাবিনকো বিদ্যমান শিল্প কারখানাগুলোর অভ্যন্তরীণ সুষমকরণ, আধুনিকীকরণ, যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সম্প্রসারণকল্পে শিল্প ঋণের যোগান দিয়ে থাকে। সাবিনকো নিজের তত্ত্বাবধানে অথবা সহযোগী প্রতিষ্ঠান স্থাপন করে বিশেষ কোন প্রকল্প পরিচালনায়ও সহায়তা প্রদান করতে পারে।

সাবিনকোর অনুমোদিত মূলধনের পরিমাণ ৬০ মিলিয়ন মার্কিন ডলার। এ যাবৎ সৌদি এবং বাংলাদেশ সরকার সমভাবে ৬০ মিলিয়ন মার্কিন ডলার পরিশোধ করেছে। বর্তমানে ছয় জন সদস্য নিয়ে কোম্পানীর বোর্ড গঠিত, তন্মধ্যে বোর্ডের চেয়ারম্যান এবং দুজন সদস্য সৌদি সরকার কর্তৃক এবং ডেপুটি চেয়ারম্যান এবং অপর দু'জন সদস্য বাংলাদেশ সরকার কর্তৃক মনোনীত।

## বিনিয়োগ নীতিমালা

বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত শিল্প বিনিয়োগ নীতিমালার আওতায় কৃষিভিত্তিক শিল্পসহ বিবিধ শিল্প স্থাপন, সম্প্রসারণ/উন্নয়ন কার্যক্রমে সাবিনকো আর্থিক সহায়তা প্রদান করে থাকে। সাবিনকো বাণিজ্যিকভাবে লাভজনক বিনিয়োগ প্রস্তাবনা বিবেচনা করে থাকে। তবে নিম্নে উল্লেখিত প্রকল্পগুলিকে অগ্রাধিকার দেয়া হয়ে থাকেঃ

ক) যে সব প্রকল্প স্থানীয় কাঁচামাল ব্যবহার করে থাকে এবং উৎপাদিত পণ্যের রপ্তানি বাজার বিদ্যমান;

খ) যে সব প্রকল্প মূলতঃ স্থানীয় কাঁচামাল ব্যবহার করে থাকে এবং স্থানীয় বাজারে অপরিহার্য চাহিদা পূরণ করে;

গ) যে সব প্রকল্প আমদানিকৃত কাঁচামাল ব্যবহার করে কিন্তু উৎপাদিত পণ্যের রপ্তানি বিদ্যমান এবং

ঘ) যে সব প্রকল্পে আমদানিকৃত কাঁচামাল ব্যবহার করা অপরিহার্য অথচ আমদানি বিকল্প পণ্য হিসেবে স্থানীয় চাহিদা পূরণ করে।

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৮-১৯৯৯ | ১৯৯৯-২০০০ | ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন (মিলিয়ন মার্কিন ডলারে) | ৬০ | ৬০ | ৬০ | ৬০ |
| ২। | পরিশোধিত মূলধন (মিলিয়ন মার্কিন ডলারে) | ৬০ | ৬০ | ৬০ | ৬০ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ৮১১ | ৯৩৬ | - | - |
| ৪। | আমানত ঃ | - | - | - | - |
| | ক) তলবী আমানত | - | - | - | - |
| | খ) মেয়াদী আমানত | - | - | - | - |
| ৫। | ঋণ ও অগ্রিম | ২৩৪৫ | ২৪২৪ | | |
| ৬। | বিনিয়োগ | ৭৫১ | ১০০৮ | | |
| ৭। | মোট পরিসম্পদ | ৪০৯৮ | ৪২৫৩ | | |
| ৮। | মোট আয় | ২৩২ | ১৯৪ | | |
| ৯। | মোট ব্যয় | ৫৬ | ৫৯ | | |
| ১০। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৪৫ | ৪৫ | | |
| | ক) কর্মকর্তা | ১৫ | ১৫ | | |
| | খ) কর্মচারী | ৩০ | ৩০ | | |

উপরোল্লিখিত ক্ষেত্রে যে সমস্ত প্রকল্প শ্রমনিবিড় এবং অগ্রপশ্চাৎ সম্পর্ক সমৃদ্ধবহুল, সেসব প্রকল্পসমূহকে অর্থায়নের ক্ষেত্রে সাবিনকো সর্বাধিক প্রাধান্য দিয়ে থাকে।

## অর্থায়ন পদ্ধতি

ক) মেয়াদী ঋণ প্রদান (মধ্যম/দীর্ঘ মেয়াদী) দেশীয় এবং বৈদেশিক মুদ্রা।
খ) সরাসরি মূলধন বিনিয়োগ।
গ) শেয়ার এবং ডিবেঞ্চারে পাবলিক ইস্যু অবলেখন (Underwriting)।
ঘ) প্রাইভেট ফান্ড প্লেসমেন্ট সিন্ডিকেশন-এর ব্যবস্থাকরণ এবং এরকম প্লেসমেন্ট-এ অংশ গ্রহণ।
ঙ) মূলধন বাজারে লেনদেন।
চ) বিনিয়োগ তহবিল গঠন ও তার তদারকিকরণ।

## ঋণের অনুমোদন এবং বিতরণ

সাবিনকো শুরু থেকে ২০০০ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন শিল্প স্থাপনের জন্য মোট ৪৬টি প্রকল্পে বিভিন্ন ধরনের আর্থিক সহায়তা প্রদান করেছে। অর্থায়িত ৪৬টি প্রকল্পে সাবিনকো ২০০০ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ১১টি শিল্প উপ-খাতে দেশী ও বিদেশী মুদ্রায় সর্বমোট ৩৪৭৩ মিলিয়ন টাকা মঞ্জুর করেছে। এই মঞ্জুরীকৃত ঋণের ২২% বস্ত্রখাতে, ১৭% রসায়ন, ঔষধ এবং সহযোগী খাতে এবং ১১% মৎস্য/চিংড়ি চাষে মঞ্জুর করা হয়েছে। আর্থিক সহায়তা প্রদানকারী অন্যান্য খাতগুলো হলঃ কাঁচ/সিরামিক, সিমেন্ট, চামড়াজাত দ্রব্য, মৎস্য চাষ সহায়ক প্রকল্প, প্রকৌশল, দুগ্ধ/ফল, খেলনা/তাবু/ব্যাগ এবং কাগজ। বর্তমানে ৫টি ঋণ প্রস্তাব বিভিন্ন পর্যায়ে প্রক্রিয়াধীন রয়েছে।

সাবিনকোর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

সাবিনকো কর্তৃক প্রদত্ত খাত-ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

**শিল্পের আকার ভিত্তিক ঋণ** *সারণি-৩*

*(মিলিয়ন টাকায়)*

| ঋণ মঞ্জুরী | | শিল্পের আকার | | |
|---|---|---|---|---|
| | | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩১শে ডিসেম্বর, ২০০০ তারিখে | প্রকল্প সংখ্যা | ৪৬ | - | ৪৬ |
| | পরিমাণ | ৩৪৭৩ | - | ৩৪৭৩ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ৩ | - | ৩ |
| | পরিমাণ | ১৮২ | - | ১৮২ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ তারিখে | প্রকল্প সংখ্যা | ৪৬ | - | ৪৬ |
| | পরিমাণ | ৩৪৭৩ | - | ৩৪৭৩ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | - | - | - |
| | পরিমাণ | - | - | - |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১** পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ২ | - | ২ |
| | পরিমাণ | ৫০ | - | ৫০ |

*** প্রাক্কলিত।*

## খাত-ভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪
*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ |
|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্য ঃ | <u>৬২২</u> | <u>৬২২</u> |
| | ক) শস্য | - | - |
| | খ) শস্য ব্যতীত অন্যান্য | ৬২২ | ৬২২ |
| ২। | শিল্প ঃ | <u>২৪৭৪</u> | <u>২৮৫১</u> |
| | ক) বৃহৎ ও মাঝারী | ২৪৭৪ | ২৮৫১ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | - | - |
| ৩। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | - | - |
| ৪। | বীমা রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | - | - |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | - | - |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ | - | - |
| | ক) দারিদ্র বিমোচন | - | - |
| | খ) অন্যান্য | - | - |
| ৭। | অন্যান্য | | |
| | সর্বমোট | ৩০৯৬ | ৩৪৭৩ |

# ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট লীজিং কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (আইডিএলসি)

দেশের উৎপাদনশীল খাত এবং শিল্পোন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে "কোম্পানী এ্যাক্ট, ১৯১৩"-এর আওতায় ১৯৮৫ সালের ২৩শে মে তারিখে একটি পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে আইডিএলসি (IDLC) প্রতিষ্ঠিত হয়। এ কোম্পানীটি বিশ্ব ব্যাংকের সহযোগী প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (IFC) সহ ৫টি বিদেশী এবং ৩টি দেশী আর্থিক প্রতিষ্ঠানের (ব্যাংক ও বীমা কোম্পানী) উদ্যোগে প্রতিষ্ঠিত হয়েছে। ১৯৯৩ সালে আইডিএলসি জনসাধারণের জন্যে শেয়ার ইস্যু করে। ২০০০ সালে কোম্পানীর অনুমোদিত মূলধন, পরিশোধিত মূলধন ও রিজার্ভ ফান্ড যথাক্রমে ১০০০ মিলিয়ন, ১৫০ মিলিয়ন এবং ২২৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ৫টি বিদেশী আর্থিক প্রতিষ্ঠান কোম্পানীটির ৪৫ শতাংশ এবং জনসাধারণসহ ১৪টি স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান কোম্পানীটির ৫৫ শতাংশ শেয়ারের মালিক। কোম্পানী ১৯৯০ সালে চট্টগ্রামে একটি শাখা প্রতিষ্ঠার মাধ্যমে ব্যবসাকে আরো সম্প্রসারণ করে।

আইডিএলসি গত ১৬ বছর ধরে লীজিংকে অর্থায়নের একটি বিকল্প ধারা হিসেবে প্রতিষ্ঠা করার পাশাপাশি দেশের শিল্পায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হয়েছে। উন্নত এবং দ্রুত গ্রাহক সেবার পাশাপাশি উৎপাদনশীল ও চিকিৎসা যন্ত্রপাতিসহ সব ধরণের খাতে ফিন্যান্সিয়াল লীজ প্রদান করে থাকে। এশিয়ার বৃহত্তম কোম্পানীগুলোর মধ্যে অন্যতম কোরিয়া ডেভেলপমেন্ট লিজিং কর্পোরেশন আইডিএলসিকে লীজিং বিষয়ে সব ধরণের কারিগরী সহযোগিতা দিয়ে আসছে।

আইডিএলসি একটি বহুমুখী আর্থিক প্রতিষ্ঠান হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করার জন্য সদাসচেষ্ট, ফলশ্রুতিতে ১৯৯৭ সালে কোম্পানী গৃহায়ন ঋণ ও স্বল্প মেয়াদী ঋণসমূহ চালু করেছে। স্বল্প মেয়াদী ঋণের আওতায় গ্রাহকরা তাদের চাহিদা অনুযায়ী বিভিন্ন ধরণের স্বল্প মেয়াদী আর্থিক সহায়তা যেমনঃ ইন্টার-কর্পোরেট ডিপোজিট (ICD), বিল/ইনভয়েস ডিসকাউন্টিং ইত্যাদি সেবা পেয়ে থাকে। গৃহায়ন ঋণ প্রকল্পের আওতায় আইডিএলসি গ্রাহকদের নতুন ফ্ল্যাট ক্রয়, নিজস্ব বাড়ী মেরামত/বর্ধিতকরণ, ব্যবসা প্রতিষ্ঠান অথবা পেশাজীবীদের জন্য অফিস চেম্বার/শোরুম ক্রয়, বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মচারীদের আবাসন প্রকল্প এবং রিয়েল এস্টেট ব্যবসায়ীদের নতুন এ্যাপার্টমেন্ট তৈরী করার জন্য ঋণ সুবিধা প্রদান করে থাকে।

সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক মার্চেন্ট ব্যাংক হিসেবে ১৯৯৮ সালের জানুয়ারী মাসে লাইসেন্স প্রাপ্ত হয়ে আইডিএলসি ১৯৯৯ সালের গোড়া থেকেই আনুষ্ঠানিকভাবে আন্ডার রাইটিং, ইস্যু ম্যানেজমেন্ট, প্রাইভেট প্লেসমেন্ট অব স্টকস, লোন/লীজ সিন্ডিকেশন সার্ভিসের ব্যবস্থাকরণসহ অন্যান্য আনুষঙ্গিক সেবাসমূহ প্রদানকরছে। ২০০০ সালে কোম্পানীটি দেশের বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্বমূলক অংশগ্রহণের মাধ্যমে ২৪০ মিলিয়ন টাকা লীজ সিন্ডিকেট গঠন করে।

আইডিএলসি'র ঋণ ও অগ্রিমের এবং মোট পরিসম্পদের পরিমাণ ২০০০ সাল শেষে যথাক্রমে ৩৫৯৯ মিলিয়ন টাকা ও ৩৮৯১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। একই সময়ে কোম্পানীর

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ২০১ | ২২৭ | ২৪৭ | ২৬০ |
| ৪। | আমানত ঃ | ৩৯ | ৩৮৬ | ৩৮৭ | - |
| | (ক) তলবী আমানত | - | - | - | - |
| | (খ) মেয়াদী আমানত | ৩৯ | ৩৮৬ | ৩৮৭ | - |
| ৫। | ঋণ ও অগ্রিম | ২৬৯৮ | ৩৫৯৯ | ৩৬১৬ | ৩৯২৩ |
| ৬। | বিনিয়োগ | ১৫ | ১ | ৯ | - |
| ৭। | মোট পরিসম্পদ | ২৯৪৬ | ৩৮৯১ | ৩৯৭৭ | ৪৩২৮ |
| ৮। | মোট আয় | ৯৩৯ | ১১৩৮ | ৩৩০ | ৬৬২ |
| ৯। | মোট ব্যয় | ৮১৩ | ৯৯৩ | ২৮৭ | ৫৮৫ |
| ১০। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ৬৮ | ৬৯ | ৭৩ | ৭৭ |
| | ক) কর্মকর্তা | ৩৮ | ৩৭ | ৩৭ | ৪০ |
| | খ) কর্মচারী | ৩০ | ৩২ | ৩৬ | ৩৭ |
| ১১। | শাখা (সংখ্যায়) | ১ | ১ | ১ | ১ |

## ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | শিল্প ঋণ | | | | | অন্যান্য (গৃহে অর্থায়ণ) | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|
| | লীজ ফাইন্যান্সিং | মেয়াদী ঋণ | চলতি মূলধন | ব্রীজ ফাইন্যান্স | মোট | | |
| ১৯৯৯ বিতরণ | ৯৮১ | ১৫ | ৪২৭ | - | ১৪২৩ | ৫৫ | ১৪৭৯ |
| আদায় | ৮৮৭ | ১ | ৩৮০ | - | ১২৬৮ | ২২ | ১২৯০ |
| ২০০০ বিতরণ | ১১৯১ | ১০ | ১২৬০ | ১০৬ | ২৫৬৭ | ১৫৮ | ২৭২৫ |
| আদায় | ১০৩৪ | ২ | ৯৪৪ | ৮৭ | ২০৬৭ | ৬১ | ২১২৮ |
| মার্চ ৩১, ২০০১* বিতরণ | ১৮৭ | - | ৩৭৯ | ৩০ | ৫৯৬ | ৪০ | ৬৩৬ |
| আদায় | ২৬৭ | ২ | ৪১৬ | ২৮ | ৭১৩ | ১৩ | ৭২৬ |
| জুন ৩০, ২০০১** বিতরণ | ৬৩৮ | ৪০ | ৮৯৮ | ৪০ | ১৬১৬ | ৯১ | ১৭০৭ |
| আদায় | ৫২৬ | ৪ | ৫২১ | ২৮ | ১০৭৯ | ২৬ | ১১০৫ |

* সাময়িক। ** প্রাক্কলিত।

জনশক্তি ছিল ৬৯ জন।

আইডিএলসি-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

## ঋণ বিতরণ ও আদায়

আইডিএলসি ২০০০ সালে লীজ অর্থায়ন, মেয়াদী অর্থায়ন, চলতি মূলধন, ব্রীজ ফাইন্যান্স ও গৃহ অর্থায়নের অধীনে যথাক্রমে ১১৯১ মিলিয়ন টাকা, ১০ মিলিয়ন টাকা, ১২৬০ মিলিয়ন টাকা, ১০৬ মিলিয়ন টাকা এবং ১৫৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে এবং উক্ত খাতসমূহে যথাক্রমে ১০৩৪ মিলিয়ন টাকা, ২ মিলিয়ন টাকা, ৯৪৪ মিলিয়ন টাকা, ৮৭ মিলিয়ন টাকা ও ৬১ মিলিয়ন টাকা আদায় করেছে।

কোম্পানীটির ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকার ভিত্তিক ঋণ ও খাত-ভিত্তিক ঋণের স্থিতি সম্পর্কিত বিবরণী সারণি-২, ৩ ও ৪-এ দেয়া হলো।

*সারণি-৩*

### শিল্পের আকার ভিত্তিক ঋণ

*(মিলিয়ন টাকায়)*

| ঋণ মঞ্জুরী | | শিল্পের আকার | | |
|---|---|---|---|---|
| | | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩১শে ডিসেম্বর, ২০০০ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ১৫৭৮ | ৬৫৮ | ২২৩৬ |
| | পরিমাণ | ৭০৬৮ | ১৯৫৮ | ৯০২৬ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ১৭৯ | ৮৩ | ২৬২ |
| | পরিমাণ | ২৩৪৯ | ২১৯ | ২৫৬৮ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ১৬০৯ | ৬৮৬ | ২২৯৫ |
| | পরিমাণ | ৭৬০৬ | ১৯৯৭ | ৯৬০৩ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ৩১ | ২৮ | ৫৯ |
| | পরিমাণ | ৫৩৮ | ৩৯ | ৫৭৭ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১ পর্যন্ত** | প্রকল্প সংখ্যা | - | - | - |
| | পরিমাণ | ১১৭৫ | ২৯৪ | ১৪৬৯ |

*** প্রাক্কলিত*

| খাত-ভিত্তিক ঋণের স্থিতি | | | | সারণি-৪ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | ৩১ শে মার্চ, ২০০১ (সাময়িক) |
| ১। | **শিল্প ঃ** | ১৮১৪ | ২৫৩৩ | ২৫৪৫ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ১২৭০ | ২০৭৭ | ২০৮৭ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | ৫৪৪ | ৪৫৬ | ৪৫৮ |
| ২। | পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল | - | ৫ | ৫ |
| ৩। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | ২৭৯ | ৪৯৭ | ৪৯৯ |
| ৪। | পরিবহন ও যোগাযোগ | ২৮৫ | ৩৪৩ | ৩৪৫ |
| ৫। | **বিশেষ ঋণ কর্মসূচী ঃ** | - | - | - |
| | ক) দারিদ্র বিমোচন | - | - | - |
| | খ) অন্যান্য | - | - | - |
| ৬। | অন্যান্য | ৩২০ | ২২১ | ২২২ |
| | সর্বমোট | ২৬৯৮ | ৩৫৯৯ | ৩৬১৬ |

# জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড

আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ অনুযায়ী যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড ১৯৯৬ সালের এপ্রিল মাস হতে বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠিত দেশী ও বিদেশী উদ্যোক্তা এবং আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে এটি প্রতিষ্ঠিত হয়েছে। ১৯৯৯ সালের ২৪শে আগস্ট কোম্পানীটি সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন অব বাংলাদেশ হতে মার্চেন্ট ব্যাংকার হিসেবে অনুমোদনপ্রাপ্ত হয়। কোম্পানীটির অফিস ঢাকায় অবস্থিত এবং ২০০১ সালের মার্চ পর্যন্ত এতে কর্মরত লোকের সংখ্যা ২৭ জন। ২০০১ সালের মার্চ শেষে কোম্পানীর অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০ মিলিয়ন টাকা ও ১৭০ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৪০ মিলিয়ন টাকা। ৩১শে ডিসেম্বর, ২০০০ পর্যন্ত শেয়ার হোল্ডারদের ফান্ডের পরিমাণ দাঁড়িয়েছে ১৯৪ মিলিয়ন টাকা। কোম্পানীর ঋণ অগ্রিম এবং মোট পরিসম্পদের পরিমাণ ২০০০ সাল শেষে দাঁড়ায় যথাক্রমে ৫৪৩ মিলিয়ন ও ৫৮৬ মিলিয়ন টাকা।

## কোম্পানীর প্রধান কর্মকাণ্ড ঃ

জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড প্রধানতঃ নিম্নলিখিত কর্মকাণ্ডে অংশগ্রহণ করে থাকে ঃ

(ক) লীজ ফাইন্যান্স ঃ লীজ অর্থায়নের ব্যাপারে জিএসপি ফাইন্যান্স কোম্পানী প্রধানতঃ শিল্প খাতে মূলধন দ্রব্যাদি যেমন-প্ল্যান্ট, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ, নির্মাণ সামগ্রী, নৌ ও সড়ক পরিবহন, চিকিৎসা ও অফিস সামগ্রী, জেনারেটর/বয়লার, লিফট/এলিভেটর, অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি ইত্যাদি খাতে গুরুত্ব প্রদান করে থাকে।

(খ) অর্থ বাজার কার্যক্রম ঃ কোম্পানীটি অর্থ বাজার সংক্রান্ত কর্মকাণ্ডেও (মেয়াদী আমানত গ্রহণ ও বিনিয়োগ) অংশগ্রহণ করে থাকে।

(গ) মার্চেন্ট ব্যাংকিং ঃ মার্চেন্ট ব্যাংকার হিসেবে কোম্পানীটি মিউচুয়্যাল ফান্ড, আন্ডাররাইটিং ও ইস্যু ম্যানেজমেন্টে অংশগ্রহণ করছে। এ ছাড়াও কোম্পানীটি বিনিয়োগ উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করছে।

উপরোক্ত কার্যাবলী ছাড়াও কোম্পানীটি বিভিন্ন ধরণের আর্থিক কর্মকাণ্ড যেমন-হায়ার পারচেজ, পুঁজি বাজারে অর্থায়ন ইত্যাদিতে অংশগ্রহণের পরিকল্পনা গ্রহণ করেছে।

কোম্পানীর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেডের ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকার ভিত্তিক ঋণ এবং খাত-ভিত্তিক ঋণের স্থিতি যথাক্রমে সারণি ২, ৩ এবং ৪-এ দেয়া হলো।

| অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য | | | | | সারণি-১ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
| ১। | অনুমোদিত মূলধন | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ১৫০ | ১৬০ | ১৭০ | ১৭০ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ৭ | ৩৪ | ৪০ | ৪৫ |
| ৪। | আমানত ঃ | ৩৬ | ৭৮ | ৪৫ | ৬০ |
| | (ক) তলবী আমানত | - | - | - | - |
| | (খ) মেয়াদী আমানত | ৩৬ | ৭৮ | ৪৫ | ৬০ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ৩৪৬ | ৪৩৭ | ৪৬৫ | ৫০১ |
| ৬। | বিনিয়োগ | ১ | ২ | ২ | ৩ |
| ৭। | মোট পরিসম্পদ | ২১৮ | ৫৮৬ | ৫৯৭ | ৬০৫ |
| ৮। | মোট আয় | ১৫২ | ২১১ | ৭২ | ১৫৪ |
| ৯। | মোট ব্যয় | ১১৫ | ১৪৫ | ৪৬ | ৯৮ |
| ১০। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ২৪ | ২৭ | ২৭ | ৩০ |
| | ক) কর্মকর্তা | ১৫ | ২০ | ২০ | ২২ |
| | খ) কর্মচারী | ৯ | ৭ | ৭ | ৮ |

| ঋণ বিতরণ ও আদায় | | | | | | সারণি-২ (মিলিয়ন টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| বিবরণ | | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
| | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | বিতরণ | ১৮৩ | - | ১৮৩ | ২৫ | ২০৮ |
| | আদায় | ১৯ | - | ১৯ | - | ১৯ |
| ২০০০ | বিতরণ | ২৫৮ | - | ২৫৮ | ২২ | ২৮০ |
| | আদায় | ৯৫ | - | ৯৫ | - | ৯৫ |
| মার্চ ৩১, ২০০১* | বিতরণ | ৩৫ | - | ৩৫ | - | ৩৫ |
| | আদায় | ২ | - | ২ | - | ২ |
| জুন ৩০, ২০০১** | বিতরণ | ১৮০ | - | ১৮০ | - | ১৮০ |
| | আদায় | ৬০ | - | ৬০ | - | ৬০ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

## শিল্পের আকার ভিত্তিক ঋণ

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

| ঋণ মঞ্জুরী | শিল্পের আকার | | |
|---|---|---|---|
| | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩১শে ডিসেম্বর, ২০০০ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ৩৭ | ২৪ | ৬১ |
| পরিমাণ | ৩৩২ | ১২৯ | ৪৬১ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ৮ | ১৬ | ২৪ |
| পরিমাণ | ১০৯ | ৭৫ | ১৮৪ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ৩৩ | ২৮ | ৬১ |
| পরিমাণ | ৩১৬ | ১৩৬ | ৪৫২ |
| জানুয়ারী ১ হতে মার্চ ৩১, ২০০১ পর্যন্ত | | | |
| প্রকল্প সংখ্যা | ৩ | ৫ | ৮ |
| পরিমাণ | ৩৫ | ১০ | ৪৫ |
| জানুয়ারী ১ হতে জুন ৩০, ২০০১ পর্যন্ত** | | | |
| প্রকল্প সংখ্যা | ১২ | ১২ | ২৪ |
| পরিমাণ | ১০২ | ৫৩ | ১৫৫ |

** প্রাক্কলিত।

## খাত-ভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

| ক্রমিক নম্বর | খাত | ১৯৯৯ | ২০০০ | ৩১ শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০ শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষি ও মৎস্য ঃ | | | | |
| | ক) শস্য | - | - | - | - |
| | খ) শস্য ব্যতীত অন্যান্য | - | - | - | - |
| ১। | শিল্প ঃ | ১৯১ | ২৭০ | ২৯৬ | ৩২৬ |
| | ক) বৃহৎ ও মাঝারী | ১৬১ | ১৭৮ | ১৯৫ | ২১৫ |
| | খ) ক্ষুদ্র ও কুটির | ৩০ | ৯২ | ১০১ | ১১১ |
| ৩। | পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোরা/হোটেল | - | - | - | - |
| ৪। | বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা | ৮৫ | ৬৭ | ৬১ | ৬০ |
| ৫। | পরিবহন ও যোগাযোগ | ৩৩ | ৯১ | ৮৩ | ৮৫ |
| ৬। | বিশেষ ঋণ কর্মসূচী ঃ | - | - | - | - |
| | ক) দারিদ্র বিমোচন | - | - | - | - |
| | খ) অন্যান্য | - | - | - | - |
| ৭। | অন্যান্য | ৩৭ | ৯ | ২৫ | ৩০ |
| | সর্বমোট | ৩৪৬ | ৪৩৭ | ৪৬৫ | ৫০১ |

# বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল কোম্পানী লিমিটেড (বিআইএফসি)

দেশের শিল্পোন্নয়ন ও উৎপাদনশীল খাতকে সহায়তা প্রদানের লক্ষ্যে কোম্পানী আইন ১৯৯৪-এর আওতায় ১৯৯৬ সালের ১০ই আগস্ট তারিখে একটি পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড (বিআইএফসি) প্রতিষ্ঠিত হয়। যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত বিআইএফসি আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩-এর অধীনে বাংলাদেশ ব্যাংকে কর্তৃক ১৯শে ফেব্রুয়ারি ১৯৯৮ তারিখে আর্থিক প্রতিষ্ঠান হিসেবে লাইসেন্স প্রাপ্ত হয়ে কার্যক্রম শুরু করে। কোম্পানীর অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধন যথাক্রমে ১০০০ মিলিয়ন এবং ২৫ মিলিয়ন টাকা।

*বিআইএফসি'র লীজ অর্থায়নে প্রতিষ্ঠিত এবং পরিচালিত একটি এমব্রয়ডারী শিল্প প্রকল্প*

## প্রতিষ্ঠার উদ্দেশ্য ঃ

(ক) অভ্যন্তরীণ এবং বৈদেশিক সূত্র হতে আর্থিক সম্পদ সৃষ্টি।

(খ) প্রাপ্ত আর্থিক সম্পদের সুষ্ঠু ব্যবহারের লক্ষ্যে উৎপাদন ও উন্নয়নমুখী সকল ধরণের শিল্প ও বাণিজ্যিক খাতে লীজ ফাইন্যান্স, হায়ার-পারচেজ ও মেয়াদী ঋণের মাধ্যমে মূলধনী বিনিয়োগ (ক্যাপিটাল ইনভেস্টমেন্ট) বৃদ্ধি।

(গ) আমদানি বিকল্প ও রপ্তানিমুখী শিল্পসমূহে অগ্রাধিকার ভিত্তিতে বিনিয়োগের মাধ্যমে দেশের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রার সাশ্রয় এবং রিজার্ভ বৃদ্ধি।

(ঘ) সম্ভাবনাময় শিল্প ও বাণিজ্য খাতে ক্ষুদ্র ও মাঝারী শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে প্রতিশ্রুতিশীল উদ্যোক্তাদের আর্থিক সুবিধা এবং পরামর্শ সেবা প্রদান।

(ঙ) শিল্প ও বাণিজ্য খাতে বিনিয়োগের ফলে শিক্ষিত ও বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে শিল্পোন্নয়ন, আর্থ-সামাজিক তথা দেশের সামগ্রিক উন্নয়নে অবদান রাখা।

(চ) ভবিষ্যতে দেশের পুঁজি বাজারের উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ।

## বিনিয়োগ নীতি ঃ

বিআইএফসি বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত শিল্প বিনিয়োগ নীতিমালার আওতায় বিবিধ শিল্প স্থাপনে আর্থিক সহায়তা প্রদান করে থাকে। এছাড়া, বাণিজ্যিকভাবে লাভজনক সকল লীজ ও ঋণ প্রস্তাবনা বিবেচনা করে থাকে। লীজ অর্থায়নের ব্যাপারে নিম্নেলিখিত খাতসমূহ প্রাধান্য পেয়ে থাকেঃ

(ক) শিল্প কারখানার ব্যবহার উপযোগী প্রয়োজনীয় মূলধনী যন্ত্রপাতি (বিএমআরই-এর ক্ষেত্রে);

(খ) নির্মাণ সহযোগী যন্ত্রপাতি/সামগ্রী;

(গ) চিকিৎসা সংক্রান্ত যন্ত্রপাতি;

(ঘ) জেনারেটর/বয়লার;

**অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য** সারণি-১

*(মিলিয়ন টাকায়)*

| ক্রমিক নম্বর | বিবরণ | ১৯৯৯ | ২০০০ | ৩১শে মার্চ, ২০০১ (সাময়িক) | ৩০শে জুন, ২০০১ (প্রাক্কলিত) |
|---|---|---|---|---|---|
| ১। | অনুমোদিত মূলধন | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ২। | পরিশোধিত মূলধন | ২৫ | ২৫ | ২৫ | ২৫ |
| ৩। | রিজার্ভ ফান্ড | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪। | আমানত ঃ | ৫ | ৯ | ১৯ | ২০ |
| | ক) তলবী আমানত | - | - | - | - |
| | খ) মেয়াদী আমানত | ৫ | ৯ | ১৯ | ২০ |
| ৫। | ঋণ ও অগ্রিম | ৬৭ | ১৩০ | ১৩৪ | ১৫৮ |
| ৬। | বিনিয়োগ | ১৭ | ১৩ | ১৩ | ১৩ |
| ৭। | মোট পরিসম্পদ | ৮৬ | ১১৬ | ১১৯ | ১২৫ |
| ৮। | মোট আয় | ১৬ | ৪৪ | ১৪ | ২৬ |
| ৯। | মোট ব্যয় | ১৪ | ৩৮ | ১১ | ২২ |
| ১০। | মোট জনশক্তি (সংখ্যায়) ঃ | ১০ | ১২ | ১৪ | ১৬ |
| | ক) কর্মকর্তা | ৮ | ৮ | ১০ | ১২ |
| | খ) কর্মচারী | ২ | ৪ | ৪ | ৪ |
| ১১। | শাখা (সংখ্যায়) | ১ | ১ | ১ | ১ |

## ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

*(মিলিয়ন টাকায়)*

| বিবরণ | | কৃষি ঋণ | শিল্প ঋণ | | | অন্যান্য | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মেয়াদী ঋণ | চলতি মূলধন | মোট | | |
| ১৯৯৯ | বিতরণ | - | ৬ | - | ৬ | ৫৭ | ৬৩ |
| | আদায় | - | ৭ | - | ৭ | ৮ | ১৫ |
| ২০০০ | বিতরণ | - | ২০ | - | ২০ | ৭৮ | ৯৮ |
| | আদায় | - | ১১ | - | ১১ | ২২ | ৩৩ |
| ৩১শে মার্চ, ২০০১* | বিতরণ | - | ৩ | - | ৩ | ১০ | ১৩ |
| | আদায় | - | ১ | - | ১ | ৯ | ১০ |
| ৩০শে জুন, ২০০১** | বিতরণ | - | ৫ | - | ৫ | ৫০ | ৫৫ |
| | আদায় | - | ১ | - | ১ | ২০ | ২১ |

** সাময়িক। ** প্রাক্কলিত।*

(ঙ) গাড়ী/অন্যান্য যানবাহন;

(চ) লিফট/এলিভেটর ইত্যাদি; এবং

(ছ) এসি/কম্পিউটারসহ অন্যান্য বৈদ্যুতিক সামগ্রী।

আমানত গ্রহণ ঃ বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড (বিআইএফসি) জনসাধারণের সঞ্চয়কে উৎসাহিত করার জন্য বিভিন্ন প্রকার মেয়াদী আমানতের উপর আকর্ষণীয়

## শিল্পের আকার ভিত্তিক ঋণ

*সারণি-৩*

*(মিলিয়ন টাকায়)*

| ঋণ মঞ্জুরী | | শিল্পের আকার | | | |
|---|---|---|---|---|---|
| | | বৃহৎ ও মাঝারী | ক্ষুদ্র ও কুটির | অন্যান্য ঋণ | মোট |
| ক্রমপুঞ্জিভূত ঃ ৩১শে ডিসেম্বর, ২০০০ তারিখে | প্রকল্প সংখ্যা | ৭৫ | - | ৩০ | ১০৫ |
| | পরিমাণ | ১৪৮ | - | ৩২ | ১৮০ |
| জানুয়ারী ১ হতে ডিসেম্বর ৩১, ২০০০ পর্যন্ত | প্রকল্প সংখ্যা | ৩৭ | - | ২২ | ৫৯ |
| | পরিমাণ | ৮১ | - | ১৭ | ৯৮ |
| ক্রমপুঞ্জিভূত ঃ মার্চ ৩১, ২০০১ তারিখে | প্রকল্প সংখ্যা | ৮১ | - | ৩৬ | ১১৭ |
